বেরীআহ্ শিমিঈর পুত্র। [১১] এবং য়খত প্রধান ছিল ও জিজাহ্ দ্বিতীয় কিন্তু য়িউশের ও বেরীআহের অনেক সন্তান ছিল না অতএব তাহারদের নাম আপন২ পিতৃবংশানুসারে এক ফর্দ্দে ছিল।

[১২] কিহাতের চারি সন্তান অমরাম ও য়িস্হার ও খেবরোণ ও উজ্জীএল। [১৩] অমরামের পুত্রেরা আহরোণ ও মোশহ্ এবং মহাপবিত্র বস্তু শুচি করিবার কারণ আহরোণ ভিন্ন করা গেল অর্থাৎ সে ও তাহার পুত্রেরা য়িহুহের সম্মুখে ধূপ পোড়াইতে ও তাঁহার সাক্ষাৎ সেবা করিতে ও নিত্য তাঁহার নামে আশীর্ব্বাদ করিতে সর্ব্বকালার্থ ভিন্ন করা গেল। [১৪] ঈশ্বরের মানুষ মোশহের এ২ বিবরণ তাহার পুত্রেরা লেবির গোষ্ঠীর মধ্যে গণিত ছিল। [১৫] মোশহের পুত্রেরা গেরশোম ও এলিএজের। [১৬] গেরশোমের পুত্রেরদের মধ্যে শিবূএল প্রধান। [১৭] এবং ইহারা এলিএজেরের পুত্র রিখবিয়াহ্ প্রধান এবং এলিএজেরের আর পুত্র ছিল না কিন্তু রিখবিয়াহের অত্যনেক পুত্র ছিল। [১৮] য়িস্হারের পুত্রেরদের মধ্যে শিলোমীত প্রধান। [১৯] খেবরোণের পুত্রেরা য়িরিয়াহ্ জ্যেষ্ঠ অমরিয়াহ্ দ্বিতীয় য়িখজীএল তৃতীয় য়িক্মিআম চতুর্থ। [২০] উজ্জীএলের পুত্রেরা মীকহ্ জ্যেষ্ঠ ও য়িশিয়াহ্ দ্বিতীয়।

[২১] মিরারীর পুত্রেরা মখ্লী ও মুশী মখ্লীর পুত্রেরা এলিএজের ও কীশ। [২২] এবং এলিএজের মরিল ও তাহার পুত্র ছিল না কেবল কন্যারা ছিল এবং তাহারদের ভ্রাতারা অর্থাৎ কীশের পুত্রেরা তাহারদিগকে গ্রহণ করিল। [২৩] মুশীর তিন পুত্র মখ্লী ও এদের ও য়িরেমোত।

[২৪] ইহারা আপন২ পিতৃবংশানুসারে লেবির সন্তান অর্থাৎ পিতৃবংশের প্রধান যাহারা য়িহুহের গৃহের সেবার নিমিত্তে মস্তক২ নামের সংখ্যানুসারে বিংশতি বৎসরবয়স্ক ও ততোধিক যেমত গণা গেল সেই মত। [২৫] কেননা দাউদ কহিল য়িশ্রাএলের ঈশ্বর য়িহুহ আপন লোকেরদিগকে বিশ্বাস দিয়াছেন যে তাহারা সর্ব্বদা য়িরূশালমে বাস করে। [২৬] এবং লৈবেরদিগকেও দিয়াছেন তাহারা এঅবধি পবিত্র তাম্বু কিম্বা তাহার সেবাকারি কোন পাত্র বহিবে না। [২৭] যেহেতুক দাউদের শেষ বাক্যে বিংশতি বৎসর ও ততোধিকবয়স্ক লৈবেরা গণা গেল। [২৮] কেননা উঠানে ও কুঠরিতে ও সকল পবিত্র বস্তুর শুচিকরণেতে এবং ঈশ্বরের গৃহের সেবার সকল কর্ম্মেতে [২৯] য়িহুহের গৃহের পরিচারক পদের কর্ম্ম অর্থাৎ দৃষ্টিভোগ রুটির কারণ এবং চরুর নিমিত্তে ও বেখমির রুটি অর্থাৎ পাত্রেতে পক্ক ও ভাজা রুটির নিমিত্তে যে সূক্ষ্ম সুজি তাহার এবং সকল প্রকার পরিমাণের কারণ আহরোণের সন্তানেরদের পরিচার্য্য করাই তাহারদের কার্য্য। [৩০] ও প্রতিপ্রাতঃ ও সন্ধ্যায় য়িহুহের স্তব ও ধন্যবাদ করিতে দাঁড়ান [৩১] এবং শাবতে ও অমাবস্যায় ও নিরূপিত উৎসবে সংখ্যানুক্রমে আজ্ঞাপিত ধারানুসারে য়িহুহের সাক্ষাৎ য়িহুহের উদ্দেশে নিত্য সকল হোমকরণ। [৩২] এবং মণ্ডলীর পবিত্র তাম্বুর ও পবিত্র স্থানের নিরূপিত কার্য্যকরণ এবং য়িহুহের গৃহের সকল সেবাতে তাহারদের ভ্রাতা অর্থাৎ আহরোণের সন্তানেরদের আজ্ঞাপালন।

২৪ পর্ব্ব।

[১] এই আহরোণের সন্তানেরদের বিভেদ আহরোণের পুত্রেরা নাবাদ ও আবিহু ও এলিএজের ও ইতামার। [২] কিন্তু নাবাদ ও আবিহু আপনারদের পিতার পূর্ব্বে মরিল ও তাহারদের সন্তান ছিল না অতএব এলিএজের ও ইতামার যাজককার্য্য করিল। [৩] পরে দাউদ তাহারদিগকে ভিন্ন২ পদে নিযুক্ত করিল অর্থাৎ তাহারদের সেবাতে তাহারদের যে২ পদ তদনুসারে এলিএজেরের সন্তানেরদের মধ্যে সাদোককে ও ইতামারের সন্তানেরদের মধ্যে আখিমেলেককে ভিন্ন২ পদে নিযুক্ত করিল। [৪] এবং ইতামারের সন্তানেরদের মধ্যে যে প্রধান লোকেরা পাওয়া গেল তাহারদেরহইতে অনেক এলিএজেরের সন্তানেরদের মধ্যে পাওয়া গেল এবং তাহারা ভিন্ন২ পদে নিযুক্ত ছিল আপন২ পিতৃবংশানুসারে এলিএজেরের সন্তানেরদের মধ্যে আপন২ পিতৃবংশের প্রধান ষোল জন ও ইতামারের সন্তানেরদের মধ্যে আট জন পাওয়া গেল। [৫] তাহারা গুলিবাঁটের দ্বারা এ প্রকারে ভিন্ন২ করা গেল যেহেতুক পবিত্র স্থানের ও ঈশ্বরের গৃহের অধ্যক্ষেরা এলিএজেরের সন্তানেরদের ও ইতামারের সন্তানেরদের মধ্যে ছিল। [৬] এবং রাজার ও অধ্যক্ষেরদের ও সাদোক যাজকের ও আবিয়াতারের পুত্র আখীমেলেকের এবং যাজকেরদের ও লৈবেরদের পিতৃবংশেরদের প্রধান লোকেরদের সাক্ষাৎ লৈবি এক জন নিতনিএলের পুত্র শিময়িয়াহ্ লেখক তাহারদের নাম লিখিল এলিএজেরের কারণ এক প্রধান পারজন লেখা গেল ও ইতামারের কারণও এক। [৭] প্রথম বাঁট য়িহোয়ারীবের কারণ উঠিল দ্বিতীয় য়িদইয়

ঞ্জের কারণ। [৮] তৃতীয় খারিমের কারণ চতুর্থ
শিওরীমের কারণ। [৯] পঞ্চম মলকিয়াহের
কারণ ষষ্ঠ মিয়ামিনের কারণ। [১০] সপ্তম
হক্কোসের কারণ অষ্টম আবিয়াহের কারণ।
[১১] নবম য়িশূঅর কারণ দশম শিকনিয়াহের
কারণ। [১২] একাদশ এলিয়াশীবের কারণ
দ্বাদশ য়াকীমের কারণ। [১৩] ত্রয়োদশ খু
পাহের কারণ চতুর্দ্দশ য়েশেবিআবের কারণ।
[১৪] পঞ্চদশ বিল্গাহের কারণ ষোড়শ ইমে
রের কারণ। [১৫] সপ্তদশ খেজীরের কারণ
অষ্টাদশ হ ফসিসের কারণ। [১৬] ঊনবিংশ
তিতম পিত খয়াহের কারণ বিংশতিতম য়িখে
জকেলের কারণ। [১৭] একবিংশতিতম য়া
কীনের কারণ দ্বাবিংশতিতম গামুলের কারণ।
[১৮] ত্রয়োবিংশতিতম দিলায়াহের কারণ চতু
র্বিংশতিতম মঅাজিয়াহের কারণ। [১৯] য়ি
হুহ য়িশরাএলের ঈশ্বর যেমন তাহারদের পি
তা আহরোণকে আজ্ঞা করিয়াছিলেন তেমন তা
হার অধীন আপন২ মতানুসারে আপন২ সেবা
পদে য়িহুহের ঘরে আসিতে এই২ তাহারদের
নিরূপণ।

[২০] লেবির আর২ সন্তানেরা এই অমরামের
সন্তানেরদের মধ্যে শূবাএল শূবাএলের সন্তা
নেরদের মধ্যে য়িখদিয়াহ্। [২১] রিখবিয়া
হের এই বিবরণ রিখবিয়াহের পুত্রেরদের মধ্যে
জ্যেষ্ঠ য়িশিয়াহ্। [২২] য়িস্হারীয়েরদের মধ্যে
শিলোমোত শলোমোতের পুত্রেরদের মধ্যগত
য়াখত। [২৩] খেবরোণের পুত্রেরা য়িরিয়াহ্
জ্যেষ্ঠ অমরিয়াহ্ দ্বিতীয় য়খজীএল তৃতীয় য়ক
মিআম চতুর্থ। [২৪] ঊজীএলের পুত্রেরা মী
কাহ্ মীকাহের পুত্রেরদের মধ্যগত শামীর।
[২৫] মীকাহের ভ্রাতা য়িশিয়াহ্ য়িশিয়াহের
পুত্রেরদের মধ্যগত জিকরিয়াহ্।

[২৬] মিরারীর পুত্রেরা মখলী ও মুসী য়অ
জিয়াহের পুত্র বেনু। [২৭] য়অজিয়াহের গর্ভে
মিরারীর পুত্রেরা বেনু ও শোহম ও জকুর ও
ইবরী। [২৮] মখলীর পুত্র এলিএজের তাহার
পুত্র নাই। [২৯] এ কীশের বিবরণ কীশের
পুত্র য়িরখমিএল। [৩০] মুশীর পুত্রেরা মখলী
ও এদের ও য়িরীমোত এ২ লেবির সন্তান আ
পন২ পিতৃবংশানুসারে। [৩১] ইহারাও দা
ঊদরাজের ও সাদোকের ও আখিমেলেকের
এবং যাজকেরদের ও লেবেরদের পিতৃপ্রধানের
দের সাক্ষাৎ আপনারদের ভ্রাতা যে আহেোর
ণের সন্তানেরা তাহারদের সম্মুখে গুলিবাঁট ক
রিল অর্থাৎ প্রধান পিতৃলোকেরা আপনার
দের কনিষ্ঠ ভ্রাতারদের সম্মুখে।

## ২৫ পর্ব্ব।

[১] অনন্তর আসাফের ও হীমানের ও য়িদু
থূনের সন্তানেরদের যে সেবা সে সেবার কারণ
দাঊদ ও সেনাপতিরা বীণা ও নবল ও করতাল
বাজাইবার কারণ লোকেরদিগকে নিরূপণ করি
ল এবং তাহারদের কর্ম্মানুসারে সে কর্ম্মকর্ত্তার
দের সংখ্যা এ২। [২] আসাফের পুত্রেরদের
মধ্যে জকুর ও যুসফ ও নিতনিয়াহ্ ও অশরি
এলাহ্ আসাফের হাতে সমর্পিত আসাফের যে
পুত্রেরা রাজাজ্ঞানুসারে আচার্য্য [illegible] কহিল
তাহারা এ২। [৩] য়িদুথূনহইতে য়িদুথূনের স
ন্তান গিদলিয়াহ্ ও সিরী ও য়িশঈয়াহ্ ও খশবি
য়াহ্ ও মত্তিথিয়াহ্ অর্থাৎ ধন্যবাদ করিতে ও
য়িহুহের স্তুতি করিতে বীণার দ্বারা আচার্য্য বা
ক্যবাদি আপনারদের পিতা য়িদুথূনের হাতে
সমর্পিত ছয় জন। [৪] হীমানহইতে হীমানের
পুত্রেরা বুকিয়াহ্ ও মতনিয়াহ্ ও ঊজীএল ও
শিবুএল ও য়িরেমোত ও খননিয়াহ্ ও খনানী
ও এলিয়াথাহ ও গিদলতী ও রোমমতিএজের ও
য়াশবিকাশাহ্ ও মলোথি ও হোথীর ও মখজী
ওত। [৫] শৃঙ্গ উঠাইবার কারণ ঈশ্বরের বাক্যে
রাজার প্রদর্শক যে হীমন এ সকল তাহার পুত্র
এবং ঈশ্বর হীমানকে চৌদ্দ পুত্র ও তিন কন্যা
দিলেন। [৬] রাজা যে আজ্ঞা আসাফ ও য়িদু
থূন ও হীমানকে দিয়াছিল তদনুসারে ঈশ্বরের
গৃহের সেবার কারণ করতাল ও বীণা ও নবল
বাজানেতে আপন পিতার হাতে সমর্পিত এ
সকল য়িহুহের গৃহে গানের কারণ ছিল। [৭]
এবং তাহারদের যে ভ্রাতারা য়িহুহের গানেতে
শিক্ষিত অর্থাৎ বুদ্ধিমান যত তাহারদের সহিত
তাহারদের সংখ্যা দুইশত অষ্টাশী।

[৮] পরে তাহারা ছোট বড় অধ্যাপক শি
ষ্যাদি চৌকির বিষয়ে গুলিবাঁট করিল। [৯]
প্রথম বাঁট আসাফের জন্যে অর্থাৎ যুসফের
জন্যে দ্বিতীয় গিদলিয়াহের জন্যে সে ও তাহার
ভ্রাতা ও তাহার পুত্র সর্ব্বসুদ্ধ বারো জন। [১০]
তৃতীয় জকুরের জন্যে সে ও তাহার ভ্রাতা ও তা
হার পুত্র সর্ব্বসুদ্ধ বারো জন। [১১] চতুর্থ য়িস
রীর জন্যে সে ও তাহার ভ্রাতা ও তাহার পুত্র
সর্ব্বসুদ্ধ বারো জন। [১২] পঞ্চম নিতনিয়াহের
জন্যে সে ও তাহার ভ্রাতা ও তাহার পুত্র সর্ব্বসুদ্ধ
বারো জন। [১৩] ষষ্ঠ বুকিয়াহের জন্যে সে ও
তাহার ভ্রাতা ও তাহার পুত্র সর্ব্বসুদ্ধ বারো জন।
[১৪] সপ্তম য়িশরিএলাহের জন্যে সে ও তাহার
ভ্রাতা ও তাহার পুত্র সর্ব্বসুদ্ধ বারো জন। [১৫]
অষ্টম য়িশঈয়াহের জন্যে সে ও তাহার ভ্রাতা
ও তাহার পুত্র সর্ব্বসুদ্ধ বারো জন। [১৬] নবম

মত্তনিয়াহের কারণ সে ও তাহার ভ্রাতা ও তাহার পুত্র সর্ব্বসুদ্ধ বারো জন। [১৭] দশম শিমঈর কারণ সে ও তাহার ভ্রাতা ও তাহার পুত্র সর্ব্বসুদ্ধ বারো জন। [১৮] একাদশ অজরিএলের কারণ সে ও তাহার ভ্রাতা ও তাহার পুত্র সর্ব্বসুদ্ধ বারো জন। [১৯] দ্বাদশ খশবিয়াহের কারণ সে ও তাহার ভ্রাতা ও তাহার পুত্র সর্ব্বসুদ্ধ বারো জন। [২০] ত্রয়োদশ শুবাএলের জন্যে সেও তাহার ভ্রাতা ও তাহার পুত্র সর্ব্বসুদ্ধ বারো জন। [২১] [illegible]শ মত্তিতিয়াহের জন্যে সে ও তাহার ভ্রাতা ও তাহার পুত্র সর্ব্বসুদ্ধ বারো জন। [২২] পঞ্চদশ য়িরেমোতের জন্যে সে ও তাহার ভ্রাতা ও তাহার পুত্র সর্ব্বসুদ্ধ বারো জন। [২৩] ষোড়শ খনানিয়াহের কারণ সে ও তাহার ভ্রাতা ও তাহার পুত্র সর্ব্বসুদ্ধ বারো জন। [২৪] সপ্তদশ য়াশবিকাশাহের কারণ সে ও তাহার ভ্রাতা ও তাহার পুত্র সর্ব্বসুদ্ধ বারো জন। [২৫] অষ্টাদশ খনানীর কারণ সে ও তাহার ভ্রাতা ও তাহার পুত্র সর্ব্বসুদ্ধ বারো জন। [২৬] ঊনবিংশতিতম মল্লোত্তীর জন্যে সে ও তাহার ভ্রাতা ও তাহার পুত্র সর্ব্বসুদ্ধ বারো জন। [২৭] বিংশতিতম এলিয়াতাহের জন্যে সে ও তাহার ভ্রাতা ও তাহার পুত্র সর্ব্বসুদ্ধ বারো জন। [২৮] একবিংশতিতম হোত্তীরের জন্যে সে ও তাহার ভ্রাতা ও তাহার পুত্র সর্ব্বসুদ্ধ বারো জন। [২৯] দ্বাবিংশতিতম গিদ্দলত্তীর জন্যে সে ও তাহার ভ্রাতা ও তাহার পুত্র সর্ব্বসুদ্ধ বারো জন। [৩০] ত্রয়োবিংশতিতম মখজিওতের জন্যে সে ও তাহার ভ্রাতা ও তাহার পুত্র সর্ব্বসুদ্ধ বারো জন। [৩১] চতুর্বিংশতিতম রোমমত্তীএজেরের কারণ সে ও তাহার ভ্রাতা ও তাহার পুত্র সর্ব্বসুদ্ধ বারো জন।

## ২৬ পর্ব্ব।

[১] দ্বারপালেরদের ভিন্ন নিরূপণ এ২ কোরখীয়েরদের মধ্যে কোরের পুত্র মিশেলমিয়াহ্ সে আসাফের সন্তানেরদের মধ্যগত। [২] ও মিশেলেমিয়াহের পুত্রেরা জিকরীয়াহ্ জ্যেষ্ঠ য়িদিঅএল্ দ্বিতীয় জিবদিয়াহ্ তৃতীয় য়িত্নীএল চতুর্থ। [৩] এলাম পঞ্চম য়িহোখানান ষষ্ঠ এলিওএনই সপ্তম। [৪] এবং ওবেদএদোমের পুত্রেরা শিমাইয়াহ্ জ্যেষ্ঠ য়িহোজাবাদ দ্বিতীয় য়োআখ্ তৃতীয় শাকার চতুর্থ নিতনিএল পঞ্চম। [৫] অম্মীএল ষষ্ঠ য়িশ্শাকর সপ্তম পিউলতই অষ্টম যেহেতুক ঈশ্বর তাহাকে আশীর্ব্বাদ করিলেন। [৬] আপন২ পিতৃবংশে কর্ত্তৃত্বকারি তাহার পুত্র শিমইয়াহের পুত্রেরা জন্মিল তাহারা শক্তিমান মানুষ। [৭] শিমইয়াহের পুত্র আত্নী ও রিফাএল ও ওবেদ ও এলজাবাদ তাহার ভ্রাতারা বলবান মনুষ্য এবং এলিহু ও সিমকিয়াহ্। [৮] ওবেদএদোমের পুত্রেরদের মধ্যে এ সকল তাহারা ও তাহারদের পুত্রেরা ও তাহারদের ভ্রাতারা সেবার জন্যে বলেতে শক্তিমান মনুষ্য ওবেদএদোমের বংশজ বাষট্টি জন। [৯] এবং মিশেলেমিয়াহের পুত্র ও ভ্রাতা আঠার বলবান লোক ছিল। [১০] এবং মিরারী বংশীয় খোসাহের পুত্রেরা ছিল শিমরী প্রধান সে জ্যেষ্ঠ নহে বটে তথাপি তাহার পিতা তাহাকে প্রধান করিল [১১] খিলকিয়াহ্ দ্বিতীয় টেবলিয়াহ্ তৃতীয় জিকরিয়াহ্ চতুর্থ খোসাহের সকল পুত্র ও ভ্রাতা তের। [১২] ইহারদের মধ্যে অর্থাৎ প্রধান লোকেরদের মধ্যে য়িহুহের গৃহে সেবা করিবার কারণ চৌকির সম্মুখে চৌকি দ্বারপালেরদের ভিন্ন২ নিরূপণ ছিল।

[১৩] এবং তাহারা যেমন বড় তেমন ছোট আপন২ পিতৃবংশানুসারে প্রত্যেক দ্বারের কারণ গুলিবাঁট করিল। [১৪] পূর্ব্ব দিগে যে বাঁট সে শেলেমিয়াহের পক্ষে পড়িল তাহার পর জ্ঞানী মন্ত্রী যে তাহার পুত্র জিকরিয়াহ্ তাহার কারণ তাহারা গুলি পাতিল এবং তাহার বাঁট উত্তর দিগে ছিল। [১৫] দক্ষিণ দিগে ওবেদএদোমের কারণ ও তাহার পুত্রেরদের কারণ অসুপিম গৃহ। [১৬] শুপিমের ও খোসাহের কারণ পশ্চিমদিগে ঊর্দ্ধগমনের পথের নিকটস্থ যে শল্লেকেত দ্বার তাহাসুদ্ধ চৌকির সম্মুখে চৌকি। [১৭] পূর্ব্ব দিগে ছয় লৈব উত্তর দিগে প্রত্যহ চারি দক্ষিণ দিগে প্রত্যহ চারি ও অসুপিমের দিগে দুই২। [১৮] পশ্চিম দিগে পরবারে বাঁধা পথে চারি ও পরবারে দুই জন। [১৯] কোরখের ও মিরারীর সন্তানেরদের মধ্যে যে দ্বারপালেরদের ভিন্ন২ নিরূপণ তাহা এই। [২০] এবং লৈবেরদের মধ্যে অখিয়াহ্ য়িহুহের গৃহের ধনের উপরে ও পবিত্রীকৃত বস্তুরূপ ধনের উপরে নিযুক্ত। [২১] লঅদানের পুত্রেরদের বিবরণ গেরশোণীয় লআদনের পুত্রেরা প্রধান পিতৃলোকেরা অর্থাৎ গেরশোনীয় লঅদানের পুত্র য়িখিএলী। [২২] য়িখিএলীর পুত্রেরা জেতাম ও তাহার ভ্রাতা য়োএল ইহারা য়িহুহের গৃহের ধনের উপরে নিযুক্ত ছিল। [২৩] অমরামীয়েরদের ও য়িসহারীয়েরদের ও খেবরোণীয়েরদের ও ঊজীএলীয়েরদের মধ্যে [২৪] মোশহের পুত্র গেরশোমের সন্তান শেবুএল ধনাধ্যক্ষ ছিল। [২৫] এবং এলিএজেরের দ্বারা যে তাহার ভ্রাতারা রিখবিয়াহ্ তাহার পুত্র য়িশাইয়াহ্ তাহার পুত্র য়োরাম তাহার পুত্র জিকরী

তাহার পুত্র শিলোমিত তাহার পুত্র। [২৬]
দাউদরাজ ও প্রধান পিতৃলোক ও সহস্রপতিরা
ও শতপতিরা ও সেনাপতিরা যে২ দ্রব্য পবিত্র
করিয়াছিল সে পবিত্র বস্তুর উপরে এ শিলো
মিত ও তাহার ভ্রাতারা ছিল। [২৭] তাহারা
যুদ্ধে লব্ধ ধনহইতে য়িহুহের গৃহের ব্যয় করি
বার কারণ তাহা পবিত্র করিয়া দিল। [২৮]
এবং শিমূএল প্রদর্শক ও কীশের পুত্র শাউল
ও নেরের পুত্র আবনের ও সিরুয়াহের পুত্র য়ো
আব যে সকল বস্তু পবিত্র করিয়াছিল ও যে
কেহ কোন বস্তু পবিত্র করিয়াছিল সে২ বস্তু
শিলোমিতের ও তাহার ভ্রাতারদের হস্তে সম
র্পিত ছিল।

[২৯] য়িস্হারীয়েরদের মধ্যে কেননিয়াহ্ ও
তাহার পুত্রেরা য়িশ্রাএলের মধ্যে যে বাহিরের
কার্য্য অর্থাৎ পদার্পিত লোক ও বিচারকর্ত্তৃক
র্ম্মের জন্যে ছিল। [৩০] এবং খেবরোণীয়ের
দের মধ্যে খশবিয়াহ্ ও তাহার ভ্রাতা বলবান
মনুষ্য একসহস্র সাতশত জন য়িহুহের সকল
কার্য্য ও রাজার সেবায় তাহারা য়রদনের এ পা
রে পশ্চিমদিগে য়িশ্রাএলের লোকেরদের মধ্যে
পদস্থ ছিল। [৩১] খেবরোণীয়েরদের মধ্যে য়ি
রিয়াহ্ প্রধান অর্থাৎ খেবরোণীয়েরদের মধ্যে
আপন পিতৃবংশাবল্যনুসারে দাউদরাজের অ
ধিকারের চল্লিশ বৎসরে তাহারা অন্বেষিত ছিল
এবং গিলিআদের য়আজেরে তাহারদের মধ্যে
অতিসমর্থ লোকেরা পাওয়া গেল। [৩২] এবং
তাহার ভ্রাতারা অতিবলবান মনুষ্য প্রধান পিতৃ
লোক দুই সহস্র সাত শত জন তাহারদিগকে ঈ
শ্বরবিষয়ক প্রত্যেক কার্য্য ও রাজার কর্ম্মে দাউদ
রাজ রিউবেণীয়েরদের ও গাদীয়েরদের ও মন
শেহের অর্দ্ধগোষ্ঠীর উপরে কর্ত্তৃত্বপদে নিযুক্ত
করিল।

## ২৭ পর্ব্ব।

[১] য়িশ্রাএলের সন্তানেরা তাহারদের সং
খ্যানুসারে অর্থাৎ যে প্রধান পিতৃলোকেরা ও
সহস্রপতিরা ও শতপতিরা ও পদস্থ লোকেরা
পালার কোন বিষয়ে রাজার সেবা করিল যাহা
রা বৎসরের সকল মাসপর্য্যন্ত মাস২ কর্ম্মে আ
ইল কিম্বা কর্ম্মহইতে গেল তাহারা প্রত্যেক পা
লায় চব্বিশসহস্র জন ছিল। [২] প্রথম পা
লার উপরে প্রথম মাসের কারণ জবদীএলের
পুত্র য়াশাবিআম তাহার পালায় চব্বিশসহস্র
জন। [৩] পেরেসের সন্তানেরদের মধ্যে এক
জন প্রথম মাসের সকল সেনাপতিরদের প্রধান
ছিল। [৪] এবং দ্বিতীয় মাসের পালার উপ
রে আহোখীয় দোদই ছিল তাহার পালায় মি
কলোত প্রধান তাহার পালায় ও চব্বিশসহস্র
জন। [৫] তৃতীয় মাসের কারণ যে তৃতীয় সে
নাপতি সে য়িহোয়াদার পুত্র বিনায়াহ্ সে প্র
ধান এক যাজক তাহার পালায়ও চব্বিশসহস্র
জন। [৬] ত্রিশ জনের মধ্যে পরাক্রান্ত ও ত্রিশ
জনের কর্ত্তা যে জন সে এই বিনায়াহ্ এবং তা
হার পালায় তাহার পুত্র অমীজাবাদ। [৭]
চতুর্থ মাসের কারণ চতুর্থ পতি য়োআবের ভ্রা
তা অশাহ্এল ও তাহার পরে তাহার পুত্র জিব
দিয়াহ্ তাহার পালায় চব্বিশসহস্র জন। [৮]
পঞ্চম মাসের কারণ পঞ্চম পতি য়িজ্রাখীয় শ
মহূত তাহার পালায় চব্বিশসহস্র জন। [৯]
ষষ্ঠ মাসের কারণ ষষ্ঠ পতি তেকোয়ীয় ইক্কেশের
পুত্র ঈরা তাহার পালায় চব্বিশসহস্র জন।
[১০] সপ্তম মাসের কারণ সপ্তম পতি এফরয়ি
মের সন্তানেরদের মধ্যে পিলোনীয় খেলেস্ তা
হার পালায় চব্বিশসহস্র জন। [১১] অষ্টম
মাসের কারণ অষ্টম পতি জরখীয়েরদের খুশা
তীয় সিবিকই তাহার পালায় চব্বিশসহস্র জন।
[১২] নবম মাসের কারণ নবম পতি বেন্যামি
নের সন্তানেরদের মধ্যে অনতোতীয় আবীএ
জের তাহার পালায় চব্বিশসহস্র জন। [১৩]
দশম মাসের কারণ দশম পতি জরখীয়েরদের
মধ্যগত নিটোফাতীয় মহরই তাহার পালায়
চব্বিশসহস্র জন। [১৪] একাদশ মাসের কারণ
একাদশ পতি এফরয়িমের সন্তানেরদের মধ্যে
পিরআতোনীয়াহ্ বিনায়াহ্ তাহার পালায়
চব্বিশসহস্র জন। [১৫] দ্বাদশ মাসের কারণ
দ্বাদশ পতি আতনীএলহইতে নিটোফাতীয় খে
লদই তাহার পালায় চব্বিশসহস্র জন।

[১৬] আরও য়িশ্রাএলের গোষ্ঠীরদের উপ
রে এই২ রিউবেণীয়েরদের শাসনকর্ত্তা জিকরীর
পুত্র এলিএজের শিমিওনীয়েরদের মঅকাহের
পুত্র শিফটিয়াহ্। [১৭] লৈবেরদের কিমূএ
লের পুত্র খশবিয়াহ্ আহরোণীয়েরদের সা
দোক। [১৮] য়িহুদাহের এলীহূ সে দাউদের
এক ভ্রাতা য়িশাকরের মীকাএলের পুত্র আম
রী। [১৯] জিবুলূনের ওবদিয়াহের পুত্র য়িশম
ইয়াহ্ নপ্তালীর অজ্রীএলের পুত্র য়িরিমোত।
[২০] এফরয়িমের সন্তানেরদের অজজিয়াহের
পুত্র হোশেঅ মনশেহের অর্দ্ধগোষ্ঠীর পিদায়া
হের পুত্র য়োএল। [২১] গিলিআদস্থ যে মন
শেহের অর্দ্ধগোষ্ঠী তাহার শাসনকর্ত্তা জিকরিয়া
হের পুত্র য়িদ্দো বেন্যামিনের আবনেরের পুত্র
য়অশীএল। [২২] দানের য়িরোখামের পুত্র
অজরীএল ইহারা য়িশ্রাএলের গোষ্ঠীর অ
ধ্যক্ষ।

[২৩] কিন্তু বিংশতি বৎসর ও তন্ন্যূনবয়স্ক ব্যক্তিরদের নাম দাউদ লইল না যেহেতুক যিহুহ কহিয়াছিলেন যে আমি স্বর্গের তারার মত যিশ্রাএলকে বাড়াইব। [২৪] সিরুয়াহের পুত্র যোআব গণনা করিতে আরম্ভ করিল কিন্তু সাঙ্গ করিল না কেননা তাহাতে যিশ্রাএলের বিপরীতে ক্রোধ পড়িল এবং সে সংখ্যাও দাউদরাজের বিবরণপুস্তকে লেখা গেল না।

[২৫] এবং রাজার ধনের উপরে অদীএলের পুত্র অ[illegible]বেত এবং ক্ষেত্রে ও নগরে ও গ্রামে ও গড়ে যেং ধনভাণ্ডার তাহার উপরে উজিয়াহের পুত্র যিহোনাতান। [২৬] এবং ভূমির কৃষির কারণ যাহারা ক্ষেত্রে কার্য্য করিত তাহারদের উপরে কিলূবের পুত্র এজরী। [২৭] এবং দ্রাক্ষাক্ষেত্রের উপরে রামাতী শিমঈ ও দ্রাক্ষাশালার নিমিত্তে যে দ্রাক্ষাক্ষেত্রের উৎপত্তি তাহার উপরে শিফমীয় জবদী। [২৮] এবং নিম্ন ভূমিতে স্থিত জিতবৃক্ষ ও শকমবৃক্ষের উপরে গিদেরীয় বত্মলখানান এবং তৈল শালার কর্ত্তা যোআশ। [২৯] এবং শারোণ চারি পালের উপরে শারোণীয় শিটরি ও মাঠস্থ পালের উপরে অদলাঈর পুত্র শাফাট। [৩০] উষ্ট্রেরদের উপরে যিশমাএলীয় ও বীল ও গর্দ্দভেরদের উপরে মেরোণোতীয় যেখ্দিয়াহ্। [৩১] মেষপালেরদের উপরে হগরীয় যাজীজ এই সকল দাউদরাজের ধনাধ্যক্ষ। [৩২] এবং দাউদের পিতৃব্য যিহোনাতান মন্ত্রী ও পণ্ডিত ও লেখক ছিল এবং খকমোনীর পুত্র যিখীএল রাজপুত্রেরদের সহিত থাকিত। [৩৩] এবং অখীতোফেল রাজমন্ত্রী ছিল ও অরকীয় খূশী রাজার সুহৃৎ ছিল। [৩৪] অখীতোফেলের পরে বিনায়াহের পুত্র যিহোয়াদা ও আবিয়াতার ছিল এবং রাজার সৈন্যের সেনাপতি যোআব।

## ২৮ পর্ব্ব।

[১] এবং দাউদ যিশ্রাএলের সকল অধ্যক্ষকে অর্থাৎ গোষ্ঠীরদের অধ্যক্ষেরদিগকে এবং পর্য্যায়ানুসারে রাজার নিকটে সেবাকারি সেনাপতিরদিগকে ও সহস্রপতিরদিগকে ও শতপতিরদিগকে ও দাউদের ও তাহার পুত্রেরদের ধন ও সম্পদধ্যক্ষেরদিগকে পদস্থ লোক ও পরাক্রান্ত ও বলবান লোকেরদের সহিত যিরুশালমে একত্র করিল। [২] তখন দাউদরাজ আপন পায়ে দণ্ডায়মান হইয়া কহিল হে আমার ভ্রাতারা ও আমার লোকেরা যিহুহের নিয়মসিন্দুকের কারণ ও আমারদের ঈশ্বরের পাদপীঠের কারণ বিশ্রামকরণের এক গৃহ নির্ম্মাণ করিতে আমার মনে ছিল এবং সে নির্ম্মাণের কারণ আমি দ্রব্য আয়োজন করিয়াছিলাম। [৩] কিন্তু ঈশ্বর আমাকে কহিলেন যে তুমি আমার নামের উদ্দেশে গৃহ নির্ম্মাণ করিবা না যেহেতুক তুমি যোদ্ধা মানুষ হইয়াছ ও রক্তপাত করিয়াছ। [৪] তথাচ যিশ্রাএলের উপরে নিত্য রাজা হইবার কারণ যিশ্রাএলের ঈশ্বর যিহুহ আমার সকল পিতৃবংশাপেক্ষা আমাকে মনোনীত করিলেন যেহেতুক তিনি শাসনপদের কারণ যিহুদাহ্‌কে মনোনীত করিলেন এবং যিহুদাহের বংশের মধ্যে আমার পিতৃবংশ মনোনীত করিলেন এবং আমার পিতার পুত্রেরদের মধ্যে তিনি সকল যিশ্রাএলের উপরে রাজা করিবার কারণ আমাকে ভাল বাসিলেন। [৫] এবং আমার সকল পুত্রেরদের মধ্যে যেহেতুক যিহুহ আমাকে অনেক পুত্র দিয়াছেন তিনি যিশ্রাএলের উপরে যিহুহের রাজ্যের সিংহাসনোপবেশনার্থ আমার পুত্র শলমনকে মনোনীত করিয়াছেন। [৬] এবং তিনি আমাকে কহিলেন যে তোমার পুত্র শলমন আমার গৃহ ও আমার উঠান নির্ম্মাণ করিবে যেহেতুক আমার পুত্র হইবার কারণ আমি তাহাকে মনোনীত করিয়াছি ও আমিই তাহার পিতা হইব। [৭] আরও সে যদি অদ্যকার মত আমার আজ্ঞা ও বিচারপালন করিতে মনোযোগ করে তবে আমি নিত্য তাহার রাজ্য স্থির করিব। [৮] অতএব এখন যিহুহের মণ্ডলী যে সকল যিশ্রাএল তাহার সাক্ষাৎ ও আমারদের ঈশ্বরের শ্রবণে যিহুহ তোমারদের পরমেশ্বরের সকল আজ্ঞাপালন ও চেষ্টা কর যে তোমরা এ উত্তম দেশাধিকার কর ও তোমারদের পরে তোমারদের সন্তানেরদের অধিকারের জন্যে সদাকালার্থে দেও।

[৯] এবং হে আমার পুত্র শলমন তুমি আপন পিতার ঈশ্বরকে অবগত হও ও সম্পূর্ণান্তঃকরণ ও ইচ্ছুক মনের সহিত তাঁহার সেবা কর যেহেতুক যিহুহ সকল অন্তঃকরণের বিচার করেন ও মনের সকল ভাবনা জানেন তুমি যদি তাঁহার চেষ্টা কর তবে তিনি তোমাকর্ত্তৃক প্রাপ্ত হইবেন কিন্তু যদি তাঁহাকে ত্যাগ কর তবে তিনি সতত তোমাকে ত্যাগ করিবেন। [১০] এখন সাবধান হও কেননা পবিত্র স্থানের কারণ এক গৃহ নির্ম্মাণ করিবার নিমিত্তে যিহুহ তোমাকে মনোনীত করিয়াছেন তুমি বলবান হও এবং তাহা কর।

[১১] অপর দাউদ আপন পুত্র শলমনকে সে বারান্দার আদর্শ ও তাহার সকল গৃহের ও তাহার সমস্ত ভাণ্ডারের ও তাহার সকল উপরিস্থ

কুঠরির ও তাহার সকল ভিতর কুঠরির ও দয়াসনের স্থানের আদর্শ [১২] এবং আপনি আজ্ঞার দ্বারা য়িহুহের গৃহের উঠানের ও চতুর্দ্দিকস্থ সকল কুঠরির ও য়িহুহের গৃহের ভাণ্ডারের ও পবিত্রীকৃত বস্তুর ভাণ্ডারের এবং যাজকেরদের ও লৈবেরদের পালার [১৩] ও য়িহুহের গৃহের সেবার তাবৎকর্ম্মের ও য়িহুহের গৃহের সেবাকারি তাবৎ পাত্রের কারণ যে আদর্শ পাইল তাহাও দিল। [১৪] সর্ব্বপ্রকার সেবাকারি স্বর্ণময় তাবৎ পাত্রের কারণ স্বর্ণ তৌল করিয়া দিল ও সর্ব্বপ্রকার সেবার নিমিত্তে সকল প্রকার রূপ্যময় পাত্রের কারণ রূপা তৌল করিয়া দিল। [১৫] সৌবর্ণ সামাদান ও তাহার সৌবর্ণ কলিকার কারণ এক২ সামাদানের পরিমাণানুসারে সুবর্ণ তৌল করিয়া দিল [১৬] এবং রূপ্যময় সামাদানের অর্থাৎ সামাদান ও তাহার কলিকার কারণ প্রত্যেক সামাদানের কর্ম্মানুসারেও রূপা তৌল করিয়া দিল। [১৭] এবং দৃষ্টিভোগ রুটির মেজের কারণ অর্থাৎ প্রত্যেক মেজের কার্য্যের কারণ স্বর্ণ তৌল করিয়া দিল এবং রূপ্যময় মেজের কারণ রূপ্য তৌল করিয়া দিল এবং মাংসাকর্ষক ও ডাবর ও চষকের নির্ম্মাণ কারণ স্বর্ণ এবং স্বর্ণময় সিনিকরের কারণ প্রত্যেক সিনিকরের জন্যে স্বর্ণ তৌল করিয়া দিল। [১৮] এবং প্রত্যেক রূপ্যময় সিনিকরের জন্যে ও রূপ্য তৌল করিয়া দিল ও ধূপের বেদির কারণ পরিষ্কৃত স্বর্ণ এবং য়িহুহের নিয়মসিন্দুকাচ্ছাদন পক্ষবিস্তারি কিরূবেবদের রথের আদর্শের মতও স্বর্ণ তৌল করিয়া দিল। [১৯] দাউদ কহিল যে য়িহুহ মদুপরিস্থ আপন হাতের দ্বারা লিখনেতে আমাকে এ সকল অবগত করিলেন অর্থাৎ এ আদর্শের সকল কর্ম্ম।

[২০] অপর দাউদ আপন পুত্র শলমনকে কহিল বলবান ও সপ্রভাব হও ও তাহা কর ভয় করিও না ভয়ার্ত্ত হইও না যেহেতুক য়িহুহ পরমেশ্বর আমার ঈশ্বরই তোমার সহবর্ত্তী হইবেন য়িহুহের গৃহের সেবার্থ তাবৎ কার্য্য পূর্ণ না হওনপর্য্যন্ত তিনি নিরুপকারী হইবেন না ও তোমাকে ত্যাগ করিবেন না। [২১] এবং ঈশ্বরের গৃহের সকল সেবার কারণ যে যাজকেরা ও লৈবেরা তাহারদের পালা দেখ এবং সর্ব্বপ্রকার শিল্পকর্ম্মের কারণ ও সর্ব্বপ্রকার সেবার কারণ প্রত্যেক ইচ্ছুক বিদ্বান লোক তোমার নিকটে থাকিবে এবং অধ্যক্ষেরা ও সমস্ত লোক সর্ব্বতোভাবে তোমার বশীভূত হইবে।

## ২৯ পর্ব্ব।

[১] আরও দাউদরাজ তাবৎ মণ্ডলীকে কহিল কেবল ঈশ্বরেতে মনোনীত যে আমার পুত্র শলমন সে যুবা ও কোমল আছে এবং সে কর্ম্ম বড় যেহেতুক সে প্রাসাদ মনুষ্যের কারণ নয় কিন্তু য়িহুহ ঈশ্বরের কারণ। [২] এখন আমি আপন সকল শক্ত্যনুসারে আমার ঈশ্বরের গৃহের কারণ দ্রব্য আয়োজন করিয়াছি স্বর্ণময় দ্রব্যের কারণ স্বর্ণ ও রূপ্যময় দ্রব্যের কারণ রূপ্য ও পিত্তলময় দ্রব্যের কারণ পিত্তল ও লৌহময় দ্রব্যের কারণ লৌহ ও কাষ্ঠময় [illegible] কারণ কাষ্ঠ এবং বৈদূর্য্য মণি ও খচনার্থ [illegible] প্রস্তর ও নানাবর্ণ প্রস্তর এবং বহুমূল্য সর্ব্বপ্রকার প্রস্তর ও মর্ম্মর প্রস্তরের বাহুল্য। [৩] অপরও আমি আপন ঈশ্বরের গৃহে আপন প্রেম স্থির করিয়াছি সে কারণে আমি সে পবিত্র গৃহের কারণ যাহা আয়োজন করিয়াছি তাহার অতিরিক্ত আমি নিজ ধনহইতে আপন ঈশ্বরের গৃহের কারণ স্বর্ণ ও রূপ্য দিয়াছি। [৪] অর্থাৎ গৃহের দেওয়াল মড়াইবার কারণ তিনসহস্র কিকার পরিমিত স্বর্ণ অর্থাৎ ওফীরের স্বর্ণ ও সাত সহস্র কিকার নির্ম্মল রূপ্য। [৫] স্বর্ণময়ের জন্যে স্বর্ণ ও রূপ্যময়ের জন্যে রূপ্য এবং শিল্পকরের কর্ত্তব্য যে সকল কার্য্য তাহার জন্যে যে দ্রব্যের আবশ্যক এবং অদ্য যে আপন কার্য্য নৈবেদ্যরূপে য়িহুহকে দিতে চাহে সে কে।

[৬] তখন পিতৃপ্রধানেরা ও য়িশরাএলের গোষ্ঠীরদের অধ্যক্ষেরা এবং সহস্রপতিরা ও শতপতিরা ও রাজার কর্ম্মাধ্যক্ষেরা ইচ্ছাপূর্ব্বক নিবেদন করিল। [৭] এবং য়িহুহের গৃহের কার্য্যের কারণ পাঁচসহস্র কিকার ও দশসহস্র দ্রাক্ষ্ম স্বর্ণ এবং দশসহস্র কিকার রূপা ও আঠার সহস্র কিকার পিত্তল ও একলক্ষ কিকার লৌহ দিল। [৮] এবং যাহার নিকটে মণি পাওয়া গেল সে গেরশোনীয় য়িখিএলের হাতে য়িহুহের গৃহের ভাণ্ডারে তাহা দিল। [৯] তখন লোকেরা আনন্দ করিল কেননা তাহারা ইচ্ছাপূর্ব্বক নিবেদন করিল যেহেতুক তাহারা সম্পূর্ণ অন্তঃকরণের সহিত ইচ্ছাপূর্ব্বক য়িহুহের উদ্দেশে নিবেদন করিল এবং দাউদরাজও বড় আনন্দেতে আনন্দ করিল।

[১০] সেপ্রযুক্ত দাউদ সকল মণ্ডলীর সাক্ষাৎ য়িহুহের ধন্যবাদ করিল এবং দাউদ কহিল হে য়িহুহ আমারদের পিতা য়িশরাএলের ঈশ্বর তুমি সদাসর্ব্বক্ষণে ধন্য। [১১] হে য়িহুহ মহত্ত্ব ও পরাক্রম ও ঐশ্বর্য্য ও জয় ও মহিমা তোমার কেননা স্বর্গে ও পৃথিবীতে যত সে সকল তোমার হে য়িহুহ রাজ্য তোমার এবং তুমি সকলের প্রধানরূপে উচ্চীকৃত আছ [১২] তোমা

হইতে ধন ও সম্মান এবং তুমি সকলের উপরে
রাজ্য করিতেছ তোমার হাতে পরাক্রম ও সক
লের বড় করা ও সকলকে বল দেওয়া তোমার
হস্তাধিকার আছে। [১৩] অতএব এখন হে
আমারদের ঈশ্বর আমরা তোমাকে ধন্যবাদ
করি ও তোমার ঐশ্বর্য্যযুক্ত নামের স্তুতি করি।
[১৪] কিন্তু আমি কে আমার লোকেরা বা কে
যে আমরা এ প্রকারে স্বেচ্ছায় নিবেদন করি
তে পারি যেহেতুক তোমাহইতে সকলি পাও
য়া যায় [illegible] তোমার আপন দ্রব্যই আমরা
তোমাকে দিয়াছি। [১৫] কেননা আমরা আ
পনারদের সকল পিতৃলোকের ন্যায় তোমার
সম্মুখে বিদেশী ও প্রবাসী পৃথিবীর উপরে আ
মারদের যে আয়ুঃ তাহা ছায়ার ন্যায় এবং স্থা
য়িত্ব কিছু নাই। [১৬] হে য়িহুহ আমারদের
প্রভু তোমার পবিত্র নামের উদ্দেশে গৃহ নির্ম্মাণ
করাইবার জন্যে আমরা যে সকল দ্রব্য আ
য়োজন করিয়াছি সে সকল তোমার হাতহই
তে আইল এবং তোমারি আছে। [১৭] হে
আমার ঈশ্বর আমি জানি যে তুমি অন্তঃকর
ণের পরীক্ষা করিতেছ এবং ধর্ম্মে সন্তুষ্ট আছ
আমাবিষয়ক বিবরণ এই আমি আপন অন্তঃ
করণের সরলতাতে এ সকল দ্রব্য ইচ্ছাপূর্ব্বক
নিবেদন করিয়াছি এবং এখন আনন্দেতে আ
মি তোমার বিদ্যমান লোকেরদিগকে তোমার
উদ্দেশে ইচ্ছাপূর্ব্বক নৈবেদ্য করিতে দেখি
য়াছি। [১৮] হে আমারদের পিতৃলোক অব
রাহাম ও য়িস্খাক ও য়িশ্রাএলের ঈশ্বর য়ি
হুহ তুমি আপন লোকেরদের অন্তঃকরণের ভা
বনার উদ্ভূততাতে ইহা সতত রাখ এবং আপ
নার কারণ তাহারদের অন্তঃকরণ প্রস্তুত কর।
[১৯] এবং তোমার আজ্ঞা ও তোমার সাক্ষ্য
কথা ও তোমার বিধি পালন করিতে ও এ সকল
করিতে এবং আমি যে প্রাসাদের কারণ সঞ্চয়
করিয়াছি তাহা গ্রন্থন করিতে আমার পুত্র শল
মনকে সম্পূর্ণ অন্তঃকরণ দেও।

[২০] পরে দাউদ সকল মণ্ডলীকে কহিল এ
খন আপনারদের ঈশ্বর য়িহুহের ধন্যবাদ কর
অনন্তর সকল মণ্ডলী আপনারদের পিতৃলো
কেরদের ঈশ্বর য়িহুহের ধন্যবাদ করিল পরে
আপনং মস্তকেতে প্রণাম করিল এবং য়িহুহের
ও রাজার পূজা করিল। [২১] এবং তাহার পর
দিবসে তাহারা য়িহুহের উদ্দেশে নৈবেদ্য ক
রিল এবং য়িহুহের উদ্দেশে হোম করিল একস
হস্র বলদ ও একসহস্র মেষ ও একসহস্র মেষের
বাচ্চা তাহারদের পানীয় নৈবেদ্যের সহিত এবং
সকল য়িশ্রাএলের কারণ বাহুল্যরূপে নৈবে
দ্য ও তাহার সহিত নিবেদন করিল। [২২] এবং
সে দিনে অতিহর্ষেতে য়িহুহের সাক্ষাৎ ভো
জনপান করিল এবং দ্বিতীয়বার দাউদের পুত্র
শলমনকে রাজা করিল এবং প্রধান শাসনকর্ত্তা
হইবার কারণ তাহাকে ও যাজক হইবার কারণ
সাদোককে য়িহুহের উদ্দেশে অভিষিক্ত করি
ল। [২৩] তখন আপন পিতা দাউদের স্থানে শ
লমন রাজার ন্যায় য়িহুহের সিংহাসনোপবিষ্ট
হইল ও ভাগ্যবান হইল ও সকল য়িশ্রাএল তা
হার আজ্ঞাবর্ত্তী হইল [২৪] এবং সকল অধ্য
ক্ষেরা ও পরাক্রান্ত মনুষ্যেরা এবং দাউদরাজের
সকল পুত্রেরা আপনারদিগকে শলমনরাজের
বশীভূত করিল। [২৫] এবং সকল য়িশ্রাএ
লের দৃষ্টিতে য়িহুহ শলমনরাজকে অতিশয় উ
ন্নত করিলেন এবং তাহার পূর্ব্বে য়িশ্রাএলের
কোন রাজার যে মত মহিমা হয় নাই তেমন
রাজকীয় মহিমা তাহাকে দিলেন।

[২৬] এপ্রকার য়িশির পুত্র দাউদ সকল য়িশ
রাএলোপরি রাজ্য করিল। [২৭] এবং সে যে
সময় ব্যাপিয়া য়িশ্রাএলোপরি রাজ্য করিল তা
হাই চল্লিশ বৎসর সে সাত বৎসর খেবরোণে
রাজ্য করিল এবং য়িরূশালমে তেত্রিশ বৎসর
রাজ্য করিল। [২৮] পরে উত্তম বৃদ্ধাবস্থায় দি
নেতে ও ধনেতে ও সম্মানেতে পূর্ণ হইয়া মরিল
এবং তাহার পুত্র শলমন তাহার পদে রাজ্য
করিল। [২৯] আদ্যন্ত দাউদরাজের যে ক্রিয়া
এবং তাহার রাজ্যকরণের সকল বিবরণ ও তা
হার পরাক্রম এবং তাহার ও য়িশ্রাএলের উপ
রে ও অন্য দেশের তাবৎ রাজ্যের উপরে যেং
অবস্থা ঘটিল দেখ সে সকল শিমূএল প্রদর্শ
কের পুস্তকে ও নাতান আচার্য্যের পুস্তকে ও
গাদ প্রদর্শকের পুস্তকে লিখিত আছে।

# কালের বিবরণ দ্বিতীয় পুস্তক।

## ১ প্রথম পর্ব্ব।

[১] পরে দাউদের পুত্র শলমন আপন রাজ্যে দৃঢ়ীভূত হইল এবং তাহার ঈশ্বর য়িহুহ তাহার সহিত ছিলেন ও তাহাকে অতিসামর্থ্যবান করিলেন। [২] পরে শলমন সকল য়িশরাএলকে ও সহস্রপতিরদিগকে ও শতপতিরদিগকে ও বিচারকর্ত্তারদিগকে ও সমস্ত য়িশরাএলের প্রত্যেক শাসনকর্ত্তাকে ও পিতৃপ্রধানেরদিগকে কথা কহিল। [৩] অতএব শলমন ও তাহার সহিত সকল মণ্ডলী গিবিওনস্থ উচ্চস্থানে গেল যেহেতুক ঈশ্বরের মণ্ডলীর যে পবিত্র তাম্বু য়িহুহের দাস মোশহ অরণ্যে নির্ম্মাণ করিয়াছিল তাহা সেখানে। [৪] কিন্তু য়িহুহের সিন্দুকের কারণ দাউদ যে স্থান প্রস্তুত করিয়াছিল সেখানে দাউদ কীর্য্যৎয়িআরিমহইতে তাহা আনিয়াছিল কেননা সে য়িরূশালমে তাহার কারণ এক তাম্বু প্রস্তুত করিয়াছিল। [৫] আরও খূরের পুত্র উরির পুত্র বিসলিএল যে পিত্তলময় বেদি করিয়াছিল তাহা সে য়িহুহের পবিত্র তাম্বুর সম্মুখে স্থাপন করিল এবং শলমন ও সকল মণ্ডলী তাহার নিকটে অন্বেষণ করিল। [৬] এবং মণ্ডলীর পবিত্র তাম্বুর নিকটে স্থিত যে য়িহুহের সম্মুখস্থ পিত্তলময় বেদি তাহার নিকটে শলমন সেখানে গেল এবং তাহার উপরে এক সহস্র হোম করিল।

[৭] সে রাত্রিতে ঈশ্বর শলমনকে দর্শন দিলেন ও তাহাকে কহিলেন অভিমত বর প্রার্থনা কর। [৮] এবং শলমন ঈশ্বরকে কহিল তুমি আমার পিতা দাউদকে বড় দয়া করিয়াছ ও তাহার পদে আমাকে রাজা করিয়াছ। [৯] এখন হে য়িহুহ পরমেশ্বর আমার পিতা দাউদের কাছে তুমি যে প্রতিজ্ঞা করিয়াছ তাহা স্থির হউক যেহেতুক বাহুল্যেতে পৃথিবীর ধূলার ন্যায় যে এক লোকসমূহ তাহার উপরে তুমি আমাকে রাজা করিয়াছ। [১০] এখন আমাকে বুদ্ধি ও জ্ঞান দেও যে আমি এ লোকেরদের সম্মুখে যাতায়াত করি কেননা এ তোমার বড় লোকের বিচার কে করিতে পারে। [১১] পরে ঈশ্বর শলমনকে কহিলেন এই তোমার অন্তঃকরণে ছিল এবং তুমি ধন কিম্বা সম্পত্তি কিম্বা সম্মান কিম্বা তোমার শত্রুরদের প্রাণ কিম্বা দীর্ঘায়ুঃ প্রার্থনা কর নাই কিন্তু আমি আপন যে লোকেরদের উপরে তোমাকে রাজা করিয়াছি তাহারদিগের বিচার করণার্থে আপনার নিমিত্তে বুদ্ধি ও জ্ঞান প্রার্থনা করিয়াছ। [১২] বুদ্ধি ও জ্ঞান তোমাকে দত্ত আছে এবং তোমাকে আমি এমন ধন ও সম্পত্তি ও সম্মান দিব যে তোমার পূর্ব্ববর্ত্তী কোন রাজার সেমত ছিল না এবং তোমার পরে কোন কাহারও হইবে না।

[১৩] পরে গিবিওনস্থ উচ্চস্থানে মণ্ডলীর যে পবিত্র তাম্বু তাহাহইতে শলমন য়িরূশালমে আসিয়া সকল য়িশরাএলের উপরে রাজ্য করিল। [১৪] এবং শলমন রথ ও অশ্বারোহিরদিগকে সংগ্রহ করিল তাহার একসহস্র চারিশত রথ ও বারোসহস্র অশ্বারোহী ছিল এবং সে তাহারদিগকে রথের নগরে ও য়িরূশালমে রাজার নিকটে রাখিল। [১৫] এবং রাজা য়িরূশালমে বাহুল্যেতে রূপ্য ও স্বর্ণ পাথরের ন্যায় করিল ও অনেকত্বপ্রযুক্ত আরেজ বৃক্ষ মাঠস্থ শকমিন বৃক্ষের ন্যায় করিল। [১৬] এবং মিসরহইতে আনীত অশ্ব ও সূত্র শলমনের ছিল রাজবণিকেরা মূল্য দিয়া সে সূত্র লইল। [১৭] এবং তাহারা ছয়শত শেকেল রূপামূল্যেতে মিসরহইতে এক রথ আনিত এবং একশত পঞ্চাশেতে এক অশ্ব আনিত এবং তাহারদের সাধনেতে তাহারা সেমত খিত্তীয়েরদের ও অরামের সকল রাজারদের কারণ অশ্বেরদিগকে আনিত।

## ২ পর্ব্ব।

[১] অনন্তর শলমন য়িহুহের নামের উদ্দেশে

এক গৃহ এবং আপন রাজ্যের কারণ এক গৃহ
রচনা করিতে মনে স্থির করিল। [২] এবং
ভার বহিবার কারণ সত্তরিসহস্র লোককে ও
পর্ব্বতের মধ্যে ছেদন করিতে আশীসহস্র মনু
ষ্যকে ও তাহারদের পরিদর্শন করিতে তিনসহ
স্র ছয়শত মনুষ্যকে বাছিয়া লইল।

[৩] পরে শলমন সূরের খূরামরাজের নিক
টে লোক প্রেরণ করিয়া কহিল তুমি আমার পি
তা দাউদের প্রতি যেরূপ করিয়াছিলা এবং তা
হার বসতবাটী নির্ম্মাণ করিবার কারণ তাহার
নিকটে যেরূপ আরেজকাষ্ঠ পাঠাইয়াছিলা
সেমত আমার প্রতি কর। [৪] দেখ আমি আ
পন ঈশ্বর যিহুহের উদ্দেশে তাহা পবিত্র কর
ণের কারণ ও তাঁহার সম্মুখে সুগন্ধি ধূপ পোড়া
ইবার কারণ ও নিত্য দৃষ্টিভোগ রুটির কারণ
এবং প্রাতঃ ও সন্ধ্যা ও শাবত ও অমাবস্যাতে
ও আমারদের ঈশ্বর যিহুহের উৎসবে হোম
করিবার কারণ তাঁহার নামের জন্যে এক গৃহ
নির্ম্মাণ করাইতেছি এ২ যিশ্রাএলের নিমিত্তে
নিত্য বিধি। [৫] এবং আমি যে গৃহ রচনা
করিব তাহা বড় হইবে যেহেতুক আমারদের ঈ
শ্বর সকল দেবহইতে বড়। [৬] কিন্তু স্বর্গ ও
স্বর্গেরদের স্বর্গ তাঁহাকে ধারণ করিতে পারে না
অতএব তাঁহার কারণ কে গৃহ নির্ম্মাণ করাইতে
পারে তবে আমি কে যে তাঁহার সম্মুখে ধূপ
পোড়ানের কারণব্যতিরেকে আমি তাঁহার এক
গৃহ রচনা করি। [৭] অতএব এখন স্বর্ণ ও রূপ্য
ও পিত্তল ও লৌহ এবং বাগুনীয় ও কির্ম্মিজ
ও নীল বস্ত্রের কার্য্যে বিদ্বান এবং যিহুদাহ্ ও
যিরুশালমে আমার নিকবর্ত্তী যে বিদ্বান লো
কেরদিগকে আপন পিতা দাউদ প্রস্তুত করিয়া
ছিল তাহারদের সহিত খোদকারি করিতে নিপুণ
এক মনুষ্যকে পাঠাও। [৮] এবং আরেজকাষ্ঠ
ও দেবদারুকাষ্ঠ ও আলগোমকাষ্ঠ লিবানোন
হইতে আমার এখানে পাঠাও যেহেতুক আমি
জানি যে তোমার দাসেরা লিবানোনে কাষ্ঠ কা
টিতে নিপুণ আছে। [৯] এবং দেখ বাহুল্য
রূপে কাষ্ঠ প্রস্তুত করিবার কারণ আমার দাসে
রা তোমার দাসেরদের সহিত থাকিবে কেননা
আমি যে গৃহ করিব তাহা আশ্চর্য্যরূপে বড় হই
বে [১০] এবং দেখ আমি তোমার কাষ্ঠচ্ছেদক
দাসেরদিগকে বিংশতিসহস্র পরিমাণ মর্দ্দিত
গোম ও বিংশতিসহস্র পরিমাণ যব ও বিংশতি
সহস্র বাত দ্রাক্ষারস ও বিংশতিসহস্র বাত তৈল
দিব।

[১১] তখন সূরের খূরামরাজ শলমনের নি
কটে প্রেরিত পত্রের দ্বারা প্রত্যুত্তর দিল যিহুহ
আপন লোকেরদিগকে প্রেম করিলেন সেহেতুক
তোমাকে তাহারদের রাজা করিলেন। [১২]
আরও খূরাম কহিল যিহুহের নিমিত্তে এক গৃহ
ও আপন রাজ্যের নিমিত্তে এক গৃহ যে করিবে
এমন পরিণামদর্শী ও বুদ্ধিমান এক জ্ঞানি পুত্র
দাউদকে দিয়াছেন যে স্বর্গের ও পৃথিবীর সৃষ্টি
কর্ত্তা যিশ্রাএলের ঈশ্বর যিহুহ তিনি ধন্য।
[১৩] এবং এখন আমি বুদ্ধিবিশিষ্ট আপন
পিতা খূরামের বিদ্বান এক জনকে পাঠাইয়াছি।
[১৪] সে দান বংশজা এক স্ত্রীর পুত্র তাহার
পিতা সূরের এক মনুষ্য সে স্বর্ণ ও রূপ্য ও পি
ত্তল ও লৌহ ও প্রস্তর ও কাষ্ঠ এবং বাগুনীয় ও
নীল ও সূক্ষ্ম বস্ত্র ও কির্ম্মিজ বস্ত্রের কার্য্য ক
রিতে নিপুণ এবং কোন প্রকার খোদা কার্য্য
করিতে এবং তোমার বিদ্বান লোকেরদের সহি
ত ও আমার প্রভু তোমার পিতা দাউদের বিদ্বান
লোকেরদের সহিত যে কোন প্রকল্পনীয় কার্য্য
তাহাকে কহা যায় তাহা বুঝিতে নিপুণ। [১৫]
অতএব এখন আমার প্রভু যে গোম ও যব ও
তৈল ও দ্রাক্ষারসের কথা কহিয়াছেন তাহা আ
পন দাসেরদের নিকটে পাঠাউন। [১৬] এবং
তোমার যত কাষ্ঠের প্রয়োজন হইবে তত আমরা
লিবানোনে কাটিব এবং মাড় করিয়া সমুদ্র
পথে তোমার নিকটে য়াফাতে পঁহুছাইব পরে
তুমি তাহা যিরুশালমে লইয়া যাইবা।

[১৭] এবং আপন পিতা দাউদ যে গণনাতে
তাহারদিগকে গণনা করিয়াছিল সে গণনানুসা
রে শলমন যিশ্রাএলদেশপ্রবাসি সকল বিদে
শি লোকেরদিগকে গণনা করিল এবং একশত
তিপ্পান্নসহস্র ছয়শত জন পাওয়া গেল। [১৮]
এবং তাহারদের মধ্যে সে সত্তরিসহস্র জনকে
ভার বহিতে ও আশীসহস্র জনকে পর্ব্বতে ছেদন
করিতে ও অন্য লোকেরদিগকে কার্য্য করাইতে
তিনসহস্র ছয়শত জনকে নিযুক্ত করিল।

৩ পর্ব্ব।

[১] পরে যিহুহ যে স্থানে তাহার পিতা দাউ
দকে দর্শন দিয়াছিলেন অর্থাৎ যিবূসীয় আরণা
নের খামারে দাউদ যে স্থান প্রস্তুত করিয়াছিল
সেস্থান যিরুশালমস্থ মোরিয়াহ্ পর্ব্বতে শলমন
যিহুহের গৃহ নির্ম্মাণ করাইতে আরম্ভ করিল।
[২] আপন অধিকারের চতুর্থ বৎসরে দ্বিতীয়
মাসের দ্বিতীয় দিনে সে নির্ম্মাণ করাইতে আ
রম্ভ করিল।

[৩] শলমন ঈশ্বরের গৃহের রচনার কারণ যে২
বিষয়ে উপদিষ্ট ছিল তাহা এ২ হাতের পরিমা
ণেতে প্রথম মাপানুসারে তাহার দীর্ঘতা ষাটি
হাত ও প্রস্থতা বিংশতি হাত। [৪] এবং সম্মু

অগ্রস্থ বারন্দার দীর্ঘতা গৃহের প্রস্থতানুসারে বিংশতি হাত ছিল ও তাহার উর্দ্ধতা একশত বিংশতি হাত এবং ভিতরে সে তাহা নির্ম্মল স্বর্ণেতে মড়াইল। [৫] এবং মহত্তর গৃহের ছাতের অন্ত উত্তম স্বর্ণেতে মণ্ডিত দেবদারু কাষ্ঠের করিল ও তাহার উপরে তালবৃক্ষ ও শৃঙ্খলাকৃতি করিল। [৬] এবং শোভার নিমিত্তে সে মণিতে গৃহ অলঙ্কৃত করিল এবং স্বর্ণ পর্বায়িমের স্বর্ণ ছিল। [৭] সে গৃহ ও তাহার আড়া ও স্তম্ভ ও দেওয়াল ও কপাট স্বর্ণেতে মড়াইল ও দেওয়ালের উপরে কিরুবাকৃতি খুদিল। [৮] এবং সে মহাপবিত্র গৃহ নির্ম্মাণ করিল তাহার দীর্ঘতা গৃহের প্রস্থতানুসারে বিংশতি হাত এবং তাহার প্রস্থতা বিংশতি হাত এবং তাহা উত্তম স্বর্ণেতে মড়াইল সে স্বর্ণের পরিমাণ ছয়শত কিকার। [৯] প্রেকের পরিমাণ পঞ্চাশ শেকেল স্বর্ণ এবং সে উপরিস্থ কুঠরিও স্বর্ণেতে মড়াইল। [১০] এবং মহাপবিত্র স্থানে সে প্রতিমাকার্য্যেতে দুই কিরুব নির্ম্মাণ করিল ও তাহা স্বর্ণেতে মড়াইল। [১১] সে কিরুবেরদের পাখা বিংশতি হাত লম্বা এক পাখা পাঁচ হাত গৃহের দেওয়াল স্পর্শ করিল এবং অন্য পাখা পাঁচ হাত তাহা অন্য কিরুবের পাখা স্পর্শ করিল। [১২] অন্য কিরুবের এক পাখা পাঁচ হাত গৃহের দেওয়াল স্পর্শ করিল এবং অন্য পাখাও পাঁচ হাত তাহা অন্য কিরুবের পাখা স্পর্শ করিল। [১৩] ঐ কিরুবেরদের পাখা বিংশতি হাত ব্যাপিল এবং তাহারা পায়ে দাঁড়াইল ও তাহারদের মুখ ভিতর দিগে ছিল।

[১৪] এবং সে নীল ও বাগুনীয় ও রক্তবর্ণ ও সূক্ষ্ম সূত্রেতে পরদা করিল ও তাহাতে কিরুবাকৃতি করিল। [১৫] এবং গৃহের সম্মুখে সে পয়ত্রিশ হাত উচ্চ দুই স্তম্ভ করিল এবং ঐ এক২ স্তম্ভের উপরে যে মাতলা তাহা পাঁচ হাত। [১৬] এবং বাক্যপ্রকাশস্থানে যেমন করিয়াছিল তেমন সে জিঞ্জির করিয়া স্তম্ভের মস্তকে দিল এবং একশত দাড়িম্বাকৃতি করিয়া সে জিঞ্জিরের উপরে তাহা থুইল। [১৭] এবং সে মন্দিরের সম্মুখে ঐ স্তম্ভ খাড়া করিল এক দক্ষিণে অন্য বামে পরে দক্ষিণস্থের নাম য়াকীন রাখিল ও বামস্থের নাম বোআজ রাখিল।

৪ পর্ব্ব।

[১] পরে সে পিত্তলময় এক বেদি করিল তাহার দীর্ঘতা বিংশতি হাত ও তাহার প্রস্থতা বিংশতি হাত ও তাহার উর্দ্ধতা দশ হাত।

[২] অপর সে এক মুড়াহইতে অন্য মুড়াপর্যন্ত দশ হাত পরিমাণ গোল এক সাঁচুয়া সমুদ্র করিল তাহা পাঁচ হাত উচ্চ এবং ত্রিশ হাত পরিমিত এক সূত্র তাহা বেষ্টন করিল। [৩] এবং তাহার নীচে তাহার চতুর্দ্দিগে বলদাকৃতি সমুদ্র ধারক ছিল এক২ হাতের মধ্যে দশ বলদাকৃতি তাহার ঢালনের সময়ে দুই সারি বলদাকৃতি ঢালা গেল। [৪] বারো বলদের উপরে তাহা স্থাপিত ছিল উত্তরদিগদর্শী তিন পশ্চিমদিগদর্শী তিন দক্ষিণদিগদর্শী তিন ও পূর্ব্বদিগদর্শী তিন এবং উর্দ্ধে তাহারদের উপরে সমুদ্র [illegible] গেল ও তাহারদের পশ্চাদ্ভাগ ভিতরে [illegible] [৫] তাহা চারি অঙ্গুলি পুরু তাহার কিনারা পেয়ালার কিনারার মত শোষণপুষ্পবিশিষ্ট এবং তাহাতে তিনসহস্র বাত ধরিল।

[৬] সে দশ প্রক্ষালনপাত্রও নির্ম্মাণ করিল এবং তাহাতে প্রক্ষালনার্থে পাঁচটা দক্ষিণে ও পাঁচটা বামে স্থাপন করিল তাহারা যে২ বস্তু হোম করিত তাহা তাহাতে প্রক্ষালন করিত কিন্তু যাজকেরদের স্নান করিবার কারণ সমুদ্র ছিল। [৭] এবং তাহারদের আকারানুসারে স্বর্ণময় দশটা সামাদান করিয়া মন্দিরে স্থাপন করিল পাঁচটা দক্ষিণে ও পাঁচটা বামে। [৮] সে দশ মেজও নির্ম্মাণ করিল ও মন্দিরে পাঁচটা দক্ষিণে ও পাঁচটা বামে স্থাপন করিল সে একশত স্বর্ণময় চষকও নির্ম্মাণ করিল।

[৯] আরও সে যাজকেরদের উঠান ও বড় উঠান নির্ম্মাণ করিল ও উঠানের কারণ দ্বার ও তাহার কপাট চারিদিগে পিত্তলেতে মড়াইল। [১০] পরে দক্ষিণের সম্মুখে পূর্ব্ব পার্শ্বের দক্ষিণভাগে সে সমুদ্র স্থাপন করিল।

[১১] এবং খূরাম বহুগুণা ও হাতা ও সিনিকর করিল এবং ঈশ্বরের গৃহের কারণ শলমনরাজের নিমিত্তে খূরামের যে সকল কর্ত্তব্য কর্ম্ম সে সকল খূরাম সাঙ্গ করিল। [১২] অর্থাৎ দুই স্তম্ভ ও তাহার গোল ভাগ ও সে দুই স্তম্ভোপরিস্থ দুই মাতলা এবং স্তম্ভের মস্তকোপরিস্থ মাতলার গোল ভাগাচ্ছাদক দুই পাকান কার্য্য। [১৩] ও সে পাকান কার্য্যের উপরিস্থ চারি শত দাড়িম্ব স্তম্ভের উপরিস্থ মাতলার দুই গোলভাগ আচ্ছাদনার্থে ও এক২ পাকান অলঙ্কারের উপরে দুই সারি দাড়িম্ব করিল। [১৪] সে ধারক ও করিল এবং সেই২ ধারক উপরে স্থাপনার্থে স্নানপাত্র নির্ম্মাণ করিল। [১৫] এক সমুদ্র ও তাহার অধো দ্বাদশ বলদ। [১৬] এবং বহুগুণা ও হাতা ও মাংসাকর্ষক ও তাহার সকল সাজ তাহার পিতা খূরাম শলমনরাজের কারণ য়িহুহের গৃহের নিমিত্তে চক্‌চকী পিত্তলেতে নির্ম্মাণ করিল। [১৭] য়রদনের সমভূমিতে

সুকোতও সিরেদাতাহের মধ্যে চিক্কণ ভূমিতে
রাজা তাহা ঢালাইল। [১৮] এতদ্রূপে শলমন
এ সকল পাত্র অতিবাহুল্যরূপে নির্ম্মাণ করিল
যেহেতুক সে পিত্তলের পরিমাণ জানা গেল
না।

[১৯] এবং ঈশ্বরের গৃহের নিমিত্তে যে সকল
পাত্র সে পাত্র ও স্বর্ণময় বেদি ও যে২ মেজের উ
পরে দৃষ্টিভোগ রুটি রাখা যাইত সে২ মেজ।
[২০] ও ব্যবহারানুসারে ঈশ্বরের বাক্যের স্থা
নের সম্মুখে জ্বলিবার কারণ সামাদান ও তা
হার কলিকা নির্ম্মল স্বর্ণেতে নির্ম্মাণ করাইল।
[২১] এবং পুষ্প ও প্রদীপ ও চিম্টা অতিনি
র্ম্মল স্বর্ণেতে নির্ম্মাণ করাইল। [২২] এবং গুল
তরাস ও সিনিকর ও চামচ ও ধূনাচি নির্ম্মল স্বর্ণে
তে করা গেল এবং গৃহের প্রবেশস্থান এবং
মহাপবিত্র স্থানের কারণ যে ভিতরে কপাট ও
মন্দির গৃহের কপাট স্বর্ণময় ছিল।

### ৫ পর্ব্ব।

[১] এমতে শলমন য়িহুহের গৃহের কারণ যে
সকল কর্ম্ম করিল সে সকল সাঙ্গ হইল এবং
শলমন আপন পিতা দাউদেতে পবিত্রীকৃত স
কল বস্তু ভিতরে আনিল এবং রূপা ও স্বর্ণ
ও সকল পাত্র য়িহুহের গৃহের ধনের মধ্যে
রাখিল।

[২] পরে য়িহুহের নিয়মসিন্দুক দাউদের
নগর সীওনহইতে আনিতে শলমন য়িশ্রাএলের
সকল প্রাচীনেরদিগকে ও গোষ্ঠীরদের প্রধানের
দিগকে ও য়িশ্রাএলের সন্তানেরদের পিতৃপ্রধা
নেরদিগকে য়িরুশালমে একত্র করিল। [৩]
অতএব সপ্তম মাসের উৎসবকালে য়িশ্রাএ
লের সকল মনুষ্য রাজার নিকটে একত্র হইল।
[৪] এবং য়িশ্রাএলের সকল প্রাচীনেরা আ
ইল পরে লৈবেরা সিন্দুক উঠাইল। [৫] পরে
তাহারা সিন্দুক বহিয়া আনিল এবং মণ্ডলীর
পবিত্র তাম্বু ও পবিত্র তাম্বুতে যে সকল পবিত্র
পাত্র ছিল সে পাত্রও যাজকেরা ও লৈবেরা
আনিল। [৬] এবং শলমনরাজ ও সিন্দুকের
সম্মুখে তাহার নিকটে য়িশ্রাএলের যে সকল
মণ্ডলী একত্র আসিয়াছিল তাহারাও এত মেষ
ও গরুর বলি দিল যে তাহারা অনেকত্বেতে
অগণনীয়। [৭] এবং যাজকেরা য়িহুহের নি
য়মসিন্দুক তাহার নিজ স্থানে অর্থাৎ গৃহস্থিত
ঈশ্বরের বাক্যের স্থানে মহাপবিত্র স্থানে কিরূ
বেরদের পাখার নীচেই আনিল। [৮] যেহে
তুক কিরূবেরা সিন্দুকের স্থানের উপরে আপ
নারদের পাখা বিস্তার করিল এবং উপরি ভাগে
কিরূবেরা সিন্দুকও তাহার সাইজ আচ্ছাদন ক
রিল। [৯] পরে তাহারা টানিয়া সাইজ বাহির
করিল যে সিন্দুকের বাহিরে ঈশ্বরের বাক্যস্থা
নের সম্মুখে সে সাইজ দেখা যায় কিন্তু বাহিরে
তাহারা দেখা যায় নাই এবং তাহা অদ্যপর্য্যন্ত
সেখানে আছে। [১০] য়িশ্রাএলের সন্তানে
রা যে কালে মিসরহইতে বাহিরে আইল সে
কালে যখন য়িহুহ তাহারদের সহিত নিয়ম ক
রিলেন তখন মোশহ্ খোরেবে যে দুই তক্তা তা
হাতে দিল সে দুই তক্তাব্যতিরেক সিন্দুকে আর
কিছু ছিল না।

[১১] উপস্থিত সকল যাজক পবিত্র ছিল ও
তৎকালে পর্য্যায়ানুক্রমে কার্য্য করিল না এবং
লৈব গায়কেরা আসাফের ও হীমানের ও য়িদু
তূনের সকল সহকারী [১২] আপনারদের পু
ত্রেরদের ও ভ্রাতারদের সহিত সূক্ষ্ম বস্ত্রেতে
বস্ত্রান্বিত ও করতাল ও নবল ও বীণাধারী হই
য়া বেদির পূর্ব্বদিগে দাঁড়াইল এবং তাহারদের
সহিত তূরীবাদক একশত বিংশতি যাজকও দাঁ
ড়াইল। [১৩] এবং যাজকেরা পবিত্রস্থানের
মধ্যহইতে নির্গত হইলে এমত হইল যে তূরীবাদ
কেরা ও গায়কেরা য়িহুহের স্তুতি ও ধন্যবাদ
করাতে যখন এক জনের শব্দের ন্যায় শব্দ করিল
এবং যখন তাহারা তূরী ও করতাল ও অন্য বা
দ্যের সহিত মহাশব্দ করিল ও য়িহুহ উত্তম যে
হেতুক তাঁহার দয়া সর্ব্বদাস্থায়ী এইপ্রযুক্ত তাঁ
হার স্তব করিল তখন এমত হইল যে গৃহ অ
র্থাৎ য়িহুহের গৃহ মেঘেতে এমন পরিপূর্ণ হইল
যে সে মেঘপ্রযুক্ত যাজকেরা সেবা করিবার কা
রণ দাঁড়াইতে পারিল না। [১৪] যেহেতুক য়ি
হুহের তেজ ঈশ্বরের গৃহ পূর্ণ করিল।

### ৬ পর্ব্ব।

[১] তখন শলমন কহিল য়িহুহ কহিয়াছেন
যে আপনি ঘোর অন্ধকারে বাস করিবেন। [২]
কিন্তু আমি তোমার কারণ বসতির এক গৃহ
এবং তোমার নিত্য বাসার্থে এক স্থান প্রস্তুত
করিয়াছি। [৩] পরে রাজা আপন মুখ ফিরা
ইয়া য়িশ্রাএলের তাবন্মণ্ডলীর সম্মুখে দাঁড়া
ইল। [৪] এবং সে কহিল আপন মুখে আ
মার পিতা দাউদকে কথিত কথা আপন হাতে
সম্পূর্ণকারি য়িশ্রাএলের ঈশ্বর য়িহুহ ধন্য
অর্থাৎ আমি আপন লোকেরদিগকে মিসর
দশহইতে আনয়নদিনাবধি আপনার নাম সে
স্থানে স্থাপনার্থে এক গৃহ নির্ম্মাণ করাইতে
য়িশ্রাএলের সমস্ত গোষ্ঠীরদের মধ্যে কোন
নগর মনোনীত করি নাই [৫] এবং আপন
য়িশ্রাএল লোকের শাসনকর্ত্তা হইবার নিমি
ত্তে কোন মনুষ্যকে মনোনীত করি নাই। [৬]

কিন্তু আমার নাম সেখানে থাকিবার কারণ
আমি য়িরূশালম মনোনীত করিয়াছি ও আ
মার য়িশরাএল লোকোপরি হইবার জন্যে দাউ
দকে মনোনীত করিয়াছি। [৭] য়িশ্রাএলের
ঈশ্বর য়িহুহের নামের উদ্দেশে এক গৃহ নি
র্ম্মাণ করিতে আমার পিতা দাউদের অন্তঃকরণে
ছিল। [৮] কিন্তু য়িহুহ আমার পিতা দাউদ
কে কহিলেন আমার নামের উদ্দেশে এক গৃহ
নির্ম্মাণ করিতে তোমার অন্তঃকরণে যে ছিল
ইহাতে তাহা তোমার অন্তঃকরণে হওয়াতে তুমি
ভাল করিলা। [৯] তথাচ তুমি সে গৃহ নি
র্ম্মাণ করিবা না কিন্তু তোমার ঔরস পুত্র আ
মার নামের উদ্দেশে গৃহ নির্ম্মাণ করিবে। [১০]
অতএব য়িহুহ আপনাতে উক্ত কথা পূর্ণ করি
য়াছেন যেহেতুক আমি আপন পিতা দাউদের
স্থানে উঠিয়াছি ও যেমন য়িহুহ প্রতিজ্ঞা করি
য়াছিলেন তেমন য়িশ্রাএলের সিংহাসনে স্থা
পিত হইয়াছি এবং য়িশরাএলের ঈশ্বর য়িহু
হের নামের উদ্দেশে সে গৃহ নির্ম্মাণ করিয়াছি।
[১১] এবং য়িহুহ য়িশরাএলের সন্তানেরদের
সহিত যে নিয়ম করিয়াছিলেন সে নিয়মধারি
সিন্দুক তাহার মধ্যে থুইয়াছি।

[১২] পরে সে য়িশ্রাএলের সকল মণ্ডলীর
সাক্ষাৎ য়িহুহের বেদির সম্মুখে দাঁড়াইল ও
আপন হস্ত বিস্তার করিল। [১৩] যেহেতুক
শলমন পাঁচ হাত দীর্ঘ ও পাঁচ হাত প্রস্থ ও তিন
হাত উচ্চ পিত্তলময় এক মঞ্চ নির্ম্মাণ করিয়া
ছিল ও উঠানের মধ্যে তাহা স্থাপন করিয়াছিল
এবং সে য়িশ্রাএলের সকল মণ্ডলীর সম্মুখে
তাহার উপরে দাঁড়াইল পরে হাঁটুতে বসিল ও
স্বর্গের দিগে আপন হস্তবিস্তার করিল। [১৪]
এবং কহিল হে য়িশ্রাএলের ঈশ্বর য়িহুহ তো
মার নিয়মপালক ও সর্ব্বান্তঃকরণে তোমার স
ম্মুখে আচারি তোমার দাসেরদের প্রতি দয়া
কারি তোমার তুল্য স্বর্গে কিম্বা পৃথিবীতে কোন
দেব নাই। [১৫] তুমি আপন দাস আমার
পিতা দাউদের কাছে যাহা প্রতিজ্ঞা করিয়াছ ও
আপন মুখে কহিয়াছ ও আপন হাতে সিদ্ধ
করিয়াছ তাহা অদ্যকার মত প্রতিপালন করি
য়াছ। [১৬] অতএব তোমার দাস আমার পিতা
দাউদের কাছে তুমি যাহা প্রতিজ্ঞা করিয়াছ যে
তুমি যেমন আমার সাক্ষাৎ আচরণ করিয়াছ
তদ্রূপে আমার শাস্ত্রে আচরণ করিতে যদি তো
মার সন্তানেরা আপন পথেতে অবধান করে
তবে য়িশ্রাএলের সিংহাসনে বসিতে আমার
দৃষ্টিতে তোমার বংশে মনুষ্যের অভাব হইবে
না। হে য়িশ্রাএলের ঈশ্বর য়িহুহ তুমি সে
কথা পালন কর। [১৭] অতএব হে য়িশ্রা
এলের ঈশ্বর য়িহুহ তুমি আপন দাস দাউদকে
যে কথা কহিয়াছ সে কথা সত্য হউক। [১৮]
কিন্তু পৃথিবীস্থ মানুষেরদের সহিত ঈশ্বর কি নি
তান্ত বাস করিবেন দেখ স্বর্গ ও স্বর্গেরদের স্বর্গ
তোমাকে ধারণ করিতে পারে না কি পুনঃ আ
মার্তে নির্ম্মিত এ গৃহ। [১৯] অতএব হে আ
মার ঈশ্বর য়িহুহ তুমি আপন দাসের প্রার্থনা
তে ও তাহার নিবেদনেতে মনোযোগ কর ও
আপনার দাস তোমার সাক্ষাৎ যে মিনতি ও
প্রার্থনা করে তাহাতে এমন অবধান কর [২০]
যে তুমি যে স্থানের বিষয়ে কহিয়াছ যে আপন
নাম যেখানে স্থাপন করিবা সেস্থান যে এ গৃহ
ইহার প্রতি এবং এই স্থানের দিগে তোমার দাস
যে প্রার্থনা করে তাহাতে অবধানকরণার্থ তো
মার চক্ষু দিবারাত্রি খোলা হউক। [২১] অত
এব তোমার দাস ও তোমার য়িশ্রাএললোক
এ স্থান উদ্দেশ করিয়া যে মিনতি করিবে তাহা
তে অবধান কর ও তোমার বসতিস্থান যে স্বর্গ
তাহাতে থাকিয়া শুন এবং যখন শুন তখন
ক্ষমা কর।

[২২] যদি কেহ আপন প্রতিবাসির প্রতিকূলে
পাপ করে এবং তাহাকে দিব্য করাইবার কা
রণ শপথ তাহার উপরে দেওয়া যায় ও সে শ
পথ এ গৃহে তোমার বেদির সম্মুখে আইসে।
[২৩] তখন তুমি স্বর্গে থাকিয়া শুন ও কর ও
দুষ্টের আচরণ তাহার মস্তকোপরি প্রতিদানক
রণদ্বারা তাহাকে প্রতিফল দেওনেতে এবং ধা
র্ম্মিকের ধর্ম্মানুসারে তাহাকে ফল দেওনদ্বারা
তাহাকে ধার্ম্মিকীকরাতে আপন দাসেরদিগের
বিচার কর।

[২৪] তোমার য়িশ্রাএললোকেরা তোমার
বিরুদ্ধে পাপকরণপ্রযুক্ত যদি শত্রুরদের সম্মুখে
পরাজিত হয় পরে যদি ফিরে ও তোমার নাম
স্বীকার করে ও এ গৃহে প্রার্থনা করে ও তোমার
সাক্ষাৎ মিনতি করে। [২৫] তখন তুমি স্বর্গে
থাকিয়া শুন ও তোমার য়িশ্রাএললোকের
দের পাপক্ষমা কর এবং তাহারদিগকে ও তা
হারদের পিতৃলোকেরদিগকে যে দেশ দিয়াছ
তাহাতে তাহারদিগকে পুনর্ব্বার লইয়া যাও।

[২৬] তোমার বিপরীতে তাহারদের পাপ
করণপ্রযুক্ত যদি স্বর্গ রুদ্ধ হয় ও বৃষ্টি না হয় ত
থাচ যদি তাহারা এ স্থানের প্রতি প্রার্থনা করে
ও তুমি তাহারদিগকে দুঃখ দিলে তোমার নাম
স্বীকার করে ও আপনারদের পাপ ত্যাগ করে।
[২৭] তখন তুমি স্বর্গে থাকিয়া শুন এবং তো
মার দাসেরদিগকে ও তোমার য়িশ্রাএললো

কেরদিগকে তাহারদের গন্তব্য উত্তম পথ জানা
ইয়া তাহারদের পাপক্ষমা কর এবং অধিকা
রের জন্যে তোমার লোকেরদিগকে যে দেশ
তুমি দিয়াছ সে তোমার দেশেতে বৃষ্টি দেও।
[২৮] দেশে দুর্ভিক্ষ কিম্বা মারী কিম্বা শুষ্ক
তা কিম্বা ধসা কিম্বা পঙ্গপাল ফড়িঙ্গ কিম্বা কীট
হইলে কিম্বা তাহারদের শত্রুরা তাহারদের দে
শের নগর অবরোধ করিলে তাহারদের যে
কোন ক্ষত কিম্বা যে কোন পীড়া হয় [২৯] যখন
কোন [illegible] কিম্বা তোমার য়িশ্রাএললোক স
কল প্রত্যেক আপন ক্ষত ও আপন শোক জানি
য়া এ গৃহে আপন হস্তবিস্তার করিবে তখন তা
হারদের যে কোন প্রার্থনা কিম্বা মিনতি করা
যায় [৩০] তখন তুমি আপন বসতি স্থান যে
স্বর্গ তাহাতে থাকিয়া শুন ও ক্ষমা কর [৩১]
এবং তুমি যাহার অন্তঃকরণ জ্ঞাত আছ সে প্র
ত্যেক জনের সকল কর্ম্মানুসারে তাহাকে ফল
দেও যেহেতুক কেবল তুমি মনুষ্যেরদের হৃদ
যজ্ঞ তুমি আমারদের পিতৃলোকেরদিগকে যে
দেশ দিয়াছ তাহারা সে দেশে যত দিন বাঁচে
তত দিন তোমার পথে আচরণ করিবার কারণ
তোমাকে যে ভয় করে।
[৩২] এবং যে বিদেশীয় তোমার য়িশ্রাএ
ললোকেতে জাত নয় কিন্তু তোমার মহানামা
র্থে ও তোমার সবলহস্ত ও বিস্তীর্ণ ভুজের নি
মিত্তে দূরদেশহইতে আসিয়াছে সে বিদেশীয়
যদি আসিয়া এ গৃহে প্রার্থনা করে। [৩৩]
তবে তুমি আপন বসতিস্থান যে স্বর্গ তাহাতে
থাকিয়া শুন এবং তোমার য়িশ্রাএললোকে
রা যেমত করে সে মত পৃথিবীর সকল লোকে
রা তোমার নাম জানে ও তোমাকে ভয় করে
এবং এ যে গৃহ আমি নির্ম্মাণ করিয়াছি তাহা
যে তোমার নামেতে খ্যাত ইহা জানে এই কা
রণ বিদেশীয় তোমার নিকটে যে সকল প্রার্থনা
করে তদনুসারে কর।
[৩৪] তুমি আপন লোকেরদিগকে যে পথে
প্রেরণ কর তাহাতে যদি তাহারা আপনারদের
শত্রুরদের সহিত যুদ্ধ করিতে যায় এবং তুমি যে
নগর মনোনীত করিয়াছ তাহার দিগে ও আমি
তোমার নামের কারণ যে গৃহনির্ম্মাণ করিয়াছি
তাহার দিগে যদি প্রার্থনা করে [৩৫] তবে তুমি
স্বর্গে থাকিয়া তাহারদের প্রার্থনা ও মিনতি শুন
ও তাহারদের বিচার কর।
[৩৬] তাহারা যদি তোমার বিপরীতে পাপ
করে যেহেতুক পাপ যে না করে এমন কেহ নাই
ও তুমি যদি তাহারদের বিষয়ে ক্রুদ্ধ হও ও
তাহারদিগকে তাহারদের শত্রুরদের হস্তগত
কর ও তাহারা তাহারদিগকে দূরদেশে কিম্বা
নিকটস্থ দেশে দাসত্বে লইয়া যায় [৩৭] তথা
পি তাহারা যে দেশে দাসপদে নীতহয় তাহার
মধ্যে যদি আপনারদের বিষয়ে চিন্তা করে এবং
আমরা পাপ করিয়াছি আমরা অপকৃত কার্য্য
করিয়াছি আমরা পাপকর্ম্ম করিয়াছি এই
কথা কহিয়া যদি ফিরে ও তাহারদের দাসত্ব
দেশে তোমার নিকটে প্রার্থনা করে। [৩৮]
তাহারা তাহারদিগকে যে দেশে দাসপদে লই
য়া গিয়াছে সে তাহারদের দাসত্বদেশে যদি
আপনারদের সর্ব্বান্তঃকরণ ও সমস্ত মনের স
হিত তোমার প্রতি ফিরে ও তুমি তাহারদের পি
তৃলোকেরদিগকে যে দেশ দিয়াছ সে দেশের
দিগে ও তুমি যে নগর মনোনীত করিয়াছ সে
নগরের প্রতি ও আমি তোমার নামের উদ্দেশে
যে গৃহ নির্ম্মাণ করিয়াছি সে গৃহের দিগে যদি
প্রার্থনা করে। [৩৯] তবে তুমি আপন নিবাস
স্থান যে স্বর্গ তাহাতে থাকিয়া তাহারদের
প্রার্থনা ও মিনতি শুন ও তাহারদের বিচার
কর ও তোমার প্রতিকূলে পাপকারি তোমার
লোকেরদিগকে ক্ষমা কর। [৪০] হে আমার
ঈশ্বর আমি মিনতি করি এ স্থানে যে প্রার্থনা
করা যায় তাহাতে তোমার চক্ষু খোলা ও তো
মার কর্ণ উদ্যুক্ত হউক। [৪১] অতএব এখন
হে য়িহুহ ঈশ্বর তুমি উঠিয়া আপন বিশ্রামস্থা
নে আইস অর্থাৎ তুমি ও তোমার সামর্থ্যের
সিন্দুক হে য়িহুহ ঈশ্বর তোমার যাজকেরা ত্রাণে
তে আচ্ছাদিত হউক ও তোমার পুণ্যবানেরা
তোমার ভদ্রতাতে আনন্দ করুক। [৪২] হে
য়িহুহ ঈশ্বর তুমি আপন অভিষিক্তের মুখ না
ফিরাও আপন দাস দাউদেতে প্রাপ্ত যে দয়া
তাহা স্মরণ কর।

৭ পর্ব্ব।

[১] শলমন প্রার্থনা করিতে সাঙ্গ করিলে স্বর্গ
হইতে অগ্নি আইল এবং হোম ও উৎসৃষ্ট বস্তু
খাইয়া ফেলিল এবং য়িহুহের ঐশ্বর্য্য গৃহ পূর্ণ
করিল। [২] এবং যাজকেরা য়িহুহের গৃহে
প্রবেশ করিতে পারিল না যেহেতুক য়িহুহের
ঐশ্বর্য্য গৃহ পূর্ণ করিয়াছিল। [৩] এবং অগ্নি
যে পড়িল ও য়িহুহের ঐশ্বর্য্য গৃহের উপরে আ
সিয়াছিল য়িশ্রাএলের সকল সন্তান তাহা দে
খিয়া বান্ধান স্থানের উপরে ভূমপৃষ্ঠমুখ হইয়া
প্রণাম করিল ও ভজনা করিল এবং তিনি ভদ্র
ও তাঁহার দয়া সর্ব্বদাস্থায়ী এ কথা কহিয়া য়ি
হুহের স্তব করিল।
[৪] অপর রাজা ও সমস্ত লোক য়িহুহের স
মুখে যজ্ঞ করিল। [৫] এবং শলমনরাজ বাইশ

কিন্তু আমার নাম সেখানে থাকিবার কারণ আমি য়িরূশালম মনোনীত করিয়াছি ও আমার য়িশ্রাএল লোকোপরি হইবার জন্যে দাউদকে মনোনীত করিয়াছি। [৭] য়িশ্রাএলের ঈশ্বর য়িহুহের নামের উদ্দেশে এক গৃহ নির্ম্মাণ করিতে আমার পিতা দাউদের অন্তঃকরণে ছিল। [৮] কিন্তু য়িহুহ আমার পিতা দাউদকে কহিলেন আমার নামের উদ্দেশে এক গৃহ নির্ম্মাণ করিতে তোমার অন্তঃকরণে যে ছিল ইহাতে তাহা তোমার অন্তঃকরণে হওয়াতে তুমি ভাল করিলা। [৯] তথাচ তুমি সে গৃহ নির্ম্মাণ করিবা না কিন্তু তোমার ঔরস পুত্র আমার নামের উদ্দেশে গৃহ নির্ম্মাণ করিবে। [১০] অতএব য়িহুহ আপনাতে উক্ত কথা পূর্ণ করিয়াছেন যেহেতুক আমি আপন পিতা দাউদের স্থানে উঠিয়াছি ও যেমন য়িহুহ প্রতিজ্ঞা করিয়াছিলেন তেমন য়িশ্রাএলের সিংহাসনে স্থাপিত হইয়াছি এবং য়িশ্রাএলের ঈশ্বর য়িহুহের নামের উদ্দেশে সে গৃহ নির্ম্মাণ করিয়াছি। [১১] এবং য়িহুহ য়িশ্রাএলের সন্তানেরদের সহিত যে নিয়ম করিয়াছিলেন সে নিয়মধারি সিন্দুক তাহার মধ্যে থুইয়াছি।

[১২] পরে সে য়িশ্রাএলের সকল মণ্ডলীর সাক্ষাৎ য়িহুহের বেদির সম্মুখে দাঁড়াইল ও আপন হস্ত বিস্তার করিল। [১৩] যেহেতুক শলমন পাঁচ হাত দীর্ঘ ও পাঁচ হাত প্রস্থ ও তিন হাত উচ্চ পিত্তলময় এক মঞ্চ নির্ম্মাণ করিয়াছিল ও উঠানের মধ্যে তাহা স্থাপন করিয়াছিল এবং সে য়িশ্রাএলের সকল মণ্ডলীর সম্মুখে তাহার উপরে দাঁড়াইল পরে হাঁটুতে বসিল ও স্বর্গের দিগে আপন হস্তবিস্তার করিল। [১৪] এবং কহিল হে য়িশ্রাএলের ঈশ্বর য়িহুহ তোমার নিয়মপালক ও সর্ব্বান্তঃকরণে তোমার সম্মুখে আচারি তোমার দাসেরদের প্রতি দয়াকারি তোমার তুল্য স্বর্গে কিম্বা পৃথিবীতে কোন দেব নাই। [১৫] তুমি আপন দাস আমার পিতা দাউদের কাছে যাহা প্রতিজ্ঞা করিয়াছ ও আপন মুখে কহিয়াছ ও আপন হাতে সিদ্ধ করিয়াছ তাহা অদ্যকার মত প্রতিপালন করিয়াছ। [১৬] অতএব তোমার দাস আমার পিতা দাউদের কাছে তুমি যাহা প্রতিজ্ঞা করিয়াছ যে তুমি যেমন আমার সাক্ষাৎ আচরণ করিয়াছ তদ্রূপে আমার শাস্ত্রে আচরণ করিতে যদি তোমার সন্তানেরা আপন পথেতে অবধান করে তবে য়িশ্রাএলের সিংহাসনে বসিতে আমার দৃষ্টিতে তোমার বংশে মনুষ্যের অভাব হইবে না। হে য়িশ্রাএলের ঈশ্বর য়িহুহ তুমি সে কথা পালন কর। [১৭] অতএব হে য়িশ্রাএলের ঈশ্বর য়িহুহ তুমি আপন দাস দাউদকে যে কথা কহিয়াছ সে কথা সত্য হউক। [১৮] কিন্তু পৃথিবীস্থ মানুষেরদের সহিত ঈশ্বর কি নিতান্ত বাস করিবেন দেখ স্বর্গ ও স্বর্গেরদের স্বর্গ তোমাকে ধারণ করিতে পারে না কি পুনঃ আমাতে নির্ম্মিত এ গৃহ। [১৯] অতএব হে আমার ঈশ্বর য়িহুহ তুমি আপন দাসের প্রার্থনাতে ও তাহার নিবেদনেতে মনোযোগ কর ও আপনার দাস তোমার সাক্ষাৎ যে মিনতি ও প্রার্থনা করে তাহাতে এমন অবধান কর [২০] যে তুমি যে স্থানের বিষয়ে কহিয়াছ যে আপন নাম যেখানে স্থাপন করিবা সেস্থান যে এ গৃহ ইহার প্রতি এবং এই স্থানের দিগে তোমার দাস যে প্রার্থনা করে তাহাতে অবধানকরণার্থ তোমার চক্ষু দিবারাত্রি খোলা হউক। [২১] অতএব তোমার দাস ও তোমার য়িশ্রাএললোক এ স্থান উদ্দেশ করিয়া যে মিনতি করিবে তাহাতে অবধান কর ও তোমার বসতিস্থান যে স্বর্গ তাহাতে থাকিয়া শুন এবং যখন শুন তখন ক্ষমা কর।

[২২] যদি কেহ আপন প্রতিবাসির প্রতিকূলে পাপ করে এবং তাহাকে দিব্য করাইবার কারণ শপথ তাহার উপরে দেওয়া যায় ও সে শপথ এ গৃহে তোমার বেদির সম্মুখে আইসে। [২৩] তখন তুমি স্বর্গে থাকিয়া শুন ও কর ও দুষ্টের আচরণ তাহার মস্তকোপরি প্রতিদানকরণদ্বারা তাহাকে প্রতিফল দেওনেতে এবং ধার্ম্মিকের ধর্ম্মানুসারে তাহাকে ফল দেওনদ্বারা তাহাকে ধার্ম্মিকীকরাতে আপন দাসেরদিগের বিচার কর।

[২৪] তোমার য়িশ্রাএললোকেরা তোমার বিরুদ্ধে পাপকরণপ্রযুক্ত যদি শত্রুরদের সম্মুখে পরাজিত হয় পরে যদি ফিরে ও তোমার নাম স্বীকার করে ও এ গৃহে প্রার্থনা করে ও তোমার সাক্ষাৎ মিনতি করে। [২৫] তখন তুমি স্বর্গে থাকিয়া শুন ও তোমার য়িশ্রাএললোকেরদের পাপক্ষমা কর এবং তাহারদিগকে ও তাহারদের পিতৃলোকেরদিগকে যে দেশ দিয়াছ তাহাতে তাহারদিগকে পুনর্ব্বার লইয়া যাও।

[২৬] তোমার বিপরীতে তাহারদের পাপকরণপ্রযুক্ত যদি স্বর্গ রুদ্ধ হয় ও বৃষ্টি না হয় তথাচ যদি তাহারা এ স্থানের প্রতি প্রার্থনা করে ও তুমি তাহারদিগকে দুঃখ দিলে তোমার নাম স্বীকার করে ও আপনারদের পাপ ত্যাগ করে। [২৭] তখন তুমি স্বর্গে থাকিয়া শুন এবং তোমার দাসেরদিগকে ও তোমার য়িশ্রাএললো

কেরদিগকে তাহারদের গন্তব্য উত্তম পথ জানা
ইয়া তাহারদের পাপক্ষমা কর এবং অধিকা
রের জন্যে তোমার লোকেরদিগকে যে দেশ
তুমি দিয়াছ সে তোমার দেশেতে বৃষ্টি দেও।
[২৮] দেশে দুর্ভিক্ষ কিম্বা মারী কিম্বা শুষ্ক
তা কিম্বা ধসা কিম্বা পঙ্গপাল ফড়িঙ্গ কিম্বা কীট
হইলে কিম্বা তাহারদের শত্রুরা তাহারদের দে
শের নগর অবরোধ করিলে তাহারদের যে
কোন ক্ষত কিম্বা যে কোন পীড়া হয় [২৯] যখন
কোন কেহ কিম্বা তোমার য়িশ্রাএললোক স
কল প্রত্যেক আপন ক্ষত ও আপন শোক জানি
য়া এ গৃহে আপন হস্তবিস্তার করিবে তখন তা
হারদের যে কোন প্রার্থনা কিম্বা মিনতি করা
যায় [৩০] তখন তুমি আপন বসতি স্থান যে
স্বর্গ তাহাতে থাকিয়া শুন ও ক্ষমা কর [৩১]
এবং তুমি যাহার অন্তঃকরণ জ্ঞাত আছ সে প্র
ত্যেক জনের সকল কর্ম্মানুসারে তাহাকে ফল
দেও যেহেতুক কেবল তুমি মনুষ্যেরদের হৃদ
য়জ্ঞ তুমি আমারদের পিতৃলোকেরদিগকে যে
দেশ দিয়াছ তাহারা সে দেশে যত দিন বাঁচে
তত দিন তোমার পথে আচরণ করিবার কারণ
তোমাকে যে ভয় করে।
[৩২] এবং যে বিদেশীয় তোমার য়িশ্রাএ
ললোকেতে জাত নয় কিন্তু তোমার মহানামা
র্থে ও তোমার সবলহস্ত ও বিস্তীর্ণ ভুজের নি
মিত্তে দূরদেশহইতে আসিয়াছে সে বিদেশীয়
যদি আসিয়া এ গৃহে প্রার্থনা করে। [৩৩]
তবে তুমি আপন বসতিস্থান যে স্বর্গ তাহাতে
থাকিয়া শুন এবং তোমার য়িশ্রাএললোকে
রা যেমত করে সে মত পৃথিবীর সকল লোকে
রা তোমার নাম জানে ও তোমাকে ভয় করে
এবং এ যে গৃহ আমি নির্ম্মাণ করিয়াছি তাহা
যে তোমার নামেতে খ্যাত ইহা জানে এই কা
রণ বিদেশীয় তোমার নিকটে যে সকল প্রার্থনা
করে তদনুসারে কর।
[৩৪] তুমি আপন লোকেরদিগকে যে পথে
প্রেরণ কর তাহাতে যদি তাহারা আপনারদের
শত্রুরদের সহিত যুদ্ধ করিতে যায় এবং তুমি যে
নগর মনোনীত করিয়াছ তাহার দিগে ও আমি
তোমার নামের কারণ যে গৃহনির্ম্মাণ করিয়াছি
তাহার দিগে যদি প্রার্থনা করে [৩৫] তবে তুমি
স্বর্গে থাকিয়া তাহারদের প্রার্থনা ও মিনতি শুন
ও তাহারদের বিচার কর।
[৩৬] তাহারা যদি তোমার বিপরীতে পাপ
করে যেহেতুক পাপ যে না করে এমন কেহ নাই
ও তুমি যদি তাহারদের বিষয়ে ক্রুদ্ধ হও ও
তাহারদিগকে তাহারদের শত্রুরদের হস্তগত
কর ও তাহারা তাহারদিগকে দূরদেশে কিম্বা
নিকটস্থ দেশে দাসত্বে লইয়া যায় [৩৭] তথা
পি তাহারা যে দেশে দাসপদে নীত হয় তাহার
মধ্যে যদি আপনারদের বিষয়ে চিন্তা করে এবং
আমরা পাপ করিয়াছি আমরা অপ্রকৃত কার্য্য
করিয়াছি আমরা পাপকর্ম্ম করিয়াছি এই
কথা কহিয়া যদি ফিরে ও তাহারদের দাসত্ব
দেশে তোমার নিকটে প্রার্থনা করে। [৩৮]
তাহারা তাহারদিগকে যে দেশে দাসপদে লই
য়া গিয়াছে সে তাহারদের দাসত্বদেশে যদি
আপনারদের সর্ব্বান্তঃকরণ ও সমস্ত মনের স
হিত তোমার প্রতি ফিরে ও তুমি তাহারদের পি
তৃলোকেরদিগকে যে দেশ দিয়াছ সে দেশের
দিগে ও তুমি যে নগর মনোনীত করিয়াছ সে
নগরের প্রতি ও আমি তোমার নামের উদ্দেশে
যে গৃহ নির্ম্মাণ করিয়াছি সে গৃহের দিগে যদি
প্রার্থনা করে। [৩৯] তবে তুমি আপন নিবাস
স্থান যে স্বর্গ তাহাতে থাকিয়া তাহারদের
প্রার্থনা ও মিনতি শুন ও তাহারদের বিচার
কর ও তোমার প্রতিকূলে পাপকারি তোমার
লোকেরদিগকে ক্ষমা কর। [৪০] হে আমার
ঈশ্বর আমি মিনতি করি এ স্থানে যে প্রার্থনা
করা যায় তাহাতে তোমার চক্ষু খোলা ও তো
মার কর্ণ উদ্যুক্ত হউক। [৪১] অতএব এখন
হে য়িহুহ ঈশ্বর তুমি উঠিয়া আপন বিশ্রামস্থা
নে আইস অর্থাৎ তুমি ও তোমার সামর্থ্যের
সিন্দুক হে য়িহুহ ঈশ্বর তোমার যাজকেরা ত্রাণে
তে আচ্ছাদিত হউক ও তোমার পুণ্যবানেরা
তোমার ভদ্রতাতে আনন্দ করুক। [৪২] হে
য়িহুহ ঈশ্বর তুমি আপন অভিষিক্তের মুখ না
ফিরাও আপন দাস দাউদেতে প্রাপ্ত যে দয়া
তাহা স্মরণ কর।

৭ পর্ব্ব।

[১] শলমন প্রার্থনা করিতে সাঙ্গ করিলে স্বর্গ
হইতে অগ্নি আইল এবং হোম ও উৎসৃষ্ট বস্তু
খাইয়া ফেলিল এবং য়িহুহের ঐশ্বর্য্য গৃহ পূর্ণ
করিল। [২] এবং যাজকেরা য়িহুহের গৃহে
প্রবেশ করিতে পারিল না যেহেতুক য়িহুহের
ঐশ্বর্য্য গৃহ পূর্ণ করিয়াছিল। [৩] এবং অগ্নি
যে পড়িল ও য়িহুহের ঐশ্বর্য্য গৃহের উপরে আ
সিয়াছিল য়িশ্রাএলের সকল সন্তান তাহা দে
খিয়া বান্ধান স্থানের উপরে ভূস্পৃষ্টমুখ হইয়া
প্রণাম করিল ও ভজনা করিল এবং তিনি ভদ্র
ও তাঁহার দয়া সর্ব্বদাস্থায়ী এ কথা কহিয়া য়ি
হুহের স্তব করিল।
[৪] অপর রাজা ও সমস্ত লোক য়িহুহের স
ম্মুখে যজ্ঞ করিল। [৫] এবং শলমনরাজ বাইশ

সহস্র গো ও বিংশতিসহস্র মেষ বলি দিল এমতে রাজা ও তাবল্লোক ঈশ্বরের গৃহ প্রতিষ্ঠা করিল। [৬] এবং যাজকেরা আপন২ পদের কার্য্য করিল এবং য়িহুহের দয়া সততস্থায়ী এহেতুক দাউদরাজ যখন লৈবেরদের সেবার দ্বারা স্তুতি করিত সে সময়ে য়িহুহের স্তুতি করিবার কারণ য়িহুহের যে২ বাদ্য নির্ম্মাণ করিয়াছিল সে বাদ্যেতে লৈবেরাও আপন২ পদে থাকিল এবং তাহারদের অগ্রে যাজকেরা তুরী বাজাইল ও সকল য়িশ্রাএল দাঁড়াইল। [৭] এবং শলমন য়িহুহের গৃহের সম্মুখস্থ উঠানের মধ্যভাগও পবিত্র করিল কেননা সেখানে সে হোম করিল ও স্বস্ত্যয়নের চরবি উৎসর্গ করিল যেহেতুক শলমন যে পিত্তলময় বেদি করিয়াছিল তাহাতে হোম ও স্বস্ত্যয়ন ও চরবি ধরিতে পারিল না।

[৮] সে সময়ে শলমন ও তাহার সহিত সকল য়িশ্রাএল অতিবড় ঘটাতে খ্মাতের প্রবেশ স্থানহইতে মিসরের নদীপর্য্যন্ত ঐ উৎসব সাত দিন করিল। [৯] এবং অষ্টম দিনে তাহারা বিরাম করিল যেহেতুক তাহারা সাত দিন বেদির প্রতিষ্ঠা ও সাত দিন উৎসব পালন করিল। [১০] য়িহুহ দাউদকে ও শলমনকে ও আপন য়িশ্রাএললোকেরদিগকে যে দাতৃত্ব প্রকাশ করিয়াছিলেন তাহাতে সে সপ্তম মাসের ত্রয়োবিংশ দিনে আনন্দিত ও হৃষ্টচিত্ত লোকেরদিগকে আপন২ বসতিতে বিদায় করিল। [১১] এতদ্রূপে শলমন য়িহুহের গৃহ ও রাজবাটী সাঙ্গ করিল এবং য়িহুহের গৃহে ও নিজ গৃহে শলমনের মনে যাহা২ করিতে আইল সে সকল সে নির্ব্বাহ পূর্ব্বক সিদ্ধ করিল।

[১২] এবং য়িহুহ রাত্রিতে শলমনকে দর্শন দিলেন ও তাহাকে কহিলেন আমি তোমার প্রার্থনা শুনিয়াছি এবং যজ্ঞসদনের নিমিত্তে এ স্থান মনোনীত করিয়াছি। [১৩] যদি আমি এমত স্বর্গ বদ্ধ করি যে বৃষ্টি না হয় কিম্বা দেশ নষ্ট করিতে যদি পঙ্গপাল ফড়িঙ্গেরদিগকে আজ্ঞা করি কিম্বা যদি আপন লোকেরদের মধ্যে মারী পাঠাই। [১৪] তবে আমার নামেতে খ্যাত আমার লোকেরা যদি আপনারদিগকে নম্র করে ও প্রার্থনা করে ও আমার মুখ চেষ্টা করে ও আপনারদের কুপথহইতে ফিরে তখন আমি স্বর্গে থাকিয়া শুনিব ও তাহারদের পাপ ক্ষমা করিব ও তাহারদের দেশ সুস্থ করিব। [১৫] এখন যে যে প্রার্থনা এস্থানে করা যাইবে তাহাতে আমার চক্ষু খোলা ও আমার কর্ণ উদ্যুক্ত হইবে। [১৬] যেহেতুক আমার নাম সর্ব্বদা এ গৃহে থাকিবার কারণ আমি ইহা মনোনীত করিয়াছি ও প্রতিষ্ঠা করিয়াছি এবং আমার চক্ষু ও আমার অন্তঃকরণ নিত্য এখানে হইবে। [১৭] এবং তোমার পিতা দাউদ যেমন আমার সম্মুখে আচরণ করিয়াছিল তেমন যদি তুমি আমার সম্মুখে আচরণ করিবা ও আমি তোমাকে যে আজ্ঞা দিয়াছি সে সকলানুসারে যদি করিবা ও আমার বিধি ও বিচার যদি মানিবা [১৮] তবে য়িশ্রাএলের মধ্যে কর্ত্তা হইবার জন্যে তোমার বংশে মনুষ্যের অভাব হইবে না এ যে কথা আমি কহিয়া তোমার পিতা দাউদের সহিত যেমন নিয়ম করিয়াছিলাম তেমন তোমার রাজ্যের সিংহাসন স্থির করিব। [১৯] কিন্তু যদি তোমরা মুখ ফিরাও এবং আমি তোমারদের সম্মুখে যে বিধি ও আজ্ঞা স্থাপন করিয়াছি সে আমার বিধি ও আজ্ঞা ত্যাগ কর ও যাইয়া অন্য দেবেরদের সেবা ও ভজনা কর। [২০] তবে আমি তাহারদিগকে যে দেশ দিয়াছি সে আমার দেশহইতে আমি তাহারদিগকে উচ্ছিন্ন করিব এবং আমি আপনার নামের কারণ এ যে গৃহ প্রতিষ্ঠা করিয়াছি তাহা আপন দৃষ্টিহইতে ফেলিয়া দিব এবং সকল জাতীয়েরদের কাছে তাহা গপ্প ও উপকথা করিব। [২১] এবং উচ্চ যে এ গৃহ তাহা তন্নিকটগামি প্রত্যেক জনের কাছে এমন চমৎকারি বস্তু হইবে যে সে কহিবে য়িহুহ এ দেশের ও এ গৃহের প্রতি কেন এমত করিয়াছেন। [২২] এবং তাহাতে প্রত্যুত্তর করা যাইবে তাহারদিগকে মিসরদেশহইতে আনিলেন যে তাহারদের পিতৃলোকেরদের ঈশ্বর য়িহুহ তাঁহাকে তাহারা ত্যাগ করিল ও অন্য দেবেরদিগকে গ্রহণ করিল ও তাহারদের পূজা ও সেবা করিল সেহেতুক তিনি তাহারদের উপরে এ সকল অমঙ্গল আনিয়াছেন।

## ৮ পর্ব্ব।

[১] যে বিংশতি বৎসরে শলমন য়িহুহের গৃহ ও আপনার গৃহ নির্ম্মাণ করাইল [২] তাহার অন্তে খূরাম শলমনকে যে২ নগর ফিরিয়া দিয়াছিল তাহা শলমন পুনর্ব্বার গ্রন্থন করাইল ও য়িশ্রাএলের সন্তানেরদিগকে সেখানে বাস করাইল। [৩] পরে শলমন খ্মাত সোবাহেতে যাইয়া তাহা জয় করিল। [৪] পরে সে অরণ্যস্থ দতমোর ও খ্মাতে যে২ ধনরক্ষার্থক নগর গ্রন্থন করিল সে সকল গ্রন্থন করাইল। [৫] সে উপরিস্থ বৈৎখোরোণ ও নীচস্থ বৈৎখোরোণ নির্ম্মাণ করাইল তাহাই প্রাচীরে বেষ্টিত ও দ্বার এবং হুড়কাতে বদ্ধ নগর। [৬] সে বআলত এবং শলমনের ধনরক্ষার্থক সকল নগর ও য়িরূশালমে ও লিবানোনে তাহার অধিকার দেশের সর্ব্বত্র যে

সকল গাঁথাইতে ইচ্ছা করিল সে সকল গাঁথাইল।
[৭] য়িশ্রাএলহইতে জাত লোকভিন্ন যাহার
দিগকে য়িশ্রাএল সংহার করিল না অর্থাৎ
খিত্তীয়েরদের ও অমোরীয়েরদের ও পিরিজী
য়েরদের ও খিবীয়েরদের ও য়িবূসীয়েরদের অব
শিষ্ট যে লোকেরা দেশে রাখা গেল [৮] তাহার
দের সন্তানেরদিগকে শলমন অদ্যপর্য্যন্ত কর
দায়ী করিল। [৯] শলমন আপন কার্য্যের কা
রণ য়িশ্রাএলের সন্তানেরদের মধ্যে কোন কা
হাকে দাস করিল না কিন্তু তাহারা যোদ্ধা ও সে
নাপতি ও রথপতি ও অশ্বারোহিপতি ছিল।
[১০] এবং লোকেরদের উপরে কর্ত্তৃত্ব কারি শ
লমনরাজের প্রধান পদস্থ লোক দুই শত পঞ্চাশ
জন।

[১১] এবং শলমন ফরওহের কন্যার কারণ
যে গৃহ নির্ম্মাণ করিয়াছিল সে গৃহে শলমন দাউ
দের নগরহইতে তাহাকে আনিল যেহেতুক সে
কহিল যে আমার ভার্য্যা য়িশ্রাএলের দাউদ
রাজের গৃহে বাস করিবে না যেহেতুক যে কোন
স্থানে য়িহুহের সিন্দুক আসিয়াছে সেং স্থান
পবিত্র হইয়াছে।

[১২] তখন শলমন য়িহুহের যে বেদি বারা
ন্দার সম্মুখে করিয়াছিল সে বেদির উপরে হোম
করিল। [১৩] অর্থাৎ শাবত ও অমাবস্যা ও
বৎসরের মধ্যে তিনবার মহোৎসবে অর্থাৎ বে
খমির রুটির পর্ব্বে ও সপ্তাহের পর্ব্বে ও তাম্বু
বাস পর্ব্বে মোশহ্ যে আজ্ঞা করিয়াছিল তদনু
সারে প্রতিদিন নিরূপিত পরিমাণানুসারে উৎসর্গ
করিল।

[১৪] এবং সে আপন পিতা দাউদের নিরূ
পণানুসারে যাজকেরদের সেবার নিমিত্তে তা
হারদের পর্য্যায় নিরূপণ করিল এবং প্রতিদি
নের কার্য্যে যেমত আবশ্যক হইল সেমত যাজ
কেরদের সম্মুখে স্তুতি ও সেবা করিতে লৈবের
দিগকে তাহারদের নিরূপিত কার্য্যে নিরূপণ ক
রিল এবং তাহারদের পর্য্যায়ানুক্রমে প্রত্যেক
দ্বারে দ্বারিরদিগকে নিরূপণ করিল যেহেতুক
ঈশ্বরের মানুষ দাউদ সেমত নিরূপণ করিয়া
ছিল। [১৫] এবং কোন বিষয়ে কিম্বা ধনের
বিষয়ে রাজার যে আজ্ঞা যাজকেরদিগকে ও লৈ
বেরদিগকে দেওয়া গেল তাহার অন্যথা তাহারা
করিল না। [১৬] য়িহুহের গৃহের ভিত্তিকরণ
দিবসাবধি তাহার সাঙ্গ না হওয়াপর্য্যন্ত শলম
নের সকল কর্ম্ম প্রস্তুত হইল এতদ্রূপে য়িহুহের
গৃহ সম্পূর্ণ হইল।

[১৭] পরে শলমন এদোমদেশে ও সমুদ্রতী
রস্থ এসিওনগেবেরে ও এলোতে গেল। [১৮]
এবং খূরাম আপন দাসেরদের হাতে তাহার নি
কটে জাহাজ ও সমুদ্রজ্ঞ দাসেরদিগকে প্রেরণ ক
রিল এবং তাহারা শলমনের দাসেরদের সহিত
ওফিরে গেল ও সেস্থানহইতে চারিশত পঞ্চাশ
কিকার স্বর্ণ লইল ও শলমনরাজের নিকটে আ
নিল।

৯ পর্ব্ব।

[১] অপর শিবার রাণী শলমনের কীর্ত্তির
কথা শুনিয়া শলমনকে দুর্জ্ঞেয় জিজ্ঞাসাতে প
রীক্ষা করিতে অতিবড় জনতার এবং মশালা ও
যথেষ্ট স্বর্ণ ও মণিবাহক উষ্ট্রের সমভিব্যাহারে
য়িরূশালমে আইল এবং শলমনের নিকটে আ
সিয়া আপন মনস্থ সকল বিষয়ে তাহার সহিত
আলাপ করিল। [২] এবং তাহার সকল জি
জ্ঞাসিত কথা শলমন তাহাকে জানাইল শলমন
যাহা তাহাকে না কহিল এমন কোন বিষয় তা
হার অগোচর ছিল না। [৩] শিবার রাণী শল
মনের বিদ্যা ও সে যে গৃহ করিয়াছিল তাহা ও
তাহার মেজস্থ ভক্ষ্য দ্রব্য। [৪] ও তাহার দা
সেরদের বসা ও তাহার সচিবেরদের উপস্থিততা
ও বস্ত্র ও তাহার পরিবেশকেরদিগকে ও তাহার
দের বস্ত্র ও সে যে সোপানেতে য়িহুহের গৃহে
প্রবেশ করিত সে সোপানও দেখিয়া মূর্চ্ছাপন্না
হইল। [৫] পরে সে রাজাকে কহিল তোমার
কর্ম্ম ও তোমার বিদ্যার যে সমাচার আমি আ
পন দেশে শুনিয়াছি সে সমাচার সত্য বটে।
[৬] তথাপি আমি যেপর্য্যন্ত আসিয়া আপন
চক্ষুতে না দেখিলাম সেপর্য্যন্ত তাহারদের কথা
তে প্রত্যয় করি নাই এবং দেখ তোমার বিদ্যার
মহত্ত্বের অর্দ্ধও আমাকে কহা যায় নাই আমি
যে সংবাদ শুনিয়াছি ততোধিক গুণান্বিত তুমি।
[৭] তোমার লোকেরা ধন্য তোমার সম্মুখে
নিত্য দণ্ডায়মান ও তোমার বিদ্যা নিত্য শ্রবণ
কারি এ তোমার দাসেরা ও ধন্য। [৮] তো
মার ঈশ্বর য়িহুহের প্রতিনিধিতে রাজা হইবার
কারণ তোমাকে আপন সিংহাসনের উপরে ব
সাইবার নিমিত্তে তোমাতে সন্তুষ্ট হইলেন যে
তোমার ঈশ্বর য়িহুহ তিনিও ধন্য য়িশ্রাএল
কে সর্ব্বদা স্থির করিবার জন্যে তোমার ঈশ্বর তা
হারদিগকে প্রেম করিলেন সেহেতুক বিচার ও
ন্যায় করিবার নিমিত্তে তিনি তোমাকে তাহার
দের উপরে রাজা করিয়াছেন। [৯] পরে সে
একশত বিংশতি কিকার স্বর্ণ ও অতিবহুল সু
গন্ধি দ্রব্য ও মণি রাজাকে দিল শিবার রাণী
শলমনকে যে সুগন্ধি দিল তাহার মত আর সুগ
ন্ধি দ্রব্য ছিল না। [১০] এবং খূরামের ও শল
মনের দাসেরা ওফিরহইতে স্বর্ণ আনিল তাহা

ম্না আলগম বৃক্ষ এবং মণিও আনিল। [১১]
পরে রাজা সে আলগম বৃক্ষেতে য়িহুহের গৃ
হের ও রাজবাটীর নিমিত্তে সোপান ও গায়কের
দের নিমিত্তে বীণা ও নবল নির্ম্মাণ করাইল য়ি
হুদাহদেশে এমত আর কখন দেখা যায় নাই।
[১২] পরে শিবার রাণী যেং দ্রব্য রাজার কাছে
আনিয়াছিল তাহার পরিবর্ত্তে অধিক দ্রব্য
শলমনরাজ শিবার রাণীকে দিল তাহার সকল
ইষ্ট দ্রব্য অর্থাৎ সে তাহার কাছে যাহা প্রা
র্থনা করিল তাহা দিল অতএব সে ও তাহার
সমভিব্যাহারি লোকেরা স্বদেশে প্রত্যাগমন ক
রিল।

[১৩] ব্যাপারি লোকেরা ও বণিকেরা যাহা
আনিল তাহার অতিরিক্ত যে স্বর্ণ শলমনের কাছে
এক বৎসরে আইল তাহা ছয়শত ছেষষ্টি কি
কার। [১৪] এবং অরবদেশের তাবৎ রাজা ও
দেশাধিপতি শলমনের স্থানে স্বর্ণ ও রূপ্য আ
নিল।

[১৫] পরে শলমনরাজ পিটান স্বর্ণময় দুই
শত ফুলযুক্ত ঢাল নির্ম্মাণ করিল প্রত্যেক ঢালে
তে ছয় শত শেকেল পিটান স্বর্ণ। [১৬] এবং
পিটান স্বর্ণময় তিনশত ঢাল নির্ম্মাণ করিল প্র
ত্যেক ঢালে তিনশত শেকেল স্বর্ণ এবং রাজা লি
বানোন বনের গৃহে তাহা থুইল।

[১৭] আরও রাজা হস্তিদন্তময় এক মহাসিং
হাসন নির্ম্মাণ করিল ও তাহা নির্ম্মল স্বর্ণেতে
মড়াইল। [১৮] সে সিংহাসনের ছয় ধাপ ও
স্বর্ণময় এক পাদপীঠ সিংহাসনেতে বদ্ধ ছিল
এবং আসনের উভয় পার্শ্বে হাতা ও হাতার কা
ছে দুই দণ্ডায়মান সিংহাকৃতি। [১৯] এবং উভয়
পার্শ্বে সে ছয় ধাপের উপরে দণ্ডায়মান দ্বাদশ
সিংহাকৃতি সেমত কোন রাজ্যে দেখা যায়
নাই।

[২০] এবং শলমনরাজের সমস্ত পানপাত্র
স্বর্ণময় ছিল এবং লিবানোনবনস্থ গৃহের সকল
পাত্র নির্ম্মল স্বর্ণময় ছিল রূপ্যময় কিছু ছিল
না শলমনের কালে তাহার কিছু আদর ছিল
না। [২১] যেহেতুক হূরামের দাসেরদের স
হিত রাজার জাহাজ তার্শীশে গেল তার্শীশের
জাহাজ স্বর্ণ ও রূপ্য ও হস্তিদন্ত ও বানরেরদিগ
কে ও ময়ূরেরদিগকে লইয়া তিন বৎসরের মধ্যে
একবার আইল। [২২] এবং শলমনরাজ ধনে
তে ও বিদ্যাতে পৃথিবীর তাবৎ রাজাকে অতি
ক্রম করিল।

[২৩] এবং ঈশ্বর শলমনের অন্তঃকরণে যে
বিদ্যা দিয়াছিলেন তাহা শুনিতে পৃথিবীর সকল
রাজা তাহার পরিচয় লইতে চেষ্টা করিল। [২৪]
এবং প্রত্যেক জন রূপ্যময় পাত্র ও স্বর্ণময় পাত্র
ও বস্ত্র ও সাজ ও সুগন্ধি দ্রব্য ও অশ্ব ও অশ্বতর
রূপ উপঢৌকন বৎসরং নিরূপিত পরিমাণানু
সারে আনিল।

[২৫] এবং অশ্ব ও রথের কারণ শলমনের
চারিসহস্র শালা ছিল এবং তাহার দ্বাদশসহস্র
অশ্বারোহী ছিল তাহারদিগকে সে রথের নগ
রে ও য়িরূশালমে রাজার নিকটে রাখিল।

[২৬] এবং নদীহইতে পলশ্তীয়েরদের দে
শে ও মিসরের সীমাপর্য্যন্ত সে সকল রাজার
উপরে রাজ্য করিল এবং রাজা য়িরূশালমে
রূপা প্রস্তরের ন্যায় করিল। [২৭] এবং অতি
বাহুল্যরূপে নীচ ভূমিস্থ শকম বৃক্ষেরদের মত
আরেজ বৃক্ষ করিল। [২৮] এবং তাহারা মি
সরহইতে ও সকল দেশহইতে শলমনের নিকটে
অশ্বেরদিগকে আনিল।

[২৯] আদ্যন্ত শলমনের আরং সকল কর্ম্ম কি
নাতান আচার্য্যের পুস্তকে ও শীলোনীয় আখি
য়াহের আচার্য্যবাক্যে ও নিবাটের পুত্র য়ারা
বিআমের বিপরীতে ঈদো পরিদর্শকের যে দর্শন
তাহার মধ্যে লিখিত নাই। [৩০] এবং শলমন
য়িরূশালমে সমস্ত য়িশ্রাএলোপরি চল্লিশ বৎ
সর রাজ্য করিল। [৩১] পরে শলমন আপন
পিতৃলোকেরদের সহিত শয়ন করিল ও আপন
পিতা দাউদের নগরে পোঁতা গেল ও তাহার
পুত্র রিখবিআম তাহার পদে রাজ্য করিল।

## ১০ পর্ব্ব।

[১] অনন্তর রিখবিআম শিকেমে গেল যে
হেতুক তাহাকে রাজা করিবার কারণ সমস্ত য়িশ
রাএল শিকেমে আসিয়াছিল। [২] এবং এমত
হইল শলমনরাজের নিকটহইতে মিসরে পলা
ইয়াছিল যে নিবাটের পুত্র য়ারাবিআম সে মি
সরে থাকিয়া যখন এ কথা শুনিল তখন য়ারাবি
আম মিসরহইতে ফিরিয়া আইল। [৩] এবং
লোকেরা পাঠাইয়া তাহাকে ডাকিল তাহার
পরে য়ারাবিআম ও সকল য়িশ্রাএল আসিয়া
রিখবিআমকে এ কথা কহিল। [৪] তোমার
পিতা আমারদের যোঁয়ালি দুঃসহ করিয়াছেন
অতএব তোমার পিতা যে দুঃসহ সেবা ও ভারি
যোঁয়ালি আমারদের উপরে দিয়াছেন তাহা
কিছু লঘু কর করিলে আমরা তোমার সেবা ক
রিব। [৫] সে তাহারদিগকে কহিল তিন দিনের
পরে আমার এখানে আইস তাহাতে লোকে
রা প্রস্থান করিল।

[৬] এবং আপন পিতা শলমনের জীবদব
স্থাতে যে বৃদ্ধ লোকেরা তাহার নিকটে দাঁড়াই
য়াছিল তাহারদের সহিত রিখবিআম এ কথা

কহিয়া পরামর্শ করিল এ লোকেরদিগকে কি
প্রত্যুত্তর দিতে পরামর্শ দেও। [৭] তাহারা
তাহাকে কহিল যদি তুমি এ লোকেরদের প্রতি
প্রীতিযুক্ত হও এবং তুষ্টিকর ও প্রিয়বাক্য তা
হারদিগকে কহ তবে তাহারা সর্ব্বদা তোমার
দাস হইবে। [৮] কিন্তু বৃদ্ধ মনুষ্যেরা যে পরা
মর্শ তাহাকে দিল তাহা সে ত্যাগ করিল ও যে
যুবারা তাহার সহিত বর্দ্ধিত হইয়াছিল ও তা
হার সাক্ষাৎ দাঁড়াইত তাহারদের সহিত পরা
মর্শ করিল। [৯] এবং তাহারদিগকে কহিল
তোমার পিতা আমারদের উপরে যে যোঁয়ালি
দিয়াছেন তাহা কিছু লঘু কর এই কথা আমা
কে কহিয়াছে যে এ লোকেরা তোমরা তাহারদি
গকে কি প্রত্যুত্তর করিতে পরামর্শ দেও। [১০]
যে যুবা লোকেরা তাহার সহিত বর্দ্ধিত হইয়া
ছিল তাহারা তাহাকে এ প্রত্যুত্তর দিল যে লো
কেরা তোমার কাছে নিবেদন করিল যে তোমার
পিতা আমারদের যোঁয়ালি ভারি করিয়াছেন
কিন্তু তুমি আমারদের কারণ তাহা কিছু লঘু কর
তাহারদিগকে তুমি কহিবা যে আমার কনিষ্ঠ
অঙ্গুলি আমার পিতার কোমরহইতে মোটা হই
বে। [১১] আমার পিতা ভারি যোঁয়ালি তোমার
দের উপরে দিয়াছেন বটে কিন্তু আমি তোমার
দের যোঁয়ালি আরও ভারি করিব আমার পিতা
তোমারদিগকে কশাতে শাস্তি দিতেন কিন্তু আ
মি কাঁকড়াবিছাতে শাস্তি দিব।

[১২] অতএব রাজা যেমন আজ্ঞা করিয়াছিল
যে তৃতীয় দিনে আরবার আইস সেমত য়ারাবি
আম ও সকল লোকেরা তৃতীয় দিনে রিখুবিআ
মের নিকটে আইল। [১৩] এবং রাজা কটু বা
ক্যেতে তাহারদিগকে উত্তর দিল এবং রিখুবি
আমরাজ বৃদ্ধ লোকেরদের পরামর্শ ত্যাগ ক
রিল। [১৪] এবং যুবা মনুষ্যেরদের পরামর্শা
নুসারে তাহারদিগকে উত্তর দিয়া কহিল যে আ
মার পিতা তোমারদের যোঁয়ালি ভারি করিয়া
ছেন বটে কিন্তু আমি তাহার অধিক করিব আ
মার পিতা কশাতে তোমারদিগকে শাস্তি দিয়া
ছেন বটে কিন্তু আমি কাঁকড়াবিছাতে শাস্তি
দিব। [১৫] অতএব রাজা লোকেরদের কথাতে
অবধান করিল না যেহেতুক য়িহুহ শীলোনীয়
আখিয়াহের প্রমুখাৎ যে কথা নিবাটের পুত্র
য়ারাবিআমকে কহিয়াছিলেন তিনি সে কথা
সম্পূর্ণ করিবেন এই নিমিত্তে এ বিষয় ঈশ্বরহইতে
হইল। [১৬] রাজা যে তাহারদের কথাতে অব
ধান করে নাই সকল য়িশ্রাএল তাহা জানিলে
পরে লোকেরা প্রত্যুত্তর করিয়া রাজাকে কহিল
যে দাউদে আমারদের কি অংশ ও য়িশীর
পুত্রে আমারদের কি অধিকার হে য়িশ্রাএলের
প্রত্যেক জন আপন২ বসতিতে যাও হে দাউদ
এখন আপন বংশ দেখ অতএব সকল য়িশ্
রাএল আপন২ বাসস্থানে গেল। [১৭] কিন্তু
য়িহুদাহ্নগরবাসি য়িশ্রাএলের সন্তানেরদের
উপরে রিখুবিআম রাজ্য করিল। [১৮] পরে
রিখুবিআমরাজ কোষাধীশ হদোরামকে পাঠা
ইল এবং য়িশ্রাএলের সন্তানেরা পাথর ফে
লিয়া তাহাকে এমন মারিল যে সে মরিল কিন্তু
য়িরূশালমে পলাইবার কারণ রিখুবিআমরাজ
রথারোহণ করিতে ত্বরা করিল। [১৯] এবং
অদ্যপর্য্যন্ত য়িশ্রাএল দাউদের বংশের কর্ত্তৃত্ব
ত্যাগ করিল।

## ১১ পর্ব্ব।

[১] পরে রিখুবিআম য়িরূশালমে আসিয়া
রিখুবিআমের পক্ষে রাজ্য পুনঃস্থাপনের নি
মিত্তে য়িশ্রাএলের সহিত যুদ্ধ করিতে য়িহুদাহ্
ও বেন্যামিনের বংশের একশত আশীসহস্র
বাছা যোদ্ধাকে একত্র করিল। [২] কিন্তু য়িহু
হের এ বাক্য ঈশ্বরের মনুষ্য শিমইয়াহের নি
কটে প্রকাশিত হইল। [৩] য়িহুদাহের শলো
মনরাজের পুত্র রিখুবিআমকে ও য়িহুদাহ্ ও
বেন্যামিনের মধ্যবর্ত্তি সকল য়িশ্রাএলকে এ
কথা কহ। [৪] য়িহুহ কহেন যে আপনারদের
ভ্রাতারদের বিপরীতে যাইও না ও তাহারদের
সহিত যুদ্ধ করিও না প্রত্যেক জন আপন২ গৃহে
যাও যেহেতুক এ কার্য্য আমাতে করা গিয়াছে
পরে তাহারা য়িহুহের কথা মানিল ও য়ারা
বিআমের বিপক্ষে যাওনহইতে ফিরিয়া আ
ইল।

[৫] এবং রিখুবিআম য়িরূশালমে বাস ক
রিল ও য়িহুদাহেতে রক্ষার্থ নগর নির্ম্মাণ করা
ইল। [৬] সে বীৎলেখেম ও ঈটাম ও তকোআ
[৭] ও বীৎসূর ও শোকো ও অদূলাম। [৮]
ও গাত ও মারেশাহ্ ও জীফ। [৯] ও অদোর
ঈম ও লাকীশ ও অজেকাহ্ [১০] ও সোরাহ্ ও
অয়ালোন ও খেব্রোণ নির্ম্মাণ করাইল এ সকল
য়িহুদাহ্ ও বেন্যামিনস্থ প্রাচীরবেষ্টিত নগর।
[১১] এবং সে দুর্গ দৃঢ়ীভূত করিল ও তাহার
মধ্যে সেনাপতিরদিগকে ও সঞ্চিত বহু ভক্ষ্য
দ্রব্য ও তৈল ও দ্রাক্ষারস রাখিল। [১২] এবং
য়িহুদাহ্ ও বেন্যামিন তাহার পক্ষে হইলে সে
প্রত্যেক নগরে ঢাল ও বর্শা রাখিল ও তাহা অতি
দৃঢ় করিল।

[১৩] এবং সকল য়িশ্রাএলের মধ্যে যে যা
জকেরা ও লেবিরা ছিল তাহারা আপন২ তাবৎ
সীমাহইতে তাহার নিকটে আইল। [১৪] লে

বেরা আপনারদের উপনগর ও অধিকার ত্যাগ করিল এবং য়িহুদাহেতে ও য়িরূশালমে আইল যেহেতুক য়িহুহের উদ্দেশে যাজকতা করাইতে য়ারাবিআম ও তাহার পুত্রেরা তাহারদিগকে ত্যাগ করাইয়াছিল। [১৫] এবং সে যে উচ্চ স্থান ও ভূতেরদিগকে ও বাছুরেরদিগকে করিয়াছিল তাহারদের কারণ যাজকেরদিগকে নিযুক্ত করিল। [১৬] এবং য়িশরাএলের সকল গোষ্ঠীহইতে যত লোক য়িশ্রাএলের ঈশ্বর য়িহুহকে চেষ্টা করিতে আপনারদের মন উদ্যুক্ত করিল সে সকল লোক আপনারদের পিতৃলোকেরদের ঈশ্বর য়িহুহের উদ্দেশে যজ্ঞ করিতে তাহারদের পশ্চাৎ গেল। [১৭] অতএব তাহারা য়িহুদাহের রাজ্য দৃঢ় করিল এবং তিন বৎসরপর্য্যন্ত শলমনের পুত্র রিখবিআমকে সসামর্থ্য করিল যেহেতুক তাহারা তিন বৎসর দাউদের ও শলমনের পথে চলিল। [১৮] এবং রিখবিআম দাউদের পুত্র য়িরীমোতের কন্যা মখলতকে ও য়িশীর পুত্র এলীয়াবের কন্যা আবীখয়িলকে বিবাহ করিল। [১৯] ও তাহারা তাহাহইতে পুত্র জন্মাইল অর্থাৎ য়িউশকে ও শিমরিয়াহকে ও জাহমকে। [২০] তাহার পরে সে অবশালোমের কন্যা মঅকাহকে বিবাহ করিল এবং সে তাহাহইতে অবিয়াহকে ও অতঈকে ও জীজাকে ও শিলোমিতকে জন্মাইল। [২১] এবং রিখবিআম আপন সকল পত্নী ও উপপত্নীহইতে অবশালোমের কন্যা মঅকাহকে ভাল বাসিল যেহেতুক তাহার আঠার পত্নী ও ষাইট উপপত্নী ছিল ও সে আটাইশ পুত্রকে ও ষাইট কন্যাকে জন্ম দিল। [২২] এবং রিখবিআম মঅকাহের পুত্র আবিয়াহকে তাহার ভ্রাতারদের মধ্যে প্রধান কর্ত্তা করিল কেননা সে তাহাকে রাজা করিতে মনে করিল। [২৩] এবং সে বুদ্ধিপূর্ব্বক কার্য্য করিল ও য়িহুদাহ ও বেন্যামিনের দেশের সর্ব্বত্র ও প্রাচীরবেষ্টিত প্রতি নগরে আপন সন্তানেরদিগকে স্থাপন করিয়া নিযুক্ত করিল ও তাহারদিগকে বাহুল্যরূপে ভক্ষ্য দ্রব্য দিল এবং সে অনেক ভার্য্যাকে ইচ্ছা করিল।

## ১২ পর্ব্ব।

[১] রিখবিআম আপনার হাতে রাজ্য স্থাপন করিলে ও আপনাকে সমর্থ করিলে এমত হইল সে ও তাহার সহিত সকল য়িশরাএল য়িহুহের শাস্ত্র ত্যাগ করিল। [২] এবং য়িশরাএলীয়েরা য়িহুহের বিরুদ্ধে আজ্ঞোল্লঙ্ঘন করিয়াছিল তাহাতে রিখবিআমের পঞ্চম বৎসরে এমত হইল মিসরের শীশকরাজ বার শত রথ ও ষষ্টিসহস্র অশ্বারোহিকে [৩] ও মিসরহইতে তাহার সহিত আগত লূবীয় ও সুকীয় ও কূশীয় অসংখ্য লোককে সঙ্গে করিয়া য়িরূশালমের বিরুদ্ধে আইল। [৪] এবং য়িহুদাহদেশীয় প্রাচীরবেষ্টিত নগর হস্তবশ করিল এবং য়িরূশালমে আইল।

[৫] তখন শিময়িয়াহ আচার্য্য রিখবিআমের নিকটে ও শীশকের ভয়েতে য়িরূশালমে একত্র বাসি য়িহুদাহের অধ্যক্ষেরদের নিকটে আইল ও তাহারদিগকে কহিল য়িহুহ এ কথা কহেন তোমরা আমাকে ত্যাগ করিয়াছ সেহেতুক আমি তোমারদিগকে শীশকের হাতে ছাড়িয়া দিতেছি। [৬] তাহাতে য়িশরাএলের অধ্যক্ষেরা ও রাজা আপনারদিগকে নম্র করিল এবং তাহারা কহিল যে য়িহুহ ধর্ম্মস্বরূপ। [৭] তাহারা যে আপনারদিগকে নম্র করিল য়িহুহ তাহা দেখিলে য়িহুহের এ বাক্য শিময়িয়াহের স্থানে আইল তাহারা আপনারদিগকে নম্র করিয়াছে অতএব আমি তাহারদিগকে নষ্ট করিব না কিন্তু তাহারদিগকে কিছু উদ্ধার দিব এবং আমার ক্রোধ শীশকের হাতে য়িরূশালমের উপরে ঢালা যাইবে না। [৮] কিন্তু তাহারা আমার সেবা ও অন্যদেশীয় রাজ্যের সেবা যে অনুভব করে সে কারণ তাহারা তাহার দাস হইবে। [৯] অতএব মিসরের শীশকরাজ য়িরূশালমের বিরুদ্ধে আইল এবং য়িহুহের গৃহের ধন ও রাজগৃহের ধন লইয়া গেল সে সকলই লইয়া গেল শলমন যে স্বর্ণময় ঢাল নির্ম্মাণ করিয়াছিল সে ঢাল সে লইয়া গেল। [১০] তাহার পরিবর্ত্তে রিখবিআমরাজ পিত্তলময় ঢাল করিল ও রাজবাটীর প্রবেশের চৌকি দিল যে প্রধান প্রহরী তাহার হাতে তাহা সমর্প্পণ করিল। [১১] এবং যখন রাজা য়িহুহের গৃহে প্রবেশ করিত তখন প্রহরী আইল ও তাহা লইল ও থানাতে তাহা পুনর্ব্বার আনিল। [১২] এবং সে যখন আপনাকে নম্র করিল তখন য়িহুহ যে তাহাকে সর্ব্বতোভাবে নষ্ট না করেন এই কারণ তাঁহার ক্রোধ তাহাহইতে ফিরিল এবং য়িহুদাহেতেও কার্য্য উত্তমরূপে চলিল।

[১৩] অতএব রিখবিআমরাজ আপনাকে য়িরূশালমে সমর্থ করিল ও রাজ্য করিল যেহেতুক রিখবিআম একচল্লিশ বৎসরবয়স্ক হইয়া রাজ্য করিতে আরম্ভ করিল ও য়িহুহ আপন নাম সে স্থানে স্থাপন করিবার কারণ যে নগর য়িশরাএলের সকল গোষ্ঠীর মধ্যে মনোনীত করিয়াছিলেন এমন যে য়িরূশালম তাহাতে সতর বৎসর রাজ্য করিল তাহার মাতার নাম নঅ

মাহ্ সে অম্মোনীয়া। [১৪] এবং সে কুক্রিয়া
করিল যেহেতুক সে য়িহুহের অন্বেষণ করিতে
আপন অন্তঃকরণ প্রস্তুত করিল না। [১৫] আ
দ্যোপান্ত রিখবিআমের সকল ক্রিয়া শিময়িয়াহ্
আচার্য্যের ও ইদো পরিদর্শকের বংশাবলিবিষ
য়ক পুস্তকে কি লিখিত নাই এবং রিখবিআমে
তে ও য়ারাবিআমেতে নিত্য যুদ্ধ ছিল [১৬] ও
রিখবিআম আপন পিতৃলোকেরদের সহিত শ
য়ন করিল ও দাউদের নগরে পোতা গেল ও
তাহার পুত্র আবিয়াহ্ তাহার পদে রাজ্য ক
রিল।

## ১৩ পর্ব্ব।

[১] য়ারাবিআমের অষ্টাদশ বৎসরে আবি
য়াহ্ য়িহুদাহোপরি রাজ্য করিতে আরম্ভ করিল
[২] সে য়িরূশালমে তিন বৎসর রাজ্য করিল
তাহার মাতার নাম মীকায়াহ্ সে গিবিআহের
উরীএলের কন্যা এবং আবিয়াহেতে ও য়ারাবি
আমেতে যুদ্ধ ছিল। [৩] এবং আবিয়াহ্
চারি লক্ষ বাছা বলবান যোদ্ধৃবিশিষ্ট এক সৈ
ন্যেতে যুদ্ধসজ্জা করিল এবং য়ারাবিআম আট
লক্ষ বাছা সপ্রভাব মনুষ্যেরদের সহিত তাহার
বিরুদ্ধে যুদ্ধসজ্জা করিল।
[৪] এবং আবিয়াহ্ এফরায়িমপর্ব্বতস্থ সিম
রাঈমপর্ব্বতের উপরে দাঁড়াইল ও কহিল হে য়া
রাবিআম তুমি ও সকল য়িশ্রাএল আমার কথা
শুন। [৫] য়িশ্রাএলের ঈশ্বর য়িহুহ যে
সদাকালার্থে য়িশ্রাএলোপরি রাজ্যপদ দাউ
দকে দিলেন অর্থাৎ লবণেতে কৃত নিয়মদ্বারা
তাহাকে ও তাহার সন্তানেরদিগকে দিলেন ইহা
জানা কি তোমারদের উপযুক্ত নয়। [৬] তথাপি
দাউদের পুত্র শলমনের এক দাস যে নিবাটের
পুত্র য়ারাবিআম সে উঠিয়াছে ও আপন প্র
ভুর কর্ত্তৃত্বের বিপরীত ব্যাপার করিয়াছে। [৭]
এবং তাহার পক্ষে অবস্তু লোকেরা বেলীঅলের
পুত্রেরাই একত্র হইয়াছে এবং যখন রিখবি
আম যুবা ও কোমলহৃদয় ছিল ও তাহারদের প্র
তি যুদ্ধ করিতে পারিল না তখন শলমনের পুত্র
রিখবিআমের বিপরীতে আপনারদিগকে সমর্থ
করিল। [৮] এবং তখন দাউদের সন্তানেরদের
হাতে যে য়িহুহের রাজ্য তাহার প্রতিকূলে তোম
রা ব্যাপার করিতে মনে করিয়াছ এবং তোমরা
বড় জনতা হইয়াছ ও য়ারাবিআম দেবেরদের
কারণ যে২ বাছুরকে নির্ম্মাণ করিল সে সকল
তোমারদের স্থানে আছে। [৯] তোমরা কি
য়িহুহের যাজকেরদিগকে অর্থাৎ আহরোণের
পুত্রেরদিগকে ও লৈবেরদিগকে দূর কর নাই ও
অন্যদেশীয় জাতিরদের ন্যায় কি আপনারদের
কারণ যাজকেরদিগকে নিযুক্ত কর নাই। [১০]
তাহাতে যে কেহ যুবা এক বলদ ও সাত মেষ
বলি দিয়া আপনাকে পবিত্র করিতে আইসে সে
অনীশ্বরেরদের যাজক হইতে পারে কিন্তু আমার
দের বিষয় এই য়িহুহই আমারদের ঈশ্বর ও আ
মরা তাঁহাকে ত্যাগ করি নাই এবং য়িহুহের নি
কটে সেবাকারি যাজক আহরোণের সন্তানেরা
এবং লৈবেরা আপন২ কার্য্যে নিযুক্ত আছে।
[১১] এবং তাহারা য়িহুহের উদ্দেশে প্রতিপ্রাতঃ
ও প্রতিসন্ধ্যা হোম করে ও সুগন্ধি ধূপ পোড়ায়
ও পবিত্র মঞ্চের উপরে তাহারা দৃষ্টিভোগ রুটি
রাখে এবং প্রতিসন্ধ্যায় জ্বলিবার কারণ স্বর্ণময়
দীপবৃক্ষ ও তাহার কলিকা প্রস্তুত করে কেননা
আমরা আপনারদের ঈশ্বর য়িহুহেতে নিরূপিত
কার্য্য পালন করি কিন্তু তোমরা তাঁহাকে ত্যাগ
করিয়াছ। [১২] এবং দেখ আমারদের সেনা
পতি হইবার কারণ ঈশ্বর আপনি আমারদের
সহিত আছেন এবং তোমারদের বিপরীতে বা
জাইবার কারণ তাঁহার যাজকেরা শব্দকারি তূরী
হাতে করিয়া আমারদের সহিত আছে হে য়ি
শ্রাএলের সন্তানেরা আপনারদের পিতৃলোকে
রদের ঈশ্বর য়িহুহের বিরুদ্ধে যুদ্ধ করিও না যে
হেতুক তোমরা কৃতার্থ হইবা না।
[১৩] কিন্তু য়ারাবিআম লুক্কায়িত এক দল তা
হারদের পশ্চাৎ পথে প্রেরণ করিল অতএব তা
হারা য়িহুদাহের অগ্রে ছিল এবং লুক্কায়িত
দল তাহারদের পশ্চাৎ ছিল। [১৪] এবং যখন
য়িহুদাহ্ পশ্চাৎ দেখিল দেখ যুদ্ধ তাহারদের
অগ্রে ও পশ্চাৎ ছিল এবং তাহারা য়িহুহকে
প্রার্থনা করিল ও যাজকেরা তূরীতে শব্দ করিল।
[১৫] তখন য়িহুদাহ্ লোকেরা সিংহনাদ করিল
এবং য়িহুদাহের মানুষেরা নাদ করিলে এমত
হইল যে ঈশ্বর আবিয়াহের ও য়িহুদাহের সম্মু
খে য়ারাবিআমকে ও সকল য়িশ্রাএলকে মা
রিলেন। [১৬] এবং য়িশ্রাএলের সন্তানেরা
য়িহুদাহের অগ্রে পলাইল এবং ঈশ্বর তাহার
দিগকে তাহারদের হস্তগত করিলেন। [১৭]
পরে আবিয়াহ্ ও তাহার লোকেরা বড় হননে
তে তাহারদিগকে বধ করিল অতএব য়িশ্রাএ
লের পাঁচ লক্ষ বাছা লোকেরা মারা পড়িল।
[১৮] এতদ্রূপে য়িশ্রাএলের সন্তানেরা সে স
ময়ে হস্তবশ করা গেল ও য়িহুদাহের সন্তানেরা
জয় করিল যেহেতুক তাহারা আপনারদের পি
তৃলোকেরদের ঈশ্বর য়িহুহেতে বিশ্বাস করিল।
[১৯] পরে আবিয়াহ্ য়ারাবিআমের পশ্চাৎ২
ধাবন করিল ও তাহার নগর স্ববশ করিল অর্থাৎ
বীৎএল ও তাহার গ্রাম ও য়িশানাহ্ ও তাহার

গ্রাম ও এফরায়িম ও তাহার গ্রাম। [২০] এবং আবিয়াহের অধিকারকালে য়ারাবিআম পুনঃ বলপ্রাপ্ত হইল না অনন্তর য়িহুহ তাহাকে মারিলেন ও সে মরিল।

[২১] কিন্তু আবিয়াহ্ উত্তরং সমর্থ হইল ও চৌদ্দ স্ত্রীকে বিবাহ করিল এবং বাইশ পুত্রকে ও ষোল কন্যাকে জন্মাইল। [২২] আবিয়াহের আরং কর্ম্ম ও তাহার আচার ও তাহার কথা ইদো আচার্য্যের সংগ্রহে লিখিত আছে।

১৪ পর্ব্ব।

[১] অতএব আবিয়াহ্ আপন পিতৃলোকেরদের সহিত শয়ন করিল ও তাহারা দাউদের নগরে তাহাকে পুতিল ও তাহার পুত্র আসা তাহার পদে রাজ্য করিল তাহার অধিকারকালে দেশ দশ বৎসর শান্তি ছিল। [২] এবং আসা আপন ঈশ্বর য়িহুহের দৃষ্টিতে উত্তম ও প্রকৃত কার্য্য করিল। [৩] যেহেতুক সে অন্যজাতীয়েরদের দেবেরদের বেদি ও উচ্চস্থান দূর করিল ও প্রতিমারদিগকে ভাঙ্গিল ও চৈত্যবৃক্ষ কাটিয়া ফেলিল। [৪] এবং য়িহুদাহ্কে আপনারদের পিতৃলোকেরদের ঈশ্বর য়িহুহের অন্বেষণ করিতে ও শাস্ত্র ও আজ্ঞা পালন করিতে আজ্ঞা দিল। [৫] এবং য়িহুদাহের তাবন্নগরের মধ্য হইতে সে উচ্চ স্থান ও প্রতিমারদিগকে দূর করিল এবং তাহার অগ্রে রাজ্য প্রশান্ত ছিল।

[৬] এবং সে য়িহুদাহের প্রাচীরবেষ্টিত নগর গ্রন্থন করাইল যেহেতুক দেশের শান্তি ছিল এবং সেং বৎসরে তাহার যুদ্ধ ছিল না কেননা য়িহুহ তাহারদিগকে শান্তি দিয়াছিলেন। [৭] তাহাতে সে য়িহুদাহ্কে কহিল যে দেশ আমারদের সম্মুখে থাকিতে আমরা এং নগর নির্ম্মাণ করি ও তাহার চতুর্দ্দিগে প্রাচীর ও গড় ও দ্বার ও হুড়কা করি যেহেতুক আমরা আপনারদের ঈশ্বর য়িহুহকে অন্বেষণ করিয়াছি আমরা চেষ্টা করিয়াছি ও তিনি সর্ব্বদিগে আমারদিগকে শান্তি দিয়াছেন অতএব তাহারা গ্রন্থন করিল ও ভাগ্যবান হইল।

[৮] এবং চর্ম্ম ও বর্শাধারি এক সৈন্য আসার ছিল অর্থাৎ য়িহুদাহের মধ্যহইতে তিন লক্ষ জন ও বেন্যামিনের মধ্যহইতে চর্ম্ম ও ধনুর্দ্ধা দুই লক্ষ আশী সহস্র এই সমস্ত বীর্য্যবান লোক।

[৯] এবং তাহারদের বিরুদ্ধে দশ লক্ষ সৈন্য ও তিনশত রথ সঙ্গে করিয়া কুশীয় জেরাখ্ আইল ও মারেশাহে পঁহুছিল। [১০] পরে আসা তাহার বিরুদ্ধে গেল ও তাহারা সিফাতাহ্ মাঠস্থ মারেশাহে যুদ্ধোদ্যোগ করিল। [১১] এবং আসা আপন ঈশ্বর য়িহুহের কাছে মিনতি করিল ও কহিল হে য়িহুহ অনেক লোকের দ্বারা হউক কিম্বা যাহারদের কিছু পরাক্রম নাই তাহারদের দ্বারা বা হউক উপকার করা তোমার অতি সহজ কর্ম্ম হে য়িহুহ আমারদের ঈশ্বর আমারদের উপকার কর যেহেতুক তোমাতে আমরা বিশ্বাস করি এবং তোমার নামে আমরা এ জনতার বিরুদ্ধে যাই হে য়িহুহ তুমি আমারদের ঈশ্বর মনুষ্য তোমাকে জয় না করুক। [১২] অতএব আসার ও য়িহুদাহের সম্মুখে য়িহুহ কুশীয়েরদিগকে মারিলেন এবং কুশীয়েরা পলাইল। [১৩] পরে আসা ও তাহার সঙ্গি লোকেরা তাহারদিগকে গিরারপর্য্যন্ত খেদাইয়া দিল এবং কুশীয়েরা এমত পরাজিত হইল যে তাহারা আপনারদিগকে পুনঃ স্থাপন করিতে পারিল না যেহেতুক য়িহুহের ও তাঁহার সৈন্যের সম্মুখে তাহারা বিনষ্ট হইল ও তাহারা অতিবিস্তর লুঠ লইয়া গেল। [১৪] এবং তাহারা গিরারের চতুর্দ্দিক্স্থ সকল নগর মারিল যেহেতুক য়িহুহেতে জাত ভয় তাহারদের উপরে পড়িল ও তাহারা সে সকল নগরের বিনাশ করিল কেননা তাহারদের মধ্যে অতিবিস্তর লুঠ ছিল। [১৫] তাহারা পশুর খোঁআড়ও মারিল ও অনেক মেষ ও উষ্ট্রকে লইয়া গেল পরে য়িরুশালমে ফিরিয়া গেল।

১৫ পর্ব্ব।

[১] এবং ঈশ্বরের আত্মা ওদেদের পুত্র অজরিয়াহের উপরে আইল। [২] পরে সে আসার সহিত মিলিতে বাহিরে গেল ও তাহাকে কহিল হে আসা ও সকল য়িহুদাহ্ ও বেন্যামিন তোমরা আমার কথা শুন তোমরা যত দিন য়িহুহের নিকটে থাক তত কাল তিনি তোমারদের নিকটবর্ত্তী হন যদি তোমরা তাঁহার অন্বেষণ কর তবে তিনি তোমাকর্ত্তৃক প্রাপ্ত হইবেন কিন্তু যদি তোমরা তাঁহাকে ত্যাগ কর তবে তিনি তোমারদিগকে ত্যাগ করিবেন। [৩] অনেক কালাবধি য়িশ্রাএল সত্য ঈশ্বরহীন ও শিক্ষাকারি যাজকহীন ও শাস্ত্রহীন হইল। [৪] কিন্তু তাহারা আপনারদের দুর্দ্দশায় য়িশ্রাএলের ঈশ্বর য়িহুহের পক্ষে ফিরিলে ও তাঁহার অন্বেষণ করিলে তিনি তাহাকর্ত্তৃক প্রাপ্ত হইলেন। [৫] সে সময়ে যে জন বাহিরে গেল ও যে জন ভিতরে আইল তাহারদের কিছু সুখ ছিল না কিন্তু সর্ব্বদেশনিবাসিরদের উপরে বড় ব্যামোহ ছিল। [৬] এবং এক জাতি অন্য জাতিতে ও এক নগর অন্য নগরেতে বিনষ্ট ছিল যেহেতুক ঈশ্বর সকল দুর্দ্দশাতে তাহারদিগকে ক্লেশ দিলেন।

[৭] অতএব বলবান হও ও আপনারদের হাত
দুর্ব্বল হইতে দিও না যেহেতুক তোমারদের কা
র্য্যের ফল হইবে।
[৮] যখন আসা ওদেদ আচার্য্যের এ কথা
এবং আচার্য্যবাক্য শুনিল তখন সে প্রতাপ পা
ইল এবং য়িহুদাহ্ ও বেন্যামিনের সকল দেশ
হইতে ও আপনি এফরায়িমপর্ব্বতে যেং নগর
হস্তবশ করিয়াছিল সেং নগরহইতে ঘৃণ্য প্রতি
মারদিগকে দূর করিল এবং য়িহুহের বারান্দার
সম্মুখস্থ য়িহুহের বেদি সারিল। [৯] পরে সে
সকল য়িহুদাহ্ ও বেন্যামিনকে ও এফরায়িম
ও মনশেহ্ ও শিমিওন্হইতে আগত প্রবাসিরদি
গকে একত্র করিল যেহেতুক তাহার ঈশ্বর য়িহুহ
তাহার সহিত তাহারা ইহা দেখিয়া অতিবা
হুল্যরূপে য়িশরাএলহইতে আসিয়া তাহার
পক্ষে হইল। [১০] অতএব আসার অধিকা
রের পঞ্চদশ বৎসরের তৃতীয় মাসে তাহারা য়িরূ
শালমে আপনারদিগকে একত্র করিল। [১১]
এবং তাহারা যে লুঠিত দ্রব্য আনিয়াছিল তা
হার মধ্যে তাহারা সে সময়ে য়িহুহের উদ্দেশে
সাতশত গো ও সাতসহস্র মেষকে বলি দিল।
[১২] এবং তাহারা আপনারদের পিতৃলোকের
দের ঈশ্বর য়িহুহের অন্বেষণ আপনং সকল
হৃদয় ও অন্তঃকরণের সহিত করিতে নিয়ম ক
রিল। [১৩] এবং যে কেহ য়িশ্রাএলের ঈশ্বর
য়িহুহের অন্বেষণ করিতে চাহে না সে জন বা
লক কিম্বা বৃদ্ধ কিম্বা স্ত্রী হউক সে মারা যাইবে
এ নিয়মও করিল। [১৪] এবং তাহারা উচ্চৈঃ
স্বরে তূরী ও শৃঙ্গ বাজানেতে য়িহুহের নিকটে
মহাশব্দেতে শপথ করিল। [১৫] এবং সমস্ত
য়িহুদাহ্ সে শপথে আহ্লাদ করিল যেহেতুক
তাহারা আপনারদের সর্ব্বান্তঃকরণের সহিত
শপথ করিয়াছিল ও তাঁহাকে আপনারদের স
কল ইচ্ছাতে অন্বেষণ করিয়াছিল এবং তিনি
তাহাকর্ত্তৃক প্রাপ্ত হইলেন পরে য়িহুহ তাহার
দিগকে চতুর্দ্দিগে বিশ্রাম দিলেন।
[১৬] আরও আসারাজ আপন মাতা মআ
কাহ্কে রাণীপদভ্রষ্টা করিল যেহেতুক সে এক
চৈত্যবৃক্ষের তলে এক প্রতিমা করিয়াছিল এবং
আসা তাহার প্রতিমা কাটিয়া ফেলিল ও কুটিল
ও কিদরোণনদীর তীরে তাহা দগ্ধ করিল।
[১৭] তথাপি উচ্চ স্থান য়িশ্রাএলের মধ্যহই
তে নীত হইল না কিন্তু আসার যাবজ্জীবন তা
হার অন্তঃকরণ সম্পূর্ণ ছিল।
[১৮] এবং তাহার পিতা যেং দ্রব্য পবিত্র
করিয়াছিল ও আপনি যেং দ্রব্য পবিত্র করি
য়াছিল সে রূপা ও স্বর্ণ ও পাত্র সে ঈশ্বরের গৃহে
আনিল। [১৯] এবং আসার অধিকারের
পঁয়ত্রিশ বৎসরপর্য্যন্ত আর যুদ্ধ ছিল না।

## ১৬ পর্ব্ব।

[১] আসার অধিকারের ছত্রিশ বৎসরে য়িশ
রাএলের বআশারাজ য়িহুদাহের বিপক্ষে আ
ইল ও য়িহুদাহের আসারাজের নিকটে কেহ গ
মনাগমন না করে একারণ রামাহ্ নির্ম্মাণ করা
ইল। [২] তখন আসা য়িহুহের গৃহের ভাণ্ডা
রহইতে ও রাজবাটীহইতে রূপা ও স্বর্ণ বাহির
করিল এবং দমাশেকবাসি অরামের বেনহদদ
রাজের নিকটে পাঠাইয়া এ কথা কহিল। [৩]
আমাতে ও তোমার পিতাতে যেমন নিয়মিত
ঐক্য ছিল তেমন আমাতে ও তোমাতে হউক
দেখ আমি তোমার নিকটে স্বর্ণ ও রূপা পাঠা
ইয়াছি যাও য়িশ্রাএলের বআশারাজ আমার
নিকটহইতে যায় এই জন্যে তাহার সহিত যে
তোমার ঐক্য তাহা ভাঙ্গ। [৪] তখন বেনহদদ
আসারাজের কথায় অবধান করিল ও য়িশ্রাএ
লের সমস্ত নগরের বিপরীতে আপন সেনাপতির
দিগকে পাঠাইল এবং ঈয়োন ও দান ও আবেল
মায়িম ও নপ্তালির সকল ধননগর মারিল। [৫]
পরে এমন হইল বআশা তাহা শুনিয়া রামাহের
নির্ম্মাণ ত্যাগ করিল ও আপন কার্য্যেতে ক্ষান্ত
হইল। [৬] পরে আসা সকল য়িহুদাহ্কে সঙ্গে
লইল ও বআশা যে প্রস্তর ও কাষ্ঠেতে রামাহ্
গ্রন্থন করাইতেছিল সে সকল লইয়া গেল ও তা
হাতে গেবা ও মিস্পাহ্ গ্রন্থন করাইল।
[৭] সে সময়ে খনানী প্রদর্শক য়িহুদাহের
আসারাজের নিকটে আসিয়া কহিল যে তুমি
অরামের রাজায় বিশ্বাস করিয়াছ ও আপন
ঈশ্বর য়িহুহেতে বিশ্বাস কর নাই সেহেতুক
অরামের রাজার সৈন্য তোমার হাত এড়াই
য়াছে। [৮] কূশীয়েরা ও লুবীয়েরা কি অনেক
রথ ও অশ্বারোহিসমভিব্যাহারে মহাসৈন্য নয়
তথাপি তুমি য়িহুহেতে প্রত্যয় করিলে তিনি
তাহারদিগকে তোমার হস্তগত করিলেন। [৯]
যেহেতুক যাহারদের অন্তঃকরণ সম্পূর্ণরূপে য়ি
হুহের প্রতি তাহারদের পক্ষে আপনাকে বল
বান প্রকাশ করিতে য়িহুহের দৃষ্টি ইতস্ততঃ পৃথি
বীর সর্ব্বত্র ভ্রমণ করে তুমি ইহাতে অজ্ঞান কা
র্য্য করিয়াছ অতএব ইহার পরে তোমার যুদ্ধ
হইবে। [১০] তখন আসা সে প্রদর্শকের উপ
রে ক্রুদ্ধ হইল ও তাহাকে কারাগারে রাখিল যে
হেতুক সে ইহাতে কোপান্বিত হইল সে সময়ে
আসা কতক লোকেরও উপদ্রব করিল।
[১১] আসার কর্ম্ম আদ্যন্ত দেখ তাহা য়িহু
দাহের ও য়িশ্রাএলের রাজারদের বিবরণপুস্ত

কে লিখিত আছে। [১২] আসার অধিকারের
ঊনচত্বারিংশ বৎসরে তাহার পায়ে অতিবাদ
রোগ হইয়াছিল তথাপি তাহার রোগের কালে
সে য়িহুহের অপেক্ষা করিল না কিন্তু বৈদ্যের
দের অপেক্ষা করিল।

[১৩] পরে আসা আপন পিতৃলোকেরদের
সহিত শয়ন করিল ও আপন অধিকারের এক
চত্বারিংশ বৎসরে মরিল। [১৪] এবং দাউ
দের নগরে সে আপনার কারণ যে কবর করিয়া
ছিল তাহার সে কবরে তাহারা তাহাকে পুতিল
ও বণিকেরদের বিদ্যানুসারে সুগন্ধি দ্রব্যেতে ও
আর নানা দ্রব্যেতে পূর্ণ শয্যাতে তাহাকে শয়ন
করাইল ও তাহার কারণে বড় দাহ করিল।

১৭ পর্ব্ব।

[১] পরে তাহার পুত্র য়িহোশাফাট তাহার
পদে রাজ্য করিল ও য়িশ্রাএলের প্রতিকূলে
আপনাকে সমর্থ করিল। [২] এবং য়িহুদা
হের সকল প্রাচীরবেষ্টিত নগরে সে সৈন্য রা
খিল এবং য়িহুদাহদেশে এবং আপন পিতা
আসা এফরায়িমের যে২ নগর হস্তবশ করিয়া
ছিল তাহাতেও থানা করিল। [৩] এবং য়ি
হোশাফাট আপন পিতা দাউদের প্রথম পথে
চলিল ও বআলেরদের অন্বেষণ করিল না।
[৪] কিন্তু আপন পিতার ঈশ্বরের অন্বেষণ ক
রিল ও তাহার পথে গতি করিল ও য়িশ্রাএ
লের কর্ম্মানুসারে করিল না অতএব য়িহুহ য়ি
হোশাফাটের সহিত ছিলেন। [৫] এবং সে
প্রযুক্ত য়িহুহ তাহার হস্তে রাজ্য স্থির করি
লেন এবং সকল য়িহুদাহ্ য়িহোশাফাটের নি
কটে উপঢৌকন আনিল তাহাতে তাহার অতি
বাদ ধন ও সম্মান হইল। [৬] এবং তাহার
অন্তঃকরণ য়িহুহের পথে আশ্বাসপ্রাপ্ত হইল
আর সে য়িহুদাহের মধ্যহইতে উচ্চস্থান ও চৈ
ত্যবৃক্ষ দূর করিল।

[৭] সে আপন অধিকারের তৃতীয় বৎসরে
য়িহুদাহের নগরে উপদেশ করিবার কারণ আ
পন অধ্যক্ষ বেনখয়িলের ও ওবদিয়াহের ও জি
করিয়াহের ও নিতনীএলের ও মীকাহের নিকটে
লোক পাঠাইল। [৮] এবং তাহারদের সহিত
লেবেরদিগকে অর্থাৎ য়িশময়িয়াহ্কে ও নিত
নিয়াহ্কে ও জিবদিয়াহ্কে ও অশাহ্এলকে ও
শিমিরামোতকে ও য়িহোনাতানকে ও অদোনি
য়াহ্কে ও টোবিয়াহ্কে ও টোবঅদোনিয়াহ্
কে এবং এলিশামা ও য়িহোরামযাজককে তা
হারদের সহিত পাঠাইল। [৯] এবং তাহারা
য়িহুদাহেতে উপদেশ করিল এবং য়িহুহের
শাস্ত্রপুস্তক সঙ্গে লইয়া য়িহুদাহের সকল নগ
রের সর্ব্বত্র যাইয়া লোকেরদিগকে উপদেশ ক
রিল। [১০] এবং ঈশ্বরজাত ভয় য়িহুদাহের চতু
র্দ্দিক্স্থ দেশের সকল রাজ্যের উপরে এমত প
ড়িল যে তাহারা য়িহোশাফাটের সহিত যুদ্ধ
করিল না। [১১] এবং পলশতীয়েরদের কতক
লোক য়িহোশাফাটের নিকটে উপঢৌকন ও
করার্থে রূপা আনিল এবং অরবীয়েরা তাহার
নিকটে পশুপাল অর্থাৎ সাতসহস্র সাতশত
মেষ ও সাতসহস্র সাতশত পাঁঠা আনিল।

[১২] এবং য়িহোশাফাট উত্তর২ বাড়িতেই
অতিশয় বর্দ্ধিষ্ণু হইল এবং য়িহুদাহেতে দুর্গ
এবং ভাণ্ডারার্থে নগর গ্রন্থন করাইল। [১৩]
এবং য়িহুদাহের তাবন্নগরের মধ্যে তাহার য
থেষ্ট কার্য্য ছিল এবং অতিবীর্য্যবান যোদ্ধারা
য়িরূশালমে থাকিত। [১৪] তাহারদের পিতৃ
বংশানুসারে এ তাহারদের সংখ্যা য়িহুদাহের
মধ্যে সহস্রপতি এই২ অদনাহ্ প্রধান ও তাহার
সহিত তিনলক্ষ মহাবীর্য্যবান যোদ্ধা। [১৫]
তাহার পরে য়িহোখানান অগ্রণী ও তাহার স
হিত দুইলক্ষ আশীসহস্র জন। [১৬] তাহার
পরে আপনাকে ইচ্ছাপূর্ব্বক য়িহুহকে দান ক
রিল যে জিকরীর পুত্র অমসীয়াহ্ সে ও তাহার
সহিত দুই লক্ষ অতিবীর্য্যবান লোক। [১৭]
বেন্যামিনের মধ্যে এলিআদ নামে অতিবী
র্য্যবান এক জন ও তাহার সহিত দুই লক্ষ ধনু
শ্চর্ম্মধারী। [১৮] তাহার পরে য়িহোজাবাদ
ও তাহার সহিত যুদ্ধার্থে প্রস্তুত একলক্ষ আশী
সহস্র জন। [১৯] রাজা যাহারদিগকে য়িহুদা
হের সর্ব্বত্র প্রাচীরেতে বেষ্টিত নগরেতে রাখিল
তাহারদেরব্যতিরেক ইহারা রাজার পরিবেশন
করিল।

১৮ পর্ব্ব।

[১] য়িহোশাফাটের অতিবাদ ধন ও সম্মান
হইল পরে সে আখাবের সহিত ঐক্য করিল।
[২] কতক বৎসরের পরে সে শমরোণে আখা
বের নিকটে গেল এবং আখাব তাহার নিমি
ত্তে ও তাহার সঙ্গি লোকেরদের নিমিত্তে অনেক
মেষেরদিগকে ও বলদেরদিগকে মারিল এবং রা
মোতগিলিআদে যাইতে তাহাকে প্ররোচনা ক
রিল। [৩] এবং য়িশ্রাএলের আখাবরাজ য়িহু
দাহের য়িহোশাফাটরাজকে কহিল যে তুমি কি
আমার সহিত রামোতগলিআদে যাইবা তাহা
তে সে প্রত্যুত্তর করিল যেমন তুমি তেমন আমি
ও যেমন তোমার লোকেরা তেমন আমার লো
কেরা এবং যুদ্ধে আমরা তোমার সহায় হইব।

[৪] তখন য়িহোশাফাট য়িশ্রাএলের রাজা
কে কহিল আমি মিনতি করি যে অদ্য য়িহু

হের বাক্যেতে জিজ্ঞাসা কর। [৫] তাহাতে
য়িশ্রাএলের রাজা চারিশত জন আচার্য্যকে
একত্র করিল ও তাহারদিগকে কহিল আমরা
রামোতগিলিআদে যুদ্ধ করিতে যাইব কি ক্ষান্ত
হইব। [৬] তাহারা কহিল যাও যেহেতুক
ঈশ্বর তাহা মহারাজের হস্তগত করিবেন কিন্তু
য়িহোশাফাট কহিল ইহারদের বিনা কি য়িহু
হের এক আচার্য্য নাই যে আমরা তাহার
কাছে জিজ্ঞাসা করি। [৭] পরে য়িশ্রাএলের
রাজা য়িহোশাফাটকে কহিল আমরা যাহার
দ্বারা য়িহুহের কাছে জিজ্ঞাসা করিতে পারি এ
মন আর এক জন আছে কিন্তু আমি তাহাকে
ঘৃণা করি যেহেতুক সে আমার বিষয়ে কখন
মঙ্গল আচার্য্যবাক্য কহে না কিন্তু অমঙ্গল
কহে সে জন য়িমলার পুত্র মীকায়াহ্ এবং
য়িহোশাফাট কহিল মহারাজ এ কথা না কহুন
[৮] পরে য়িশ্রাএলের রাজা আপন কর্ম্মে নি
যুক্ত এক জনকে ডাকিল ও কহিল শীঘ্র করিয়া
য়িমলার পুত্র মীকায়াহ্কে আন। [৯] এবং
য়িশ্রাএলের রাজা ও য়িহুদাহের য়িহোশাফাট
রাজ দুই জন রাজবস্ত্রেতে বস্ত্রান্বিত হইয়া আ
পন২ সিংহাসনে বসিল এবং তাহারা শমরো
ণের দ্বারপ্রবেশস্থানের এক শূন্য স্থানে বসিল
এবং সকল আচার্য্য তাহারদের সম্মুখে আচা
র্য্যবাক্য প্রচার করিল। [১০] এবং কিনআনা
হের পুত্র সিদিকিয়াহ্ আপন নিমিত্তে লোহার
শৃঙ্গ করিল এবং কহিল য়িহুহ এ কথা কহেন
অরামীয়েরা যেপর্য্যন্ত নাশিত না হয় সেপর্য্যন্ত
তুমি ইহাতে তাহারদিগকে ঢুসাইবা। [১১]
এবং সকল আচার্য্য এমত কথা কহিল যে রা
মোতগিলিআদে যাও ও ভাগ্যবান হও যেহে
তুক য়িহুহ তাহা মহারাজের হস্তগত করিবেন।
[১২] এবং যে প্রেষ্য মীকায়াহ্কে ডাকিতে
গেল সে তাহাকে কহিল যে দেখ আচার্য্যের
দের মুখ এক বাক্যেতে রাজার মঙ্গল কথা কহে
আমি মিনতি করি যে তোমার কথা তাহারদের
এক জনের কথার ন্যায় হউক এবং তুমিও মঙ্গল
কথা কহ। [১৩] এবং মীকায়াহ্ বলিল য়ি
হুহ যদি জীবৎ হন তবে আমার ঈশ্বর যাহা
কহেন তাহা আমি কহিব। [১৪] এবং সে রা
জার নিকটে আইলে রাজা তাহাকে কহিল
হে মীকায়াহ্ আমরা যুদ্ধ করিতে রামোতগি
লিআদে যাইব কি ক্ষান্ত হইব এবং সে তা
হাকে কহিল যাও ভাগ্যবান হও তাহারা তো
মার হস্তগত হইবে। [১৫] পরে রাজা তাহাকে
কহিল আমি তোমাকে কতবার দিব্য করাইব
যে তুমি য়িহুহের নামে সত্য কথাব্যতিরেকে
আর কিছু আমাকে না কহ। [১৬] তখন সে
কহিল আমি অরক্ষক মেষেরদের ন্যায় সকল
য়িশ্রাএলকে পর্ব্বতের উপরে ছিন্নভিন্ন দেখি
লাম এবং য়িহুহ কহিলেন ইহারদের রক্ষক
নাই অতএব প্রত্যেক জন আপন২ স্থানে কুশ
লে যাউক। [১৭] পরে য়িশ্রাএলের রাজা য়ি
হোশাফাটকে কহিল আমি কি তোমাকে কহি
নাই যে সে আমার বিষয়ে মঙ্গল আচার্য্যবাক্য
কহিবে না কিন্তু অমঙ্গল কহিবে। [১৮] পরে
সে কহিল অতএব য়িহুহের কথা শুন আমি
সিংহাসনের উপরে উপবিষ্ট য়িহুহকে ও তাঁ
হার দক্ষিণে বামে দণ্ডায়মান স্বর্গের সকল সৈ
ন্যকে দেখিলাম। [১৯] পরে য়িহুহ কহি
লেন য়িশ্রাএলের আখাবরাজ রামোতগিলি
আদে যাইয়া পড়ে এ কারণ তাহাকে কে প্র
রোচনা করিবে তাহাতে এক জন একমতে ও
অন্য জন অন্যমতে কথা কহিল। [২০] পরে
এক আত্মা বাহিরে গিয়া য়িহুহের সম্মুখে দাঁড়া
ইল ও কহিল আমি তাহাকে প্ররোচনা করিব
এবং য়িহুহ কহিলেন কিসেতে করিবা সে কহিল
আমি বাহিরে যাইব এবং তাহার সকল আচা
র্য্যের মুখে মিথ্যাবাদি আত্মা হইব। [২১]
তিনি কহিলেন তুমি প্ররোচনা করিবা ও তাহা
কে তম্মনা করিবা যাও তাহাই কর। [২২] অত
এব দেখ য়িহুহ তোমার এ আচার্য্যেরদের মুখে
মিথ্যাবাদি আত্মা দিয়াছেন এবং য়িহুহ তো
মার প্রতিকূলে অমঙ্গল কহিয়াছেন। [২৩]
পরে কিনআনাহের পুত্র সিদিকিয়াহ্ নিকটে আ
সিয়া মীকায়াহ্কে চড় মারিল ও কহিল য়িহু
হের আত্মা তোমাকে কহিবার কারণ আমার
নিকটহইতে কোন পথে আইল। [২৪] এবং
মীকায়াহ্ কহিল দেখ তুমি আপনাকে লুকাই
বার কারণ যে দিনে অন্তঃপুরে যাইবা সে দিনে
জানিবা। [২৫] পরে য়িশ্রাএলের রাজা কহিল
মীকায়াহ্কে লও এবং তাহাকে নগরাধ্যক্ষ আ
মোনের নিকটে এবং রাজকুমার য়োআশের নি
কটে পঁহুছাও। [২৬] এবং তাহাকে কহ যে
মহারাজ এ কথা কহেন এ মানুষকে কারাগারে
রাখ ও আমার সশান্তি না আইসনপর্য্যন্ত তাহা
কে দুঃখের অন্ন ভোজন করাও ও দুঃখের জল
পান করাও। [২৭] এবং মীকায়াহ্ কহিল
তুমি যদি নিতান্ত সশান্তি ফিরিয়া আইস তবে
য়িহুহ আমার প্রমুখাৎ কহেন নাই পরে সে
কহিল হে লোকসকল তোমরা শুন।

[২৮] অতএব য়িশ্রাএলের রাজা ও য়িহুদা
হের য়িহোশাফাটরাজ রামোতগিলিআদে
গেল। [২৯] পরে য়িশ্রাএলের রাজা য়িহোশা

ফাটকে কহিল আমি অন্যবেশ করিয়া যুদ্ধে
প্রবেশ করিব কিন্তু তুমি আপন রাজবস্ত্র পরি
ধান কর অতএব য়িশ্রাএলের রাজা অন্যবেশ
করিল এবং তাহারা দুই জন যুদ্ধে প্রবেশ করি
ল। [৩০] অরামের রাজা আপন সহবর্ত্তি রথ
পতিরদিগকে আজ্ঞা করিয়াছিল যে তোমরা কে
বল য়িশ্রাএলের রাজাব্যতিরেকে ছোট বড়
কোন কাহার সহিত যুদ্ধ করিও না। [৩১] পতি
রা য়িহোশাফাটকে দেখিলে এমত হইল তাহা
রা কহিল এই য়িশ্রাএলের রাজা অতএব তাহা
রা যুদ্ধের নিমিত্তে তাহাকে বেষ্টন করিল কিন্তু
য়িহোশাফাট চেঁচাইয়া উঠিল এবং য়িহুহ তা
হার উপকার করিলেন এবং ঈশ্বর তাহারদি
গকে তাহার নিকটহইতে যাইতে প্রবৃত্তি দি
লেন। [৩২] যেহেতুক এমত হইল উনি য়িশ্
রাএলের রাজা নহেন রথপতিরা ইহা জ্ঞান করি
য়া তাহার পশ্চাদ্ধাবনহইতে ফিরিয়া গেল।
[৩৩] পরে অমুক জন নিঃসন্ধানে ধনুক পূরিল
এবং সাজের সন্ধিতে য়িশ্রাএলের রাজাকে
মারিল অতএব সে আপন সারথিকে কহিল
আমাকে সৈন্যের মধ্যহইতে লইয়া যাইবার কা
রণ আপন হাত ফিরাও যেহেতুক আমি ক্ষতশ
রীর হইয়াছি। [৩৪] সে দিন যুদ্ধ বাড়িল এবং
সন্ধ্যাকালপর্য্যন্ত য়িশ্রাএলের রাজা অরামীয়ে
রদের বিপরীতে আপনাকে স্থির করিল এবং
সূর্য্যের অস্তকালে মরিল।

## ১৯ পর্ব্ব।

[১] পরে য়িহুদাহের য়িহোশাফাটরাজ সশা
ন্তি য়িরূশালমে আপন গৃহে গেল। [২] এবং
খ্নানীর পুত্র য়িহূ প্রদর্শক তাহার সহিত মিলি
তে গেল এবং য়িহোশাফাটরাজকে কহিল
অসেবকেরদের উপকার ও য়িহুহকে যাহারা
ঘৃণা করে তাহারদের প্রতি প্রেম করা কি তোমার
উচিত কার্য্য ইহাতে য়িহুহের সম্মুখহইতে তো
মার প্রতিকূলে ক্রোধ নির্গত হইয়াছে। [৩] ত
থাপি তোমাতে ভাল কার্য্য পাওয়া যায় কেননা
তুমি দেশহইতে চৈত্যবৃক্ষ খণ্ডাইয়াছ এবং ঈশ্ব
রের অন্বেষণ করিবার কারণ আপন অন্তঃকরণ
প্রস্তুত করিয়াছ। [৪] এবং য়িহোশাফাট য়ি
রূশালমে বাস করিল পরে সে বিএরশেবাহই
তে এফরায়িম পর্ব্বতপর্য্যন্ত লোকেরদের সর্ব্বত্র
গেল এবং তাহারদের পিতৃলোকেরদের ঈশ্বর
য়িহুহের পক্ষে তাহারদিগকে ফিরাইয়া আনি
ল। [৫] পরে সে দেশে য়িহুদাহের প্রাচীরবে
ষ্টিত সকল নগরের সর্ব্বত্র নগরে২ বিচারকর্ত্তার
দিগকে নিযুক্ত করিল। [৬] এবং বিচারকর্ত্তার
দিগকে কহিল তোমরা যাহা কর তাহাতে অব
ধান কর যেহেতুক তোমরা মনুষ্যেরদের জন্যে
বিচার কর না কিন্তু বিচারে তোমারদের সহিত
আছেন যে য়িহুহ তাঁহার জন্য। [৭] অতএব
এখন য়িহুহেতে জাত ভয় তোমারদের উপরে
হউক সাবধান হইয়া বিচার কর যেহেতুক আ
মারদের ঈশ্বর য়িহুহের নিকট অধর্ম্ম কিম্বা মু
খাপেক্ষা কিম্বা দানগ্রহণ নাই।

[৮] আর তাহারা য়িরূশালমে ফিরিয়া গেলে
য়িহোশাফাট য়িরূশালমে য়িহুহের বিচারের
কারণ ও বিবাদভঞ্জনের কারণ লৈবেরদের ও
যাজকেরদের ও য়িশ্রাএলের পিতৃপ্রধানেরদের
কতক লোককে নিযুক্ত করিল। [৯] এবং তা
হারদিগকে এ কথা কহিয়া আজ্ঞা করিল যে
তোমরা বিশ্বস্তরূপে সম্পূর্ণ অন্তঃকরণের সহিত
য়িহুহের ভয়ে ইহা করিবা। [১০] এবং রক্তের
ও রক্তের মধ্যে এবং শাস্ত্রের ও আজ্ঞার ও বি
ধির ও বিচারের মধ্যে তোমারদের নগরবাসি
ভ্রাতারদের যে কোন মোকদ্দমা তোমারদের
নিকটে আইসে তাহারা যে য়িহুহের বিপরীতে
আজ্ঞাতিক্রম না করে ও তাহাতে তোমারদের
ও তোমারদের ভ্রাতারদের উপর ক্রোধ না আই
সে এই কারণ তাহারদিগকে উপদেশ কর ইহা
কর তবে নীত্যতিক্রম করিবা না এই২ কথা তা
হারদিগকে কহিল। [১১] এবং দেখ য়িহুহের
বিষয়ে অমরিয়াহ্ প্রধান যাজক তোমারদের উ
পরে আছে ও রাজার সকল বিষয়ে য়িশ্রাএ
লের পুত্র জিবদিয়াহ্ তোমারদের উপরে আছে
এবং তোমারদের সম্মুখে লৈবেরাও কর্ম্মকারী
হইবে সপ্রভাব কার্য্য কর এবং য়িহুহ মঙ্গলের
কারণ তোমারদের সহিত হইবেন।

## ২০ পর্ব্ব।

[১] ইহার পরে এমত হইল মোআবের সন্তা
নেরা ও অমোনের সন্তানেরা এবং তাহারদের
সহিত অমোনীয়েরদের বিনা আর২ লোকেরা
যুদ্ধ করিতে য়িহোশাফাটের বিরুদ্ধে আইল।
[২] তখন কেহ২ আসিয়া য়িহোশাফাটকে এ
কথা কহিয়া সমাচার দিল যে অরামের এ পা
র্শ্বস্থ সমুদ্রের ওপারহইতে বড় এক জনতা তো
মার বিরুদ্ধে আইসে এবং দেখ তাহারা খসি
সোনতামারে আছে তাহাই এনগেদী। [৩]
এবং য়িহোশাফাট ভয় করিল ও য়িহুহের চে
ষ্টা করিতে আপনাকে মনোযোগী করিল এবং
য়িহুদাহের সর্ব্বত্র উপবাস ঘোষণা করিল। [৪]
এবং য়িহুহের কাছে উপকার প্রার্থনা করিতে
সকল য়িহুদাহ্ আপনারদিগকে একত্র করিল
তাহারা য়িহুহের চেষ্টা করিতে য়িহুদাহের স
কল নগরহইতে আইল।

[৫] এবং য়িহুহের গৃহে নূতন উঠানের সম্মু
খে য়িহোশাফাট য়িহুদাহের ও য়িরূশালমের
সকল মণ্ডলীর মধ্যে দাঁড়াইল। [৬] এবং ক
হিল হে আমারদের পিতৃলোকেরদের ঈশ্বর য়ি
হুহ তুমি কি স্বর্গের মধ্যে রাজা নহ ও তুমি কি
অন্য দেশীয়েরদের সকল রাজ্যের উপরে কর্ত্তা
নহ এবং তোমার হাতে কি এমন পরাক্রম ও প্র
তাপ নাই যে কেহ তোমাকে বারণ করিতে পারে
না। [৭] তুমি কি তোমার য়িশ্রাএল লোকের
দের সম্মুখহইতে এ দেশনিবাসিরদিগকে খেদা
ইয়া দিয়া [৮] আপন বন্ধু অবরাহামের বং
শকে সর্ব্বকালার্থে সে দেশদায়ি আমারদের
ঈশ্বর নহ এবং তাহারা তাহাতে বাস করিল
[৯] এবং যদি তলোআর কিম্বা বিচারজ দণ্ড কি
ম্বা মারী কিম্বা দুর্ভিক্ষ ইত্যাদি দুঃখ আমারদিগ
কে ঘটে এবং আমরা এ গৃহের সম্মুখে তোমার
সাক্ষাৎ দাঁড়াই যেহেতুক তোমার নাম এ গৃহে
আছে ও আমারদের দুর্দ্দশায় যদি তোমার নি
কটে প্রার্থনা করি তবে তুমি শুনিবা ও উপকার
করিবা এই কথা কহিয়া তোমার নামের জন্যে
তাহার মধ্যে এক পবিত্র স্থান করিল। [১০]
এবং এখন দেখ য়িশ্রাএল যখন মিস্রহইতে
আইল সে সময়ে যাহারদের দেশ পরাভব ক
রিতে তুমি দেও নাই কিন্তু তাহারা তাহারদের
নিকটহইতে গেল ও তাহারদিগকে নষ্ট কর নাই
এমন যে অম্মোনের ও মোআবের সন্তানেরা ও
শেঈরপর্ব্বতীয় লোকেরা [১১] দেখ তোমার যে
অধিকার আমারদের ভোগ করিবার কারণ তুমি
আমারদিগকে দিয়াছ তাহাহইতে আমারদিগ
কে বাহিরে ফেলাতে তাহারা আমারদিগকে
প্রতিফল দিতেছে। [১২] হে আমারদের ঈশ্বর
তুমি কি তাহারদিগের বিচার করিবা না যেহে
তুক যে বড় জনতা আমারদের প্রতিকূলে আসি
তেছে তাহারদের বিপরীতে আমারদের কিছু
পরাক্রম নাই এবং যাহা কর্ত্তব্য তাহা আমরা
জানি না কিন্তু আমারদের চক্ষু তোমার প্রতি তা
কিয়া থাকে। [১৩] এবং সকল য়িহুদাহ্ তা
হারদের বালক ও স্ত্রী ও শিশুসুদ্ধ য়িহুহের সা
ক্ষাৎ দাঁড়াইল।

[১৪] তখন মণ্ডলীর মধ্যে য়িহুহের আত্মা
আসাফের সন্তানেরদের মধ্যবর্ত্তি মতনিয়াহের
পুত্র য়েঈএলের পুত্র বিনায়াহের পুত্র জিকরি
য়াহের পুত্র য়িখজীএলনামে এক জন লৈবের
উপরে আইল। [১৫] এবং সে কহিল হে স
কল য়িহুদাহ্ ও য়িরূশালমবাসি ও য়িহোশা
ফাটরাজ তোমরা আমার কথাতে অবধান কর
য়িহুহ তোমারদিগকে এ কথা কহেন তোমরা এ
বড় জনতাতে ভীত কিম্বা শঙ্কান্বিত হইও না
যেহেতুক যুদ্ধ তোমারদের নয় কিন্তু ঈশ্বরের।
[১৬] তোমরা কল্য তাহারদের বিরুদ্ধে যাও
দেখ তাহারা সীস্ শিখরের পথে আইসে এবং
তোমরা য়িরূএল বনের সম্মুখে নদীর তটসমী
পে তাহারদিগকে পাইবা। [১৭] এ রণে তো
মারদের যুদ্ধ করার আবশ্যক হইবে না সসজ্জ
হও দাঁড়াও এবং হে য়িহুদাহ্ ও য়িরূশালমস্থে
রা তোমারদের সহবর্ত্তি য়িহুহেতে কৃত নিস্তার
দেখ ভয় করিও না শঙ্কান্বিত হইও না কল্য তা
হারদের বিরুদ্ধে যাও যেহেতুক য়িহুহ তোমার
দের সহবর্ত্তী। [১৮] এবং য়িহোশাফাট ভূ
সম্পৃক্তমুখ হইয়া প্রণাম করিল এবং সকল য়িহু
দাহ্ ও য়িরূশালমবাসী য়িহুহের ভজনা করত
য়িহুহের সম্মুখে পড়িল। [১৯] এবং কিহা
তীয় ও কোরখীয় সন্তান যে লৈবেরা তাহারা
য়িশ্রাএলের ঈশ্বর য়িহুহকে উচ্চৈঃস্বরে অতি
স্তব করিতে দাঁড়াইল।

[২০] এবং তাহারা প্রত্যূষে উঠিয়া তিকোত্ম
বনে গেল এবং তাহারা যাইতে২ য়িহোশাফাট
দাঁড়াইয়া কহিল হে য়িহুদাহ্ ও য়িরূশালমবা
সিরা আমার কথা শুন তোমরা আপন ঈশ্বর য়ি
হুহেতে বিশ্বাস কর তাহাতে তোমরা স্থিরীকৃত
হইবা তাঁহার আচার্য্যেরদের কথাতে প্রত্যয়
কর তাহাতে তোমরা ভাগ্যবান হইবা। [২১]
পরে সে লোকেরদের সহিত পরামর্শ করিয়া সৈ
ন্যের অগ্রে যাওনেতে পবিত্রতার সৌন্দর্য্যের
স্তুতি করিবার কারণ এবং য়িহুহের স্তব কর যে
হেতুক তাঁহার দয়া সদাকালস্থায়িনী এই কথাও
কহিবার কারণ য়িহুহের উদ্দেশে গায়কেরদি
গকে নিযুক্ত করিল।

[২২] পরে তাহারা গান করিতে ও স্তুতি করি
তে আরম্ভ করিলে য়িহুহ য়িহুদাহের প্রতিকূলে
আগত অম্মোনের সন্তানেরদের ও মোআবের
ও শেঈর পর্ব্বতস্থ লোকেরদের বিপরীতে গুপ্ত
সৈন্যেরদিগকে স্থাপন করিলেন এবং তাহারা
মারা গেল। [২৩] কেননা সর্ব্বতোভাবে বধ
ও নষ্ট করিবার কারণ অম্মোনের সন্তানেরা
ও মোআবীয়েরা শেঈর পর্ব্বতবাসি লোকের
দের বিপরীতে দাঁড়াইল এবং তাহারা শেঈর
নিবাসিরদের শেষ করিলে প্রত্যেক জন অন্য
কে নষ্ট করিতে উপকার করিল। [২৪] পরে
য়িহুদাহ্ বনস্থ চৌকিথানার নিকটে পঁহুছিয়া
জনতার পানে অবলোকন করিল এবং দেখ তা
হারা মৃত্তিকাতে পতিত শব কেহ জীবিত নাই।
[২৫] য়িহোশাফাট ও তাহার লোকেরা তা
হারদের অপহার্য্য বস্তু লইবার কারণ গিয়া

সে শত্রুরা সংযুক্ত আপনারদের লইয়া যাও য়ার শক্তির অধিক ধন ও বহুমূল্য রত্ন পাইল সে রত্ন তাহারা খুলিয়া আপনারদের কারণ লইল এবং লুণ্ঠিত বস্তুর এমন বাহুল্য ছিল যে তাহা লইয়া যাওয়াতে তাহারদের তিন দিন গেল।

[২৬] চতুর্থ দিনে তাহারা বিরাকাহ্ মাঠে একত্র আইল যেহেতুক সেখানে য়িহুহকে ধন্যবাদ করিল অতএব অদ্যপর্য্যন্ত সে স্থান বিরাকাহ্মাঠনামে খ্যাত হইল। [২৭] পরে তাহারা অর্থাৎ য়িহুদাহের ও য়িরুশালমের প্রতিজন ও তাহারদের অগ্রে য়িহোশাফাট য়িরুশালমে যাইবার জন্যে সানন্দ ফিরিয়া গেল যেহেতুক য়িহুহ তাহারদের শত্রুরদের উপরে তাহারদিগকে আনন্দিত করিয়াছিলেন। [২৮] এবং তাহারা তবল ও বীণা ও তূরী সঙ্গে করিয়া য়িরুশালমে য়িহুহের গৃহে আইল। [২৯] এবং যখন সেং দেশের সকল রাজ্যের লোকেরা শুনিল যে য়িহুহ য়িশ্রাএলের শত্রুরদের বিপক্ষে যুদ্ধ করিয়াছিলেন তখন য়িহুহবিষয়ক ভয় তাহারদের উপরে পড়িল। [৩০] অতএব য়িহোশাফাটের রাজ্য শান্ত হইল যেহেতুক তাহার ঈশ্বর তাহাকে চতুর্দ্দিগে শান্তি দিলেন।

[৩১] এবং য়িহোশাফাট য়িহুদাহের উপরে রাজ্য করিল সে পঁয়ত্রিশ বৎসরবয়স্ক হইয়া রাজ্য করিতে আরম্ভ করিল এবং য়িরুশালমে পঁচিশ বৎসর রাজ্য করিল তাহার মাতার নাম অজূবাহ্ সে শিলহীর কন্যা। [৩২] এবং সে আপন পিতা আসার পথে চলিল এবং য়িহুহের দৃষ্টিতে যাহা ভাল তাহা করাহইতে ফিরিল না। [৩৩] তথাপি উচ্চ স্থান অপহৃত ছিল না তখনও লোকেরা আপনারদের পিতৃলোকেরদের ঈশ্বরের পক্ষে আপনারদের অন্তঃকরণ প্রস্তুত করে নাই। [৩৪] আদ্যন্ত য়িহোশাফটের যে আরং কর্ম্ম দেখ য়িশ্রাএলের রাজারদের বিবরণপুস্তকে উক্ত যে হনানীর পুত্র য়িহূ তাহাতে রচিত পুস্তকে সেং কর্ম্ম লিখিত আছে।

[৩৫] ইহার পরে অতিকুকর্ম্মকারী যে য়িশ্রাএলের অখজিয়াহ্‌রাজ তাহার সহিত য়িহুদাহের য়িহোশাফাটরাজ আপনাকে সংযুক্ত করিল। [৩৬] তার্শশে যাইবার কারণ জাহাজ করিতে সে তাহার সহিত যোগ করিল এবং তাহারা এসিওন গাবেরে সে সকল জাহাজ নির্ম্মাণ করিল [৩৭] তখন মারেশাহের দোদাবাহের পুত্র এলিএজের য়িহোশাফাটের বিপরীতে এ আচার্য্য বাক্য প্রকাশ করিল যে তুমি অখজিয়াহের সঙ্গ করিয়াছ তাহাতে য়িহুহ তোমার কর্ম্ম ভাঙ্গিয়াছেন পরে সমস্ত জাহাজ এমত ভাঙ্গা গেল যে তাহারা তার্শিশে যাইতে পারিল না।

## ২১ পর্ব্ব।

[১] পরে য়িহোশাফাট আপন পিতৃলোকেরদের সহিত শয়ন করিল এবং আপন পিতৃলোকেরদের সহিত দাউদের নগরে পোতা গেল পরে তাহার পুত্র য়িহোরাম তাহার পদে রাজ্য করিল। [২] এবং তাহার ভ্রাতারা বিশেষতঃ য়িহোশাফাটের পুত্রেরা থাকিল অর্থাৎ অজরিয়াহ্ ও য়িখীএল ও জিকরিয়াহ্ ও অজরিয়াহ্ ও মীকাএল ও শিফটিয়াহ্ এ সকল য়িশ্রাএলের য়িহোশাটরাজের পুত্র। [৩] এবং তাহারদের পিতা রূপা ও স্বর্ণ ও বহুমূল্য দ্রব্য ও য়িহুদাহ্ দেশস্থ প্রাচীরবেষ্টিত নগর তাহারদিগকে দান করিল কিন্তু য়িহোরামকে রাজ্য দিল যেহেতুক সে জ্যেষ্ঠ। [৪] য়িহোরাম আপন পিতৃরাজ্য প্রাপ্ত হইয়া আপনাকে সমর্থ করিল এবং আপন সকল ভ্রাতারদিগকে ও য়িশ্রাএলের কতক জন অধ্যক্ষকে তলোআরে মারিল।

[৫] য়িহোরাম বত্রিশবৎসরবয়স্ক হইয়া রাজ্য করিতে আরম্ভ করিল এবং য়িরুশালমে আট বৎসর রাজ্য করিল। [৬] এবং আখাবের বংশ যেমন করিল তেমন সে য়িশ্রাএলের রাজারদের পথে গেল যেহেতুক আখাবের কন্যাই তাহার ভার্য্যা এবং সে য়িহুহের দৃষ্টিতে কুকর্ম্ম করিল। [৭] তথাপি য়িহুহ দাউদের সহিত যে নিয়ম করিয়াছিলেন তাহাতে তাহাকে ও তাহার সন্তানেরদিগকে নিত্য আলো দিতে যেমন প্রতিজ্ঞা করিয়াছিলেন তদনুসারে করিবার কারণ তিনি দাউদের বংশ নষ্ট করিতে মনে করিলেন না।

[৮] তাহার অধিকার কালে এদোমীয়েরা য়িহুদাহের কর্ত্তৃত্ব ত্যাগ করিল ও আপনারদের এক রাজা করিল। [৯] তখন য়িহোরাম আপন অধ্যক্ষেরদিগকে ও আপন সকল রথ সঙ্গে লইয়া বাহিরে গেল এবং সে রাত্রিতে উঠিয়া আপন চতুর্দ্দিগ্বেষ্টনকারি এদোমীয়েরদিগকে ও রথপতিরদিগকে মারিল। [১০] অতএব অদ্যপর্য্যন্ত এদোমীয়েরা য়িহুদাহের হস্তবশতা ত্যাগ করিল সে সময়ে লিবনাহ্ও তাহার হস্তবশতা ত্যাগ করিল কেননা সে আপন পিতৃলোকেরদের ঈশ্বর য়িহুহকে ত্যাগ করিয়াছিল। [১১] আরও সে য়িহুদাহের পর্ব্বতের মধ্যে উচ্চস্থান নির্ম্মাণ করিল এবং য়িরুশালমবাসিরদিগকে ও য়িহুদাহ্কে ব্যভিচার করাইল।

[১২] এবং এলিয়াহ্ আচার্য্যের নিকটহইতে

তাহার স্থানে এ বাক্যসম্বলিত এক লিখন আ
ইল তোমার পিতা দাউদের ঈশ্বর য়িহূহ এ কথা
কহেন তুমি আপন পিতা য়িহোশাফাটের পথে
ও য়িহূদাহের আসারাজের পথে যাও নাই।
[১৩] কিন্তু য়িশরাএলের রাজারদের পথে গি
য়াছ এবং আখ্যাবের বংশের ব্যভিচারানুসা
রে য়িহূদাহ্কে ও য়িরূশালমবাসিরদিগকে ব্য
ভিচার করাইয়াছ এবং তোমাহইতে ভাল
ছিল যে তোমার পিতৃবংশজ ভ্রাতারা তাহারদি
গকে বধ করিয়াছ। [১৪] অতএব দেখ য়ি
হূহ তোমার লোকেরদিগকে ও তোমার বাল
কেরদিগকে ও তোমার ভার্য্যারদিগকে ও তো
মার সকল সম্পত্তি বড় আঘাতেতে বধ করিবেন
[১৫] এবং উদরের পীড়াতে তোমার এমন বড়
রোগ হইবে যে সে রোগেতে তোমার নাড়ীভুঁড়ি
দিনে২ বাহির হইয়া পড়িবে।

[১৬] আরও য়িহূহ য়িহোরামের বিপরীতে
পলশতীয়েরদের মন ও কুশীয়েরদের নিকটস্থ
অরবীয়েরদের মন প্রবৃত্ত করিলেন। [১৭] এবং
তাহারা য়িহূদাহে আইল ও তাহাতে চড়াও
করিয়া প্রবেশ করিল ও রাজবাটীতে প্রাপ্ত সকল
সম্পত্তি ও তাহার পুত্রেরদিগকে ও তাহার ভা
র্য্যারদিগকে লইয়া গেল তাহার সকল পুত্রের
দের মধ্যে কনিষ্ঠ যে য়িহোআখাজ তাহাব্যতি
রেকে তাহার এক পুত্র থাকিল না।

[১৮] এ সকলের পরে য়িহূহ উদরস্থ অচি
কিৎস্য এক রোগেতে তাহাকে হনন করিলেন
[১৯] এবং এমত হইল যে কালক্রমে দুই বৎস
রান্তে তাহার রোগেতে তাহার নাড়ীভুঁড়ি বাহির
হইয়া পড়িল অতএব সে অতিশয় রোগেতে ম
রিল এবং তাহার পিতৃলোকেরদের কারণ যে
দাহ ছিল তাহার মত তাহার জন্যে লোকেরা
কিছু দাহ করিল না। [২০] সে যখন রাজ্য
করিতে আরম্ভ করিল তখন বত্রিশবৎসরবয়স্ক
ছিল এবং য়িরূশালমে আট বৎসর রাজ্য ক
রিল পরে কেহ তাহাকে ইচ্ছা না করত সে
গেল তথাপি তাহারা দাউদের নগরে তাহাকে
পুতিল কিন্তু রাজারদের কবরে নয়।

## ২২ পর্ব্ব।

[১] পরে য়িরূশালমবাসি লোকেরা তাহার
কনিষ্ঠ পুত্র অখজিয়াহ্কে তাহার পদে রাজা ক
রিল যেহেতুক অরবীয়েরদের সহিত যে দল ছা
উনিতে আসিয়াছিল তাহারা জ্যেষ্ঠ সকলকে
মারিয়াছিল অতএব য়িহূদাহের য়িহোরামরা
জের পুত্র অখজিয়াহ রাজ্য করিল। [২] অখ
জিয়াহ্ বিয়াল্লিশবৎসরবয়স্ক হইয়া রাজ্য করি
তে আরম্ভ করিল এবং সে য়িরূশালমে এক বৎ
সর রাজ্য করিল তাহার মাতার নাম অতালিয়াহ
সে ওম্রীর কন্যা। [৩] সেও আখ্যাবের বং
শের পথে চলিল যেহেতুক কুকর্ম্ম করিবার কা
রণ তাহার মাতা তাহার পরামর্শদায়িনী ছিল।
[৪] অতএব সে আখ্যাবের বংশের মত য়িহূহের
দৃষ্টিতে কুকর্ম্ম করিল যেহেতুক তাহার পিতার
মরণের পরে তাহারা তাহার বিনাশের নিমিত্তে
তাহার পরামর্শদায়ী হইল।

[৫] সে তাহারদের পরামর্শানুসারে কর্ম্মও ক
রিল এবং য়িশরাএলের আখ্যাবরাজের পুত্র য়ি
হোরামের সমভিব্যাহারে অরামের খজাএলরা
জের সহিত যুদ্ধ করিতে রামোতগিলিআদে গেল
এবং আরামীয়েরা য়োরামকে মারিল। [৬]
এবং সে যখন অরামের খজাএলরাজের সহিত
যুদ্ধ করিল তখন যে২ ক্ষত রামাহেতে তাহার শ
রীরে করা গেল সে ক্ষতেতে চিকিৎসিত হইবার
কারণ সে য়িজরিএলে ফিরিয়া গেল এবং য়িহূ
দাহের য়িহোরামরাজের পুত্র অজরিয়াহ্ আখ্যা
বের পুত্র য়িহোরামকে দেখিতে য়িজরিএলে
গেল যেহেতুক সে পীড়িত ছিল। [৭] এবং ঈশ্ব
রের ঘটানেতে য়োরামের নিকট আগমনদ্বারা
অখজিয়াহের বিনাশ হইল যেহেতুক সে আসি
য়া য়িহোরামের সহিত আখ্যাবের বংশ উচ্ছিন্ন
করিতে য়িহূহেতে নিযুক্ত যে নিমশীর পুত্র য়িহূ
তাহার বিরুদ্ধে গেল। [৮] অপর এমত হইল য়ি
হূ আখ্যাবের বংশ্যের উপরে দণ্ড নিষ্পান্ন করত
যখন য়িহূদাহের রাজপুত্রেরদিগকে এবং অখ
জিয়াহের সেবাকারি অখজিয়াহের ভ্রাতৃপুত্রের
দিগকে পাইল তখন সে তাহারদিগকে মারিল।
[৯] পরে সে অখজিয়াহের অন্বেষণ করিল এবং
তাহারা তাহাকে ধরিল যেহেতুক সে শমরোণে
গুপ্ত ছিল এবং তাহারা তাহাকে য়িহূর নিকটে
আনিল এবং তাহারা তাহাকে বধ করিয়া পু
তিল কেননা তাহারা কহিল যে আপন সর্ব্বান্তঃ
করণের সহিত য়িহূহান্বেষি য়িহোশাফাটের
পুত্র সে অতএব রাজ্যরক্ষার্থে অখজিয়াহের
বংশের কিছু সামর্থ্য ছিল না।

[১০] কিন্তু অখজিয়াহের মাতা অতলিয়াহ্
আপন পুত্রকে মৃত দেখিয়া উঠিল ও য়িহূদা
হের সকল রাজবংশ্যকে নষ্ট করিল। [১১]
কিন্তু রাজার পুত্রী য়িহোশবিআত অখজিয়া
হের পুত্র য়োআশকে লইল এবং রাজার হত
পুত্রেরদের মধ্যহইতে তাহাকে চুরি করিয়া তা
হাকে ও তাহার ধাত্রীকে এক শয়নকুঠরিতে
রাখিল এতদ্রূপ য়িহোয়াদা যাজকের ভার্য্যা
যে য়িহোরামরাজের কন্যা য়িহোশবিআত তা
হাকে অতলিয়াহের নিকটহইতে গুপ্ত করিল

যেহেতুক সে অখজিয়াহের ভগিনী তাহাতে
সে তাহাকে মারিল না। [১২] এবং সে তা
হারদের সহিত ঈশ্বরের গৃহে ছয় বৎসর গুপ্ত থা
কিল এবং অতলিয়াহ্ দেশের উপরে কর্ত্তৃত্ব
করিল।

২৩ পর্ব্ব।

[১] অনন্তর সপ্তম বৎসরে য়িহোয়াদা আপ
নাকে সমর্থ করিল এবং শতপতিরদিগকে অ
র্থাৎ য়িরোখামের পুত্র অজরিয়াহ্কে ও য়িহো
খানানের পুত্র য়িশমাএলকে ও ওবেদের পুত্র
অজরিয়াহ্কে এবং অদায়াহের পুত্র মঅশে
য়াহ্কে ও জিকরীর পুত্র এলিশাফাটকে আপ
নার সহিত নিয়মপূর্ব্বক গ্রহণ করিল। [২]
পরে তাহারা য়িহুদাহের মধ্যে ভ্রমণ করিল
এবং য়িহুদাহের তাবন্নগরহইতে লৈবেরদিগ
কে ও য়িশরাএলের পিতৃপ্রধানেরদিগকে একত্র
করিল ও তাহারা য়িরূশালমে আইল। [৩]
অপর তাবন্মণ্ডলী য়িহুহের গৃহে রাজার সহিত
নিয়ম করিল এবং সে তাহারদিগকে কহিল
দেখ য়িহুহ দাউদের সন্তানেরদের বিষয়ে যে
মন কহিয়াছেন তেমন রাজপুত্র রাজ্য করিবে।
[৪] তোমরা এ কার্য্য কর শাবত দিনে প্রবেশক
তোমারদের অর্থাৎ যাজকেরদের ও লৈবের
দের তৃতীয়াংশ দ্বারপাল হইবা। [৫] এবং
তৃতীয়াংশ রাজবাটীতে থাকিবে এবং তৃতী
য়াংশ ভিত্তির গৃহে থাকিবে এবং সমস্ত লোক
য়িহুহের গৃহের উঠানে থাকিবে। [৬] কিন্তু যা
জক ও লৈবেরদের মধ্যে সেবাকারিব্যতিরেকে
কাহাকে য়িহুহের গৃহে আসিতে দিও না তাহা
রা প্রবেশ করিবে যেহেতুক তাহারা পবিত্র কিন্তু
সমস্ত লোকেরা য়িহুহের চৌকি দিবে। [৭]
এবং লৈবেরা প্রত্যেক জন অস্ত্রহস্ত হইয়া রাজা
কে বেষ্টন করিবে এবং অন্য যে কেহ গৃহমধ্যে
আইসে সে মারা যাইবে কিন্তু রাজা যখন ভিত
রে আইসে কিম্বা বাহিরে যায় তখন তোমরা তা
হার সহিত থাক। [৮] অতএব লৈবেরা ও স
কল য়িহুদাহ্ য়িহোয়াদা যাজকেতে আজ্ঞাপিত
সকল কার্য্যানুসারে করিল এবং শাবতে যাহা
রা নির্গমনীয় তাহারদের সহিত শাবতে প্রবেশ
নীয় লোকেরদিগকেও লইল যেহেতুক য়িহো
য়াদাযাজক সে পালা ছাড়াইল না। [৯] আরও
ঈশ্বরের গৃহে স্থিত দাউদরাজের যে২ বর্শা ও চর্ম্ম
ও ঢাল ছিল তাহা য়িহোয়াদাযাজক শতপতির
দের নিকটে সমর্পণ করিল। [১০] পরে অস্ত্র
হস্ত সকল লোককে সে মন্দিরের দক্ষিণ পার্শ্ব
হইতে বাম পার্শ্বপর্য্যন্ত যজ্ঞবেদি ও মন্দিরসমী
পে চতুর্দ্দিগে রাজার নিকটে রাখিল। [১১]
অপর তাহারা রাজপুত্রকে বাহিরে আনিয়া তা
হার মস্তকোপরি মুকুট দিল ও তাহাকে সাক্ষ্য
পুস্তক দিয়া রাজা করিল এবং য়িহোয়াদা ও তা
হার পুত্রেরা তাহার অভিষেক করিল এবং ক
হিল যে ঈশ্বর রাজাকে রক্ষা করুন।

[১২] যখন অতলিয়াহ্ ধাবমান রাজস্তাবক
লোকেরদের শব্দ শুনিল তখন সে য়িহুহের
গৃহে লোকেরদের নিকটে আইল। [১৩] পরে
সে দৃষ্টি করিল এবং দেখ রাজা প্রবেশস্থানে
আপন স্তম্ভের নিকটে দণ্ডায়মান হইল এবং
অধ্যক্ষেরা ও তূরীবাদকেরা রাজার নিকটে দণ্ডা
য়মান হইল এবং দেশের সমস্ত লোকেরা আ
নন্দ করিল ও তূরী বাজাইল এবং বাদ্যের সহিত
গায়কেরা ও স্তুতিশিক্ষকেরা গান করিল তখন
অতলিয়াহ্ আপন বস্ত্র ছিঁড়িয়া কহিল রাজদ্রোহ
রাজদ্রোহ। [১৪] অপর য়িহোয়াদাযাজক
সেনার উপরে নিযুক্ত শতপতিরদিগকে বাহির
করিয়া তাহারদিগকে কহিল তাহাকে পংক্তির
বাহিরে লইয়া যাও এবং যে কেহ তাহার পশ্চাৎ
যায় সে তলোআরেতে মারা যাউক যেহেতুক
যাজক কহিল যে তাহাকে য়িহুহের গৃহে মারিও
না। [১৫] অতএব তাহারা তাহার উপরে হাত
দিল এবং সে অশ্বদ্বারের প্রবেশস্থানে রাজবা
টীর নিকটে পঁহুছিলে তাহারা তাহাকে সেখা
নে বধ করিল।

[১৬] পরে য়িহোয়াদা আপনার ও সকল
লোকেরদের ও রাজার মধ্যে এ নিয়ম করিল যে
তাহারা য়িহুহের লোক হইবে। [১৭] পরে
সকল লোকেরা বআলের গৃহে গেল ও তাহা ভা
ঙ্গিয়া ফেলিল ও তাহার বেদি ও প্রতিমা খণ্ড২
করিল এবং বআলের যাজক মতানকে বেদিস
মীপে বধ করিল। [১৮] এবং মোশহের শা
স্ত্রের লিখনানুসারে যেমন দাউদেতে নিরূপিত
ছিল তেমন দাউদ য়িহুহের উদ্দেশে হোম করি
বার কারণ য়িহুহের গৃহে ভিন্ন২ পদস্থ যে লৈব
যাজকেরদিগকে করিয়াছিলেন তাহারদের হস্তে
তে য়িহোয়াদা আনন্দেতে ও গানেতে য়িহুহের
গৃহের কার্য্যপদ অর্পণ করিল। [১৯] এবং
কোন বিষয়েতে অশুচি কেহ প্রবেশ না করে
এই জন্যে সে য়িহুহের গৃহের দ্বারে দ্বারপালের
দিগকে নিযুক্ত করিল। [২০] পরে সে শতপতির
দিগকে ও কুলীনেরদিগকে ও লোকশাসকের
দিগকে ও দেশের সমস্ত লোকেরদিগকে লইল
এবং রাজাকে য়িহুহের গৃহহইতে আনিল এবং
তাহারা প্রধান দ্বারদিয়া রাজবাটীতে প্রবেশ
করিয়া রাজাকে রাজসিংহাসনে বসাইল। [২১]
তাহাতে দেশের সকল লোক আনন্দ করিল

এবং তাহারা অতলিয়াহ্কে তলোআরেতে মারিলে পরে নগর শান্ত হইল।

## ২৪ পর্ব্ব।

[১] য়োআশ সাতবৎসরবয়স্ক হইয়া রাজ্য করিতে আরম্ভ করিল এবং য়িরূশালমে চল্লিশ বৎশর রাজ্য করিল তাহার মাতার নাম সিবিয়াহ্ সে বিএরশেবার এক জন। [২] এবং য়িহোয়াদাযাজকের যাবজ্জীবন য়োআশ য়িহুহের দৃষ্টিতে ভদ্র কার্য্য করিল। [৩] এবং য়িহোয়াদা তাহার জন্যে দুই কন্যা গ্রহণ করিল পরে সে পুত্রেরদিগকে ও পুত্রীরদিগকে জন্মাইল।

[৪] তদনন্তর এমত হইল যে য়িহুহের গৃহ সারিতে য়োআশের মনে হইল। [৫] এবং সে যাজকেরদিগকে ও লৈবেরদিগকে একত্র করিয়া তাহারদিগকে কহিল য়িহুদাহের সকল নগরে যাও এবং বৎসর২ য়িহুহের গৃহ সারিবার কারণ সকল য়িশ্রাএলের স্থানে অর্থ সংগ্রহ কর এবং সাবধান হইয়া কার্য্যে ত্বরা কর তথাপি লৈবেরা তাহা শীঘ্র করিল না। [৬] অপর রাজা প্রধান যাজক য়িহোয়াদাকে আহ্বান করিয়া তাহাকে কহিল য়িহুহের দাস মোশহেতে নিরূপিত মুদ্রা ও সাক্ষ্যরূপ তাম্বুর অর্থে য়িশ্রাএলের মণ্ডলীতে দত্ত সঞ্চিতমুদ্রা য়িহুদাহ্ ও য়িরূশালমহইতে আনিয়া দাখিল করিতে তুমি কেন লৈবেরদিগকে বল নাই। [৭] যেহেতুক সে দুষ্টা স্ত্রী অতলিয়াহের পুত্রেরা য়িহুহের গৃহ ভাঙ্গিয়াছিল এবং য়িহুহের গৃহে দত্ত সকল বস্তু তাহারা বআলেরদিগকে দিয়াছিল। [৮] পরে তাহারা রাজাজ্ঞাতে এক সিন্দুক করিয়া য়িহুহের গৃহদ্বারসমীপে বাহিরে স্থাপন করিল। [৯] এবং ঈশ্বরের মানুষ মোশহ্ অরণ্যে যে অর্থসংগ্রহ য়িশ্রাএলের মধ্যে নিরূপণ করিয়াছিল তাহা আনিতে তাহারা য়িহুদাহ্ ও য়িরূশালমের সর্ব্বত্র ঘোষণা করিল। [১০] এবং সকল অধ্যক্ষেরা ও সকল লোকেরা আনন্দ করিল ও আনিল ও যেপর্য্যন্ত শেষ না হইল সে পর্য্যন্ত সিন্দুকে থুইল। [১১] এবং এমত হইল লৈবেরদের হস্তেতে সে সিন্দুক রাজভাণ্ডারে আনীত হইলে যখন তাহারা তাহাতে অনেক মুদ্রা দেখিত তখন রাজার লেখক ও প্রধান যাজকেতে নিযুক্ত এক জন আসিয়া সিন্দুক শূন্য করিত পরে তাহা স্বস্থানে পুনর্ব্বার রাখিত তাহারা দিনে২ এমত করাতে অনেক মুদ্রাসঞ্চয় করিল। [১২] পরে রাজা ও য়িহোয়াদা য়িহুহের গৃহে কর্ম্মকারি লোকেরদিগকে দিল এবং য়িহুহের গৃহ সারিবার কারণ তাহারা রাজেরদিগকে ও ছুতারেরদিগকে বেতন দিল এবং য়িহুহের গৃহ সারিবার নিমিত্তে লৌহকারেরদিগকে ও পিত্তলকারেরদিগকেও বেতন দিল। [১৩] অতএব কর্ম্মকারি লোকেরা কর্ম্ম করিল এবং তাহারদের করণেতে কার্য্য সম্পূর্ণ হইল এতদ্রূপে তাহারা য়িহুহের গৃহ তাহার উচিত অবস্থাতে স্থাপন করিল ও তাহা দৃঢ় করিল। [১৪] তাহারা কর্ম্ম সাঙ্গ করিয়া অবশিষ্ট মুদ্রা রাজার ও য়িহোয়াদার সাক্ষাৎ আনিল এবং তাহাতে য়িহুহের গৃহের জন্যে পাত্র নির্ম্মাণ করাণ গেল অর্থাৎ সেবা পাত্র ও হোমপাত্র ও চামচ ও স্বর্ণময় ও রূপ্যময় পাত্র অপর য়িহোয়াদার তাবজ্জীবনকাল ব্যাপিয়া তাহারা নিত্য য়িহুহের গৃহে হোম করিত। [১৫] কিন্তু য়িহোয়াদা বৃদ্ধ হইল এবং মরণকালে সম্পূর্ণায়ুঃ হইল সে যখন মরিল তখন একশতবত্রিশবৎসরবয়স্ক ছিল। [১৬] এবং সে ঈশ্বরের প্রতি ও তাঁহার গৃহের প্রতি য়িশ্রাএলের মধ্যে উত্তম কার্য্য করিয়াছিল সেহেতুক তাহারা দাউদের নগরে রাজারদের মধ্যে তাহাকে পুতিল।

[১৭] য়িহোয়াদার মরণের পরে য়িহুদাহের অধ্যক্ষেরা আসিয়া রাজাকে প্রণাম করিল অতএব রাজা তাহারদের কথা মানিল। [১৮] পরে তাহারা আপনারদের পিতৃলোকেরদের ঈশ্বর য়িহুহের গৃহত্যাগ করিয়া চৈত্যবৃক্ষের ও প্রতিমা পূজা করিল অতএব এ অতিক্রমজন্য ক্রোধ য়িহুদাহ্ ও য়িরূশালমোপরি আইল। [১৯] তথাপি তিনি তাহারদিগকে য়িহুহের পক্ষে পুনঃ আনিবার কারণ তাহারদের নিকটে আচার্য্যেরদিগকে প্রেরণ করিলেন এবং তাহারদের নিকটে সাক্ষ্য দিলেন কিন্তু তাহারা তাহাতে অবধান করিল না। [২০] পরে ঈশ্বরের আত্মা য়িহোয়াদাযাজকের পুত্র জিকরিয়াহের উপরে আইল এবং সে লোকেরদেরহইতে উচ্চ স্থানে দণ্ডায়মান হইয়া তাহারদিগকে কহিল যে ঈশ্বর এ কথা কহেন তোমরা য়িহুহের আজ্ঞো লঙ্ঘন কেন কর যে তাহাতে তোমরা ভাগ্যবান হইতে পরিবা না তোমরা য়িহুহকে ত্যাগ করিয়াছ তাহাতে তিনি তোমারদিগকে ত্যাগ করিয়াছেন। [২১] পরে তাহারা তাহার প্রতিকূলে ঐক্য করিল এবং রাজার আজ্ঞাতে য়িহুহের গৃহের উদ্যানে প্রস্তরক্ষেপে তাহাকে বধ করিল। [২২] তাহার পিতা য়িহোয়াদা রাজার যে উপকার করিয়াছে তাহা য়োআশরাজ ঐ রূপে মনে রাখিল না কিন্তু তাহার পুত্রকে বধ করিলএবং মরণকালে সে কহিল য়িহুহ ইহার উপরে দৃষ্টিকরুন ও ইহার প্রতিফল দিউন।

[২৩] বৎসরের অন্তে এমত হইল যে অরা
মের সৈন্য তাহার বিরুদ্ধে আইল এবং তাহারা
য়িহুদাহে ও য়িরূশালমে আইল এবং লোকের
দের মধ্যহইতে লোকেরদের সকল অধ্যক্ষেরদি
গকে নষ্ট করিল ও তাহারদের তাবৎ লুঠিত বস্তু
দম্মাশেকে রাজার নিকটে পাঠাইল। [২৪] কে
ননা অরামীয়েরদের সৈন্য অল্প লোকের সঙ্গে
আইল এবং য়িহুহ তাহারদের হাতে অতিবড়
সৈন্য সমর্পণ করিলেন যেহেতুক তাহারা আপ
নারদের পিতৃলোকেরদের ঈশ্বর য়িহুহকে ত্যাগ
করিয়াছিল এই মত তাহারা য়োআশের প্রতি
কুলে বিচার নিষ্পান্ন করিল। [২৫] এবং তাহা
রা তাহার নিকটহইতে গেলে পরে যেহেতুক
তাহারা তাহাকে বড় রোগগ্রস্ত রাখিল তাহার
নিজ দাসেরা য়িহোয়াদাযাজকের পুত্রেরদের
বধেতে তাহার বিরুদ্ধে ঐক্য করিল ও তাহার শ
য্যার উপরে তাহাকে হনন করিল এবং সে মরিল
পরে তাহারা দাউদের নগরে তাহাকে পুতিল
কিন্তু তাহাকে রাজারদের কবরে পুতিল না। [২৬]
এবং যাহারা তাহার বিপরীতে ঐক্য করিল তা
হারা অম্মোনীয় শিমিআতের পুত্র জাবাদ ও মো
আবীয়া শিমরীতের পুত্র য়িহোজাবাদ। [২৭]
তাহার পুত্রেরদের বিবরণ ও তাহার উপরে যে
ভার রাখা গেল তাহার ও তাহার মহত্ত্বের বিব
রণ এবং য়িহুহের গৃহসারণের বিবরণ দেখ সে
সকল রাজারদের বিবরণপুস্তকে লিখিত হই
য়াছে পরে তাহার পুত্র অমসিয়াহ্ তাহার
পদে রাজ্য করিল।

## ২৫ পর্ব্ব।

[১] অমসিয়াহ্ পঞ্চবিংশতিবর্ষবয়স্ক হইয়া
রাজ্য করিতে আরম্ভ করিল এবং য়িরূশালমে
ঊনত্রিংশৎ বৎসর রাজ্য করিল তাহার মাতার
নাম য়িহোআদান সে য়িরূশালমের এক স্ত্রী।
[২] এবং সে য়িহুহের দৃষ্টিতে উত্তম ক্রিয়া
করিল কিন্তু সম্পূর্ণান্তঃকরণেতে নয়।

[৩] অপর এমত হইল রাজ্য তাহার পক্ষে
স্থির হইলে সে আপন পিতৃঘাতক দাসেরদি
গকে বধ করিল। [৪] তথাপি সে তাহারদের
সন্তানেরদিগকে বধ করিল না কিন্তু যাহাতে য়ি
হুহ্ এ কথা কহিয়া আজ্ঞা করিলেন যে পিতারা
সন্তানেরদের পাপপ্রযুক্ত মারা যাইবে না ও স
ন্তানেরা পিতারদের পাপপ্রযুক্ত মারা যাইবে না
কিন্তু প্রত্যেক জন আপন২ পাপপ্রযুক্ত মারা যা
ইবে এমন যে মোশহের শাস্ত্রপুস্তক তাহাতে
লিখিত এই কথানুসারে করিল।

[৫] আরও অমসিয়াহ্ য়িহুদাহ্কে একত্র ক
রিল এবং সকল য়িহুদাহ্ ও বেন্যামিনের সর্ব্বত্র
তাহারদিগকে পিতৃবংশানুসারে সহস্রপতি ও
শতপতি করিল এবং বিংশতি বৎসর ও ততো
ধিকবয়স্ক তাহারদিগকে গণনা করিল এবং তা
হারদিগকে যুদ্ধোপযুক্ত বর্শা ও ঢাল ধারণ করি
তে ক্ষমতাপন্ন তিন লক্ষ মনোনীত লোক জা
নিল। [৬] সে একশত কিকার রূপা দিয়া য়িশ্
রাএলহইতে অতিবীর্য্যবান এক লক্ষ মনুষ্যেরদি
গকে বেতনেতে লইল। [৭] কিন্তু ঈশ্বরের এক মা
নুষ তাহার নিকটে আসিয়া এ কথা কহিল যে
ওহে মহারাজ য়িশ্রাএলের সৈন্য তোমার স
হিত না যাউক যেহেতুক য়িহুহ য়িশ্রাএলের
সহিত নহেন অর্থাৎ এফরায়িমের সন্তানেরদের
সহিত নহেন। [৮] কিন্তু যদি তাহা করিতে
বুদ্ধি নিশ্চয় করিয়া থাক তবে কর যুদ্ধার্থে বল
বান হও ঈশ্বর তোমাকে শত্রুর সম্মুখে পাতিত
করিবেন কেননা উপকার করিতে ও অধঃপতন
করিতে ঈশ্বরের শক্তি আছে। [৯] এবং অম
সিয়াহ্ ঈশ্বরের মনুষ্যকে কহিল কিন্তু আমরা
য়িশ্রাএলের সেনাকে যে একশত কিকার দিয়া
ছি তাহার কারণ কি করিব পরে ঈশ্বরের মনুষ্য
প্রত্যুত্তর করিল যে য়িহুহ ইহাহইতে অত্যনেক
তোমাকে দিতে সমর্থ আছেন। [১০] তখন
অমসিয়াহ্ তাহারদিগকে অর্থাৎ এফরায়িমহই
তে আপন নিকটে যে সৈন্য আসিয়াছিল তা
হারদের বাড়ি পুনঃ যাইবার কারণ তাহারদিগ
কে ভিন্ন করিল অতএব তাহারদের ক্রোধ য়ি
হুদাহের বিপরীতে বড় প্রজ্বলিত হইল এবং
তাহারা মহাকোপান্বিত হইয়া আপন২ ঘরে
গেল।

[১১] পরে অমসিয়াহ্ আপনাকে সমর্থ ক
রিল ও আপন লোকেরদিগকে বাহির করিয়া
লইয়া গেল এবং লবণমাঠে গেল ও শেয়ীরের
সন্তানেরদের দশসহস্র জনকে মারিল। [১২]
অবশিষ্ট জীবৎ দশ সহস্রকে য়িহুদাহের সন্তানে
রা বান্ধিয়া লইয়া গেল ও এক শৈলশৃঙ্গোপার
তাহারদিগকে লইল এবং তাহারদিগকে অধঃ
ক্ষেপ করিল যে তাহাতে তাহারা খণ্ড২ করা গেল।

[১৩] কিন্তু আপনার সহিত যুদ্ধে না যাইবার
কারণ অমসিয়াহ্ যে সেনার যোদ্ধারদিগকে
ফিরিয়া পাঠাইয়াছিল তাহারা শমরোণহই
তে বীৎখোরোণপর্য্যন্ত য়িহুদাহের তাবন্নগরের
সহিত যুদ্ধ করিল ও তিনসহস্র মনুষ্যকে বধ ক
রিল ও লুঠিত দ্রব্য অনেক লইল। [১৪] অম
সিয়াহ্ এদোমীয়েরদের বধহইতে ফিরিয়া আ
ইলে এমত হইল সে শেয়ীরের দেবতারদিগকে
আনিল ও আপন দেব হইবার কারণ তাহার
দিগকে স্থাপন করিল ও তাহারদের সম্মুখে

প্রণাম করিল ও তাহারদের উদ্দেশে ধূপ পোড়া
ইল। [১৫] তাহাতে য়িহুহের ক্রোধ অমসিয়া
হের প্রতিকূলে প্রজ্বলিত হইল এবং তিনি তা
হার নিকটে এক জন আচার্য্যকে পাঠাইলেন সে
তাহাকে কহিল যে লোকেরদের দেবেরা আপ
নারদের লোকেরদিগকে তোমার হস্তহইতে উ
দ্ধার করিতে পারিল না সে দেবেরদের স্থানে
তুমি কেন ফল অপেক্ষা করিয়াছ। [১৬] সে তা
হাকে কথা কহিতেছে তৎকালে এমত হইল রাজা
তাহাকে কহিল তুমি কি রাজমন্ত্রী নিযুক্ত আছ
ক্ষান্ত হও কেন মারি খাইবা তখন আচার্য্য ক্ষান্ত
হইল এবং কহিল আমি জানি যে ঈশ্বর তোমা
কে নষ্ট করিতে নিশ্চয় করিয়াছেন কেননা তুমি
ইহা করিয়াছ এবং আমার পরামর্শ মান নাই।
[১৭] পরে য়িহুদাহের অমসিয়াহ্‌রাজ পরা
মর্শ লইল এবং য়িশ্রাএলের য়িহূর পুত্র য়িহো
আখাজের পুত্র য়োআশরাজের নিকটে এ কথা
কহিতে লোক পাঠাইল যে আইস আমরা পর
সপর মুখ দেখি। [১৮] পরে য়িশ্রাএলের য়ো
আশরাজ য়িহুদাহের অমসিয়াহ্‌রাজের নিকটে
এ কথা কহিতে লোক পাঠাইল যে লিবানোনস্থ
শিয়ালকাঁটা লিবানোনস্থ আরেজ বৃক্ষের নিক
টে পাঠাইয়া কহিল যে তোমার কন্যার সহিত
আমার পুত্রের বিবাহ দেও পরে লিবানোনস্থ
এক বন্য পশু সে পথে গেল ও শিয়ালকাঁটা দ
লাইল। [১৯] তুমি কহিতেছ যে দেখ আমি এ
দোমীয়েরদিগকে মারিয়াছি ও তোমার মন দর্প
কথা কহিতে তোমাকে প্রবৃত্ত করে ঘরে থাক তুমি
কেন আপন অমঙ্গলের কারণ চর্চ্চা কর যে তুমি
পড় অর্থাৎ তুমি ও তোমার সহিত য়িহুদাহ্।
[২০] কিন্তু অমসিয়াহ্ তাহা শুনিতে সম্মত হইল
না যেহেতুক তাহারা এদোমের দেবেরদের অন্বে
ষণ করিল তাহাতে তাহারদিগকে শত্রুহস্তগত
করিবার নিমিত্তে এ বিষয় ঈশ্বরেতে হইল।
[২১] অতএব য়িশ্রাএলের য়োআশরাজ গেল
এবং তাহারা অর্থাৎ সে ও য়িহুদাহের অম
সিয়াহ্‌রাজ য়িহুদাহের অধিকারস্থ বীৎশেমে
শে পরস্পর মুখাবলোকন করিল। [২২] এবং
য়িহুদাহ্ য়িশ্রাএলের সম্মুখে পরাভূত হইল
পরে তাহারা প্রত্যেক জন আপন২ তাম্বুতে
পলাইল। [২৩] এবং য়িহোআখাজের পুত্র
য়োআশের পুত্র য়িহুদাহের অমসিয়াহ্‌রাজকে
য়িশ্রাএলের য়োআশরাজ বীৎশেমেশে ধরিল
ও তাহাকে য়িরূশালমে আনিল এবং এফরায়ি
মের দ্বারহইতে কোণের দ্বারপর্য্যন্ত চারিশত হস্ত
য়িরূশালমের প্রাচীর ভাঙ্গিল। [২৪] এবং
ঈশ্বরের গৃহে ওবেদএদোমের হস্তগত যে স্বর্ণ
ও রূপা ও পাত্র এবং রাজবাটীর যত ধন সেল
কল ও জামিন কতক জনকে লইয়া শমরোণে
ফিরিয়া গেল।

[২৫] এবং য়োআশের পুত্র যে য়িহুদাহের
অমসিয়াহ্‌রাজ সে য়িশ্রাএলের য়িহোআখা
জরাজের পুত্র য়োআশের মরণের পর পোনর
বৎসর বাঁচিল। [২৬] আদ্যন্ত অমসিয়াহের
যে অবশিষ্ট কর্ম্ম দেখ তাহা কি য়িহুদাহের ও
য়িশ্রাএলের রাজারদের বিবরণপুস্তকে লিখিত
নাই।

[২৭] অমসিয়াহ্ যে সময় য়িহুহের অনুগত
হওয়াহইতে বিমুখ হইল সে কালের পরে তা
হারা য়িরূশালমে তাহার বিরুদ্ধে ঐক্য করিল
তাহাতে সে লাকীশে পলাইল কিন্তু তাহারা
তাহার পশ্চাৎ লাকীশে লোক পাঠাইল ও
তাহাকে সেখানে বধ করিল। [২৮] পরে তা
হারা তাহাকে অশ্বোপরি আরোহণ করাইয়া
আনিল ও সেখানে য়িহুদাহের নগরে তাহার
পিতৃলোকেরদের সহিত তাহাকে পুতিল।

## ২৬ পর্ব্ব।

[১] তখন য়িহুদাহের সকল লোক ষোলবৎ
সরবয়স্ক উজিয়াহ্‌কে লইল এবং তাহার পিতা
অমসিয়াহের পদে তাহাকে রাজা করিল। [২]
রাজা আপন পিতৃলোকেরদের সহিত শয়ন ক
রিলে সে এলোত নির্ম্মাণ করিল এবং য়িহুদাহ্
কে ফিরিয়া দিল। [৩] উজিয়াহ্ ষোলবৎসর
বয়স্ক হইয়া রাজ্য করিতে আরম্ভ করিল এবং
বাওয়ান্ন বৎসর য়িরূশালমে রাজ্য করিল ও তা
হার মাতার নাম য়িকোলিয়াহ্ সে য়িরূশাল
মের এক কন্যা। [৪] এবং তাহার পিতা অমসি
য়াহ্ যাহা করিয়াছিল সে সকলানুসারে য়িহু
হের দৃষ্টিতে সে উত্তম ক্রিয়া করিল। [৫] এবং
ঈশ্বরবিষয়ক দর্শনজ্ঞ জিকরিয়াহের সময়ে সে ঈ
শ্বরের অন্বেষণ করিল এবং যত কাল য়িহুহের
অন্বেষণ করিল তত কাল মঙ্গলপ্রাপ্ত হইল।
[৬] সে যাইয়া পলশ্তীয়েরদের সহিত যুদ্ধ
করিল এবং গাতের ও য়বনেহের ও অশ্দো
দের প্রাচীর ভাঙ্গিয়া ফেলিল। [৭] এবং অশ্
দোদের চতুর্দ্দিগে ও পলশ্তীয়েরদের মধ্যে
নগর নির্ম্মাণ করাইল। এবং ঈশ্বর পলশ্তী
য়েরদের ও গূরবআলবাসি অরবীয়েরদের ও
মিউনীয়েরদের প্রতিকূলে তাহার উপকার করি
লেন। [৮] এবং অমোনীয়েরা উজিয়াহ্‌কে উপ
ঢৌকন দিল এবং মিস্‌রে প্রবেশস্থানপর্য্যন্তই
তাহার নাম ব্যাপিল যেহেতুক সে অতিশয়
সমর্থ হইল। [৯] আরও উজীয়াহ্ য়িরূশাল
মে কোণের দ্বারে ও মাঠের দ্বারে ও বক্র স্থলে

গড় নির্ম্মাণ করিল ও তাহা দৃঢ় করিল। [১০] এবং অরণ্যে সে অনেক গড় করিল এবং অনেক কূপ খুদিল যেহেতুক নীচ ভূমিতে ও মাঠেতে তাহার যথেষ্ট পশু ছিল এবং পর্ব্বতে ও কর মেলে কৃষকেরা ও দ্রাক্ষাকৃষকেরা ছিল যেহেতুক সে কৃষিকর্ম্ম ভাল বাসিল। [১১] আরও য়িঈএল লেখকের ও মআশেয়াহ্ শাসনকর্ত্তার ও রাজার এক সেনাপতি খুননিয়াহের হস্তে আপন২ সংখ্যানুসারে দলে২ যে যাইত উজিয়াহের এমন যোদ্ধৃসৈন্য ছিল। [১২] অতিবীর্য্যবান লোকেরদের পিতৃপ্রধান সমুদায় লোক দুইসহস্র ছয় শত। [১৩] এবং শত্রুর বিরুদ্ধে অতিপরাক্রমেতে যে যুদ্ধ করিল রাজার উপকারি এমন তিনলক্ষ সাতসহস্র পাঁচশতসংখ্যক সৈন্য তাহারদের হস্তাধীন ছিল। [১৪] এবং উজিয়াহ্ সৈন্যের সর্ব্বত্র তাহারদের কারণ ঢাল ও বর্শা ও শিরস্ত্রাণ ও বর্ম্ম ও ধনুক ও প্রস্তরক্ষেপার্থ ফিঙ্গা এবং বাণ ও বড় প্রস্তরক্ষেপকরণার্থে তীক্ষ্ণবুদ্ধি মানুষকর্ত্তৃক সৃষ্ট গড় ও মুর্চার উপরে স্থাপনীয় যন্ত্র সে য়িরূশালমে গড়িল [১৫] এবং তাহার কীর্ত্তি অনেক দূর ব্যাপিল যেহেতুক সমর্থ না হওয়াপর্য্যন্ত সে আশ্চর্য্যরূপে উপকৃত হইল। [১৬] কিন্তু সমর্থ হইলে তাহার মন তাহার বিনাশের কারণ উঠিত হইল যেহেতুক সে আপন ঈশ্বর য়িহুহের আজ্ঞাতিক্রম করিল এবং ধূপার্থ বেদির উপরে ধূপ পোড়াইতে য়িহুহের মন্দিরে গেল। [১৭] অজরিয়াহ্ যাজক ও তাহার সহিত য়িহুহের আশী জন বলবান যাজক তাহার পশ্চাৎ প্রবেশ করিল। [১৮] এবং তাহারা উজিয়াহ্‌রাজের বিপরীতে দাঁড়াইল ও তাহাকে কহিল হে উজিয়াহ্ য়িহুহের উদ্দেশে ধূপ পোড়ান তোমার অধিকার নয় কিন্তু ধূপ পোড়াইবার কারণ পবিত্রীকৃত যে আহরোণের যাজক পুত্রেরা তাহারদের অধিকার পবিত্র স্থানহইতে যাও যেহেতুক তুমি আজ্ঞা লঙ্ঘন করিয়াছ এবং য়িহুহ পরমেশ্বরহইতে তোমার মঙ্গল হইবে না। [১৯] তখন উজিয়াহ্ ক্রুদ্ধ হইল এবং ধূপ পোড়াইবার কারণ তাহার হস্তে এক ধূনাচি ছিল এবং সে যাজকেরদের উপরে ক্রুদ্ধ হইলে যাজকেরদের সাক্ষাৎ য়িহুহের গৃহে ধূপের বেদির নিকটে কুষ্ঠরোগ তাহার কপালে হইল [২০] এবং অজরিয়াহ্ প্রধান যাজক ও সকল যাজকেরা তাহার উপরে অবলোকন করিল এবং দেখ তাহার কপালে কুষ্ঠরোগ হইল এবং তাহারা সেখানহইতে যাইতে তাহাকে ত্বরা করিল যেহেতুক য়িহুহ তাহাকে প্রহার করিয়াছিলেন। [২১] এবং উজিয়াহ্ আপন মরণকালপর্য্যন্ত কুষ্ঠরোগী হইল এবং কুষ্ঠী হইয়া ভিন্ন এক গৃহে বাস করিল যেহেতুক সে য়িহুহের গৃহহইতে কর্ম্মভ্রষ্ট হইল এবং তাহার পুত্র য়োতাম দেশের লোকেরদের বিচার করত রাজবাটীর অধ্যক্ষ হইল।

[২২] আদ্যন্ত উজিয়াহের অবশিষ্ট ক্রিয়া আমোসের পুত্র য়িশাইয়াহ্ আচার্য্য লিখিল। [২৩] পরে উজিয়াহ্ আপন পিতৃলোকেরদের সহিত নিদ্রা গেল এবং রাজারদের কবরক্ষেত্রে তাহার পিতৃলোকেরদের নিকটে তাহারা তাহাকে পুতিল যেহেতুক তাহারা কহিল যে সে কুষ্ঠী এবং তাহার পুত্র য়োতাম তাহার পদে রাজ্য করিল।

২৭ পর্ব্ব।

[১] য়োতাম পঞ্চবিংশতি বৎসরবয়স্ক হইয়া রাজ্য করিতে আরম্ভ করিল এবং য়িরূশালমে ষোল বৎসর রাজ্য করিল তাহার মাতার নাম য়িরূশাহ্ সে সাদোকের কন্যা। [২] এবং তাহার পিতা উজিয়াহ্ যে কার্য্য করিয়াছিল সে সকলানুসারে সে য়িহুহের দৃষ্টিতে উত্তম কার্য্য করিল তথাচ সে য়িহুহের মন্দিরে প্রবেশ করিল না। [৩] এবং লোকেরা তখনও বড় অশুচি ক্রিয়া করিল সে য়িহুহের গৃহের উচ্চ দ্বার গাঁথাইল এবং ওফেলের দেওয়ালের উপরে অনেক গাঁথাইল। [৪] এবং য়িহুহের পর্ব্বতে সে নগর গাঁথাইল এবং অরণ্যে গড় ও দুর্গ করিল।

[৫] সে অম্মোনীয়েরদের রাজার সহিত যুদ্ধ করিল ও তাহাকে পরাজয় করিল এবং সে বৎসরে অম্মোনের সন্তানেরা একশত কিকার রূপা ও দশসহস্র পরিমাণ গোম ও দশসহস্র পরিমাণ যব দিল এবং দ্বিতীয় ও তৃতীয় বৎসরেও অম্মোনের সন্তানেরা তাহাকে তত দিল। [৬] অতএব য়োতাম সপ্রভাব হইল যেহেতুক সে আপন ঈশ্বর য়িহুহের সাক্ষাৎ আপন পথ প্রস্তুত করিল।

[৭] য়োতামের অবশিষ্ট ক্রিয়া ও তাহার সকল যুদ্ধ ও পথ দেখ সে সকল য়িশ্রাএলের ও য়িহুদাহের রাজারদের বিবরণপুস্তকে লিখিত আছে। [৮] সে যখন রাজ্য করিতে আরম্ভ করিল তখন পঞ্চবিংশতি বৎসরবয়স্ক ছিল এবং য়িরূশালমে ষোল বৎসর রাজ্য করিল।

[৯] পরে য়োতাম আপন পিতৃলোকেরদের সহিত শয়ন করিল এবং তাহারা তাহাকে দাউদের নগরে পুতিল পরে তাহার পুত্র আখাজ তাহার পদে রাজ্য করিল।

২৮ পর্ব্ব।

[১] আখাজ বিংশতিবৎসরবয়স্ক হইয়া রাজ্য

করিতে আরম্ভ করিল এবং যিরূশালমে ষোল
বৎসর রাজ্য করিল কিন্তু আপন পিতা দাউদের
মত উত্তম ক্রিয়া যিহুহের দৃষ্টিতে করিল না। [২]
যেহেতুক সে যিশ্রাএলের রাজারদের পথে
গতি করিল এবং বআলেরদের সাঁচুয়া প্রতি
মা করিল। [৩] আর সে হিনোমের পুত্রের
মাঠে ধূপ পোড়াইল এবং যিহুহ যিশ্রাএলের
সন্তানেরদের সম্মুখে যাহারদিগকে প্রক্ষেপ ক
রিয়াছিলেন এমত যে অন্য দেশীয়েরা তাহার
দের ঘৃণ্য ক্রিয়ানুসারে আপন বালকেরদিগকে
অগ্নিতে পোড়াইল। [৪] এবং সে উচ্চ স্থানে
ও পর্ব্বতের উপরে ও প্রত্যেক তাজা বৃক্ষের তলে
বলিদান করিল ও ধূপ পোড়াইল। [৫] তা
হাতে তাহার ঈশ্বর যিহুহ তাহাকে অরামের রা
জার হাতে সমর্পণ করিলেন এবং তাহারা তা
হাকে মারিল এবং তাহারদের মধ্যে অনেক
লোককে দাসত্বে লইয়া গেল ও দমাশেকে পঁ
হুছাইল এবং তাহাকে বড় হননেতে আঘাত
কারি যিশ্রাএলের রাজার হাতেও সে সমর্পিত
হইল।

[৬] যেহেতুক রিমলিয়াহের পুত্র পেকাখ্
এক দিনে যিহুদাহের একলক্ষ বিংশতিসহস্র
জনকে বধ করিল এই সকল বীর্য্যবান মনুষ্য
যেহেতুক তাহারা আপনারদের পিতৃলোকের
দের ঈশ্বর যিহুহকে ত্যাগ করিয়াছিল। [৭]
এবং জিকরী নামে এফরায়িমের পরাক্রান্ত এক
জন রাজপুত্র মআশেয়াহ্‌কে ও বাটীর অ
ধ্যক্ষ অজরিকমকে ও রাজসমীপস্থ এলকানাহ্‌
কে বধ করিল। [৮] এবং যিশ্রাএলের সন্তা
নেরা আপনারদের ভ্রাতারদের স্ত্রী পুত্র কন্যা
দুইলক্ষ মনুষ্যকে বন্দি করিয়া লইয়া গেল ও
তাহারদেরহইতে অনেক দ্রব্য লুঠ করিল ও
সে লুঠিত বস্তু শমরোণে লইয়া গেল। [৯]
কিন্তু ওদেদ নামে তত্রস্থ এক জন যিহুহের আ
চার্য্য শমরোণে আগত সৈন্যের সম্মুখে গিয়া
তাহারদিগকে কহিল দেখ তোমারদের পিতৃ
লোকেরদের ঈশ্বর যিহুহ যিহুদাহের উপরে
ক্রুদ্ধ হইলেন সেকারণেতে তাহারদিগকে তো
মারদের হাতে সমর্পণ করিলেন এবং তোমরা
স্বর্গস্পৃক্ চণ্ডতাতে তাহারদিগকে বধ করিলা।
[১০] এবং এখন তোমরা দাস দাসীর কারণ
যিহুদাহ্ ও যিরূশালমের সন্তানেরদিগকে রা
খিতে মনে করিতেছ কিন্তু তোমারদের ঈশ্বর যি
হুহের বিপরীতে কি তোমারদের মধ্যে তোমার
দের মধ্যেই পাপ নাই। [১১] অতএব এখন
আমার কথা শুন এবং আপনারদের ভ্রাতার
দের মধ্যে তোমরা যাহারদিগকে বন্দি করিয়া
লইয়াছ সে ধৃত বন্দিরদিগকে উদ্ধার কর যেহে
তুক যিহুহের জ্বলন্ত ক্রোধ তোমারদের উপরে
আছে। [১২] তখন এফরায়িমের সন্তানেরদের
কতক প্রধান লোক বিশেষতঃ যিহোখানানের
পুত্র অজরিয়াহ্ ও মিশিলেমোতের পুত্র বেরে
কিয়াহ্ ও শলুর পুত্র যিখিজকিয়াহ্ ও খদলা
ঈর পুত্র অমাশা যুদ্ধহইতে আগত লোকেরদের
বিরুদ্ধে দাঁড়াইল। [১৩] এবং তাহারদিগকে
কহিল তোমরা বন্দি লোকেরদিগকে এখানে
আনিতে পাইবা না আমরা যিহুহের অতুষ্টি
কর ক্রিয়া করিয়াছি বটে তথাপি তোমরা আ
মারদের পাপ ও ঘাইট অধিকও করিতে চাহ
যেহেতুক আমারদের অতিক্রম বড় এবং যিশ
রাএলের উপরে জ্বলন্ত ক্রোধ হইয়াছে। [১৪]
অতএব অস্ত্রধারি লোকেরা সে বন্দি লোকের
দিগকে ও সে লুঠিত বস্তু আনিয়া অধ্যক্ষেরদের
ও সমস্ত মণ্ডলীর সম্মুখে রাখিল। [১৫] পরে যে
মানুষেরদের নাম লিখিত আছে তাহারা উঠিল
এবং বন্দি লোকেরদিগকে লইল এবং লুঠিত
বস্তুতে তাহারদের মধ্যবর্ত্তি উলঙ্গ লোকেরদিগ
কে বস্ত্রান্বিত ও ভূষিত করিল ও তাহারদের পা
য়ে জুতা দিল ও তাহারদিগকে ভোজন পান ক
রিতে দিল ও তাহারদিগকে তৈল মাখাইল ও
তাহারদের মধ্যে যত লোক দুর্ব্বল তাহারদি
গকে গর্দ্দভারোহণ করাইয়া তাহারদের ভ্রাতার
দের নিকটে খর্জ্জূরবৃক্ষনগরে অর্থাৎ যিরিখুতে
লইয়া গেল পরে তাহারা শমরোণে ফিরিয়া
গেল।

[১৬] সে সময়ে আপন উপকার করিতে আ
খাজ আশূরদেশের রাজারদের নিকটে লোক
পাঠাইল। [১৭] যেহেতুক পুনর্ব্বার এদোমী
য়েরা আসিয়া যিহুদাহ্‌কে মারিয়াছিল ও বন্দি
লোকেরদিগকে লইয়া গিয়াছিল। [১৮] প
লশ্তীয়েরাও নীচ ভূমির ও যিহুদাহের দক্ষিণ
দেশের নগরে চড়াউ করিয়াছিল এবং বৈৎশে
মেশ ও আয়ালোন ও গিদেরোত ও শোকো তা
হার উপনগরসুদ্ধ ও তিমনাহ্ তাহার উপনগর
সুদ্ধ ও গিমজু তাহার উপনগরসুদ্ধ হস্তবশ করি
য়াছিল ও তাহারা সেখানে বাস করিল। [১৯]
কেননা যিশ্রাএলের আখাজরাজপ্রযুক্ত যিহুহ
যিহুদাহ্‌কে হ্রস্ব করিলেন কেননা সে যিহুদাহ্
কে উলঙ্গ করিল ও যিহুহের বিপরীতে আজ্ঞা
লঙ্ঘন অতিশয়রূপে করিল। [২০] এবং আ
শূরের তিলগাত পিলন্এসেররাজ তাহার নিক
টে আইল ও তাহাকে ক্লেশ দিল কিন্তু তাহার
বলবৃদ্ধি করিল না। [২১] কেননা আখাজ যি
হুহের গৃহহইতে ও রাজবাটীহইতে ও অধ্যক্ষে

রদেরহইতে কিছু লইয়া আশূরের রাজাকে দিল
কিন্তু সে তাহার উপকার করিল না।
[২২] এবং তাহার ক্লেশের সময়ে য়িহুহের
বিপরীতে সে অধিক আজ্ঞালঙ্ঘন করিল এই
সে আখাজরাজ। [২৩] যেহেতুক দমাশেকীয়
তাহার হননকারি দেবেরদের উদ্দেশে সে বলি
দান করিল এবং কহিল অরামীয় দেবেরা তাহা
রদের উপকার করে অতএব আমি তাহারদের
উদ্দেশে বলি দিব যে তাহারা আমার উপকার
করে কিন্তু তাহারা তাহার ও সকল য়িশ্রাএলের
বিনাশজনক হইল। [২৪] এবং আখাজ ঈশ্ব
রের গৃহের সমস্ত পাত্র একত্র করিল এবং ঈশ্বরের
গৃহেতে সকল পাত্র কাটিয়া খণ্ড২ করিল এবং
য়িহুহের গৃহের কপাট রুদ্ধ করিল এবং য়িরূ
শালমের প্রত্যেক কোণে আপনার নিমিত্তে বে
দি করিল। [২৫] এবং য়িহুদাহের প্রত্যেক নগ
রে সে অন্যদেবেরদের উদ্দেশে ধূপ পোড়াই
বার কারণ উচ্চ স্থান করিল এবং আপন পিতৃ
লোকেরদের ঈশ্বর য়িহুহকে ক্রুদ্ধ করিল।
[২৬] তাহার অবশিষ্ট ক্রিয়া এবং আদ্যন্ত
তাহার সকল আচরণ দেখ তাহা য়িহুদাহ্ ও
য়িশ্রাএলের রাজারদের বিবরণপুস্তকে লিখিত
আছে। [২৭] এবং আখাজ আপন পিতৃলো
কেরদের সহিত নিদ্রা গেল এবং তাহারা তাহা
কে য়িরূশালমনগরে পুতিল কিন্তু য়িশ্রাএলের
রাজারদের কবরে তাহাকে আনিল না পরে তা
হার পুত্র খিজিকিয়াহ্ তাহার পদে রাজ্য ক
রিল।

## ২৯ পর্ব্ব।

[১] খিজিকিয়াহ্ পঁচিশবৎসরবয়স্ক হইয়া
রাজ্য করিতে আরম্ভ করিল এবং ঊনত্রিশ বৎ
সর য়িরূশালমে রাজ্য করিল তাহার মাতার নাম
আবিয়াহ্ সে জিকরিয়াহের কন্যা। [২] এবং
তাহার পিতা দাউদ যে ক্রিয়া করিয়াছিল সে
সকলানুযায়ী সে য়িহুহের দৃষ্টিতে উত্তম ক্রিয়া
করিল।
[৩] সে আপন অধিকারের প্রথম বৎসরের
প্রথম মাসে য়িহুহের গৃহের কপাট খুলিল ও তা
হা সারিল। [৪] এবং সে যাজক লৈবেরদিগকে
প্রবেশ করাইল এবং তাহারদিগকে পূর্ব্বদিগের
পথেতে একত্র করিল ও তাহারদিগকে কহিল
হে লৈবেরা আমার কথা শুন [৫] এখন আপ
নারদিগকে পবিত্র কর ও তোমারদের পিতৃলো
কেরদের ঈশ্বর য়িহুহের গৃহ পবিত্র কর এবং
পবিত্র স্থানহইতে সকল মল লইয়া যাও। [৬]
যেহেতুক আমারদের পিতৃলোকেরা ঘাইট করি
য়াছে এবং আমারদের ঈশ্বর য়িহুহের দৃষ্টিতে
কুক্রিয়া করিয়াছে ও তাঁহাকে ত্যাগ করিয়াছে
এবং আপনারদের মুখ য়িহুহের নিবাসহইতে
ফিরাইয়াছে ও আপনারদের পৃষ্ঠ তদ্দিগে করি
য়াছে। [৭] এবং বারান্দার দ্বারও বদ্ধ করি
য়াছে ও প্রদীপ নির্ব্বাণ করিয়াছে ও পবিত্র স্থা
নে য়িশ্রাএলের ঈশ্বরের উদ্দেশে ধূপ পোড়ায়
নাই ও হোম করে নাই। [৮] অতএব য়িহু
হের ক্রোধ য়িহুদাহ্ ও য়িরূশালমের উপরে
ছিল ও তোমরা চক্ষুতে যেমন দেখ তেমন তিনি
তাহারদিগকে ক্লেশে ও বিস্ময়ে ও শীশ দেওয়া
তে সমর্পণ করিয়াছেন [৯] যেহেতুক দেখ ইহা
তে আমারদের পিতৃলোকেরা তলোআরেতে
পড়িয়াছে ও আমারদের পুত্রেরা ও আমারদের
কন্যারা ও আমারদের ভার্য্যারা বন্দি হইয়াছে।
[১০] অতএব য়িশ্রাএলের ঈশ্বর য়িহুহের স
হিত এক নিয়ম করিতে আমার মনে আছে যে
তাঁহার জ্বলন্ত ক্রোধ আমারদের নিকটহইতে
যায়। [১১] অতএব হে আমার পুত্রেরা তোম
রা শিথিল হইও না যেহেতুক আপন সম্মুখে
দাঁড়াইতে ও আপন সেবা করিতে ও আপন নি
কটে কার্য্য সম্পন্ন করিতে ও ধূপ পোড়াইতে
য়িহুহ তোমারদিগকে মনোনীত করিয়াছেন।
[১২] তখন কিহাতীয়েরদের সন্তানেরদের মধ্যে
অমাশইর পুত্র মখত ও অজরিয়াহের পুত্র য়ো
এল ও মিরারীর সন্তানেরদের মধ্যে অবদীর
পুত্র কীশ ও য়িহ্লিলএলের পুত্র অজরিয়াহ্
এবং গেরশোনীয়েরদের মধ্যে জিম্মাহের পুত্র
য়োআখ ও য়োআখের পুত্র এদেন। [১৩]
এবং এলীসাফানের সন্তানেরদের মধ্যে শিমরী
ও য়েইএল ও আশাফের সন্তানেরদের মধ্যে
জিকরিয়াহ্ ও মত্তনিয়াহ্। [১৪] এবং হেমা
নের সন্তানেরদের মধ্যে য়িখিএল ও শিমিঈ ও
য়িদূতূনের সন্তানেরদের মধ্যে শিমঈয়াহ্ ও উ
জিএল এই২ লৈবেরা উঠিল। [১৫] এবং আ
পনারদের ভ্রাতারদিগকে একত্র করিল ও আপ
নারদিগকে পবিত্র করিল এবং য়িহুহের কর্ম্ম
বিষয়ক রাজাজ্ঞানুসারে য়িহুহের গৃহ পরি
ষ্কার করিতে আইল। [১৬] এবং তাহা পরি
ষ্কৃত করিবার কারণ যাজকেরা য়িহুহের গৃহের
মধ্যখানে গেল এবং য়িহুহের মন্দিরে তাহা
রা যে২ মল পাইল সে সকল বাহির করিয়া
য়িহুহের গৃহের উঠানে রাখিল পরে কিদ
রোণ নদীতে ফেলিবার কারণ লৈবেরা তাহা
বাহিরে লইয়া গেল। [১৭] মাসের প্রথম দিনে
তাহারা পবিত্র করিতে আরম্ভ করিল এবং মা
সের অষ্টম দিনে তাহারা য়িহুহের বারান্দাতে
আইল এতদ্রূপে তাহারা আট দিনের মধ্যে

য়িহুহের গৃহ পবিত্র করিল এবং প্রথম মাসের
ষোড়শ দিনে তাহা সাঙ্গ করিল। [১৮] তখন
তাহারা খিজিকিয়াহ্‌রাজের সাক্ষাৎ যাইয়া ক
হিল আমরা য়িহুহের সমুদয় গৃহ ও যজ্ঞবেদি
ও তাহার সকল পাত্রসমেত এবং দৃষ্টিভোগ
রুটির মেজ তাহার সকল পাত্রসমেত পরিষ্কৃত
করিয়াছি [১৯] আরও আখাজরাজ তাহার অ
ধিকার কালে আপনার অতিক্রমেতে যে২ পাত্র
ফেলিয়া দিয়াছিল সে সকল পাত্র আমরা প্র
স্তুত করিয়াছি ও পবিত্র করিয়াছি এবং দেখ
সে সকল য়িহুহের বেদির সম্মুখে।

[২০] তখন খিজিকিয়াহ্‌রাজ প্রত্যূষে উঠিল
এবং নগরাধ্যক্ষেরদিগকে একত্র করিয়া য়িহু
হের গৃহে গেল। [২১] পরে তাহারা রাজ্যার্থে
ও পবিত্র স্থানার্থে ও য়িহুদাহর্থে পাপনাশক
বলির কারণ সাত বলদ ও সাত মেষ ও সাত মে
ষের বাচ্চা ও সাত পাঁঠা আনিল এবং সে আহ
রোণের সন্তান যাজকেরদিগকে য়িহুহের বেদ্যু
পরি হোম করিতে আজ্ঞা দিল। [২২] অতএব
তাহারা বলদেরদিগকে হনন করিল এবং যাজ
কেরা রক্ত লইয়া বেদ্যুপরি প্রোক্ষণ করিল তাহা
রা মেষেরদিগকেও মারিল ও বেদ্যুপরি রক্ত প্রো
ক্ষণ করিল তাহারা মেষ শাবকেরদিগকেও মা
রিল এবং বেদ্যুপরি রক্ত প্রোক্ষণ করিল। [২৩]
তাহারা পাপঘ্ন বল্যর্থে রাজার ও মণ্ডলীর সা
ক্ষাৎ পাঁঠারদিগকে বাহির করিল এবং তাহার
দের উপরে স্বহস্তার্পণ করিল। [২৪] অপর যাজ
কেরা তাহারদিগকে মারিল এবং সকল য়িশ্রাএ
লের জন্যে প্রায়শ্চিত্ত করিতে তাহারদের রক্তের
দ্বারা বেদির উপরে মেল করিল যেহেতুক সকল
য়িশ্রাএলের কারণ হোম ও পাপঘ্ন বলিদান
করিতে রাজা আজ্ঞা দিল। [২৫] এবং দাউদের
ও রাজার প্রদর্শক গাদের ও নাথান আচার্য্যের
আজ্ঞানুসারে সে করতাল ও নবল ও বীণাহস্ত
লৈবেরদিগকে য়িহুহের গৃহে নিরূপণ করিল
কেননা আপন আচার্য্যেরদের দ্বারা য়িহুহ যে
আজ্ঞা দিয়াছেন তাহা এই। [২৬] এবং লৈবে
রা দাউদের বাদ্যহস্ত হইয়া ও যাজকেরা তূরীহস্ত
হইয়া দাঁড়াইল। [২৭] পরে বেদ্যুপরি হোম
করিতে খিজিকিয়াহ্‌ আজ্ঞা দিল এবং যখন হো
মের আরম্ভ হইল তখন তূরীর দ্বারা ও য়িশ্রা
এলের দাউদরাজেতে নিরূপিত বাদ্যের দ্বারা
য়িহুহের গীতের আরম্ভ হইল। [২৮] এবং সকল
মণ্ডলী ভজনা করিল ও গায়কেরা গান করিল
ও তূরীবাদকেরা বাজাইল হোম সাঙ্গ না হওয়া
পর্য্যন্ত এই২ সকল হইল। [২৯] তাহারা যজ্ঞ
সাঙ্গ করিলে রাজা ও তাহার নিকটবর্ত্তি সকল
লোক প্রণাম করিয়া ভজনা করিল। [৩০]
আরও খিজিকিয়াহ্‌রাজ ও অধ্যক্ষেরা লৈবেরদি
গকে য়িহুহের উদ্দেশে দাউদের বাক্যে ও প্রদ
র্শক আসাফের বাক্যে স্তুতিগান করিতে আজ্ঞা
দিল এবং তাহারা হর্ষেতে স্তুতিগান করিল এ
বং মস্তকেতে প্রণাম করিয়া ভজনা করিল। [৩১]
তখন খিজিকিয়াহ্‌ প্রত্যুত্তর করিয়া কহিল তোম
রা য়িহুহের নিমিত্তে আপনারদিগকে পবিত্র ক
রিয়াছ এখন নিকটে আইস এবং বলি ও ধন্য
বাদার্থ নৈবেদ্য য়িহুহের গৃহে আন পরে মণ্ড
লী বল্যর্থ ও ধন্যবাদার্থ বস্তু আনিল এবং
যত লোক দানশীল তাহারা হোমার্থ বস্তু আ
নিল। [৩২] হোমের যে২ পশু মণ্ডলী আনিল
তাহার সংখ্যা সত্তরি বলদ ও একশত মেষ ও
দুইশত মেষশাবক এই সকল য়িহুহের উদ্দেশে
হোমার্থে। [৩৩] এবং পবিত্রীকৃত পশু ছয়
শত বলদ ও তিনসহস্র মেষ। [৩৪] কিন্তু যা
জকেরা এমন অল্প ছিল যে তাহারা হোমার্থ
পশুরদের সকল চর্ম্ম উন্মোচন করিতে পারিল না
অতএব সে কর্ম্ম সাঙ্গ না হওয়াপর্য্যন্ত এবং অন্য
যাজকেরা আপনারদিগকে যেপর্য্যন্ত পবিত্র না
করিয়াছিল সেপর্য্যন্ত তাহারদের ভ্রাতৃ লৈবেরা
তাহারদের উপকার করিল যেহেতুক লৈবেরা
আপনারদিগকে পবিত্র করিবার জন্য যাজকের
দেরহইতে সাধ্বন্তঃকরণ ছিল। [৩৫] এবং
স্বস্ত্যয়নের চরবিসুদ্ধ ও প্রত্যেক হোমের নিমি
ত্তে পানীয় নৈবেদ্যসুদ্ধ হোমের অনেক কার্য্য
ছিল এরূপে য়িহুহের গৃহের সেবার ধারা স্থির
হইল। [৩৬] এবং ঈশ্বর লোকেরদিগকে যে
প্রস্তুত করিয়াছিলেন তাহাতে খিজিকিয়াহ্‌ ও
সকল লোকেরা আনন্দ করিল কেননা সে কার্য্য
হঠাৎ হইল।

৩০ পর্ব্ব ।

[১] অনন্তর খিজিকিয়াহ্‌ সমস্ত য়িশ্রাএলের
ও য়িহুদাহের নিকটে লোক প্রেরণ করিল এবং
এফরায়িম ও মনশেহের নিকটে পত্র পাঠাইল
যে তাহারা আসিয়া য়িশ্রাএলের ঈশ্বর য়িহু
হের উদ্দেশে পেসাখ করিবার কারণ য়িরূশাল
মে য়িহুহের গৃহে আইসে। [২] যেহেতুক দ্বি
তীয় মাসে পেসাখ্‌পালন করিতে রাজা ও তা
হার অধ্যক্ষেরা ও সকল মণ্ডলী য়িরূশালমে প
রামর্শ করিয়াছিল। [৩] কেননা সেই সময়ে
তাহারা তাহা পালন করিতে পারিল না যেহে
তুক যাজকেরা সর্ব্বতোভাবে আপনারদিগকে প
বিত্র করে নাই এবং লোকেরাও আপনারদিগ
কে য়িরূশালমে একত্র করে নাই। [৪] এবং
সে কার্য্য রাজার ও সকল মণ্ডলীর তুষ্টিকর হ

ইল। [৫] অতএব তাহারা বিএরশেবাহইতে দানপর্য্যন্ত য়িশ্রাএলের সর্ব্বত্র ঘোষণা করিতে নিয়ম স্থির করিল যে তাহারা য়িরূশালমে আসিয়া য়িশ্রাএলের ঈশ্বর য়িহুহের উদ্দেশে পেসাখ্‌পালন করে কেননা লিখিত বিধ্যনুসারে তাহারা চিরকালাবধি তাহা করে নাই। [৬] অতএব রাজাজ্ঞানুসারে ডাকেরা রাজারও তাহার অধ্যক্ষেরদের নিকটহইতে য়িশ্রাএল ও য়িহুদাহের সর্ব্বত্র পত্র লইয়া গিয়া এ কথা কহিল হে য়িশ্রাএলের সন্তানেরা তোমরা অবরাহামের ও য়িস্‌খাকের ও য়িশ্রাএলের ঈশ্বর য়িহুহের পক্ষে পুনর্ব্বার ফির এবং তোমারদের যে অবশিষ্ট লোকেরা আশূরের রাজারদের হাতহইতে বাঁচিয়াছে তাহারদের পক্ষে তিনি পুনঃ ফিরিবেন।

[৭] এবং আপনারদের পিতৃলোকেরদের ঈশ্বর য়িহুহের বিরুদ্ধে অতিক্রমকারি তোমারদের পিতৃলোকেরদের ও ভ্রাতারদের মত হইও না কেননা যেমন তোমরা দেখ তেমন তিনি সে প্রযুক্ত তাহারদিগকে বিনাশে সমর্পণ করিলেন। [৮] অতএব এখন আপনারদের পিতৃলোকেরদের মত স্কন্ধগল হইও না কিন্তু আপনারদিগকে য়িহুহের হস্তে সমর্পণ কর এবং তিনি সদাকালার্থ যে পবিত্র স্থান পবিত্র করিয়াছেন তাহাতে প্রবেশ কর এবং তোমারদের ঈশ্বর য়িহুহের ক্রোধ তোমারদের নিকটহইতে যাইবার কারণ তাঁহার সেবা কর। [৯] কেননা যখন তোমরা পুনর্ব্বার য়িহুহের পক্ষে ফিরিয়া আইস তখন যাহারা তাহারদিগকে দাসত্বে লইয়া যায় তাহারদের নিকটে তোমারদের ভ্রাতারা ও তোমারদের সন্তানেরা এমন অনুগ্রহ পাইবে যে তাহারা এ দেশে পুনর্ব্বার আসিবে যেহেতুক তোমারদের ঈশ্বর য়িহুহ অনুগ্রাহক ও দয়ালু এবং যদি তোমরা তাঁহার পক্ষে পুনর্ব্বার যাও তবে তিনি তোমারদের প্রতি বিমুখ হইবেন না। [১০] অতএব ডাকেরা এফরায়িম ও মনশেহ্‌দেশের সর্ব্বত্র নগরে২ জিবুলূনপর্য্যন্ত গেল কিন্তু তাহারা তাহারদিগকে পরিহাস ও নিন্দা করিল। [১১] তথাপি আশেরের ও মনশেহের ও জিবুলূনের কতক লোক আপনারদিগকে নম্র করিল ও য়িরূশালমে আইল। [১২] এবং য়িহুহের বাক্যের দ্বারা রাজার ও অধ্যক্ষেরদের যে আজ্ঞা তাহা পালন করিতে ও তাহারদিগকে মনের ঐক্য দিতে ঈশ্বরের হাত য়িহুদাহেতে তাহারদের উপকার করিল।

[১৩] এবং দ্বিতীয় মাসে বেখমির রুটির পর্ব্ব করিতে অনেক লোক অর্থাৎ অতিবড় মণ্ডলী য়িরূশালমে একত্র হইল। [১৪] এবং তাহারা উঠিল ও য়িরূশালমস্থ বেদি দূর করিল এবং ধূপ পোড়ানার্থে যত বেদি সে সকল তাহারা খণ্ডাইল ও কীদরোণ নদীতে ফেলিয়া দিল। [১৫] পরে দ্বিতীয় মাসের চতুর্দ্দশ দিনে তাহারা পেসাখ্‌ মারিল এবং যাজকেরা ও লৈবেরা লজ্জিত হইয়া আপনারদিগকে পবিত্র করিল ও য়িহুহের গৃহে হোমের পশুরদিগকে আনিল। [১৬] তাহারা ঈশ্বরের মানুষ মোশহের শাস্ত্রানুসারে যথারীতে আপন২ স্থানে দাঁড়াইল এবং যাজকেরা লৈবেরদের হাতেতে প্রাপ্ত রক্ত প্রোক্ষণ করিল। [১৭] কেননা মণ্ডলীর মধ্যে অপবিত্র অনেক লোক ছিল অতএব যে প্রত্যেক জন পবিত্র না হইল তাহাকে য়িহুহের কারণ পবিত্র করণের জন্যে লৈবেরা তাহারদের কারণ পেসাখ্‌মারা কর্ম্মে নিযুক্ত ছিল। [১৮] যেহেতুক লোকেরদের মধ্যে বড় জনতা অর্থাৎ এফরায়িম ও মনশেহ্‌ ও য়িশাকর ও জিবুলূনের অনেক লোক আপনারদিগকে পবিত্র করে নাই তথাপি লিখিত বিধির অন্যরূপে তাহারা পেসাখ্‌ ভোজন করিল। [১৯] কিন্তু খিজিকিয়াহ্‌ তাহারদের কারণ প্রার্থনা করিয়া কহিল পবিত্র স্থানের বিধ্যনুসারে পবিত্র না হইয়াও যে প্রত্যেক জন আপন পিতৃলোকেরদের ঈশ্বর য়িহুহ পরমেশ্বরের চেষ্টা করিতে আপন অন্তঃকরণ প্রস্তুত করে এমত প্রত্যেক জনকে অনুগ্রাহক য়িহুহ ক্ষমা করুন। [২০] এবং য়িহুহ খিজিকিয়াহের কথাতে অবধান করিলেন এবং লোকেরদিগকে সুস্থ করিলেন। [২১] এবং য়িরূশালমে উপস্থিত য়িশ্রাএলের সন্তানেরা অতিহর্ষেতে সাত দিনপর্য্যন্ত বেখমির রুটিপর্ব্ব পালন করিল এবং য়িহুহের উদ্দেশে উচ্চৈঃশব্দকারি বাদ্যের সহিত লৈবেরা ও যাজকেরা প্রতিদিন য়িহুহের স্তুতি করিল। [২২] এবং যে সকল লৈবেরা য়িহুহবিষয়ক উত্তমজ্ঞান শিক্ষা করাইল তাহারদিগকে খিজিকিয়াহ্‌ সান্ত্বনাকারি বাক্য কহিল এবং তাহারা স্বস্ত্যয়ন করত ও আপনারদের পিতৃলোকেরদের ঈশ্বর য়িহুহের প্রতি স্বীকার করত সাত দিনপর্য্যন্ত সে পর্ব্বের ভোজন করিল। [২৩] পরে অন্য সাত দিন পালন করিতে সমুদয় মণ্ডলী পরামর্শ করিল এবং হর্ষেতে অন্য সাত দিন পালন করিল। [২৪] যেহেতুক য়িহুদাহের খিজিকিয়াহ্‌রাজ মণ্ডলীকে একসহস্র বলদ ও সাতসহস্র মেষ এবং অধ্যক্ষেরা মণ্ডলীকে একসহস্র বলদ ও দশসহস্র মেষ দিল এবং যাজকেরদের মধ্যে অনেকে আপনারদিগকে পবিত্র করিল। [২৫] এবং

য়িহুদাহের সকল মণ্ডলী যাজকেরদের ও লৈবে
য়দের ও য়িশ্রাএলহইতে আগত সকল মণ্ড
লীর ও য়িশ্রাএলদেশহইতে আগত ও য়িহুদাহ্
দেশে প্রবাসি বিদেশীয়েরদের সহিত আনন্দ
করিল। [২৬] অতএব য়িরূশালমে বড় আনন্দ
হইল যেহেতুক য়িশ্রাএলের দাউদরাজের পুত্র
শলমনের দিবসাবধি য়িরূশালমে এমত হয়
নাই।
[২৭] পরে লৈব যাজকেরা উঠিল ও লোকের
দিগকে আশীর্ব্বাদ করিল এবং তাহারদের শব্দ
শুনা গেল এবং তাহারদের প্রার্থনা তাঁহার প
বিত্র বসতিস্থান স্বর্গপর্য্যন্ত উদ্‌গমন করিল।

৩১ পর্ব্ব।

[১] এ সকল সাঙ্গ হইলে পর সেখানে উপ
স্থিত সকল য়িশ্রাএল য়িহুদাহের নগরে গেল
এবং প্রতিমাসকল ভাঙ্গিয়া ফেলিল ও চৈত্য
বৃক্ষ কাটিয়া ফেলিল এবং যেপর্য্যন্ত সকল সর্ব্ব
তোভাবে নষ্ট না করিয়াছিল সেপর্য্যন্ত সকল
য়িহুদাহে ও বেন্যামিনে এবং এফ্রায়িমে ও
মনশেহে উচ্চ স্থান ও বেদি ভাঙ্গিয়া ফেলিল
পরে য়িশ্রাএলের সন্তানেরা প্রত্যেক জন স্ব স্ব
অধিকারে স্বস্বনগরে ফিরিয়া গেল।
[২] এবং খিজিকিয়াহ্ যাজকেরদের পর্য্যায়
নিরূপণ করিল এবং লৈবেরদিগকে তাহারদের
পর্য্যায়ানুক্রমে প্রত্যেক জনকে তাহার সেবানুসা
রে এবং হোমের ও স্বস্ত্যয়নের ও সেবার ও
ধন্যবাদ করিবার ও য়িহুহের তাম্বুতে ও দ্বারে
স্তুতি করিবার কারণ যাজকেরদিগকে ও লৈবের
দিগকে নিরূপণ করিল। [৩] এবং হোমের জ
ন্যে রাজার সম্পত্তিহইতে তাহার দাতব্য অর্থাৎ
প্রাতঃকালিক ও সন্ধ্যাকালিক হোমের জন্যে
এবং শাবত ও অমাবস্যা ও নিরূপিত উৎসবের
হোমের জন্যে ঈশ্বরের শাস্ত্রের লিখনানুসারে নি
রূপণ করিল। [৪] এবং যাজকেরা ও লৈবেরা
য়িহুহের শাস্ত্রে আশ্বাসপ্রাপ্ত হয় এই নিমিত্তে
সে য়িরূশালমবাসি লোকেরদিগকে তাহারদের
অংশ দিতে আজ্ঞা দিল।
[৫] এবং আজ্ঞা নির্গতা হইবামাত্র য়িশ্রাএ
লের সন্তানেরা শস্যদ্রাক্ষারসতৈলমধুপ্রভৃতি ভূ
ম্যুৎপন্ন সকল দ্রব্যের প্রথম ফল অতিবাহুল্য
রূপে আনিল এবং সকল দ্রব্যের দশমাংশ প্র
চুররূপে আনিল। [৬] এবং য়িহুদাহের অন্য২
নগরবাসি য়িশ্রাএলের ও য়িহুদাহের সন্তানে
রা গোমেষাদির দশমাংশ ও তাহারদের ঈশ্বর
য়িহুহের উদ্দেশে পবিত্রীকৃত পবিত্র বস্তুর দশ
মাংশও আনিয়া স্তূপ২ করিল। [৭] তাহারা
তৃতীয় মাসে সেই স্তূপের অধোভাগ গড়িতে আ
রম্ভ করিল এবং সপ্তম মাসে তাহা সাঙ্গ করিল।
[৮] পরে যখন খিজিকিয়াহ্ ও অধ্যক্ষেরা আ
ইল ও স্তূপ দেখিল তখন তাহারা য়িহুহের ও
তাহার য়িশ্রাএল লোকেরদের স্তুতি করিল।
[৯] তখন খিজিকিয়াহ্ সে সকল স্তূপের বিষয়ে
যাজকেরদিগকে ও লৈবেরদিগকে প্রশ্ন করি
ল। [১০] এবং সাদোকের বংশজ অজরি
য়াহ্ প্রধান যাজক তাহাকে প্রত্যুত্তর করিয়া ক
হিল লোকেরা য়িহুহের গৃহে নৈবেদ্য আনি
তে যেঅবধি আরম্ভ করিল সেঅবধি আমার
দের খাইবার প্রচুর দ্রব্য হইল এবং অনেকও
উদ্বর্ত্ত রহিয়াছে যেহেতুক য়িহুহ আপন লো
কেরদিগকে আশিস দিয়াছেন এবং যাহা অব
শিষ্ট তাহা এ বড় ধন।
[১১] তখন খিজিকিয়াহ্ য়িহুহের গৃহে কুঠরি
প্রস্তুত করিতে আজ্ঞা দিল তাহাতে তাহারা তাহা
প্রস্তুত করিল। [১২] এবং নৈবেদ্য ও দশমাংশ
ও পবিত্রীকৃত বস্তু বিশ্বস্তরূপে ভিতরে আনিল
এবং তাহারদের উপরে লৈব কোননিয়াহ্ অ
ধ্যক্ষ ছিল ও তাহার পর তাহার ভ্রাতা শিমিয়ী।
[১৩] তাহার পরে কোননিয়াহ্ ও তাহার ভ্রাতা
শিমিয়ীর হস্তবশ য়িখীএল ও অজজিয়াহ্ ও ন
খৎ ও অশাহএল ও য়িরীমোত ও য়োজাবাদ ও
এলীএল ও য়িসমকিয়াহ্ ও মখৎ ও বিনায়াহ্
খিজিকিয়াহ্রাজের ও য়িহুহের গৃহের অধ্যক্ষ
অজরিয়াহের আজ্ঞায় পরিদর্শক ছিল। [১৪]
এবং য়িমনাহের পুত্র লৈব কোরে পূর্ব্বদিগের
দ্বারপাল ছিল সে য়িহুহের উদ্দেশে নিবেদিত
ও মহাপবিত্র বস্তু বাঁটিয়া দিবার কারণ ঈশ্বরের
উদ্দেশে ইচ্ছাপূর্ব্বক দত্ত বস্তুর কর্ত্তা ছিল। [১৫]
এবং তাহার পরে এদেন ও মিনিয়ামিন ও য়িশূ
আ ও শেমাঈয়াহ্ ও অমরিয়াহ্ ও শিকানিয়াহ্
আপন২ নিরূপিত পদস্থ হইয়া আপামর সা
ধারণ আপনারদের ভ্রাতারদিগকে পর্য্যায়ানু
সারে দিতে যাজকেরদের নগরে থাকিল। [১৬]
তিন বৎসর ও ততোধিকবয়স্ক তাহারদের পুরু
ষের বংশাবলিব্যতিরেকে অর্থাৎ যে প্রত্যেক
জন য়িহুহের গৃহে প্রবেশ করে তাহারদের পর্য্যা
য়ানুসারে তাহারদের পদে যে কার্য্য তাহার নি
মিত্তে তাহার অংশ দিতে। [১৭] এতাবতা আপ
ন২ পিতৃবংশানুসারে যাজকেরদের বংশাবলি
তে গৃহীত লোকেরদিগকে ও বিংশতি বৎসর ও
ততোধিকবয়স্ক লৈবেরদিগকে তাহারদের পদে
পর্য্যায়ানুসারে দিতে। [১৮] এবং মণ্ডলীর
সর্ব্বত্র বংশাবলিতে গৃহীত তাহারদের সকল
বালকেরদিগকে ও তাহারদের ভার্য্যারদিগকে
ও তাহারদের পুত্রেরদিগকে ও তাহারদের কন্যা

রদিগকেও দিতে সেং নগরে থাকিল যেহেতুক তাহারা আপনং নিরূপিত পদে আপনারদিগকে সাধুতাতে পবিত্র করিল। [১৯] এবং আহরোণের সন্তান যাজকেরদের মধ্যে যেং জনের নাম লিখিত ছিল তাহারা যাজকেরদের মধ্যে সকল পুরুষকে ও লেবেরদের মধ্যে যত লোক বংশাবলিতে গণিত হইল তাহারদিগকেও বাঁট দিতে আপনারদের নগরের অর্থাৎ প্রত্যেক নগরের উপনগরের ক্ষেত্রে থাকিল।

[২০] এতদ্রূপে খিজিকিয়াহ্ য়িহুদাহের সর্ব্বত্র করিল এবং আপন ঈশ্বর য়িহুহের দৃষ্টিতে উত্তম ও প্রকৃত ও সত্য কার্য্য করিল। [২১] এবং ঈশ্বরের গৃহের সেবায় ও শাস্ত্রে ও আজ্ঞাতে সে আপন ঈশ্বরের অন্বেষণ করিবার কারণ যেং কার্য্য আরম্ভ করিল তাহা আপন সমস্ত অন্তঃকরণের সহিত করিল ও ভাগ্যবান হইল।

৩২ পর্ব্ব।

[১] এ কার্য্যের ও তাহার স্থিরকরণের পরে আশূরের সনিখেরিবরাজ আইল এবং য়িহুদাহে প্রবেশ করিল ও প্রাচীরবেষ্টিত তাবন্নগরের বিপরীতে ছাউনি করিল ও আপনার কারণ তাহা জয় করিতে মনে করিল। [২] এবং যখন খিজিকিয়াহ্ দেখিল যে সনিখেরিব আসিয়াছে ও য়িরূশালমের বিরুদ্ধে যুদ্ধ করিতে মনে স্থির করিয়াছে। [৩] তখন সে নগরের বাহিরে উনইর জল বন্ধ করিতে আপন অধ্যক্ষেরদের ও পরাক্রান্ত লোকেরদের সহিত পরামর্শ করিল এবং তাহারা তাহার উপকার করিল। [৪] অতএব আশূরের রাজারা আসিয়া অনেক জল কেন পাইবে এই কথা কহিয়া অনেক লোক একত্র হইল এবং উনইসকল ও দেশের মধ্যেতে যে নদী বহিতেছিল সে নদীও বন্ধ করিল। [৫] এবং সে আপনাকে সমর্থ করিল এবং ভগ্ন প্রাচীর সকল সারাইল ও গড়পর্য্যন্ত উচ্চ করিল এবং তাহার বাহিরে আর এক প্রাচীর নির্ম্মাণ করাইল এবং দাউদের নগরের মধ্যে মিলু সারিল এবং বাহুল্যরূপে বাণ ও ঢাল নির্ম্মাণ করিল। [৬] এবং লোকেরদের মধ্যে যুদ্ধের সেনাপতিরদিগকে নিযুক্ত করিল এবং নগরের দ্বারে তাহারদিগকে আপনার নিকটে একত্র করিয়া আশ্বাসজনক বাক্য কহিল। [৭] সবল ও সপ্রভাব হও আশূরের রাজাতে ও তাহার সঙ্গি জনতাতে ভয়ার্ত্ত কিম্বা বিষণ্ণ হইও না যেহেতুক আমারদের সঙ্গিরা তাহার সঙ্গিরদেরহইতে অনেক। [৮] তাহার সহায় মাংসময় ভুজ কিন্তু আমারদের উপকার করিতে ও আমারদের যুদ্ধ করিতে আমারদের ঈশ্বর য়িহুহ আমারদের সহায় আছেন এবং লোকেরা য়িহুদাহের খিজিকিয়াহ্‌রাজের কথাতে শরণ লইল।

[৯] অতঃপরে আশূরের সনিখেরিবরাজ আপন সকল বলসুদ্ধ লাকিশের প্রতিকূলে থাকিয়াও য়িহুদাহের খিজিকিয়াহ্‌রাজের নিকটে ও য়িরূশালমস্থ সকল য়িহুদাহের নিকটে এ কথা কহিতে আপনার দাসেরদিগকে য়িরূশালমে পাঠাইল। [১০] যে আশূরের সনিখেরিবরাজ এ কথা কহেন তোমরা কাহাতে বিশ্বাস কর যে তোমরা য়িরূশালমের অবরোধে থাক। [১১] আমারদের ঈশ্বর য়িহুহ আশূরের রাজার হাতহইতে আমারদিগকে উদ্ধার করিবেন খিজিকিয়াহ্ এই কথা কহত ক্ষুধাতে ও তৃষ্ণাতে মরিবার কারণ আপনারদিগকে দিতে কি তোমারদিগকে প্ররোচনা করে নাই। [১২] ঐ খিজিকিয়াহ্ কি তাঁহার উচ্চ স্থান ও বেদি খণ্ডায় নাই এবং তোমরা এক বেদির সম্মুখে ভজনা করিবা ও তাহার উপরে ধূপ পোড়াইবা এই কথা কহত কি য়িহুদাহ্ ও য়িরূশালমকে আজ্ঞা দেয় নাই। [১৩] আমি ও আমার পিতৃলোকেরা অন্যদেশীয় লোকেরদিগকে যাহা করিয়াছি তোমরা কি তাহা জান না সেং দেশের জাতীয়েরদের দেবেরা কি কোন প্রকারে আপনারদের দেশ আমার হাতহইতে উদ্ধার করিতে পারিল। [১৪] আমার পিতৃলোকেরা যেং জাতীয়েরদিগকে সর্ব্বতোভাবে সংহার করিল তাহারদের সকল দেবেরদের মধ্যে যে আপন লোককে আমার হাতহইতে উদ্ধার করিতে পারিল এমন কে ছিল যে তোমারদের ঈশ্বর আমার হাতহইতে তোমারদিগকে উদ্ধার করিবে। [১৫] অতএব এখন খিজিকিয়াহ্ তোমারদিগকে না ভুলাউক ও তোমারদিগকে এমত প্ররোচনা না করুক এবং তাহাকে প্রত্যয় করিও না যেহেতুক কোন জাতির কিম্বা রাজ্যের কোন দেবতা আপন লোককে আমার ও আমার পিতৃলোকেরদের হাতহইতে উদ্ধার করিতে পারিল না কি পুনঃ তোমারদের ঈশ্বর আমার হাতহইতে তোমারদিগকে উদ্ধার করিতে পারে। [১৬] তাহার দাসেরা য়িহুহ পরমেশ্বরের ও তাহার দাস খিজিকিয়াহের বিপরীতে ইহাহইতে অধিকও কহিল। [১৭] সে য়িশ্রাএলের ঈশ্বর য়িহুহের নিন্দা করিতে ও তাঁহার বিপরীতে কহিতে এং পত্রও লিখিল যে অন্যং দেশীয় জাতিরদের দেবেরা যেমন আপনং লোকেরদিগকে আমার হাতহইতে উদ্ধার করে নাই সেমত খিজিকিয়াহের ঈশ্বর তাঁহার লোকেরদিগকে আমার হাতহইতে উদ্ধার করিবেন না। [১৮] তখন তাহারা নগর যে আক্রমণ

করে এই জন্যে তাহারদিগকে ভয় দেখাইতে ও
ব্যাকুল করিতে তাহারা য়িহুদীয়েরদের ভাষায়
প্রাচীরের উপরিস্থ য়িরূশালমবাসি লোকেরদের
কাছে ডাকিল। [১৯] এবং যেমন পৃথিবীস্থ
লোকেরদের দেবেরদের অর্থাৎ মনুষ্যের হস্ত
কৃত বস্তুর বিপরীতে কহে তেমন তাহারা য়িরূ
শালমের ঈশ্বরের বিপরীতে কহিল [২০] ইহা
তে খিজিকিয়াহ্‌রাজ এবং আমোসের পুত্র য়ি
শায়িয়াহ আচার্য্য স্বর্গের প্রতি প্রার্থনা করিল
ও মিনতি করিল।

[২১] পরে য়িহুহ এক দূতকে পাঠাইলেন ও
সে আশূরের রাজার ছাউনির মধ্যে সকল বীর্য্য
বান মনুষ্যেরদিগকে ও অগ্রণীরদিগকে ও সেনা
পতিরদিগকে উচ্ছিন্ন করিল অতএব সে অপমান
পাইয়া আপন দেশে ফিরিয়া গেল পরে আ
পন দেবের ঘরে প্রবেশ করিলে তাহার আপ
নার ঔরসজাতেরা তাহাকে সেখানে করবালে
তে বধ করিল। [২২] এপ্রকারে য়িহুহ খিজিকি
য়াহকে ও য়িরূশালমনিবাসিরদিগকে আশূরের
সনিখেরিবরাজের হাতহইতে ও আর সকল আ
পদহইতে উদ্ধার করিলেন ও তাহারদিগকে সর্ব্ব
দিগে পথে গমন করাইলেন। [২৩] এবং অ
নেকে য়িহুহের জন্যে দত্ত দ্রব্য য়িরূশালমে আ
নিল এবং য়িহুদাহের খিজিকিয়াহ্‌রাজের কার
ণে উপঢৌকন আনিল অতএব সে তদবধি সকল
জাতীয়েরদের দৃষ্টিতে বড় হইল।

[২৪] সে সময়ে খিজিকিয়াহ্ মুমূর্ষু হইল এবং
য়িহুহের কাছে প্রার্থনা করিল তাহাতে তিনি
তাহাকে কহিলেন ও তাহাকে এক চিহ্ন দিলেন।
[২৫] কিন্তু খিজিকিয়াহ্ যে উপকার পাইয়া
ছিল তদনুসারে প্রতীকার করিল না যেহেতুক
তাহার হৃদয় গর্ব্বিত হইল সেহেতুক তাহার উ
পরে এবং য়িহুদাহের ও য়িরূশালমের উপরে
ক্রোধ আইল। [২৬] কিন্তু খিজিকিয়াহ্ আ
পনার অন্তঃকরণের অহঙ্কার জানিয়া আপনা
কে নম্র করিল অর্থাৎ সে ও য়িরূশালমবাসি
লোকেরা তাহাতে খিজিকিয়াহের কালে য়িহু
হের ক্রোধ তাহারদের উপরে পড়িল না।

[২৭] এবং খিজিকিয়াহের অতিশয় ধন ও স
ম্মান ছিল এবং রূপার ও স্বর্ণের ও মণির ও
সুগন্ধদ্রব্যের ও ঢালের কারণ ও সকল প্রকার
উত্তম পাত্রের কারণ কোষ ছিল। [২৮] এবং
শস্য ও দ্রাক্ষারস ও তৈলরূপ উৎপন্নের জন্যে
ভাণ্ডার ও সর্ব্বপ্রকার পশুর জন্যে শালা ও মেষ
পালের জন্যে খোঁয়াড় তাহার ছিল। [২৯]
আরো সে আপনার জন্যে বাহুল্যরূপে নগর ও
গোমেষাদি পাল সঞ্চয় করিল যেহেতুক ঈশ্বর
তাহাকে অতিশয় ধন দিয়াছিলেন। [৩০]
এই খিজিকিয়াহ্ গীখোনের দূরস্থ জলধারা বন্ধ
করিল ও সোজা পথে তাহা দাউদের নগরের প
শ্চিমপার্শ্বে আনিল এবং খিজিকিয়াহ্ আপন
সকল কার্য্যে ভাগ্যবান হইল।

[৩১] কিন্তু তাহার দেশে কৃত আশ্চর্য্য ক্রিয়ার
বিষয়ে জিজ্ঞাসা করিবার কারণ তাহার নিকটে
লোকপ্রেরক বাবেলের অধ্যক্ষেরদের উকীলের
দের বিষয়ে তাহার অন্তঃকরণস্থ সকল জানিতে
তাহাকে পরীক্ষা করিবার জন্যে ঈশ্বর তাহাকে
ত্যাগ করিলেন।

[৩২] খিজিকিয়াহের অবশিষ্ট সকল ক্রিয়া ও
তাহার ভদ্রতা দেখ তাহা আমোসের পুত্র য়িশা
য়িয়াহ্ আচার্য্যের দর্শনপুস্তকে ও য়িহুদাহের
ও য়িশ্রাএলের রাজারদের বিবরণপুস্তকে লি
খিত আছে। [৩৩] পরে খিজিকিয়াহ্ আপন
পিতৃলোকেরদের সহিত নিদ্রা গেল এবং দাউ
দের সন্তানেরদের অত্যুত্তম কবরে তাহারা তা
হাকে পুতিল এবং তাহার মরণকালে সকল য়ি
হুদাহ্ ও য়িরূশালমবাসি লোকেরা তাহার স
ম্মান করিল ও তাহার পুত্র মনশেহ্ তাহার পদে
রাজ্য করিল।

### ৩৩ পৰ্ব্ব।

[১] মনশেহ্ দ্বাদশ বৎসরবয়স্ক হইয়া রাজ্য
করিতে আরম্ভ করিল এবং পঞ্চান্ন বৎসর য়িরূ
শালমে রাজ্য করিল। [২] কিন্তু য়িহুহ যাহার
দিগকে য়িশ্রাএলের সন্তানেরদের সম্মুখে দূর
করিয়াছিলেন তাহারদের ঘৃণার্হ ক্রিয়ার মত
সে য়িহুহের দৃষ্টিতে কুকর্ম্ম করিল।

[৩] যেহেতুক তাহার পিতা খিজিকিয়াহ্ যে
উচ্চস্থান ভাঙ্গিয়া ফেলিয়াছিল সেং স্থান সে পু
নর্ব্বার নির্ম্মাণ করাইল এবং বআলেরদের নিমি
ত্তে বেদি নির্ম্মাণ করিল ও চৈত্যবৃক্ষ করিল এবং
স্বর্গের সকল সৈন্যের পূজা ও সেবা করিল।
[৪] এবং য়িহুহ যাহার বিষয়ে কহিয়াছিলেন
যে আমার নাম য়িরূশালমে নিত্য থাকিবে তত্রস্থ
য়িহুহের গৃহে সে যজ্ঞবেদি নির্ম্মাণ করাইল।
[৫] এবং সে স্বর্গের সকল সৈন্যের কারণ য়িহু
হের গৃহের দুই উঠানে যজ্ঞবেদি করিল। [৬]
এবং সে আপন সন্তানেরদিগকে হিনোমের পু
ত্রের মাঠে অগ্নির পথে গতি করাইল এবং বি
শেষ কাল মানিল ও কবচ ও ডাইনপনা করিল
এবং ভেলকী ও জাদুগিরি করিল সে য়িহুহকে
ক্রুদ্ধ করিবার কারণ তাঁহার দৃষ্টিতে অনেক কুক
র্ম্ম করিল। [৭] এবং ঈশ্বরের গৃহের মধ্যে সে খো
দা এক প্রতিমা অর্থাৎ স্বহস্তকৃত দেবতাকে স্থা
পন করিল অর্থাৎ যাহার বিষয়ে ঈশ্বর দাউদকে

ও তাহার পুত্র শলমনকে কহিয়াছিলেন যে এ
গৃহে ও আমি য়িশ্রাএলের সকল গোষ্ঠীরদের
মধ্যহইতে মনোনীত করিয়াছি যে য়িরুশালম
তাহাতেও আমি সদা আপন নাম রাখিব। [৮]
এবং আমাকে আদিষ্ট সকল কর্ম্ম অর্থাৎ মো
শহের হস্তেতে দত্ত সকল শাস্ত্র ও ব্যবস্থাও বিধ্য
নুসারে কর্ম্ম করিতে যদি তাহারা মনোযোগ
করে তবে আমি যে দেশ তোমারদের পিতৃলো
কেরদের নিমিত্তে নিরূপণ করিয়াছি সে দেশহই
তে য়িশ্রাএলের পদ আর স্থানান্তর করিব না।
[৯] এতদ্রূপে মনশেহ্ য়িহুদাহ্কে ও য়িরুশালম
বাসরদিগকে ভুলাইল ও যে অন্যদেশীয়েরদি
গকে য়িহুহ য়িশ্রাএলের সন্তানেরদের সম্মুখে
নষ্ট করিয়াছিলেন তাহারদেরহইতে অধম ক্রি
য়া করাইল।

[১০] পরে য়িহুহ মনশেহ্কে ও তাহার লো
কেরদিগকে কথা কহিলেন কিন্তু তাহারা শুনিতে
সম্মত হইল না।

[১১] অতএব য়িহুহ তাহারদের উপরে আশূ
রের রাজার সেনাপতিরদিগকে আনিলেন ও তা
হারা কণ্টকের মধ্যে মনশেহকে ধরিল ও তাহা
কে বেড়ি দিয়া বন্ধ করিল ও বাবেলে লইয়া
গেল। [১২] এবং সে যখন ক্লেশগ্রস্ত হইল
তখন আপন ঈশ্বর য়িহুহকে মিনতি করিল ও
আপন পিতৃলোকেরদের ঈশ্বরের সম্মুখে আপ
নাকে বড় নম্র করিল। [১৩] ও তাঁহার কাছে
প্রার্থনা করিল ও তিনি তাহাতে প্রার্থিত হইলেন
ও তাহার মিনতি শুনিলেন ও তাহাকে য়িরুশা
লমে ও তাহার রাজ্যে পুনর্ব্বার আনিলেন ত
খন মনশেহ্ জানিল যে য়িহুহই ঈশ্বর। [১৪]
ইহার পরে সে দাউদের নগরের বাহিরে গীখো
নের পশ্চিম পার্শ্বে মাঠের মধ্যে মৎস্যদ্বারপর্য্যন্ত
প্রাচীর করিল এবং ওফেলের বেষ্টন করিল ও
তাহা বড় উচ্চ করিল এবং প্রাচীরেতে বেষ্টিত
য়িহুদাহের সকল নগরে যুদ্ধার্থে সেনাপতিরদিগ
কে রাখিল। [১৫] এবং সে অন্যজাতীয়েরদের
দেবেরদিগকে ও প্রতিমাকে য়িহুহের গৃহহইতে
খণ্ডাইল এবং আপনি যে সকল যজ্ঞবেদি য়িহু
হের গৃহের পর্ব্বতে ও য়িরুশালমে করিয়াছিল
সে সকল খণ্ডাইল ও নগরহইতে দূর করিল।
[১৬] এবং য়িহুহের বেদি সারিল এবং তাহার
উপরে স্বস্ত্যয়ন ও ধন্যবাদার্থ নৈবেদ্য করিল
এবং য়িহুদাহ্কে য়িশ্রাএলের ঈশ্বর য়িহুহের
সেবা করিতে আজ্ঞা দিল। [১৭] তথাপি লোকে
রা তখনও উচ্চস্থানে যজ্ঞ করিল কিন্তু কেবল আ
পনারদের ঈশ্বর য়িহুহের উদ্দেশে করিল।

[১৮] মনশেহের অবশিষ্ট ক্রিয়া এবং আ
পন ঈশ্বরের কাছে তাহার কৃত প্রার্থনা এবং য়িশ্
রাএলের ঈশ্বর য়িহুহের নামে যে প্রদর্শকেরা
তাহাকে কথা কহিল তাহারদের কথা দেখ তাহা
য়িশ্রাএলের রাজারদের বিবরণপুস্তকে লিখিত
আছে। [১৯] এবং তাহার প্রার্থনা ও ঈশ্বর যে
রূপে তাহাকর্ত্তৃক প্রার্থিত ছিলেন তাহা ও তা
হার সকল পাপ ও আজ্ঞাতিক্রম এবং সে নম্রী
ভূত হইবার পূর্ব্বে যেং স্থানে আপন উচ্চস্থান
গাঁথাইল ও চৈত্যবৃক্ষ করিল ও খোদা প্রতিমা
স্থাপন করিল সেং স্থানের বিবরণ দেখ প্রদর্শকে
রদের বাক্যের মধ্যে লিখিত আছে।

[২০] অতএব মনশেহ্ আপন পিতৃলোকের
দের সহিত নিদ্রা গেল ও তাহারা তাহার নিজ
গৃহে তাহাকে পুতিল ও তাহার পুত্র আমোন
তাহার পদে রাজ্য করিল।

[২১] আমোন বাইশবৎসরবয়স্ক হইয়া রাজ্য
করিতে আরম্ভ করিল এবং য়িরুশালমে দুই বৎ
সর রাজ্য করিল। [২২] কিন্তু সে আপন পিতা
মনশেহের মত য়িহুহের দৃষ্টিতে কুকর্ম্ম করিল
যেহেতুক তাহার পিতা মনশেহ্ যে সকল খোদা
প্রতিমা নির্ম্মাণ করিয়াছিল তাহারদের উদ্দেশে
আমোন যজ্ঞ করিল ও তাহারদের সেবা করিল।
[২৩] এবং তাহার পিতা মনশেহ্ যেমন আপ
নাকে নম্র করিল তেমন সে আপনাকে য়িহুহের
সম্মুখে নম্র করিল না কিন্তু আমোন উত্তরং অ
ধিক পাপ করিল। [২৪] পরে তাহার দাসে
রা তাহার প্রতিকূলে ঐক্য করিল ও তাহার নিজ
গৃহে তাহাকে বধ করিল।

[২৫] কিন্তু আমোনরাজের প্রতিকূলে যাহা
রা ঐক্য করিয়াছিল সে সকলকে দেশের লো
কেরা বধ করিল এবং দেশের লোকেরা তাহার
পুত্র য়োশিয়াহ্কে তাহার পদে রাজা করিল।

৩৪ পর্ব্ব।

[১] য়োশিয়াহ্ আটবৎসরবয়স্ক হইয়া রাজ্য
করিতে আরম্ভ করিল এবং য়িরুশালমে একত্রিশ
বৎসর রাজ্য করিল। [২] এবং সে য়িহুহের
দৃষ্টিতে উত্তম ক্রিয়া করিল এবং আপন পিতা
দাউদের পথে গতি করিল সে দক্ষিণে কিম্বা বা
মে তাহা ছাড়িল না।

[৩] কেননা তাহার অধিকারের অষ্টম বৎস
রে সে তখন যুবা হইয়াও আপন পিতা দাউদের
ঈশ্বরের অন্বেষণ করিতে আরম্ভ করিল এবং
দ্বাদশ বৎসরে য়িহুদাহ্ ও য়িরুশালমহইতে উচ্চ
স্থান ও চৈত্যবৃক্ষ ও খোদা প্রতিমা ও ছাঁচুয়া প্র
তিমা দূর করিতে লাগিল। [৪] এবং তাহার
সাক্ষাৎ তাহারা বআলেরদের বেদি ভাঙ্গিয়া
ফেলিল ও তদুপরিস্থ প্রতিমা কাটিয়া ফেলিল

এবং চৈত্যবৃক্ষ ও খোদা প্রতিমা ও ছাঁচুয়া প্রতিমা ভাঙ্গিয়া ফেলিল ও ধূলা করিল ও যাহারা তাহারদের উদ্দেশে যজ্ঞ করিয়াছিল তাহারদের কবরের উপরে সে ধুলা ছড়াইল। [৫] এবং যাজকেরদের অস্থি তাহারদের যজ্ঞবেদির উপরে দগ্ধ করিল এবং য়িহুদাহ্ ও য়িরূশালম পরিষ্কার করিল। [৬] এবং তাহারা চতুর্দ্দিগে কুড়ালিতে মনশেহের ও এফরায়িমের ও শিমিওনের নগরে নপ্তালিপর্য্যন্ত সেমত করিল। [৭] এবং সে বেদি ও চৈত্যবৃক্ষ ভাঙ্গিয়া ও খোদা প্রতিমারদিগকে চূর্ণ করিয়া এবং য়িশরাএলদেশের সর্ব্বত্র সকল প্রতিমারদিগকে কাটিয়া য়িরূশালমে ফিরিয়া গেল।

[৮] তাহার অধিকারের অষ্টাদশ বৎসরে সে দেশ ও ঘর পরিষ্কৃত করিয়া অসলিয়াহের পুত্র শাফানকে ও নগরের অধ্যক্ষ মআশেয়াহ্কে ও য়োআখাজের পুত্র য়োআখ্ স্মারককে আপন ঈশ্বর য়িহুহের গৃহ সারাইতে পাঠাইল। [৯] এবং তাহারা খিলকিয়াহ্ প্রধান যাজকের নিকটে পঁহুছিয়া যে২ মুদ্রা য়িহুহের গৃহে আনীত ছিল ও দ্বারপাল লৈবেরা মনশেহের ও এফরায়িমের ও অবশিষ্ট য়িশরাএলের ও সকল য়িহুদাহের ও বেন্যামিনের হাতহইতে যাহা সংগ্রহ করিয়াছিল সে মুদ্রা তাহার কাছে সমর্পণ করিল এবং তাহারা য়িরূশালমে ফিরিয়া আইল। [১০] এবং যে কর্ম্মাধ্যক্ষেরা য়িহুহের গৃহের পরিদর্শকপদপ্রাপ্ত হইল তাহারদের হাতে তাহা দিল এবং গৃহ সারিতে ও ভাল করিতে তাহারা য়িহুহের গৃহে কর্ম্মকারি লোকেরদিগকে দিল। [১১] অর্থাৎ খোদা প্রস্তর ও য়িশরাএলের রাজারা যে২ গৃহ নষ্ট করিয়াছিল তাহা সারিবার নিমিত্তে আড়কাঠ ও বরোগার জন্যে কাষ্ঠ ক্রয় করিতে তাহারা তাহা সূত্রধরেরদিগকে ও রাজেরদিগকে দিল। [১২] এবং সে লোকেরা বিশ্বস্তরূপে সে কর্ম্ম করিল এবং তাহা তাগাদা করিতে লৈব মিরারির সন্তানেরদের মধ্যে য়খত ও ওবদিয়াহ্ ও কিহাতীয়েরদের সন্তানেরদের মধ্যে জিকরিয়াহ্ ও মিসুলাম ও অন্য লৈবেরা অর্থাৎ বাদ্য বাজাইতে নিপুণ যত লোক তাহারা তাহারদের পরিদর্শক ছিল। [১৩] এবং তাহারা ভারবাহকেরদের ও সে কার্য্য করাতে যত কর্ম্মকারি লোক তাহারদেরও উপরে ছিল এবং লৈবেরদের মধ্যে লেখকও কর্ম্মাধ্যক্ষ ও দ্বারপাল ছিল।

[১৪] এবং তাহারা য়িহুহের গৃহে আনীত মুদ্রা বাহিরে আনিলে খিলকিয়াহ্ যাজক মোশহেতে দত্ত য়িহুহের শাস্ত্রপুস্তক পাইল। [১৫] পরে খিলকিয়াহ্ প্রত্যুত্তর করিয়া শাফান লেখককে কহিল আমি য়িহুহের গৃহে শাস্ত্রপুস্তক পাইয়াছি পরে খিলকিয়াহ্ শাফানকে পুস্তক দিল। [১৬] অপর শাফান সে পুস্তক রাজার নিকটে লইয়া গিয়া পুনর্ব্বার রাজার সাক্ষাৎ নিবেদন করিল যে তোমার দাসেরদের কাছে সমর্পিত সকল কর্ম্ম করা যাইতেছে। [১৭] এবং তাহারা য়িহুহের গৃহে প্রাপ্ত সকল মুদ্রা একত্র করিয়াছে এবং কর্ম্মাধ্যক্ষেরদের ও কর্ম্মকারিরদের হাতে তাহা দিয়াছে। [১৮] তখন শাফান লেখক রাজাকে এ কথা কহিল খিলকিয়াহ্ যাজক আমাকে এক পুস্তক দিয়াছে পরে শাফান তাহা রাজার সাক্ষাৎ পড়িল। [১৯] এবং এমত হইল রাজা সে পুস্তকের কথা শুনিয়া আপন বস্ত্র ছিঁড়িল [২০] পরে রাজা খিলকিয়াহ্কে ও শাফানের পুত্র আখীকামকে ও মীকাহের পুত্র আবদোনকে ও শাফান লেখককে ও অশায়াহ্ নামে রাজার এক দাসকে আজ্ঞা করিল। [২১] যাও আমার জন্যে ও য়িশরাএলের ও য়িহুদাহে যাহারা অবশিষ্ট থাকে তাহারদেরও জন্যে এ প্রাপ্ত পুস্তকের কথার বিষয়ে য়িহুহের নিকটে জিজ্ঞাসা কর আমারদের পিতৃলোকেরা এ পুস্তকে লিখিত বাক্যানুসারে য়িহুহের বাক্য পালন করে নাই এইহেতুক য়িহুহের যে ক্রোধ আমারদের উপরে ঢালা গিয়াছে তাহাই বড়। [২২] পরে খিলকিয়াহ্ ও রাজাতে নিযুক্ত সকল লোক খসরাহের পুত্র তোকহতের পুত্র শলূম যে বস্ত্ররক্ষক তাহার ভার্য্যা খুলদাহ্ আচার্য্যাণীর নিকট গেল সে য়িরূশালমে বিদ্যালয়ে বাস করিত পরে তাহারা তাহাকে তদ্বিষয়ক কথা কহিল।

[২৩] এবং সে তাহারদিগকে এ প্রত্যুত্তর দিল যে য়িশরাএলের ঈশ্বর য়িহুহ এ কথা কহেন যে মানুষ তোমারদিগকে পাঠাইল তাহাকে কহ। [২৪] য়িহুহ এ কথা কহেন দেখ আমি এ স্থানের উপরে ও তন্নিবাসিরদের উপরে অমঙ্গল আনিব অর্থাৎ তাহারা যে পুস্তক য়িহুদাহের রাজার সাক্ষাৎ পড়িয়াছে তাহাতে লিখিত সকল শাপ কথা। [২৫] যেহেতুক তাহারা আপনারদের হাতের ক্রিয়াতে আমাকে ক্রুদ্ধ করিবার কারণ আমাকে ত্যাগ করিয়াছে এবং অন্য দেবেরদের উদ্দেশে ধূপ পোড়াইয়াছে অতএব আমার কোপ এ স্থানের প্রতিকূলে ঢালা যাইবে ও নির্ব্বাণ হইবে না। [২৬] এবং তোমারদিগকে য়িহুহের কাছে জিজ্ঞাসা করিবার কারণ পাঠাইল যে য়িহুদাহের রাজা তাহার বিষয়ে এই তুমি যে২ কথা শুনিয়াছ তাহার বিষয়ে

য়িশ্রাএলের ঈশ্বর য়িহুহ এ কথা কহেন।
[২৭] তোমার অন্তঃকরণ কোমল হইল ও তুমি
যখন এ স্থানের ও তন্নিবাসিরদের বিরুদ্ধে কথা
শুনিলা তখন ঈশ্বরের সাক্ষাৎ আপনাকে নম্র
করিলা ও আপনাকে বিনত করিলা ও আপন
বস্ত্র ছিঁড়িলা ও আমার সাক্ষাৎ ক্রন্দন করিলা
তাহাতে য়িহুহ কহেন যে আমি তোমার কথাও
শুনিয়াছি। [২৮] দেখ আমি তোমাকে তোমার
পিতৃলোকেরদের সহিত একত্র করিব এবং তুমি
শান্তিতে আপন কবরে সংগৃহীত হইবা এবং
আমি যে সকল অমঙ্গল এ স্থানের উপরে ও
তন্নিবাসিরদের উপরে আনিব তাহা তোমার
চক্ষু দেখিবে না অতএব তাহারা রাজার নিকটে
এ সকল কথা নিবেদন করিল।

[২৯] পরে রাজা পাঠাইয়া য়িহুদাহের ও য়িরু
শালমের তাবৎ প্রাচীন লোকেরদিগকে একত্র
করিল। [৩০] অতএব রাজা ও য়িহুদাহের তাব
ল্লোক ও য়িরুশালমনিবাসিরা ও যাজকেরা ও
লৈবেরা ও আপামরসাধারণ সমস্ত লোকেরা য়ি
হুহের গৃহে গেল এবং সে সকলের কর্ণগোচেরে
য়িহুহের গৃহে প্রাপ্ত নিয়মপুস্তকের সকল কথা
পাঠ করিল। [৩১] এবং রাজা আপনার স্থানে
দাঁড়াইল এবং য়িহুহের অনুগমন করিবার নিমি
ত্তে ও তাঁহার আজ্ঞা ও সাক্ষ্য ও বিধি আপন স
কল মন ও অন্তঃকরণের সহিত পালন করিবার নি
মিত্তে এ পুস্তকের লিখিত নিয়মের সকল কথানু
সারে ক্রিয়া করিতে য়িহুহের সাক্ষাৎ নিয়ম করি
ল। [৩২] এবং য়িরুশালমে ও বেন্যামিনে যত
লোক বিদ্যমান ছিল তাহারদিগকে সে নিয়
মের নিশ্চয় করিতে প্রবৃত্ত করিল। [৩৩] এবং
য়িরুশালমনিবাসিরা ঈশ্বরের অর্থাৎ আপনার
দের পিতৃলোকেরদের ঈশ্বরের নিয়মানুসারে ক
রিল। [৩৪] এবং য়িশ্রাএলের সন্তানেরদের
অধিকারের মধ্যে যত দেশ সে সকল দেশহইতে
য়োশিয়াহ্ সকল ঘৃণার্হ বস্তু খণ্ডাইল এবং য়ি
রুশালমের মধ্যে উপস্থিত সমস্ত লোকেরদিগকে
সেবা করাইল অর্থাৎ তাহারদের ঈশ্বর য়িহুহের
সেবা করাইল এবং তাহার সকল পরমায়ুতে তা
হারা আপনারদের পিতৃলোকেরদের ঈশ্বর য়িহু
হের অনুগমন ত্যাগ করিল না।

৩৫ পর্ব্ব।

[১] অপর য়োশিয়াহ্ য়িরুশালমে য়িহুহের
উদ্দেশে পেসাখ্ করিল তাহারা প্রথম মাসের
চতুর্দ্দশ দিনে পেসাখ্ মারিল। [২] এবং সে
যাজকেরদিগকে তাহারদের নিরূপিত পদে স্থা
পিত করিল এবং য়িহুহের গৃহের সেবার কারণ
তাহারদিগকে আশ্বাস করিল। [৩] এবং স
মস্ত য়িশ্রাএলের শিক্ষাকারি অথচ য়িহুহের
জন্যে পবিত্র লৈবেরদিগকে সে কহিল য়িশ্রাএ
লের দাউদরাজের পুত্র শলমন যে গৃহ নির্ম্মাণ
করিল তাহাতে পবিত্র সিন্দুক থোও তাহা তো
মারদের স্কন্ধের উপরে ভার হইবে না এখন তো
মারদের ঈশ্বর য়িহুহের ও তাঁহার য়িশ্রাএল
লোকেরদের সেবা কর। [৪] এবং আপন২
যে পিতৃবংশানুসারে আপন২ নিরূপিত কার্য্যা
নুসারে য়িশ্রাএলের দাউদরাজের লিখনানুসা
রে ও তাহার পুত্র শলমনের লিখনানুসারে আ
পনারদিগকে প্রস্তুত কর। [৫] এবং তোমার
দের ভ্রাতৃ লোকেরদের পিতৃবংশের ভাগানু
সারে ও লৈবেরদের বংশভাগানুসারে পবিত্র
স্থানে দণ্ডায়মান হও। [৬] এপ্রকারে পেসাখ্
মার ও আপনারদিগকে পবিত্র কর এবং তো
মারদের ভ্রাতারদিগকে প্রস্তুত কর যে তাহারা
মোশহের হাতেতে দত্ত য়িহুহের আজ্ঞানুসারে
কর্ম্ম করে। [৭] এবং যোশিয়াহ্ পালহইতে
মেষশাবক ও ছাগবৎস লোকেরদিগকে দিল
যে সকলে সেখানে ছিল তাহারদের কারণ সে
পেসাখের সকল বলির জন্যে ত্রিশ সহস্র মেষ
ও ছাগ ও তিন সহস্র বলদ দিল এই রাজার স
ম্পদহইতে দত্ত। [৮] এবং তাহার অধ্যক্ষেরা
লোকেরদিগকে ও যাজকেরদিগকে ও লৈবেরদি
গকে ইচ্ছাপূর্ব্বক দান করিল এবং য়িহুহের গৃ
হাধ্যক্ষ খিলকিয়াহ ও জিকরিয়াহ্ ও য়িখীএল
পেসাখের বলির কারণ যাজকেরদিগকে দুইসহ
স্র ছয়শত মেষাদি ও তিনশত বলদ দিল। [৯]
কোননিয়াহ্ ও শিমঈয়াহ্ ও নিতনিএল ও তা
হার ভ্রাতারা লৈবেরদের অধ্যক্ষ খশবিয়াহ্ ও
য়েঈএল ও য়োজাবাদ পেসাখ্বল্যর্থে লৈবের
দিগকে পাঁচ সহস্র মেষাদি ও পাঁচ শত বলদ
দিল। [১০] অতএব কর্ম্ম প্রস্তুত হইল ও যাজ
কেরা আপন২ স্থানে ও রাজার আজ্ঞানুসারে লৈ
বেরা আপন২ নিরূপিত পদে দাঁড়াইল। [১১]
এবং তাহারা পেসাখ্বলি দিল এবং যাজকে
রা স্বস্বহস্তেতে রক্ত প্রোক্ষণ করিল ও লৈবেরা তা
হারদের চর্ম্ম উন্মোচন করিল। [১২] এবং মো
শহের পুস্তকের লিখনানুসারে তাহারা লোকের
দের বংশ বিভাগানুসারে য়িহুহের উদ্দেশে উৎ
সর্গ যে করিতে দেয় এই কারণ তাহারা হোম
স্থানান্তর করিল এবং বলদেরদের বিষয়েও তদ্রূ
পে করিল। [১৩] পরে ব্যবস্থানুসারে তাহারা
পেসাখ্ অগ্নিতে সেকিল কিন্তু অন্যান্য নৈবেদ্য
তাহারা হাঁড়িতে ও বড়গুণাতে ও কটাহে পাক
করিল ও সকল লোককে শীঘ্র ভাগ২ করিয়া
দিল। [১৪] অপর তাহারা আপনারদের কা

রুণ ও যাজকেরদের কারণ পাক করিল কেননা
আহরোণের সন্তান যাজকেরা রাত্রিপর্য্যন্ত হোম
করাতেও চরবিদাহনে প্রবৃত্ত ছিল অতএব লৈবে
রা আপনারদের কারণ ও আহরোণের সন্তান
যাজকেরদের কারণ পাক করিল। [১৫] এবং
দাউদের ও আসাফের ও হেমানের ও রাজার
প্রদর্শক য়িদূথূনের আজ্ঞানুসারে আসাফের স
ন্তান গায়কেরা আপনারদের স্থানে ছিল ও দ্বার
পালেরা প্রতিদ্বারে ছিল তাহারা আপনার
দের কার্য্য ত্যাগ করিতে পারিল না সে কারণে
তে তাহারদের ভ্রাতা লৈবেরা তাহারদের জন্যে
পাক করিল। [১৬] এতদ্রূপে পেসাখ্‌পালন
করিবার কারণ ও য়োশিয়াহ্‌রাজের আজ্ঞানুসা
রে য়িহুহের বেদির উপরে হোম করিবার কা
রণ য়িহুহের সেবার্থে সকল সে দিনে প্রস্তুত করা
গেল [১৭] এবং সে সময়ে তৎস্থানবর্ত্তি য়িশ্‌রা
এলের সন্তানেরা পেসাখ্‌ ও সাত দিনপর্য্যন্ত বে
খমির রুটিপর্ব্ব পালন করিল। [১৮] এবং
শিমুএল আচার্য্যের কালাবধি য়িশ্‌রাএলে এত
দ্রূপ পেসাখ্‌ পালিত হয় নাই এবং য়োশিয়াহ্‌
ও যে যাজকেরা ও লৈবেরা ও সকল য়িহুদাহ্‌
ও য়িশ্‌রাএল ও য়িরূশালমনিবাসী সেখানে
ছিল তাহারা যে পেসাখ্‌ পালন করিল তাহার
ন্যায় য়িশ্‌রাএলের সকল রাজা কখন পালন
করে নাই। [১৯] য়োশিয়াহের অধিকারের
অষ্টাদশ বৎসরে এ পেসাখ্‌ হইল।

[২০] এ সকলের পরে য়োশিয়াহ্‌ মন্দির প্র
স্তুত করিলে মিস্‌রের নিকোরাজ ফরাৎ নদীর নি
কটস্থ করকিমিশের বিরুদ্ধে যুদ্ধ করিবার কারণ
আইল এবং য়োশিয়াহ্‌ তাহার বিপরীতে গেল।
[২১] কিন্তু সে তাহার নিকটে এ কথা কহিতে
উকীলেরদিগকে পাঠাইল যে হে য়িহুদাহের
রাজ তোমাতে আমার কি কার্য্য আমি অদ্য
তোমার প্রতিকূলে আইসি নাই কিন্তু যে বং
শের সহিত আমার যুদ্ধ আছে তাহার প্রতিকূলে
আসিয়াছি কেননা ঈশ্বর শীঘ্র করিতে আমাকে
আজ্ঞা দিয়াছেন আমার সহবর্ত্তি ঈশ্বর তোমা
কে নাশ না করেন এই জন্য তাহাহইতে ক্ষান্ত
হও। [২২] তথাপি য়োশিয়াহ্‌ তাহাহইতে
মুখ ফিরাইতে সম্মত হইল না কিন্তু তাহার স
হিত যুদ্ধ করিবার কারণ অন্য বেশ ধারণ করিল
এবং ঈশ্বরের মুখহইতে নির্গত যে নিকোর
কথা তাহাতে অবধান করিল না এবং মিগিদ্দর
নীচভূমিতে যুদ্ধ করিতে আইল। [২৩] এবং
ধনুর্দ্ধরেরা য়োশিয়াহ্‌রাজের গাত্রে শরক্ষেপ
করিল পরে রাজা আপন দাসেরদিগকে কহিল
আমাকে লইয়া যাও যেহেতুক আমি বড় বিক্ষ
ত হইলাম। [২৪] অতএব তাহার দাসেরা তা
হাকে সে রথহইতে বাহির করিয়া তাহার দ্বিতী
য় রথে তাহাকে থুইল ও তাহাকে য়িরূশালমে
আনিল এবং সে মরিল ও আপন পিতৃলোকে
রদের এক কবরে পোতা গেল পরে সকল য়িহু
দাহ্‌ ও য়িরূশালম য়োশিয়াহের কারণ শোক
করিল।

[২৫] এবং য়িরিমিয়াহ্‌ য়োশিয়াহের কারণে
বিলাপ করিল এবং অদ্যাপি সকল গায়ক ও
গায়িকা আপন২ বিলাপগানে য়োশিয়াহের
কথা কহে ও তাহারা য়িশ্‌রাএলে তাহা ব্যবস্থা
করিল এবং দেখ তাহা বিলাপপুস্তকে লিখিত
আছে। [২৬] য়োশিয়াহের অবশিষ্ট ক্রিয়া
ও য়িহুহের শাস্ত্রের লিখিত কথানুসারে তাহার
ভদ্রতা ও তাহার ক্রিয়া আদ্যন্ত দেখ তাহা য়িশ্‌
রাএলের ও য়িহুদাহের রাজারদের বিবরণপুস্ত
কে লিখিত আছে।

## ৩৬ পর্ব্ব ।

[১] তখন দেশীয় লোকেরা য়োশিয়াহের
পুত্র য়িহোআখাজকে লইল ও আপন পিতার
পদে তাহাকে য়িরূশালমে রাজা করিল। [২]
য়িহোআখ্‌রাজ তেইশবৎসরবয়স্ক হইয়া রাজ্য
করিতে আরম্ভ করিল এবং তিন মাস য়িরূশাল
মে রাজ্য করিল। [৩] এবং মিসরের রাজা য়ি
রূশালমে তাহাকে বশীভূত করিল এবং দেশের
একশত কিকার রূপা ও একশত কিকার স্বর্ণ
দণ্ড করিতে আজ্ঞা দিল। [৪] পরে মিস্‌রের
রাজা তাহার ভ্রাতা এলিয়াকিমকে য়িহুদাহ্‌ ও
য়িরূশালমের উপরে রাজা করিল ও তাহার নাম
য়িহোয়াকিম রাখিল এবং নিকো তাহার ভ্রাতা
য়িহোআখাজকে মিস্‌রে লইয়া গেল।

[৫] য়িহোয়াকিম পঁচিশবৎসরবয়স্ক হইয়া
রাজ্য করিতে আরম্ভ করিল এবং এগার বৎসর
য়িরূশালমে রাজ্য করিল এবং আপন ঈশ্বর য়িহু
হের দৃষ্টিতে কুকর্ম্ম করিল। [৬] তাহার বিরুদ্ধে
বাবেলের নিবুকদনেস্‌ররাজ আইল ও তাহাকে
বাবেলে লইয়া যাইবার কারণ বেড়ি দিয়া বদ্ধ
করিল। [৭] এবং নিবুকদনেস্‌র য়িহুহের গৃ
হের পাত্রও বাবেলে লইয়া গেল ও বাবেলস্থ
আপন মন্দিরে রাখিল। [৮] য়িহোয়াকিমের
অবশিষ্ট ক্রিয়া ও সে যে ঘৃণার্হ ক্রিয়া করিল তা
হা ও তাহার মধ্যে যাহা২ পাওয়া গেল দেখ
তাহাও য়িশ্‌রাএলের ও য়িহুদাহের রাজারদের
বিবরণপুস্তকে লিখিত আছে ও তাহার পুত্র য়ি
হোয়াকিন তাহার পদে রাজ্য করিল।

[৯] য়িহোয়াকিন আটবৎসরবয়স্ক হইয়া রা
জ্য করিতে আরম্ভ করিল এবং তিন মাস ও দশ

দিন য়িরুশালমে রাজ্য করিল এবং য়িহুহের দৃ
ষ্টিতে কুকর্ম্ম করিল। [১০] এবং বৎসরের শেষ
হইলে নিবুকদনেসররাজ পাঠাইয়া তাহাকে ও
য়িহুহের গৃহের উত্তম পাত্র বাবেলে আনাইল
এবং তাহার ভ্রাতা সিদিকিয়াহ্‌কে য়িহুদাহ্‌ ও
য়িরুশালমোপরি রাজা করিল।
[১১] সিদিকিয়াহ্‌ একুশবৎসরবয়স্ক হইয়া
রাজ্য করিতে আরম্ভ করিল এবং এগার বৎসর
য়িরুশালমে রাজ্য করিল। [১২] এবং সে আ
পন ঈশ্বর য়িহুহের দৃষ্টিতে কুক্রিয়া করিল এবং
য়িহুহের প্রমুখাৎ বাক্যবাদি য়িরিমিয়াহ্‌ আচা
র্য্যের সম্মুখে আপনাকে নম্র করে নাই। [১৩]
এবং তাহাকে ঈশ্বরেতে দিব্যকারয়িতা নিবুকদ
নেসররাজের কর্ত্তৃত্ব সে ত্যাগ করিল এবং আ
পন গলা স্তব্ধ করিল ও য়িশরাএলের ঈশ্বরের প্র
তি ফিরাণহইতে আপন মন কঠিন করিল। [১৪]
আরও সকল প্রধান যাজকেরা ও লোকেরা অন্য
দেশীয় লোকেরদের ঘৃণার্হ ক্রিয়ানুসারে বড়
অতিক্রম করিল এবং য়িহুহ য়িরুশালমে যে
গৃহ পবিত্র করিয়াছিলেন তাহা অশুচি করিল।
[১৫] এবং তাহারদের পিতৃলোকেরদের ঈশ্বর
য়িহুহ প্রত্যূষে উঠত ও প্রেরণ করত আপন প্রে
ষ্যেরদের দ্বারা তাহারদের নিকটে পাঠাইলেন
যেহেতুক তিনি আপন লোকেরদের ও আপন
বাসস্থানের উপরে দয়া করিলেন। [১৬] কিন্তু
যাবৎপর্য্যন্ত য়িহুহের ক্রোধ তাহার লোকের
দের প্রতিকূলে না উঠিল ও প্রতিকার কিছু না হ
ইল তাবৎপর্য্যন্ত তাহারা ঈশ্বরের প্রেষ্যেরদিগ
কে নিন্দা করিল ও তাঁহার কথা হেয়জ্ঞান করিল
এবং তাঁহার আচার্য্যেরদিগকে তিংসা করিল।
[১৭] সেহেতুক তিনি কাশীদীয়েরদের রাজাকে
তাহারদের উপরে আনিলেন ও সে তাহারদের
পবিত্র স্থানে তাহারদের যুব পুরুষেরদিগকে
তলোয়ারেতে মারিল এবং যুবারদের কিম্বা যুব
তীরদের উপরে ও বৃদ্ধের ও বয়সেতে হেঁট লো
কেরদের উপরে কিছু দয়া করিল না তিনি তা
হার হাতে সকল দিলেন। [১৮] এবং ছোট
বড় ঈশ্বরের গৃহের সকল পাত্র ও য়িহুহের গৃ
হের সকল ধন ও রাজার ও অধ্যক্ষেরদের সকল
ধন সে বাবেলে আনিল। [১৯] এবং তাহা
রা য়িহুহের গৃহদাহ করিল ও য়িরুশালমের প্রা
চীর ভাঙ্গিয়া ফেলিল ও সকল অট্টালিকা অগ্নি
তে পোড়াইল ও তাহার সকল উত্তম পাত্র নষ্ট
করিল। [২০] এবং যাহারা তলোয়ারহইতে
বাঁচিল তাহারদিগকে সে বাবেলে লইয়া গেল।
[২১] ও দেশ যেপর্য্যন্ত আপন শাবতভোগ না
করিয়াছিল সেপর্য্যন্ত য়িরিমিয়াহের প্রমুখাৎ যে
য়িহুহের বাক্য তাহা পূর্ণ করিবার কারণ তাহা
রা পারসের রাজ্য স্থাপন না হওয়াপর্য্যন্ত তাহার
ও তাহার সন্তানেরদের দাস ছিল কেননা সত্তর
বৎসর পূর্ণ করিবার কারণ দেশ যত দিন অরণ্য
ছিল তত দিন শাবতপালন করিল। [২২] পা
রসের কোরেশরাজের প্রথম বৎসরে য়িরিমিয়া
হের প্রমুখাৎ য়িহুহের যে বাক্য তাহা পূর্ণ করি
বার কারণ য়িহুহ পারসের কোরেশরাজের মন
এমত প্রবৃত্ত করিলেন যে সে আপন রাজ্যের স
র্ব্বত্র ঘোষণা করিল ও এ কথা লেখাইল। [২৩]
যে পারসের কোরেশরাজ এ কথা কহে স্বর্গের
ঈশ্বর য়িহুহ পৃথিবীর সকল রাজ্য আমাকে দি
য়াছেন ও য়িহুদাহ্‌দেশের মধ্যবর্ত্তি য়িরুশাল
মস্থ তাঁহার গৃহ নির্ম্মাণ করাইতে আমাকে আ
জ্ঞা দিয়াছেন তোমারদের মধ্যে তাঁহার সকল
লোকের কে আছে তাহার ঈশ্বর য়িহুহ তাহার
সহিত হউন সে সেখানে যাউক।

---

# এজরা পুস্তক।

## ১ প্রথম পর্ব্ব।

[১] য়িরিমিয়াহের প্রমুখাৎ য়িহুহের যে কথা
প্রকাশিত ছিল সে কথা পূর্ণ হওনের কারণ পা
রসের কোরেশরাজের প্রথম বৎসরে য়িহুহ পার
সের কোরেশরাজের মন এমত প্রবৃত্ত করিলেন
যে সে আপন রাজ্যের সর্ব্বত্র এ কথা ঘোষণা
করাইল এবং লেখাইয়া দিল। [২] পারসের
কোরেশরাজ এ কথা কহে স্বর্গের ঈশ্বর য়িহুহ
পৃথিবীর সকল রাজ্য আমাকে দিয়াছেন এবং

য়িহুদাহ্দেশস্থ য়িরূশালমে তাঁহার উদ্দেশে এক
গৃহ নির্ম্মাণ করিতে আমাকে আজ্ঞা দিয়াছেন।
[৩] তাঁহার সকল লোকেরদের মধ্যে কে আছে
তাহার ঈশ্বর তাহার সহবর্ত্তী হউন সে য়িহুদাহ্
দেশস্থ য়িরূশালমে যাউক এবং য়িশ্রাএলের
ঈশ্বর য়িহুহের য়িরূশালমমধ্যবর্ত্তি গৃহ নির্ম্মাণ
করাউক তিনিই ঈশ্বর। [৪] এবং ঈশ্বরের য়িরূ
শালমস্থ গৃহের কারণ যে২ স্বেচ্ছা নৈবেদ্য তাহা
ব্যতিরেকে যে কেহ আপন যে কোন প্রবাসস্থা
নে থাকে তাহার সে স্থানের লোকেরা রূপা ও
স্বর্ণ ও দ্রব্য ও পশুরদিগকে দিয়া তাহার উপকার
করুক। [৫] তখন য়িহুদাহের ও বেন্যামিনের
পিতৃপ্রধানেরা ও যাজকেরা ও লৈবেরা ও য়ি
রূশালমস্থ য়িহুহের গৃহনির্ম্মাণার্থ যাইতে যাহা
রদের মন ঈশ্বর প্রবৃত্ত করিলেন তাহারা উঠিল।
[৬] এবং তাহারদের চতুর্দ্দিক্স্থ সকল লোকে
রা স্বেচ্ছাদত্ত দ্রব্যব্যতিরিক্ত রূপ্যময় পাত্রেতে
ও স্বর্ণেতে ও দ্রব্যেতে ও পশুতে ও বহুমূল্য দ্র
ব্যেতে তাহারদের হাত সমর্থ করিল।

[৭] এবং নিবূকদনেসর য়িহুহের গৃহের যে২
পাত্র য়িরূশালমহইতে আনিয়া আপন দেবের
দের গৃহে রাখিয়াছিল সেই২ পাত্র কোরেশ বা
হির করিল। [৮] পারসের কোরেশরাজ কোষা
ধ্যক্ষ মিতরিদাতের হাতেতে তাহা বাহির করি
য়া শেশ্বসর নামে য়িহুদাহের অধ্যক্ষের কাছে
তাহার গণনা করিয়া দিল। [৯] এবং এ তাহার
দের সঙ্খ্যা স্বর্ণময় ত্রিশ পাত্র রূপ্যময় এক সহস্র
পাত্র ও ঊনত্রিশ ছুরী। [১০] ও ত্রিশ স্বর্ণময়
সিনকর রূপ্যময় আর এক প্রকার সিনিকর চারি
শত দশ এবং আর২ পাত্র একসহস্র। [১১] স্বর্ণ
ময় ও রূপ্যময় সমুদয় পাত্র পাঁচ সহস্র চারিশত
বাবেলহইতে যে বন্দি লোকেরা য়িরূশালমে আ
নীত ছিল তাহারদের সহিত শেশ্বসর এই২ সকল
পাত্র আনিল।

## ২ পর্ব্ব ।

[১] বাবেলের নিবূকদনেসররাজ যাহারদিগ
কে বাবেলে লইয়া গিয়াছিল ও যাহারা য়িরূশা
লমে ও য়িহুদাহে প্রত্যেক জন আপন২ নগরে
পুনর্ব্বার আইল যাহারা অপহৃত হইয়াছিল সে
বন্দি লোকেরদের মধ্যে [২] সে দেশজাত যাহা
রা জিরূবাবেল ও য়িশূয়া ও নিখেমিয়াহ্ ও শি
রায়াহ্ ও রিএলায়াহ্ ও মারদিকই ও বিলশান
ও মিস্পার ও বিগবাই ও রিখূম ও বঅনাহের
সহিত আইল তাহারা এই২। [৩] য়িশ্রাএলের
লোকেরদের সঙ্খ্যা এই। [৪] পরওশের সন্তান
দুইসহস্র একশত বাহাত্তর জন। শিফটিয়াহের
সন্তান তিনশত বাহাত্তর জন। [৫] আরখের
সন্তান সাতশত পঁচাত্তর জন। [৬] পখৎমো
আবের ও য়িশূআর ও য়োআবের সন্তান দুই
সহস্র আটশত বারো জন। [৭] এলামের সন্তান
একসহস্র দুইশত চৌয়ান্ন জন। [৮] জাতূর
সন্তান নয়শত পঁয়তাল্লিশ জন। [৯] জকাইর
সন্তান সাতশত ষাইট জন। [১০] বানীর সন্তান
ছয়শত বেয়াল্লিশ জন। [১১] বেবাইর সন্তান
ছয়শত তেইশ জন। [১২] অজ্গাদের সন্তান
একসহস্র দুইশত বাইশ জন। [১৩] আদোনী
কামের সন্তান ছয়শত ছেষট্টি জন। [১৪]
বিগবাইর সন্তান দুইসহস্র ছাপ্পান্ন জন। [১৫]
আদীনের সন্তান চারিশত চৌয়ান্ন জন। [১৬]
খিজিকিয়াহের আটেরের সন্তান আটানব্বই
জন। [১৭] বেজাঈর সন্তান তিনশত তেইশ
জন। [১৮] য়োরাহের সন্তান একশত বারো
জন। [১৯] খাশুমের সন্তান দুইশত তেইশ জন।
[২০] গিবারের সন্তান পঁচানব্বই জন। [২১]
বীৎলেখেমের সন্তান একশত তেইশ জন। [২২]
নিটোফাহের মনুষ্য ছাপ্পান্ন জন। [২৩] অনা
তোতের লোক একশত আটাইশ জন। [২৪]
অজমাবেতের সন্তান বেয়াল্লিশ জন। [২৫] কি
র্য্যৎআরীম ও কেফিরাহ্ ও বিএরোতের সন্তান
সাতশত তেতাল্লিশ জন। [২৬] রামাহ্ ও গা
বার সন্তান ছয়শত একুশ জন। [২৭] মিকমা
সের মনুষ্য একশত বাইশ জন। [২৮] বীৎএল
ও হাঈর মনুষ্য দুইশত তেইশ জন। [২৯] নে
বোর সন্তান বাওয়ান্ন জন। [৩০] মগবীশের
সন্তান একশত ছাপ্পান্ন জন। [৩১] অন্য এ
লামের সন্তান একসহস্র দুইশত চৌয়ান্ন জন।
[৩২] খারিমের সন্তান তিনশত বিংশতি জন।
[৩৩] লোদ ও খাদীদ ও ওনোর সন্তান সাতশত
পঁচিশ জন। [৩৪] য়িরিখোর সন্তান তিনশত
পঁয়তাল্লিশ জন। [৩৫] সেনাআহের সন্তান
তিনসহস্র ছয়শত ত্রিশ জন।

[৩৬] যাজকেরা এই২ য়িশূআর বংশজ য়িদ
ঈয়াহের সন্তান নয়শত তেহাত্তর জন। [৩৭]
ইমেরের সন্তান এক সহস্র বাওয়ান্ন জন। [৩৮]
পশখূরের সন্তান একসহস্র দুইশত সাতচল্লিশ
জন। [৩৯] খারিমের সন্তান একসহস্র সতর
জন।

[৪০] লৈবেরা এই২ হোদবিয়াহের সন্তানে
রদের মধ্যে য়িশূয়া ও কদমীএলের সন্তান চৌ
হত্তর জন।

[৪১] গায়কেরা এই২ আসাফের সন্তান এক
শত আটাইশ জন।

[৪২] দ্বারপালেরদের সন্তানেরা এই২ শাল
মের সন্তান আটেরের সন্তান টলমোনের সন্তান

আক্কুরের সন্তান খটীটার সন্তান শোবাঈর সন্তান এ সকল একশত উনচল্লিশ জন।

[৪৩] নিতিনীয়েরা এই২ শীখার সন্তানেরা খশূফার সন্তানেরা টব্বাওতের সন্তানেরা। [৪৪] কেরোসের সন্তানেরা সীআহার সন্তানেরা পাদোনের সন্তানেরা। [৪৫] লিবানাহের সন্তানেরা খগাবাহের সন্তানেরা। [৪৬] আকুবের সন্তানেরা খাগাবের সন্তানেরা শমলঈর সন্তানেরা খানানের সন্তানেরা। [৪৭] গিদ্দেলের সন্তানেরা গখরের সন্তানেরা রিআয়ার সন্তানেরা। [৪৮] রিসীনের সন্তানেরা নিকোদার সন্তানেরা গজ্জামের সন্তানেরা। [৪৯] উজার সন্তানেরা পাসেখের সন্তানেরা বেসাইর সন্তানেরা। [৫০] অসনাহের সন্তানেরা মেউনিমের সন্তানেরা নিফূসীমের সন্তানেরা। [৫১] বক্বূকের সন্তানেরা খকূফার সন্তানেরা খুবখূরের সন্তানেরা। [৫২] বসলূতের সন্তানেরা মিখীদার সন্তানেরা খরোশার সন্তানেরা। [৫৩] বরকোসের সন্তানেরা সীসিরার সন্তানেরা তামখের সন্তানেরা [৫৪] নিসীখার সন্তানেরা খতীফার সন্তানেরা।

[৫৫] শলমোনের দাসেরদের সন্তানেরা এই২ সোটঈর সন্তানেরা সোফেরেতের সন্তানেরা পিরুদার সন্তানেরা। [৫৬] য়অলার সন্তানেরা দরকোনের সন্তানেরা গিদেলের সন্তানেরা। [৫৭] সিফটিয়াহের সন্তানেরা খটীলের সন্তানেরা পোকেরেতের সীবাইমের সন্তানেরা আমীর সন্তানেরা। [৫৮] সকল নিতিনীয়েরা ও শলমোনের দাসেরদের সন্তান তিনশত বিরানব্বই জন।

[৫৯] এবং তেলমেলখ ও তেলখরোশা ও কেরুব ও অদ্দান ও ইমরহইতে আগত লোক এই২ কিন্তু তাহারা আপন পিতৃবংশ ও গোত্র দেখাইতে পারিল না যে তাহারা য়িশ্রাএলেতে জাত কি না। [৬০] দিলায়াহের সন্তান টোবিয়াহের সন্তান নিকোদাহের সন্তান ছয়শত বাওয়ান্ন জন। [৬১] এবং যাজকেরদের সন্তানেরদের মধ্যে খবিয়াহের সন্তানেরা কোসের সন্তানেরা বরজিলঈর সন্তানেরা সে গিলিআদীয় বরজিলাঈর এক কন্যা বিবাহ করিয়াছিল ও তাহারদের নামেতে খ্যাত হইয়াছিল। [৬২] যাহারা বংশাবলীতে গণিত ছিল তাহারদের মধ্যে ইহারা আপনারদের বংশপত্র অন্বেষণ করিল কিন্তু তাহা পাওয়া গেল না তদ্ধেতুক তাহারা অশুচি লোকেরদের ন্যায় যাজকপদভ্রষ্ট হইল। [৬৩] এবং তিরশাতা তাহারদিগকে কহিল যে যাবৎপর্য্যন্ত ঊরীম ও তুম্মিমব্যবসায়ি এক যাজক না উঠে তাবৎপর্য্যন্ত তাহারদের পবিত্রবস্তু ভোজনের উপযুক্ত নয়।

[৬৪] তাহারদের দাসদাসী সাতসহস্র তিনশত সাঁইত্রিশ জন ও তাহারদের মধ্যে দুই শত গায়ক ও গায়িকা [৬৫] এতদ্ব্যতিরেকে সকল মণ্ডলী একত্র বেয়াল্লিশসহস্র তিনশত ষাইট জন। [৬৬] তাহারদের অশ্ব সাতশত ছত্রিশ তাহারদের অশ্বতর দুইশত পঁয়তাল্লিশ। [৬৭] তাহারদের উষ্ট্র চারিশত পঁয়ত্রিশ ও তাহারদের গর্দ্দভ ছয়সহস্র সাতশত কুড়ি।

[৬৮] এবং পিতৃপ্রধান কতক জন যখন য়িরুশালমস্থ য়িহুহের গৃহে আইল তখন ঈশ্বরের গৃহ সে স্থানে স্থাপন করিবার কারণ তাহার জন্যে স্বেচ্ছাপূর্ব্বক দান করিল। [৬৯] তাহারা আপন২ শক্ত্যনুসারে সে কার্য্যের ভাণ্ডারে একষষ্টিসহস্র দিরম স্বর্ণ ও পাঁচসহস্র সের রূপ্য ও যাজকের একশত বস্ত্র দিল। [৭০] এতদ্রূপে যাজকেরা ও লেবেরা ও লোকেরদের কতক২ জন ও গায়কেরা ও দ্বারপালেরা ও নিতিনীয়েরা আপন২ নগরে বাস করিল ও সকল য়িশ্রাএল তাহারদের নগরে বাস করিল।

৩ পর্ব্ব।

[১] সপ্তম মাস হইলে ও য়িশ্রাএলের সকল সন্তান তাহারদের নগরে আইলে লোকেরা এক জনের ন্যায় আপনারদিগকে য়িরুশালমে একত্র করিল। [২] তখন ঈশ্বরের মানুষ মোশহের শাস্ত্রের লিখনানুসারে তদুপরি হোম করণার্থে য়োসাদাকের পুত্র য়িশূআ ও তাহার যাজক ভ্রাতারা ও শিআলতীএলের পুত্র জিরুব্বাবেল ও তাহার ভ্রাতারা উঠিল ও য়িশ্রাএলের ঈশ্বরের যজ্ঞবেদি নির্ম্মাণ করিল। [৩] এবং তাহারা সে বেদি তাহার খুরশীর উপরে রাখিল যেহেতুক সে দেশের লোকেতে তাহারদের ভয় ছিল পরে তাহারা তাহার উপরে য়িহুহের উদ্দেশে হোম করিল অর্থাৎ প্রাতঃকাল ও সন্ধ্যাকালে হোম করিল। [৪] লিখিত শাস্ত্রানুসারেও তাহারা তাম্বুবাসপর্ব্ব পালন করিল এবং যেমন প্রতিদিন কর্ত্তব্য ক্রিয়া তেমন ব্যবহারানুসারে সংখ্যাক্রমে আহ্নিক হোম করিল। [৫] অনন্তর তাহারা অমাবস্যাতে ও য়িহুহের পবিত্রীকৃত নিরূপিত পর্ব্বেতে কর্ত্তব্য ও যে প্রত্যেক জন স্বেচ্ছাপূর্ব্বক য়িহুহের উদ্দেশে নৈবেদ্য করিল তৎকর্ত্তৃকও দত্ত নিত্য হোম করিল। [৬] সপ্তম মাসের প্রথম দিনাবধি তাহারা য়িহুহের উদ্দেশে হোম করিতে আরম্ভ করিল কিন্তু য়িহুহের মন্দিরের ভিত্তি তখন করা যায় নাই। [৭] তাহারা রাজেরদিগকে ও সূত্রধরেরদিগকে মুদ্রা দিল এবং পারসের কোরেশরাজ যে দান আজ্ঞা করিয়াছিল তদনুসারে আরেজকাষ্ঠ লিবানোন

হইতে য়াফোর সমুদ্রতীরে আনিবার কারণ তা
হারা সীদোনীয় ও সূরীয় লোকেরদিগকে ভক্ষ্য
ও পানীয় দ্রব্য ও তৈল দিল।

[৮] য়িরূশালমের ঈশ্বরের গৃহে তাহারদের
আইসনের পর দ্বিতীয় বৎসরের দ্বিতীয় মাসে শি
অল্তীএলের পুত্র জিরুবাবেল ও য়োসাদাকের
পুত্র য়িশূআ এবং তাহারদের অবশিষ্ট ভ্রাতারা
অর্থাৎ যাজক ও লৈবেরা ও বন্দ্যবস্থাহইতে যত
লোক য়িরূশালমে আসিয়াছিল সে সকলেও
কর্ম্মের আরম্ভ করিল এবং য়িহুহের গৃহের কা
র্য্যে প্রবৃত্ত করিবার কারণ বিংশতি বৎসর ও ত
তোধিকবয়স্ক লৈবেরদিগকে নিযুক্ত করিল।
[৯] তখন ঈশ্বরের গৃহের কর্ম্মকারি লোকেরদিগ
কে প্রবৃত্ত করিবার কারণ য়িশূআ ও তাহার পুত্রে
রা ও তাহার ভ্রাতারা ও য়িহুদাহের সন্তান কদ
মীএল ও তাহার পুত্রেরা ও হেনাদাদের পুত্রেরা
তাহারদের লৈব পুত্রেরদের ও ভ্রাতারদের সহিত
একত্র দাঁড়াইল। [১০] এবং যখন রাজেরা য়ি
হুহের গৃহের পোতা করিল তখন তাহারা য়িশ্
রাএলের দাউদরাজের নিরূপণানুসারে য়িহুহের
স্তুতি করিবার কারণ স্বস্ব বস্ত্রে বস্ত্রান্বিত তূরীহস্ত
যাজকেরদিগকেও করতালহস্ত লৈব আসাফের
সন্তানেরদিগকে স্থাপিত করিল এবং য়িহুহ
উত্তম যেহেতুক য়িশ্রাএলের প্রতি তাঁহার কৃপা
নিত্য ইহাতে তাহারা য়িহুহের স্তব করত ও ধন্য
বাদ করত পর্য্যায়ানুক্রমে একত্র গান করিল।
[১১] এবং য়িহুহের গৃহের পোতাকরণেতে য
খন তাহারা য়িহুহের স্তব করিল তখন সকল
লোক বড় ধ্বনিতে আনন্দশব্দ করিল। [১২]
কিন্তু প্রথম গৃহ যে দেখিয়াছিল যাজকেরদের
ও লৈবেরদের ও পিতৃপ্রধানেরদের মধ্যে এমন
অনেক বৃদ্ধ মনুষ্য যখন তাহারদের সম্মুখে এ
গৃহের বুনিয়াদ করা গিয়াছিল তখন উচ্চৈঃশব্দে
তে ক্রন্দন করিল এবং অনেকে আনন্দেতে
সিংহনাদ করিল। [১৩] তাহাতে লোকেরা
সে আনন্দপ্রযুক্ত নাদের শব্দের ও ক্রন্দনের শ
ব্দের বিশেষজ্ঞান করিতে পারিল না যেহেতুক
লোকেরা মহাধ্বনিতে শব্দ করিল এবং সে
ধ্বনি অতিদূরহইতে শুনা গেল।

## ৪ পর্ব্ব।

[১] বন্দিলোকেরদের সন্তানেরা য়িশ্রাএলের
ঈশ্বর য়িহুহের উদ্দেশে মন্দির নির্ম্মাণ করাইতে
ছে এই কথা যখন য়িহুদাহের ও বেন্যামিনের
বৈরিরা শুনিল [২] তখন তাহারা জিরুবাবেলের
ও পিতৃপ্রধানেরদের নিকটে আসিয়া তাহারদি
গকে কহিল আমরা তোমারদের সহিত গ্রন্থন
করি কেননা আমরা তোমারদের ন্যায় তোমার
দের ঈশ্বরের অন্বেষণ করি এবং আমারদিগকে
এখানে আনিল যে আশূরের এসারহদ্দোনরাজ
তাহার কালাবধি আমরা তাঁহার উদ্দেশে বলি
দি। [৩] কিন্তু জিরুবাবেল ও য়িশূআ এবং য়িশ্
রাএলের অবশিষ্ট পিতৃপ্রধান লোকেরা তাহার
দিগকে কহিল আমারদের ঈশ্বরের নিমিত্তে আ
মারদের সহিত গৃহনির্ম্মাণকরাতে তোমারদের
কিছু অধিকার নাই কিন্তু পারসের রাজা কো
রেশমহারাজ যেমত আমারদিগকে আজ্ঞা করি
লেন তেমন আমরা একত্র হইয়া য়িশ্রাএলের
ঈশ্বর য়িহুহের উদ্দেশে গ্রন্থন করাইব। [৪]
তখন দেশের লোকেরা য়িহুদাহের লোকেরদের
হাত দুর্ব্বল করিল ও নির্ম্মাণকরণেতে তাহারদিগ
কে ক্লেশ দিল। [৫] এবং পারসের কোরেশরা
জের সমস্ত কালে পারসের দারিউশরাজের অধি
কারপর্য্যন্ত তাহারদের অভিপ্রায় নিরর্থক করি
বার কারণ তাহারদের বিপরীতে মন্ত্রিরদিগকে
বেতনের দ্বারা লইল। [৬] এবং অখশ্বেরো
শের অধিকারে তাহার অধিকারের আরম্ভেই
তাহারা য়িহুদাহ্ ও য়িরূশালমবাসিরদের প্রতি
কূলে অপবাদপত্র লিখিল।

[৭] এবং অরতখশস্তার অধিকারকালে বিশ্
লাম ও মিত্রিদাত ও টাবেল ও তাহারদের
সহায়েরা পারসের অরতখশস্তারাজের কাছে
পত্র লিখিল সে পত্রের লেখা অরামীয় ভাষাতে
ছিল ও তাহার অর্থ অরামীয় ভাষাতে করা গেল
[৮] রেহূম কানুনগো ও শিমশঈ লেখক এপ্র
কারে য়িরূশালমের বিরুদ্ধে অরতখশস্তারাজের
নিকটে পত্র লিখিল। [৯] তখন রেহূম কানুনগো
ও শিমশঈ লেখক ও তাহারদের অবশিষ্ট স
হায় দীনায়েরা ও অফরসৎকীয়েরা ও টরপলী
য়েরা ও অফারসীয়েরা ও আরকীয়েরা ও বাবে
লীয়েরা ও শূশনকীয়েরা ও দেহাবীয়েরা ও এ
লামীয়েরা [১০] ও যে আর২ জাতীয়েরদিগকে
বড় ও মহামহিম আস্নপর আনিল ও শমরো
ণের নগরে স্থাপন করিল তাহারা এবং নদীর এ
পারস্থ অবশিষ্ট লোকেরা অমুক তারিখে পত্র
লিখিল।

[১১] তাহারা তাহার নিকটে অর্থাৎ অরতখ
শস্তারাজের নিকটে যে পত্র পাঠাইল তাহার
নকল এই নদীর এপারস্থ তোমার দাসেরা অ
মুক তারিখে পত্র লিখে। [১২] মহারাজের নিক
টে এই২ জানান যাউক যে য়িহুদীয়েরা তোমার
নিকটহইতে আমারদের এখানে আসিয়াছে
তাহারা য়িরূশালমে আসিয়া রাজাজ্ঞাতিক্রামক
দুষ্ট নগর নির্ম্মাণ করিতেছে ও তাহার প্রাচীর উ
ঠিয়াছে ও তাহার ভিত্তির সংযোগ করিয়াছে।

[১৩] অতএব এখন মহারাজের নিকটে জানান যাউক যে যদি এ নগর নির্ম্মাণ করা যায় ও তাহার প্রাচীর উঠান যায় তবে তাহারা মাসুল ও হাসিলও কর দিবে না এবং তাহাতে তুমি রাজস্বের ক্ষতি করিবা। [১৪] রাজবাটীতে আমারদের প্রতিপালন হয় এবং রাজার ক্ষতি দেখা আমারদের উচিত নয় অতএব এখন আমরা পাঠাইয়া মহারাজকে জানাইতেছি। [১৫] যে আপন পিতৃলোকেরদের স্মরণার্থ পুস্তকে অনুসন্ধান করা যায় তাহা হইলে স্মরণার্থ পুস্তকে পাওয়া যাইবে ও তুমি জানিবা যে এ নগর রাজাজ্ঞাতিক্রামক নগর এবং রাজারদের ও পরগণার ক্ষতিকর নগর ও যে পূর্ব্বকালে লোকেরা এ নগরে রাজাজ্ঞাতিক্রম করিয়াছিল ও সেহেতুক এ নগর নষ্ট হইল। [১৬] অতএব আমরা মহারাজকে জানাই যে যদি এ নগর নির্ম্মাণ করাণ যায় ও তাহার দ্বার যদি উঠান যায় তবে নদীর এপারে তোমার কিছু অধিকার থাকিবে না।

[১৭] তখন রাজা রেখুম কানুনগোকে ও শিমশই লেখককে এবং শমরোণবাসি তাহারদের অবশিষ্ট সঙ্গিরদিগকে এবং নদীর ওপারস্থ আর২ লোকেরগিকে প্রত্যুত্তরপত্র লিখিল। [১৮] শেলাম ও অমুক তারিখে তোমরা আমার নিকটে যে পত্র পাঠাইয়াছ তাহা আমার সম্মুখে সপষ্টরূপে পঠিত হইল। [১৯] এবং আমি আজ্ঞা দিয়াছি ও অনুসন্ধান করা গিয়াছে ও জানা গিয়াছে যে পূর্ব্বকালে এ নগর রাজারদের বিপরীতে উদ্যম করিয়াছে ও তাহার মধ্যে রাজবৈপরীত্য ও উদ্যম করা গিয়াছে। [২০] য়িরূশালমে পরাক্রান্ত রাজারা হইয়াছিল ও তাহারা নদীর ওপারস্থ সকলের উপর রাজ্য করিয়াছিল ও তাহারদিগকে মাসুল ও কর ও হাসিল দেওয়া গিয়াছিল। [২১] অতএব এ লোকেরদিগকে কার্য্যের বিরাম করিতে এবং আমার নিকটহইতে অন্য আজ্ঞা দেওয়াব্যতিরেকে এ নগরের নির্ম্মাণ না করিতে আজ্ঞা দেও। [২২] সাবধান হও যে তাহা করিতে তোমারদের ত্রুটি না হয় রাজার ক্ষতিজনক অপচয় কেন হইবে।

[২৩] অরতখশস্তারাজের পত্র রেখূমের ও শিমশই লেখকের ও তাহারদের পক্ষীয় লোকেরদের সাক্ষাৎ পঠিত হইবামাত্রে তাহারা শীঘ্র করিয়া য়িরূশালমে য়িহূদীয়েরদের নিকটে গেল এবং বল ও পরাক্রমেতে তাহারদিগকে কার্য্য ত্যাগ করাইল। [২৪] তখন য়িরূশালমস্থ ঈশ্বরের গৃহের কার্য্য নিবারিত হইল এবং পারসের দারিউশরাজের অধিকারের দ্বিতীয় বৎসরপর্য্যন্ত নিবারিত থাকিল।

## ৫ পর্ব্ব।

[১] তখন খগী আচার্য্য ও ইদোর পুত্র জিকরিয়াহ্ য়িহূদাহ্ ও য়িরূশালমস্থ সকল য়িহূদীয়েরদের নিকটে য়িশরাএলের ঈশ্বরের নামে তাহারদেরই নিকটে এ আচার্য্য বাক্য কহিল [২] তখন শীঅলতিএলের পুত্র জিরুবাবেল ও য়োসাদাকের পুত্র য়িশূআ উঠিল ও য়িরূশালমে ঈশ্বরের যে গৃহ তাহা নির্ম্মাণ করাইতে আরম্ভ করিল এবং তাহারদের উপকার করত ঈশ্বরের আচার্য্যেরা তাহারদের সহিত থাকিল।

[৩] তৎকালে নদীর এপারস্থ দেশাধ্যক্ষ তৎনই ও শিতরবোজনই ও তাহারদের পক্ষীয় লোকেরা তাহারদের নিকটে আইল ও তাহারদিগকে এ কথা কহিল যে এ গৃহনির্ম্মাণ করাইতে ও এ প্রাচীরের ভাঙ্গা সারাইতে তোমারদিগকে কে আজ্ঞা দিয়াছে। [৪] তখন আমরা তাহারদিগকে এ২ প্রকার কথা কহিলাম যে যাহারা এ গাঁথনি করে তাহারদের নাম কি২। [৫] কিন্তু য়িহূদীয়েরদের প্রাচীন লোকেরদের উপরে তাহারদের ঈশ্বরের এমত দৃষ্টি ছিল যে সে বিষয় দারিউশের নিকটে জানান না গেলে তাহারা তাহারদিগকে ত্যাগ করাইতে পারিল না পরে তাহারা সে বিষয়ে পত্রেতে প্রত্যুত্তর দিল।

[৬] নদীর এপারস্থ দেশাধ্যক্ষ তৎনই ও শিতরবোজনই ও নদীর এপারস্থ তাহারদের পক্ষীয় আফরসকীয়েরা যে পত্র দারিউশরাজের নিকটে পাঠাইল তাহার নকল এই। [৭] যাহাতে এ২ কথা লিখিত হইল এমন এক পত্র তাহারা পাঠাইল দারিউশরাজের প্রতি সকলের শেলাম। [৮] মহারাজের নিকটে জানান যাউক যে আমরা য়িহূদাহ্ সুবায় পরমেশ্বরের গৃহে গেলাম। এবং তাহা বৃহৎ প্রস্তরেতে নির্ম্মাণ করা যাইতেছে ও কাষ্ঠ দেওয়ালের উপরে রাখা গিয়াছে ও এ কার্য্য তাহারদের হাতে বড় চলিতেছে ও বাড়িতেছে। [৯] তখন আমরা সে প্রাচীন লোকেরদিগকে জিজ্ঞাসা করিলাম ও তাহারদিগকে কহিলাম যে এ গৃহনির্ম্মাণ করাইতে ও প্রাচীরের ভাঙ্গা সারাইতে তোমারদিগকে কে আজ্ঞা করিল। [১০] আমরা আপনকার নিকটে তাহারদের প্রধান লোকেরদের নাম লিখিবার কারণ তাহারদের নামও জিজ্ঞাসা করিলাম। [১১] এবং তাহারা আমারদিগকে এ প্রত্যুত্তর দিল যে আমরা স্বর্গের ও পৃথিবীর ঈশ্বরের দাস ও যে গৃহ অনেক বৎসরপূর্ব্বে নির্ম্মাণ করা গিয়াছিল ও য়িশরাএলের এক মহারাজ যাহা নির্ম্মাণ করাইয়াছিল ও স্থাপন করিয়াছিল সে গৃহ আমরা নির্ম্মাণ করাইতেছি। [১২] কিন্তু আমারদের পিতৃলো

কেরা স্বর্গের ঈশ্বরকে ক্রুদ্ধ করিলে পর তিনি তাহা
রদিগকে বাবেলের কাল্দীয় নিবূকদনেসরের
হস্তগত করিলেন ও সে এ গৃহ নষ্ট করিল ও লো
কেরদিগকে বাবেলে লইয়া গেল। [১৩] কিন্তু
বাবেলের কোরেশরাজের প্রথম বৎসরে কোরে
শরাজ ঈশ্বরের এ গৃহ নির্ম্মাণ করাইতে আজ্ঞা
দিল। [১৪] এবং য়িরুশালমের মন্দিরহইতে
নিবূকদনেসর ঈশ্বরের গৃহের যে২ স্বর্ণময় ও রূপ্য
ময় পাত্র লইয়াছিল ও বাবেলস্থ মন্দিরে রাখি
য়াছিল সেই পাত্র কোরেশরাজ বাবেলস্থ মন্দি
রহইতে লইল ও শেশ্বসর নামে যে এক জনকে
অধ্যক্ষ করিয়াছিল তাহার হাতে সমর্পণ করিল
[১৫] এবং তাহাকে কহিল এ২ পাত্র লও এবং
যাও য়িরুশালমস্থ মন্দিরে লইয়া যাও এবং ঈশ্ব
রের সে গৃহ আপন স্থানে নির্ম্মাণ করাণ যাউক।
[১৬] তখন ঐ শেশ্বসর আইল ও য়িরুশালমস্থ
ঈশ্বরের গৃহের বুনিয়াদ করিল এবং তদবধি এ
খনপর্য্যন্ত তাহার গাঁথনি হইতেছে তথাপি এ
খন সাঙ্গ হয় নাই। [১৭] অতএব এখন যদি
মহারাজের তুষ্টি হয় তবে মহারাজের বাবেলস্থ
ধনাগারে অন্বেষণ করা যাউক যে কোরেশরাজে
তে য়িরুশালমস্থ ঈশ্বরের গৃহনির্ম্মাণের আজ্ঞা দে
ওয়া গেল কি না এবং মহারাজ এ বিষয়ে আ
মারদের নিকটে আপন তুষ্টি প্রেরণ করিয়া জা
নাউন।

৬ পর্ব্ব।

[১] তখন দারিউশরাজ আজ্ঞা করিল এ
বং যেখানে বাবেলে ধন রাখা যায় সেখানে
দপ্তরখানায় অন্বেষণ করা গেল। [২] এবং
মাদীয়েরদের আখ্মিতা পরগণার রাজবাটী
তে এক দপ্তর পাওয়া গেল ও তাহাতে এ২ লি
খিত এক পত্র ছিল। [৩] কোরেশরাজের প্রথ
ম বৎসরে কোরেশরাজ ঈশ্বরের য়িরুশালমস্থ গৃ
হের বিষয়ে আজ্ঞা করিলেন যে গৃহ অর্থাৎ তাহা
রা যে স্থানে যজ্ঞ করিত সে গৃহ নির্ম্মাণ করা যা
উক তাহার পোতা দৃঢ়রূপে করা যাউক তাহার
ঊর্দ্ধতা ষাইট হাত ও প্রস্থতা ষাইট হাত হউক
[৪] তাহা তিন সারি বৃহৎ প্রস্তরেতে ও এক সারি
নূতন কাষ্ঠেতে গাঁথান যাউক এবং তাহার খরচ
রাজবাটীহইতে দেওয়া যাউক। [৫] এবং নি
বূকদনেসর য়িরুশালমস্থ মন্দিরহইতে যে২ স্বর্ণ
ময় ও রূপ্যময় পাত্র লইয়া বাবেলে আনিয়া
ছিল সেই পাত্র ফিরিয়া দেওয়া যাউক এবং প্র
ত্যেক পাত্র আপন স্থানে য়িরুশালমস্থ মন্দিরে
আনা যাউক ও সেখানে ঈশ্বরের গৃহে তাহা রা
খা যাউক। [৬] এখন নদীর ওপারস্থ দেশাধ্যক্ষ
তৎনই ও শিতরবোজনই ও নদীর ওপারস্থ তো
মারদের পক্ষীয় আফরসকীয়েরা তোমরা সে
স্থানহইতে দূরে থাক। [৭] ঈশ্বরের গৃহের কা
র্য্যের কিছু ব্যাঘাত করিও না। য়িহুদীয়েরদের
অধ্যক্ষ ও য়িহুদীয়েরদের প্রাচীন লোকেরা ঈশ্ব
রের ঐ গৃহ তাহার স্থানে নির্ম্মাণ করাউক। [৮]
আরও ঈশ্বরের ঐ গৃহের গাঁথনির কারণ তোমরা
য়িহুদীয়েরদের প্রাচীন লোকেরদিগকে যাহা
করিবা তাহার আজ্ঞা আমি করি ঐ লোকেরদের
কিছু আটক না হয় এই নিমিত্তে এইক্ষণে রাজার
ধনহইতে অর্থাৎ নদীর ওপারের করহইতে সে
লোকেরদিগকে ব্যয়নীয় ধন দেওয়া যাউক। [৯]
এবং তাহারা স্বর্গের ঈশ্বরের উদ্দেশে সুগন্ধি নৈ
বেদ্য করে এবং রাজার ও তাহার পুত্রেরদের
জীবন প্রার্থনা করে [১০] এই কারণ তাহারদের
যে২ আবশ্যক দ্রব্য স্বর্গের ঈশ্বরের হোমের নিমি
ত্তে য়িরুশালমস্থ যাজকেরদের নিরূপণানুসারে
অর্থাৎ যুব বলদ ও মেষ ও মেষশাবক এবং
গোম ও লবণ ও দ্রাক্ষারস ও তৈল ত্রুটিব্যতিরে
কে দিনে২ তাহারদিগকে দেওয়া যাউক। [১১]
আরও আমি এ আজ্ঞা করি যে কেহ এ আজ্ঞার
অন্যথা করে তাহার গৃহহইতে কাষ্ঠ লওয়া যা
উক ও তাহার ফাঁসি তাহার উপরে দেওয়া যাউক
ও এহেতুক তাহার গৃহ নিত্য সারচিপি করা যা
উক। [১২] এবং যে সকল রাজা ও লোক য়িরু
শালমস্থ ঈশ্বরের ঐ গৃহের অন্যথা করিতে ও নষ্ট
করিতে হাত দিবে যে ঈশ্বর সেখানে আপন নাম
স্থাপন করিয়াছেন তিনি তাহারদের বিনাশ ক
রুন আমিই দারিউশ আজ্ঞা করিয়াছি সে কার্য্য
শীঘ্র করা যাউক।

[১৩] তখন নদীর এপারস্থ দেশাধ্যক্ষ তৎনই
ও শিতরবোজনই ও তাহারদের পক্ষীয় লোকে
রা দারিউশরাজ যাহা পাঠাইয়াছিলেন তদনুসা
রে শীঘ্র করিল। [১৪] এবং য়িহুদীয়েরদের
প্রাচীন লোকেরা গৃহনির্ম্মাণ করিল এবং খগই
আচার্য্যের ও ইদোর পুত্র জিকরিয়াহের আচা
র্য্যবাক্য কথনেতে ভাগ্যবান হইল ও গাঁথিল ও
য়িশ্রাএলের ঈশ্বরের আজ্ঞানুসারে ও পারসের
কোরেশরাজের ও দারিউশের ও অরতখ্শস্তার
আজ্ঞানুসারে তাহা সাঙ্গ করিল। [১৫] এবং
দারিউশরাজের অধিকারের ষষ্ঠ বৎসরে আদর
মাসের তৃতীয় দিনে গৃহ সাঙ্গ হইল।

[১৬] এবং য়িশ্রাএলের সন্তানেরা ও যাজ
কেরা ও লেবীরা ও অবশিষ্ট বন্দি লোকেরদের
সন্তানেরা আনন্দেতে ঈশ্বরের গৃহের প্রতিষ্ঠা
করিল। [১৭] এবং ঈশ্বরের ঐ গৃহের প্রতি
ষ্ঠাকরণসময়ে একশত বলদ ও দুইশত মেষ
ও চারি শত মেষশাবক নৈবেদ্য করিয়া দিল

এবং সমস্ত য়িশ্রাএলের নিমিত্তে পাপঘ্ন ব
লির কারণ য়িশ্রাএলের গোষ্ঠীর সংখ্যানুসারে
দ্বাদশ পাঁঠা দিল। [১৮] এবং মোশহের শা
স্ত্রের লিখনানুসারে য়িরূশালমে যে ঈশ্বরের সে
বা হয় একারণ তাহারা যাজকেরদিগকে তাহার
দের পদে ও লৈবেরদিগকে তাহারদের পর্য্যায়ে
রাখিল।
[১৯] পরে প্রথম মাসের চতুর্দ্দশ দিনে বন্দি
লোকেরদের সন্তানেরা পেসাখ্‌পালন করিল।
[২০] যেহেতুক যাজকেরা ও লৈবেরা এককালে
শুচি করা গেল তাহারা সকলেই শুচি হইল এবং
বন্দি লোকেরদের সন্তানেরদের নিমিত্তে ও আ
পনারদের যাজক ভ্রাতারদের নিমিত্তে ও আপ
নারদের নিমিত্তে পেসাখ্ মারিল। [২১] এবং
বন্দিত্বহইতে পুনরাগত য়িশ্রাএলের সন্তানে
রা এবং য়িশ্রাএলের ঈশ্বর য়িহুহের অন্বেষণ
করিবার কারণ সে দেশস্থ অন্যদেশীয়েরদের গ
র্হিত ক্রিয়াহইতে যত লোক তাহারদের পক্ষীয়
হইবার কারণ আপনারদিগকে ভিন্ন করিয়াছিল
সে সকলে খাইল। [২২] এবং আনন্দেতে সাত
দিন বেখমির রুটির পর্ব্বপালন করিল যেহে
তুক য়িহুহ তাহারদিগকে সানন্দ করিয়াছিলেন
এবং ঈশ্বরের অর্থাৎ য়িশ্রাএলের ঈশ্বরের গৃ
হের কার্য্যে তাহারদের হস্ত দৃঢ় করিবার কারণ
তাহারদের পক্ষে আশূরের রাজার মন ফিরাই
য়াছিলেন।

## ৭ পর্ব্ব।

[১] ইহার পরে পারসের অরতখশস্তারা
জের অধিকারকালে প্রধান যাজক আহরোণের
পুত্র এলিয়েজেরের পুত্র পিনিখাসের পুত্র [২]
আবিশুয়ার পুত্র বুকির পুত্র উজির পুত্র [৩] জি
রখিয়াহের পুত্র মিরাওতের পুত্র অজরিয়াহের
পুত্র [৪] আমরিয়াহের পুত্র আখিটূবের পুত্র
সাদোকের পুত্র [৫] শলূমের পুত্র খিলকিয়া
হের পুত্র অজরিয়াহের পুত্র শিরায়াহের পুত্র
এজরা। [৬] সেই এজরা বাবেলহইতে গেল
এবং মোশহের যে শাস্ত্র য়িশ্রাএলের ঈশ্বর য়ি
হুহ দিয়াছিলেন সে শাস্ত্রে সে প্রস্তুত এক অধ্যা
পক ছিল এবং তাহার ঈশ্বর য়িহুহের হাত যে
প্রকারে তাহার উপরে ছিল তদনুসারে রাজা
তাহার সকল প্রার্থিত দিল। [৭] এবং অরত
খশস্তারাজের সপ্তম বৎসরে য়িশ্রাএলের স
ন্তানেরদের ও যাজকেরদের ও লৈবেরদের ও
গায়কেরদের ও দ্বারপালেরদের ও নিতিনীয়ের
দের কতক লোক য়িরূশালমে গেল। [৮]
এবং রাজার সপ্তম বৎসরের পঞ্চম মাসে সে য়ি
রূশালমে পঁহুছিল। [৯] যেহেতুক প্রথম মা
সের প্রথম দিনে তাহারা বাবেলহইতে যাইতে
আরম্ভ করিল এবং তাহার ঈশ্বরের মঙ্গলদায়ি
হাত যেরূপ তাহার উপরে ছিল তদনুসারে প
ঞ্চম মাসের প্রথম দিনে পঁহুছিল। [১০] যে
হেতুক এজরা য়িহুহের শাস্ত্রানুসন্ধান করিতে
ও পালন করিতে ও য়িশ্রাএলকে আজ্ঞা ও
বিচার শিক্ষা করাইতে আপন অন্তঃকরণ প্রস্তুত
করিয়াছিল।
[১১] অরতখশস্তারাজ যে পত্র এজরাযাজক
অর্থাৎ লেখককে দিল তাহার নকল এই সে এজ
রা য়িহুহের আজ্ঞার কথার ও য়িশ্রাএলের
প্রতি তাঁহার যে বিধি তাহারও অধ্যাপক ছিল।
[১২] রাজারদের রাজা অরতখশস্তা স্বর্গের ঈশ্ব
রের শাস্ত্রাধ্যাপক এজরা যাজককে পত্র লিখে
সম্পূর্ণ মঙ্গল হউক এবং অমুক তারিখ। [১৩]
আমি এ আজ্ঞা করি যে আমার রাজ্যের ম
ধ্যে য়িশ্রাএলের যত লোক ও তাঁহার যত
যাজক ও লৈব আপন২ ইচ্ছাক্রমে তোমার স
হিত য়িরূশালমে যাইতে চাহে তাহারা তোমার
স হত যায়। [১৪] যেহেতুক স্বহস্তস্থ তোমার
ঈশ্বরের শাস্ত্রানুসারে য়িহুদাহের ও য়িরূশাল
মের বিষয়ে জিজ্ঞাসা করিবার কারণ [১৫] এবং
য়িরূশালমবাসি য়িশ্রাএলের ঈশ্বরের উদ্দেশে
রাজা ও তাহার মন্ত্রিবর্গকর্ত্তৃক ইচ্ছাপূর্ব্বক দত্ত
রূপা ও স্বর্ণ [১৬] এবং য়িরূশালমস্থ তাহারদের
ঈশ্বরের গৃহের নিমিত্তে লোকেরদের ও যাজ
কেরদের স্বেচ্ছাতে দত্ত দানের সহিত তুমি বাবে
লের সকল দেশে যত রূপা ও স্বর্ণ পাইতে পার
সে সকল যাইয়া দিবার কারণ [১৭] এবং সে ধ
নেতে তুমি বলদ ও মেষ ও মেষশাবক ও তাহার
দের চরু ও পানীয় দ্রব্য অবিলম্বে ক্রয় করিয়া
য়িরূশালমে তোমারদের ঈশ্বরের গৃহে তাঁহার
বেদির উপরে উৎসর্গ কর এইকারণও তুমি রা
জার ও তাহার সাত মন্ত্রির আজ্ঞাতে প্রেরিত
আছ। [১৮] এবং অবশিষ্ট রূপাতে ও স্বর্ণে
তে তোমার ও তোমার ভ্রাতারদের মনে যাহা
রুচে তাহা আপনারদের ঈশ্বরের ইচ্ছানুসারে
কর। [১৯] এবং তোমার ঈশ্বরের গৃহের সে
বার কারণ যে২ পাত্র তোমাকে দত্ত হইল তাহা
য়িরূশালমে ঈশ্বরের সাক্ষাৎ দেও। [২০] এবং
তোমার ঈশ্বরের গৃহের নিমিত্তে তোমার অবশ্য
দাতব্য রাজভাণ্ডারহইতে দেও। [২১] আরও
আমিই অরখশস্তারাজ নদীর ওপারস্থিত সর্ব্ব
কোষাধ্যক্ষকে আজ্ঞা দি [২২] যে স্বর্গের ঈশ্বরের
শাস্ত্রাধ্যাপক এজরাযাজক তোমারদের কাছে
একশত কিকার রূপা ও একশত পরিমাণ গোম
ও একশত বাত দ্রাক্ষারস ও একশত বাত তৈল

পর্য্যন্ত যাহা চাহিবে তাহা এবং অনিরূপিত লবণ
শীঘ্র করা যাউক। [২৩] স্বর্গের ঈশ্বরের আ
দিষ্ট ভাবদ্বিষয় স্বর্গের ঈশ্বরের গৃহের কারণ
যত্নেতে করা যাউক যেহেতুক রাজার ও তাহার
পুত্রেরদের প্রতিকূলে কেন ক্রোধ হইবে।
[২৪] আরও যাজকেরদের ও লেবিরদের ও গা
য়কেরদের ও দ্বারপালেরদের ও নিতিনীয়েরদের
ও ঈশ্বরের ঐ গৃহের সেবকেরদের বিষয়ে আম
রা নিশ্চয়রূপে জানাই যে তাহারদের কোন কা
হার স্থানে তাসিল ও কর ও মাসুল গ্রহণ করা
অব্যবস্থা হইবে। [২৫] এবং হে এজরা তোমার
ঈশ্বরবিষয়ক যে জ্ঞান তোমার প্রতি সমর্পিত হ
ইয়াছে তদনুসারে নদীর ওপারস্থ সকল লো
কেরদের বিচারকরণের জন্যে যাহারা তোমার
ঈশ্বরের শাস্ত্র জানে এমন সকল অধ্যক্ষ ও বিচা
রকর্ত্তাকে নিযুক্ত কর ও যাহারা তাহা জানে
না তাহারদিগকে শিক্ষা করাও। [২৬] এবং
যে কেহ তোমার ঈশ্বরের আজ্ঞা ও রাজাজ্ঞাপা
লন করিতে অসম্মত তাহার দণ্ড মৃত্যু হউক কি
ম্বা দেশহইতে দূর করা হউক কিম্বা ধনচ্ছেদন
হউক কিম্বা কারাগারেতে থাকা হউক তাহা শীঘ্র
দেওয়া যাউক।

[২৭] য়িরূশালমস্থ য়িহুহের গৃহ শোভাবি
শিষ্টকরণের মানস রাজার অন্তঃকরণে দিয়াছেন
এবং রাজার সাক্ষাৎ ও তাহার মন্ত্রিরদের সা
ক্ষাৎ ও রাজার সকল প্রধান অধ্যক্ষেরদের সা
ক্ষাৎ আমার প্রতি কৃপা বাড়াইয়াছেন যে আ
মারদের পিতৃলোকেরদের ঈশ্বর য়িহুহ তিনি
ধন্য। [২৮] এবং য়িহুহ আমার ঈশ্বরের হাত
যেমন আমার উপরে ছিল তেমন আমি সমর্থ
ছিলাম পরে আমার সহিত যাইবার নিমিত্তে
আমি য়িশ্রাএলের মধ্যহইতে প্রধান লোকের
দিগকে একত্র করিলাম।

## ৮ পর্ব্ব।

[১] যে পিতৃপ্রধানেরা অরথ্শস্তারাজের কা
লে আমার সহিত বাবেলহইতে গেল তাহারা
এই ও এই তাহারদের বংশাবলি। [২] পীনি
খাসের সন্তানেরদের মধ্যে গেরশোম ইতামা
রের সন্তানেরদের মধ্যে দানিএল দাউদের সন্তা
নেরদের মধ্যে খটূশ। [৩] শিকনিয়াহের সন্তা
নেরদের মধ্যে ও পরওশের সন্তানেরদের মধ্যে
জিকরিয়াহ্ এবং বংশাবলির অনুসারে তাহার
সহিত একশত পঞ্চাশ পুরুষ গণা গেল। [৪]
পখত মোআবের সন্তানেরদের মধ্যে জিরখিয়া
হের পুত্র এলিহোএনঈ ও তাহার সহিত দুইশত
পুরুষ। [৫] শিকনিয়াহের সন্তানেরদের মধ্যে
যখজীএলের পুত্র ও তাহার সহিত তিনশত
পুরুষ। [৬] আদীনের সন্তানেরদের মধ্যে য়ো
নাতানের পুত্র এবেদ ও তাহার সহিত পঞ্চাশ
পুরুষ। [৭] এলামের সন্তানেরদের মধ্যে অ
তলিয়াহের পুত্র য়িশাঈয়াহ্ ও তাহার সহিত
সত্তর পুরুষ। [৮] শিফটিয়াহের সন্তানেরদের
মধ্যে মীকাএলের পুত্র জিবদিয়াহ্ ও তাহার
সহিত আশী পুরুষ। [৯] য়োআবের সন্তানে
রদের মধ্যে য়িখীএলের পুত্র ওবদিয়াহ্ ও তা
হার সহিত দুইশত আঠার পুরুষ। [১০] শি
লোমীতের সন্তানেরদের মধ্যে য়োশিফিয়াহের
পুত্র ও তাহার সহিত একশত ষাইট পুরুষ।
[১১] বেবাঈর সন্তানেরদের মধ্যে বেবাঈর পুত্র
জিকরিয়াহ ও তাহার সহিত আটাইশ পুরুষ।
[১২] অজগাদের সন্তানেরদের মধ্যে হকাটানে
র পুত্র য়োখানান ও তাহার সহিত একশত দশ
পুরুষ। [১৩] এবং অদোনীকামের অন্য সন্তা
নেরদের মধ্যে তাহারদের নাম এ২ এলীফেলে
ট ও যেইএল ও শিমঈয়াহ্ ও তাহারদের সহিত
ষাইট পুরুষ। [১৪] এবং বিগবঈর সন্তানের
দের মধ্যে উতঈ ও জবূদ ও তাহারদের সহিত
সত্তর পুরুষ।

[১৫] পরে আমি অহবার অভিমুখগা নদীর
নিকটে তাহারদিগকে একত্র করিলাম এবং আ
মরা সেখানে তাম্বুতে তিন দিন বাস করিলাম এ
বং আমি লোকেরদিগকে ও যাজকেরদিগকে অ
বলোকন করিয়া সেখানে লেবির সন্তান কাহাকে
পাই নাই। [১৬] তখন আমি এলিএজের ও
অরীএল ও শিমঈয়াহ্ ও এলনাতান ও য়ারীব ও
এলনাতান ও নাতান ও জিকরিয়াহ্ ও মিশুলাম
এই২ প্রধান লোককে এবং য়োআরীব ও এল
নাতান এ২ বুদ্ধিমান মনুষ্যকে ডাকিতে পাঠাই
লাম। [১৭] এবং আমি কাসিফিআ নামেতে
খ্যাত স্থানে ইদো প্রধানের নিকটে এ আজ্ঞা ক
রিতে তাহারদিগকে পাঠাইলাম এবং তাহারদি
গকে কহিলাম যে তাহারা কাসিফিআনামেতে
খ্যাত স্থানে ইদোকে ও তাহার নিতিনীয় ভ্রাতার
দিগকে যাহা কহিবে অর্থাৎ যে তাহারা আ
মারদের ঈশ্বরের গৃহের জন্যে সেবকেরদিগকে
আমারদের নিকটে আনে। [১৮] এবং আমা
রদের উপরে যে আমারদের ঈশ্বরের মঙ্গলদায়
ক হাত তাহার দ্বারা তাহারা য়িশ্রাএলের পুত্র
লেবির পুত্র মখ্লীর সন্তান এক জন বুদ্ধিমান
মানুষকে আমারদের নিকটে আনিল ও শেরে
বিয়াহ্কে তাহার পুত্র ও ভ্রাতাদের সুদ্ধ আঠার
জনকেও। [১৯] ও খশবিয়াহ্কে ও তাহার স
হিত মেরারীর সন্তান য়িশাঈয়াহ্কে তাহার ভ্রা
তারা ও তাহারদের পুত্র বিংশতি জনকে। [২০]

এবং লৈবেরদের সেবার নিমিত্তে দাউদ ও অ
ধ্যক্ষেরা যাহারদিগকে নিরূপণ করিয়াছিল এ
মন যে নিতিনীয়েরা তাহারদের মধ্যহইতে দুই
শত বিংশতি নিতিনীয়কে আনিল এ সকলের
নাম লিখিত ছিল।

[২১] তখন আমরা আপনারদের কারণ ও
আপনারদের বালকেরদের কারণ ও আমারদের
সকল সম্পত্তির কারণ প্রকৃত পথ চেষ্টা করিবার
নিমিত্তে আপনারদের ঈশ্বরের সাক্ষাৎ আপ
নারদিগকে ক্লেশ দি এই কারণ আমি অহবা
নদীর নিকটে উপবাস ঘোষণা করিলাম। [২২]
কেন না পথে যে শত্রুরা তাহারদের বিরুদ্ধে
রাজার স্থানে সৈন্য ও অশ্বারোহিরদিগকে চা
হিতে আমার লজ্জা ছিল যেহেতুক আমরা
রাজাকে কহিয়াছিলাম যে যাহারা আমারদের
ঈশ্বরের অন্বেষণ করে তাহারদের উপরে তাঁ
হার হাত মঙ্গলের কারণ আছে কিন্তু যাহারা
তাঁহাকে ত্যাগ করে তাহারদের বিপরীতে তাঁ
হার পরাক্রম ও তাঁহার ক্রোধ আছে। [২৩]
অতএব আমরা এইকারণ উপবাস করিলাম ও
আমারদের ঈশ্বরের স্থানে প্রার্থনা করিলাম
এবং তিনি আমারদের প্রার্থনাতে আরাধিত
হইলেন।

[২৪] পরে আমি যাজকেরদের মধ্যে বারো
জন প্রধান লোককে অর্থাৎ শেরেবিয়াহ্ ও
খশবিয়াহ্ ও তাহারদের সহিত তাহারদের দশ
জন ভ্রাতাকে ভিন্ন করিলাম। [২৫] এবং
তাহারদের সাক্ষাৎ যে রূপা ও স্বর্ণ ও পাত্র অ
র্থাৎ আমারদের ঈশ্বরের গৃহের কারণ রাজা
ও তাহার মন্ত্রিরা ও তাহার অধ্যক্ষেরা ও সে
স্থানবর্ত্তি য়িশ্রাএলের সকল লোক যাহা দি
য়াছিল তাহা তাহারদের কাছে তৌল করি
য়া দিলাম। [২৬] আমি ছয়শত পঞ্চাশ কি
কার রূপা ও একশত কিকার স্বর্ণের পাত্র ও
এক শত কিকার স্বর্ণ [২৭] এবং একসহস্র দিরম
পরিমাণক বিংশতি স্বর্ণময় সিনিকর ও স্বর্ণের
ন্যায় বহুমূল্য উত্তম তাম্রের দুই পাত্র। [২৮]
এবং আমি তাহারদিগকে কহিলাম তোমরা য়ি
হুহের কারণ পবিত্র আছ এবং পাত্রও প
বিত্র রূপা ও স্বর্ণ তোমারদের পিতৃলোকেরদের
ঈশ্বর য়িহুহের উদ্দেশে স্বেচ্ছাতে দত্ত আছে।
[২৯] অতএব তোমরা যিরুশালমে য়িহুহের
গৃহের কুঠরিতে প্রধান যাজকেরদের ও লৈবের
দের ও য়িশ্রাএলের পিতৃপ্রধানেরদের কাছে
যেপর্য্যন্ত তাহা তৌল করিয়া না দেও সে পর্য্যন্ত
চৌকি দেও ও তাহা রক্ষা কর। [৩০] অতএব
যাজকেরা ও লৈবেরা সে রূপা ও স্বর্ণ ও পাত্র
য়িরুশালমে আমারদের ঈশ্বরের গৃহে আনি
বার কারণ তাহার তৌল করিয়া লইল।

[৩১] পরে য়িরুশালমে যাইবার কারণ আ
মরা প্রথম মাসের দ্বাদশ দিনে অহবা নদী ছা
ড়িয়া গেলাম এবং তিনি শত্রুরদের হাতহইতে
ও যাহারা পথে আমারদের কারণ লুক্কায়িত
ছিল তাহারদের হাতহইতেও আমারদিগকে উ
দ্ধার করিলেন। [৩২] পরে আমরা য়িরুশাল
মে পঁহুছিয়া তিন দিন সেখানে থাকিলাম।

[৩৩] অপর চতুর্থ দিনে সে রূপা ও স্বর্ণ ও
পাত্র আমারদের ঈশ্বরের গৃহে ঊরিয়াহ্ যাজ
কের পুত্র মিরেমোতের হাতেতে তৌল করা
গেল ও তাহার সহিত পিনিখাসের পুত্র এলিয়া
জের ও তাহারদের সহিত য়েশুআর পুত্র য়োজা
বাদ ও বিনূইর পুত্র নোআদিয়াহ্ লৈব ছিল।
[৩৪] প্রত্যেক দ্রব্য গণনা ও তৌলানুসারে দেও
য়া গেল ও সে সময়ে তৌল লেখা গেল। [৩৫]
যাহারা বন্দিত্বে নীত হইয়াছিল তাহারদের যে
সন্তানেরা বন্দ্যবস্থাহইতে পুনঃ আসিয়াছিল তা
হারা সকল য়িশ্রাএলের কারণ য়িশ্রাএলের
ঈশ্বরের উদ্দেশে বারো বলদ দিল ও পাপঘ্ন ব
লির কারণ ছেয়ানব্বই মেষ ও সাতাত্তর মেষশা
বক ও দ্বাদাশ ছাগ দিল এ সকল য়িহুহের উদ্দে
শে হোমের কারণ ছিল।

[৩৬] পরে তাহারা রাজপ্রতিনিধি লোকের
দিগকে ও নদীর এপারস্থ অধ্যক্ষেরদিগকে রাজা
জ্ঞা দিল তাহাতে তাহারা লোকেরদের ও ঈশ্ব
রের গৃহের কার্য্যের উপকার করিল।

## ৯ পর্ব্ব।

[১] এ কার্য্য হইলে পর অধ্যক্ষেরা আমার
নিকটে আসিয়া এ কথা কহিল যে য়িশ্রাএল
লোক ও যাজকেরা ও লৈবেরা কনআনীয়ের
দের ও খিত্তীয়েরদের ও পিরিজীয়েরদের ও
য়িবূসীয়েরদের ও অমোনীয়েরদের ও মোআ
বীয়েরদের ও মিস্রীয়েরদের ও আমোরীয়ের
দের ঘৃণ্য ক্রিয়ানুসারে করিয়া তত্তদ্দেশীয় লো
কেরদেরহইতে আপনারদিগকে ভিন্ন করে নাই।
[২] যেহেতুক তাহারা আপনারদের ও আপনা
রদের পুত্রেরদের জন্যে তাহারদের কন্যারদি
গকে গ্রহণ করিয়াছে তাহাতে পবিত্র বংশজ
লোকেরা তত্তদ্দেশীয়েরদের সহিত আপনারদি
গকে মিশ্রিত করিয়াছে এবং এ পাপে অধ্যক্ষে
রদের ও শাসনকর্ত্তারদের হাত প্রধান হইল।
[৩] আমি এ কথা শুনিয়া আপন বস্ত্র ও উড়নী
ছিঁড়িলাম এবং আপন মস্তকের ও দাড়ির কে
শোৎপাটন করিয়া বিস্মিত হইয়া বসিলাম।
[৪] তখন বন্দি লোকেরদের অতিক্রমের বিষয়ে

যাহারা য়িশ্রাএলের ঈশ্বরের বাক্যেতে কাঁ
পিল তাহারা আমার নিকটে একত্র হইল এবং
আমি সন্ধ্যাহোমপর্য্যন্ত বিস্মিত হইয়া বসি
লাম।
[৫] সন্ধ্যাহোমের সময়ে আমি আপন শো
কহইতে উঠিলাম এবং আপন বস্ত্র ও উড়নী ছিঁ
ড়িয়া হাঁটু পাড়িলাম ও আপন ঈশ্বর য়িহুহের
সাক্ষাৎ হস্ত বিস্তার করিলাম। [৬] এবং কহি
লাম হে আমার ঈশ্বর আমি লজ্জিত হই এবং
হে আমার ঈশ্বর আপনকার প্রতি স্বমুখ উঠাই
তে বিবর্ণ হই যেহেতুক আমারদের অধর্ম্ম
আমারদের মস্তকোপরি বাড়িয়াছে এবং আ
মারদের অতিক্রম স্বর্গপর্য্যন্ত উঠিয়াছে। [৭]
আমারদের পিতৃলোকেরদের কালাবধি অদ্য
পর্য্যন্ত আমরা বড় অতিক্রামক হইয়াছি এবং
আমারদের অধর্ম্মেতে আমরা ও আমারদের
রাজারা ও আমারদের যাজকেরা আজিকার দ
শানুসারে অন্যদেশীয় রাজারদের হাতে তলো
আরের ও বন্দিহওনের কারণ ধৃত হওয়ার ও
লুঠিত হওয়ার ও মুখের ব্যাকুলতার কারণ সম
র্পিত হইয়াছি। [৮] এবং এখন বাঁচিবার কারণ
আমারদের অবশিষ্ট লোককে রক্ষা করিতে ও
তাঁহার পবিত্র স্থানে আমারদিগকে এক প্রেক
দিতে ও আমারদের চক্ষু দীপ্তিমান করিতে ও আ
মারদের দাসত্বে আমারদিগকে অল্প প্রাণদান
করিতে কিঞ্চিৎ কালের কারণ আমারদের ঈশ্বর
য়িহুহহইতে অনুগ্রহ আমারদের প্রতি প্রকাশিত
হইয়াছে। [৯] যেহেতুক আমরা বন্দি ছিলাম
তথাপি আমারদের বন্দ্যবস্থাতে আমারদের ঈ
শ্বর আমারদিগকে ত্যাগ করেন নাই কিন্তু আ
মারদের ঈশ্বরের গৃহ স্থাপন করিতে ও তাহার
কাঁথড়া সারিতে ও য়িহুদাহ্ ও য়িরূশালমে আ
মারদিগকে প্রাচীর দিতে প্রাণদান করিবার
কারণ তিনি পারসের রাজারদের দৃষ্টিতে আ
মারদের পক্ষে অনুগ্রহ বাড়াইয়াছেন। [১০]
এবং এখন হে আমারদের ঈশ্বর ইহার পরে
আমরা কি কহিব কেননা তুমি এ কথা কহিয়া
আপন আচার্য্য সেবকেরদের হাতে এ আজ্ঞা
করিয়াছ। [১১] যে তোমরা যে দেশাধিকার
গ্রহণ করিবার কারণ তাহাতে প্রবেশ কর সে
দেশ তদ্দেশীয় লোকেরদের মলযুক্ত ক্রিয়াতে
ও যাহারা আপন অশুচি ক্রিয়াতে তাহা এক
সীমাহইতে অন্য সীমাপর্য্যন্ত পূর্ণ করিয়াছে তা
হারদের সে ঘৃণ্য ক্রিয়াতে অপবিত্র হইয়াছে।
[১২] অতএব এখন তোমরা বলবান হও এবং
দেশের উত্তম বস্তুভোগ কর ও সর্ব্বদা আপ
নারদের সন্তানেরদের অধিকারের কারণ তাহা
রাখ এই কারণ তোমারদের কন্যারদিগকে তা
হারদের পুত্রেরদিগকে দিও না এবং তাহার
দের কন্যারদিগকে আপনারদের পুত্রেরদের
জন্যে লইও না ও তাহারদের মঙ্গল কিম্বা ধন
কখন চেষ্টা করিও না তোমার এই২ আজ্ঞা
আমরা ত্যাগ করিয়াছি। [১৩] এবং হে আ
মারদের ঈশ্বর তুমি আমারদের অধর্ম্মের উপ
যুক্ত দণ্ডহইতে অল্প দণ্ড আমারদিগকে দিয়াছ
ও আমারদিগকে এতদ্রূপ উদ্ধার করিয়াছ এবং
আমারদের কুকর্ম্মেতে ও আমারদের বড় অতি
ক্রমেতে আমারদিগকে যে সকল ঘটিয়াছে
[১৪] ইহা দেখিয়া ও আমরা কি ইহার পরে
তোমার আজ্ঞা আর উল্লঙ্ঘন করিব ও এ২ ঘৃ
ণার্হ কর্ম্মকারি লোকেরদের সহিত সম্বন্ধ করিব
তুমি যেপর্য্যন্ত আমারদিগকে এমত সংহার
না কর যে আমারদের অবশিষ্ট কেহ না থাকে
ও আমারদের বাঁচন উপায় না থাকে সেপর্য্যন্ত
কি আমারদের উপরে ক্রুদ্ধ হইবেন না। [১৫]
হে য়িশ্রাএলের ঈশ্বর য়িহুহ তুমি ধর্ম্মস্বরূপ
যেহেতুক যেমন অদ্য হইয়াছে তেমন আমরা
বাঁচিয়া থাকি দেখ আমরা আপনারদের অ
তিক্রমেতে আপনকার সম্মুখে বেষ্টিত আছি
যেহেতুক ইহাতে আমরা আপনকার সাক্ষাৎ
দাঁড়াইতে পারি না।

## ১০ পর্ব্ব।

[১] এজরা প্রার্থনা করিলে পরে এবং পাপ
স্বীকার করিলেও ক্রন্দন করিলে ও ঈশ্বরের গৃ
হের সম্মুখে আপনাকে ভূমিতে ক্ষেপণ করিলে
পর য়িশ্রাএলের মধ্যহইতে পুরুষ স্ত্রী বালকা
দি অতিবড় মণ্ডলী তাহার নিকটে একত্র আইল
যেহেতুক লোকেরা অতিশয় ক্রন্দন করিল।
[২] তখন এলামের সন্তানেরদের মধ্যে এক জন
সে য়িখীএলের পুত্র শিকনিয়াহ্ প্রত্যুত্তর করিয়া
এজরাকে কহিল আমরা আপনারদের ঈশ্বরের
বিপরীতে অতিক্রম করিয়াছি ও দেশীয় লোকে
রদের মধ্যহইতে অন্য জাতীয়া স্ত্রীরদিগকে গ্রহণ
করিয়াছি বটে কিন্তু এখন এ বিষয়ে য়িশ্রাএ
লের মধ্যে ভরসা আছে। [৩] অতএব এখন
আমার প্রভুর পরামর্শানুসারে ও যাহারা আমা
রদের ঈশ্বরের আজ্ঞাতে কাঁপে তাহারদেরও প
রামর্শানুসারে সে স্ত্রীরদিগকে ও তাহারদের উ
দরে জাত বালকেরদিগকে ত্যাগ করিতে আমরা
আপনারদের ঈশ্বরের সহিত নিয়ম করি এবং
সে কার্য্য শাস্ত্রানুসারে করা যাউক। [৪] উঠ
কেননা এই তোমার কার্য্য আমরাও তোমার স
হকারী হইব সপ্রভাব হও এবং তাহা কর। [৫]
তখন এজরা উঠিল এবং এ বাক্যানুসারে করি

ন্তে প্রধান যাজকেরদিগকে ও লেবেরদিগকে ও
য়িশ্রাএলের সকল লোকেরদিগকে দিব্য করা
ইল এবং তাহারা দিব্য করিল।
[৬] অপর এজরা ঈশ্বরের গৃহের সম্মুখহইতে
উঠিল এবং এলিয়াশীবের পুত্র য়িহোখানা
নের কুঠরিতে প্রবেশ করিল এবং সেখানে আ
সিয়া কিছু রুটি খায় নাই ও জল পানকরে নাই
যেহেতুক যাহারা বন্দ্যবস্থাতে নীত হইয়াছিল
তাহারদের অতিক্রমেতে সে শোক করিল।
[৭] পরে তাহারা য়িহুদাহের ও য়িরূশালমের
সর্ব্বত্র বন্দি লোকেরদের সন্তানেরদের নিকটে
ঘোষণা করিল যে তাহারা য়িরূশালমে আপ
নারদিগকে একত্র করে। [৮] এবং যে কেহ
অধ্যক্ষেরদের ও প্রাচীন লোকেরদের পরামর্শা
নুসারে তিন দিনের মধ্যে না আইসে তাহার
সকল ধনেচ্ছদন করা যাইবে ও যাহারা বন্দ্য
বস্থাতে নীত হইয়াছিল তাহারদের মণ্ডলীহই
তে সে জন আপনি ছিন্ন হইবে।
[৯] তখন য়িহুদাহের ও বেন্যামিনের সকল
লোক তিন দিনের মধ্যে আপনারদিগকে য়ি
রূশালমে একত্র করিল তাহা নবম মাস ও
মাসের বিংশ দিন ছিল এবং এ বিষয়ে ও বড়
বৃষ্টিতে লোকেরা ঈশ্বরের গৃহের রথ্যাতে কাঁ
পিতে২ বসিল। [১০] পরে এজরাযাজক দণ্ডা
য়মান হইয়া তাহারদিগকে কহিল তোমরা
অতিক্রম করিয়াছ এবং য়িশ্রাএলে অতিক্রম
বাড়াইবার কারণ অন্য জাতীয় স্ত্রীরদিগকে গ্র
হণ করিয়াছ। [১১] অতএব এখন তোমার
দের পিতৃলোকেরদের ঈশ্বর য়িহুহের নিকটে
স্বীকার কর ও তাঁহার তুষ্টিকর কর্ম্ম কর এবং
দেশীয় লোকেরদেরহইতে ও অন্যজাতীয় স্ত্রীর
দেরহইতে আপনারদিগকে ভিন্ন কর। [১২]
তখন সকল মণ্ডলী প্রত্যুত্তর করিয়া উচ্চৈঃস্বরে
কহিল তুমি যেমন কহিয়াছ তেমন আমরা ক
রিব। [১৩] কিন্তু লোকই অনেক ও বড় বৃষ্টি
হইতেছে আমরা বাহিরে দাঁড়াইতে পারি না
এবং এ এক দিনের কিম্বা দুই দিনের কর্ম্ম নয়
কেননা এ বিষয়ে আজ্ঞাতিক্রমকারি আমরাই
অনেক। [১৪] অতএব সকল মণ্ডলীতে আমার
দের অধ্যক্ষেরা এ কার্য্যেতে দাঁড়াউক এবং এ
বিষয়েতে আমারদের ঈশ্বরের জ্বলন্ত কোপ যে
পর্য্যন্ত আমারদেরহইতে পরাবৃত্ত না হয় সেপ
র্য্যন্ত আমারদের নগরে যাহারা অন্য জাতীয়া
স্ত্রীরদিগকে গ্রহণ করিয়াছে তাহারা ও বিচার
কর্ত্তারদের সহিত প্রত্যেক নগরের প্রাচীন লো
কেরা তাহারদের নিরূপিত সময়ে আইসুক।
[১৫] এ২ কার্য্যেতে কেবল আসাহ্এলের পুত্র
য়োনাতান ও তিকবাহের পুত্র য়খজিয়াহ্ নি
যুক্ত ছিল এবং লেব মিশূলাম এবং শবিতঈ
তাহারদের উপকার করিল। [১৬] এবং বন্দি
লোকেরদের সন্তানেরা তাহা করিল এবং এজরা
যাজক ও পিতৃপ্রধান কতক লোক আপন পিতৃ
বংশানুসারে ও সকলে আপন২ নামানুসারে
ভিন্ন করা গেল এবং দশম মাসের প্রথম দিনে
এ বিষয়ের বিচার করিতে বসিল। [১৭] প্র
থম মাসের প্রথম দিনে তাহারা অন্যজাতীয়া
স্ত্রীগ্রহণকারি সকল পুরুষেরদের কর্ম্ম সাঙ্গ ক
রিল।
[১৮] এবং যাজকেরদের পুত্রেরদের মধ্যে
অন্যজাতীয়া স্ত্রীগ্রহণকারিরা পাওয়া গেল অ
র্থাৎ য়োসাদাকের পুত্র য়েশূআর পুত্রেরদের
ও ভ্রাতারদের মধ্যে মঅশেয়াহ্ ও এলিএজের
ও য়ারীব ও গিদালিয়াহ্। [১৯] এবং তাহা
রা আপন২ ভার্য্যাকে ত্যাগ করিতে হাত দিল
এবং অপরাধী হইয়া পালের এক মেষ আপ
নারদের অতিক্রমেতে নৈবেদ্য করিল। [২০]
এবং ইমেরের সন্তানেরদের মধ্যে খনানী ও
জিবদিয়াহ্। [২১] ও খারিমের সন্তানেরদের
মধ্যে মঅশেয়াহ্ ও এলিয়াহ্ ও শিময়িয়াহ্
ও য়িখীএল ও উজিয়াহ্। [২২] এবং পশ্খু
রের সন্তানেরদের মধ্যে এলিওএনঈ ও মঅশে
য়াহ্ ও য়িশমাএল ও নিতনিএল ও য়োজাবাদ
ও এলআশাহ্। [২৩] এবং লেবেরদের মধ্যে
য়োজাবাদ ও শিমিঈ ও কেলায়াহ্ সেই কিলী
টা এবং পিতখিয়াহ্ ও য়িহুদাহ্ ও এলিএজে
র। [২৪] এবং গায়কেরদের মধ্যে এলিয়াশীব
ও দ্বারপালেরদের মধ্যে শলুম ও টেলেম ও
উরি। [২৫] এবং য়িশ্রাএলের মধ্যে পরও
শের সন্তানেরদের মধ্যে রমিয়াহ্ ও য়িজিয়াহ্
ও মলকিয়াহ্ ও মিয়ামিন ও এলিএজের ও মল
কিয়াহ্ ও বিনায়াহ্। [২৬] এবং এলামের স
ন্তানেরদের মধ্যে মত্তনিয়াহ্ ও জিকরিয়াহ্ ও
য়িখীএল ও অবদী ও য়িরেমোত ও এলিয়াহ্।
[২৭] এবং জত্তূর সন্তানেরদের মধ্যে এলিও
এনঈ ও এলিয়াশীব ও মত্তনিয়াহ্ ও য়িরেমোত
ও জাবাদ ও অজীজা। [২৮] এবং বেবঈর
সন্তানেরদের মধ্যে য়িহোখানান ও খনিয়াহ্
ও জববই ও অতলাই। [২৯] এবং বানীর সন্তা
নেরদের মধ্যে মিশুলম ও মলূক ও অদায়াহ্ ও
য়াশূব ও শিআল ও রামোত। [৩০] এবং
পখতমোআবের সন্তানেরদের মধ্যে অদনা ও
কিলাল ও বিনায়াহ ও মঅশেয়াহ্ ও মত্তনিয়াহ্
ও বিসলিএল ও বিনূই ও মনশেহ্। [৩১] এ
বং খারিমের সন্তানেরদের মধ্যে এলিএজের ও

য়িশিয়াহ্ ও মল্কিয়াহ্ ও শিময়িয়াহ্ ও শিমিওন। [৩২] ও বেন্যামিন ও মলুক ও শিমরিয়াহ্। [৩৩] এবং খাশুমের সন্তানেরদের মধ্যে মত্তনয়ী ও মত্তাহ্ ও জাবাদ ও এলীফেলেট ও য়িরেময়ী ও মনশেহ্ ও শিমশ্নী। [৩৪] এবং বানীর পুত্রেরদের মধ্যে ময়দয়ী ও অমরাম ও উএল। [৩৫] ও বেনায়াহ্ ও বেদিয়াহ্ ও কিলূহি। [৩৬] বেনায়াহ্ ও মিরেমোত্ত ও এলিয়াশীব। [৩৭] ও মত্তনিয়াহ্ ও মত্তনয়ী ও য়অশয়ী। [৩৮] ও বানি ও বিনুই ও শিময়ী [৩৯] ও শেলেমিয়াহ্ ও নাতান ও অদায়াহ্। [৪০] ও মকনদিবয়ী ও শাশয়ী ও শারায়ী। [৪১] ও অজরীএল ও শেলেমিয়াহ্ ও শিমরিয়াহ্। [৪২] ও শলূম ও অমরিয়াহ্ ও যুসফ। [৪৩] এবং নিবোর সন্তানেরদের মধ্যে য়িয়ীএল ও মত্তিতিয়াহ্ ও জাবাদ ও জিবীনা ও য়াদব ও য়োএল ও বেনায়াহ্ [৪৪] এ সকলে অন্যজাতীয়া ভার্য্যাকে গ্রহণ করিয়াছিল এবং কাহার২ সে ভার্য্যারদের উদরে সন্তান জন্মিয়াছিল।

# নিখেমিয়াহ্ পুস্তক।

## ১ প্রথম পর্ব্ব।

[১] খকল্যিয়াহের পুত্র নিখেমিয়াহের বাক্য। বিংশতিতম বৎসরের কিসলেউ মাসে যখন আমি শূশনরাজধানীতে ছিলাম তখন এমন হইল। [২] খনানী নামে আমার ভ্রাতারদের এক জন আইল অর্থাৎ সে ও য়িহুদাহের কতক জন পরে বন্দি যে২ লোকেরা বাঁচিল ও থাকিল তাহারদের বিষয়ে ও য়িরূশালমের বিষয়ে আমি তাহারদিগকে জিজ্ঞাসা করিলাম। [৩] এবং তাহারা আমাকে কহিল বন্দি যে অবশিষ্ট লোকেরা সেখানে দেশে রাখা গিয়াছে তাহারা বড় দুঃখে ও নিন্দাতে আছে এবং য়িরূশালমের প্রাচীর ভাঙ্গা গিয়াছে ও তাহার দ্বার অগ্নিতে দগ্ধ হইয়াছে।

[৪] আমি এ কথা শুনিলে এমন হইল আমি বসিলাম ও ক্রন্দন করিলাম ও কতক দিন শোক ও উপবাস করিলাম ও স্বর্গের ঈশ্বরের সম্মুখে প্রার্থনা করিলাম। [৫] এবং কহিলাম হে য়িহুহ স্বর্গের ঈশ্বর মহান ও ভয়ঙ্কর ঈশ্বর যাহারা তোমাকে প্রেম করে ও তোমার আজ্ঞাপালন করে তাহারদের কারণ নিয়ম ও দয়াপালনকারী। [৬] এখন য়িশ্রাএলের সন্তান যে তোমার দাসেরা তাহারদের কারণ আমি দিবারাত্রি তোমার সাক্ষাৎ যে প্রার্থনা করি এবং আমরা তোমার প্রতিকূলে যে২ পাপ করিয়াছি য়িশ্রাএলের সন্তানেরদের সে পাপ স্বীকার করি সে তোমার দাসেরদের প্রার্থনাতে এখন তোমার কর্ণ অবধায়ী ও তোমার চক্ষু খোলা হউক। [৭] আমি ও আমার পিতৃবংশ পাপ করিয়াছি আমরা তোমার বিরুদ্ধে অত্যপ্রকৃত ক্রিয়া করিয়াছি এবং তুমি আপন দাস মোশহ্‌কে যে আজ্ঞা ও বিধি ও বিচার আজ্ঞা করিয়াছ তাহা আমরা পালন করি নাই। [৮] এবং যদি তোমরা আজ্ঞাতিক্রম কর তবে আমি অন্য জাতীয়েরদের মধ্যে তোমারদিগকে ছড়াইব। [৯] কিন্তু যদি তোমরা আমার প্রতি ফির ও আমার আজ্ঞাপালন কর ও তদনুসারে কর্ম্ম কর তবে তোমারদের কেহ২ স্বর্গের সীমান্ত দেশপর্য্যন্ত প্রক্ষিপ্ত হইলেও আমি সেখানহইতে তাহারদিগকে সংগ্রহ করিব এবং আপন নাম সেখানে স্থাপনার্থে যে স্থান মনোনীত করিয়াছি সেখানে তাহারদিগকে আনিব এ যে বাক্য তুমি আপন দাস মোশহ্‌কে আজ্ঞা করিয়াছ এখন তাহা স্মরণ কর। [১০] এখন তুমি আপন যে দাসেরদিগকে ও লোকেরদিগকে আপন মহাপরাক্রমেতে ও বলবান ভুজেতে মুক্ত করিয়াছ ইহারাই তোমার দাস ও তোমার লোক। [১১] হে য়িহুহ এখন তোমার দাসের প্রার্থনাতে ও তোমার যে দাসেরা তোমার নামে ভয় করিতে ইচ্ছা করে আমি মিনতি করি তাহারদের প্রার্থনাতে তোমার কর্ণ অবধায়ী হউক এবং আম



ল ২

প্রার্থনা করি যে অদ্য আপন দাসকে সমঙ্গল
কর ও এ মানুষের সাক্ষাৎ তাহাকে কৃপাপ্রদান
কর কেননা আমি রাজার খানসামা ছিলাম।

২ পর্ব্ব।

[১] অরতখশস্তারাজের অধিকারের বিংশতি
তম বৎসরে নীসান মাসে দ্রাক্ষারস তাহার অগ্রে
ছিল এবং আমি সে দ্রাক্ষারস লইয়া রাজাকে
দিলাম ইহার পূর্ব্বে আমি তাহার সাক্ষাৎ বি
ষণ্ণ ছিলাম না। [২] অতএব রাজা আমাকে
কহিল তুমি পীড়িত না হইলে তোমার মুখ কেন
বিষণ্ণ হইয়াছে মনের দুঃখব্যতিরেকে এ আর
কিছু নয়। [৩] তখন আমি অতিভীত হইয়া রা
জাকে কহিলাম যে মহারাজ চিরজিবী হউন যে
নগর আমার পিতৃলোকেরদের কবরস্থান সে
নগর অরণ্য হইলে ও তাহার দ্বার অগ্নিতে দগ্ধ
হইলে আমার মুখ কেন বিষণ্ণ হইবে না। [৪]
তখন রাজা আমাকে কহিল তুমি কি প্রার্থনা
কর অতএব আমি স্বর্গের ঈশ্বরের কাছে প্রার্থনা
করিলাম। [৫] পরে আমি রাজাকে কহিলাম
যদি মহারাজের তুষ্টি হয় ও তোমার দাস যদি
তোমার দৃষ্টিতে কৃপা পাইয়া থাকে তবে এ নি
বেদন করি যে আপনি আমাকে য়িহুদাহ্‌দেশে
আপন পিতৃলোকেরদের কবরের নগরে প্রেরণ
করুন যে আমি তাহা নির্ম্মাণ করি। [৬] পরে
রাণী রাজার নিকটে বসিলে রাজা আমাকে ক
হিল তোমার গমনে কত দিন লাগিবে ও কখন
ফিরিয়া আসিবা অতএব আমাকে পাঠাইতে
রাজার তুষ্টি হইল এবং আমি তাহার নিকটে
সময় নিরূপণ করিলাম। [৭] আরও আমি
রাজাকে কহিলাম যদি মহারাজের তুষ্টি হয়
তবে নদীর ওপারেস্থিত দেশাধ্যক্ষেরদের কারণ
পত্র আমাকে দেওয়া যাউক যে য়িহুদাহ্‌দেশে
পঁহুছনপর্য্যন্ত তাহারা আমার গমনোপকার
করে। [৮] এবং রাজার বনরক্ষক আসাফের
নিকটেও পত্র দিউন যে সে গৃহের প্রাসাদের
দ্বারের ও নগরের প্রাচীরের ও আমার প্রবেশ
নীয় গৃহের আড়কাটার জন্যে আমাকে কাষ্ঠ
দেয় এবং আমার উপরে যে আমার ঈশ্বরের
মঙ্গলকারি হস্ত তদনুসারে রাজা আমার নিবে
দিত বিষয় দিল।

[৯] তখন আমি নদীর ওপারে স্থিত দেশাধ্য
ক্ষেরদের নিকটে গেলাম এবং রাজার পত্র তা
হারদিগকে দিলাম রাজাই আমার সহিত সেনা
পতিরদিগকে ও অশ্বারোহিরদিগকে পাঠাইল।
[১০] যখন খোরোণীয় সনবল্লট ও অম্মোনীয়
টোবিয়াহ্‌ দাস শুনিল তখন তাহারদের বড়
শোক হইল যে য়িশ্রাএলের সন্তানেরদের ম
ঙ্গল অন্বেষণ করিবার কারণ কোন মানুষ আ
সিয়াছে। [১১] অতএব আমি য়িরূশালমে
পঁহুছিলাম ও সেখানে তিন দিন থাকিলাম।

[১২] পরে আমি রাত্রিতে উঠিলাম অর্থাৎ
আমি ও আমার সঙ্গি কতক জন এবং য়িরূশা
লমে যাহা করিতে আমার ঈশ্বর আমার মনে
দিয়াছিলেন তাহা আমি কাহাকেও কহি নাই
এবং আমি যে অশ্বারূঢ় ছিলাম তদ্ব্যতিরেকে
আর কোন পশুও আমার সহিত ছিল না।
[১৩] এবং আমি নিম্ন ভূমিদ্বারদিয়া নাগ
কূপ ও সার দ্বারপর্য্যন্ত রাত্রিতে বাহিরে গেলাম
এবং য়িরূশালমের ভগ্ন প্রাচীর অবলোকন ক
রিলাম ও তাহার দ্বার অগ্নিতে দগ্ধ হইল।
[১৪] তখন আমি উনইদ্বার ও রাজার পুষ্করিণী
পর্য্যন্ত গেলাম কিন্তু সেখানে আমার নীচস্থ প
শুর গন্তব্য পথ ছিল না। [১৫] পরে আমি
রাত্রিকালে নদীর তীরে২ গেলাম ও প্রাচীর প
র্য্যালোচন করিলাম পরে ফিরিয়া নিম্নভূমি
দ্বারদিয়া প্রবেশ করিয়া ফিরিয়া আইলাম।
[১৬] এবং আমি যেখানে গেলাম ও যাহা করি
লাম তাহা অধ্যক্ষেরা জানে নাই এবং তখনপ
র্য্যন্ত আমি য়িহুদীয়েরদিগকে কিম্বা যাজকের
দিগকে কিম্বা কুলীনেরদিগকে কিম্বা অধ্যক্ষের
দিগকে কিম্বা সে কর্ম্মকারি আর কোন কাহা
কে তাহা কহি নাই।

[১৭] পরে আমি তাহারদিগকে কহিলাম
আমরা যে দুরবস্থাতে আছি অর্থাৎ য়িরূশা
লম যে অরণ্য হইয়াছে ও তাহার দ্বার অগ্নিতে
দগ্ধ হইয়াছে ইহা তোমরা দেখিতেছ আইস
আমরা এ অবধি নিন্দাস্পদ না হই এই কারণ
য়িরূশালমের প্রাচীর নির্ম্মাণ করি। [১৮] তখন
আমার ঈশ্বরের হাত যে আমার উপরে মঙ্গলদা
য়ক এবং রাজা যে২ বাক্য আমাকে কহিয়াছিল
সে বাক্যও আমি তাহারদিগকে কহিলাম তাহা
তে তাহারা কহিল আমরা উঠি ও নির্ম্মাণ করি
অতএব এ উত্তম কার্য্যের নিমিত্তে তাহারা আপ
নারদের হস্ত সবল করিল। [১৯] কিন্তু যখন
খোরোণীয় সনবল্লট ও অম্মোনীয় টোবিয়াহ্‌
দাস ও অরবীয় গেশেম এ কথা শুনিল তখন তা
হারা আমারদিগকে পরিহাস ও অবজ্ঞা করিল
এবং কহিল তোমারদের ক্রিয়মাণ এ কার্য্য কি
তোমরা কি রাজকর্ত্তৃত্ব ত্যাগ করিবা। [২০] তখন
আমি প্রত্যুত্তর করিয়া তাহারদিগকে কহিলাম
স্বর্গের ঈশ্বর আমারদের মঙ্গল করিবেন সেকার
ণেতে তাঁহার দাস আমরা উঠিব ও নির্ম্মাণ ক
রিব কিন্তু য়িরূশালমে তোমারদের অংশ কিম্বা
অধিকার কিম্বা স্মৃতি নাই।

## ৩ পর্ব্ব।

[১] তখন এলিয়াশীব প্রধান যাজক ও তা
হার যাজক ভ্রাতারা উঠিল এবং তাহারা মেষ
দ্বার নির্ম্মাণ করিল ও তাহা পবিত্র করিল ও তা
হার দ্বার উঠাইল ও মেআহ্‌গড়পর্য্যন্ত ও খননি
এলের গড়পর্য্যন্ত তাহা পবিত্র করিল। [২] তা
হার পরে য়িরিখুর লোকেরা নির্ম্মাণ করিল ও
তাহারদের পরে ইমরের পুত্র জকুর নির্ম্মাণ ক
রিল। [৩] কিন্তু হসিনাআহের পুত্রেরা মৎস্য
দ্বার নির্ম্মাণ করিল ও তাহার আড়কাটা উঠা
ইল এবং তাহার কপাট ও তালা ও হুড়কা স্থা
পন করিল। [৪] তাহারদের পরে কোসের
পুত্র উরিয়াহের পুত্র মিরেমোত সারিল তাহার
পরে মিশেজবিএলের পুত্র বেরেকিয়াহের পুত্র
মিশুলাম সারিল ও তাহারদের পরে বঅনার
পুত্র সাদোক সারিল। [৫] তাহারদের পরে
তিকোঈয়েরা সারিল কিন্তু তাহারদের কুলীনে
রা আপনারদের পরমেশ্বরের কর্ম্মে আপন২
ঘাড় পাতিল না। [৬] পরে পাসেখের পুত্র
য়োয়াদা ও বিসোদিয়াহের পুত্র মিশুলম পুরা
তন দ্বার সারিল তাহারা তাহার আড়কাটা স্থা
পন করিল ও তাহার কপাট ও তালা ও হুড়কা
স্বস্থানে দিল। [৭] তাহারদের পরে গিবিওনীয়
মিলটিয়াহ্ ও মেরোণোতীয় য়াদোন ও গিবি
ওনের ও মিস্‌পাহের লোকেরা নদীর এপারে
দেশাধ্যক্ষেরদের সিংহাসনপর্য্যন্ত সারিল।
[৮] তাহার পরে স্বর্ণকারেরদের মধ্যে খরাইয়া
হের পুত্র উজীএল সারিল ও তাহার পরে গন্ধ
বণিক এক জনের পুত্র খননিয়াহ্ সারিল এবং
তাহারা ওসার প্রাচীরপর্য্যন্ত য়িরূশালম দৃঢ় ক
রিল। [৯] তাহারদের পরে য়িরূশালমের অর্দ্ধের
অধ্যক্ষ যে খূরের পুত্র রেফায়াহ্ সে সারিল।
[১০] তাহারদের পরে খরুমফের পুত্র য়িদায়াহ্
আপন গৃহের সম্মুখস্থ প্রাচীর সারিল এবং তা
হার পরে খশবনিয়াহের পুত্র খটোশ সারিল।
[১১] খারিমের পুত্র মল্‌কিয়াহ্ ও পখত মো
আবের পুত্র খশূব আর এক খণ্ড ও আফরের
গড় সারিল। [১২] তাহার পরে য়িরূশালমের
এক অর্দ্ধের কর্ত্তা খলোখেশের পুত্র শলুম ও তা
হার কন্যারা সারিল। [১৩] পরে খানুন ও জা
নোখনিবাসিরা নিম্ন ভূমিদ্বার সারিল তাহারা
তাহার গাঁথনি করিল এবং তাহার কপাট ও
তালা ও হুড়কা স্থাপন করিল এবং সারদ্বারপ
র্য্যন্ত প্রাচীরের উপরে এক সহস্র হাত সারিল।
[১৪] কিন্তু বীৎহকারেমের একাংশের কর্ত্তা রে
খাবের পুত্র মল্‌কিয়াহ্ সারদ্বার সারিল সে তা
হার গাঁথনি করিল ও তাহার কপাট ও তালা
ও হুড়কা স্থাপন করিল। [১৫] কিন্তু মিস্‌পা
হের একাংশের কর্ত্তা যে কালখোজেহের পুত্র
শলুম সে উনুইর দ্বার সারিল সে তাহা নির্ম্মাণ
করিল ও ছাইল ও তাহার কপাট ও তালা ও
হুড়কা স্থাপন করিল এবং যে সোপান দিয়া
দাউদের নগরহইতে নামে সেপর্য্যন্ত রাজার উ
দ্যানের নিকটস্থ শিলোখের পুষ্করিণীর প্রা
চীর সারিল। [১৬] তাহার পরে বীৎসুরের
এক অর্দ্ধের কর্ত্তা যে আজবূকের পুত্র নিখেমি
য়াহ্ সে দাউদের কবরের সম্মুখে ও যে পুষ্ক
রিণী করা গিয়াছে তাহার ও প্রভাববান লো
কেরদের ঘরপর্য্যন্ত সারিল। [১৭] তাহার পরে
লেবেরদের মধ্যে বানির পুত্র রেখুম সারিল
ও তাহার পরে কিঈলাহের অর্দ্ধাংশের কর্ত্তা
খশবিয়াহ্ আপন ভাগে সারিল। [১৮] তা
হার পরে তাহারদের ভ্রাতারা অর্থাৎ কিঈলা
হের অর্দ্ধের কর্ত্তা খেনাদাদের পুত্র বাবঈ সারি
ল। [১৯] তাহার পরে মিস্‌পাহের কর্ত্তা য়েশূ
আর পুত্র এজের প্রাচীরের বাঁকে অস্ত্রাগারের
পথের সম্মুখে আর এক খণ্ড সারিল। [২০]
তাহার পরে জবঈর পুত্র বারুক যত্ন করিয়া
প্রাচীরের বাঁকহইতে এলিয়াশাব প্রধান যাজ
কের দ্বারপর্য্যন্ত অন্য খণ্ড সারিল। [২১] তা
হার পরে কোসের পুত্র উরিয়াহের পুত্র মিরে
মোত এলিয়াশীবের গৃহের দ্বারহইতে এলিয়াশী
বের গৃহের সীমাপর্য্যন্ত আর এক খণ্ড সারিল।
[২২] তাহার পরে সমভূমির যাজক মানুষেরা
সারিল। [২৩] তাহার পরে বেন্যামিন ও খশুব
আপনারদের গৃহের সম্মুখে সারিল এবং তা
হার পরে অননিয়াহের পুত্র মত্‌শেয়াহের পুত্র
অজরিয়াহ্ আপন গৃহের সম্মুখে সারিল। [২৪]
তারপরে খেনাদাদের পুত্র বিনুঈ অজরিয়াহের
গৃহহইতে প্রাচীরের বাঁক অর্থাৎ কোণপর্য্যন্ত
আর এক খণ্ড সারিল। [২৫] পরে উজঈর পুত্র
পালাল বাঁকের সম্মুখস্থ প্রাচীর এবং কারাগা
রের উঠানের নিকটস্থ যে রাজার উচ্চ বাটী তা
হার নিকটবর্ত্তি গড়ের সম্মুখস্থ প্রাচীরও সা
রিল তাহার পরে পরওশের পুত্র পিদায়াহ্।
[২৬] এবং ওফেলবাসি নিতিনীয়েরা পূর্ব্বদি
গের জলদ্বারের সম্মুখস্থ স্থান ও বহির্বর্ত্তি গড়প
র্য্যন্ত সারিল। [২৭] তাহারদের পরে তেকোঈ
য়েরা বহির্বর্ত্তি বৃহৎ গড়হইতে ওফেলের প্রাচীর
পর্য্যন্ত আর এক স্থান সারিল। [২৮] ঘোটক
দ্বারের ওদিগহইতে যাজকেরা প্রত্যেক জন আ
পন২ গৃহের সম্মুখস্থ প্রাচীর সারিল। [২৯] তা
হারদের পরে ইমেরের পুত্র সাদোক আপন গৃ
হের সম্মুখে সারিল তাহার পর পূর্ব্বদ্বাররক্ষক

শিকিনিয়াহের পুত্র শিময়িয়াহ্ সারিল। [৩০]
তাহার পরে শেলেমিয়াহের পুত্র খনিনিয়াহ্ ও
সালাফের ষষ্ঠ পুত্র খানুন আর এক স্থান সা
রিল তাহার পর বেরেকিয়াহের পুত্র মিশু
লাম আপন কুঠরির সম্মুখে সারিল। [৩১]
তদনন্তর স্বর্ণকারের পুত্র মলকিয়াহ্ নিতিনীয়ের
দের ও বণিকেরদের স্থানপর্য্যন্ত মিফকাদদ্বা
রের সম্মুখস্থ প্রাচীর ও কোণার পথপর্য্যন্ত সা
রিল। [৩২] এবং কোণার পথ মেষদ্বারের
মধ্যে স্বর্ণকারেরা ও বণিকেরা সারিল।

## ৪ পর্ব্ব।

[১] কিন্তু এমত হইল যখন সনবল্লট শুনিল
যে আমরা প্রাচীর সারিয়াছিতখন সে কুপিত
ও বড় ক্রোধাপন্ন হইল ও য়িহুদীয়েরদিগ
কে নিন্দা করিল। [২] এবং আপন ভ্রাতার
দের ও শমরোণের সকল সৈন্যের অগ্রে কথা
কহিল ও বলিল এ দুর্ব্বল য়িহুদীয়েরা কি করে
ইহারা কি আপনারদিগকে দুর্গেতে রক্ষা করি
বে ইহারা কি যজ্ঞ করিবে ইহারা কি এক দিনে
কার্য্য সাঙ্গ করিবে ইহারা কি দগ্ধ কাথড়ার ঢি
পিহইতে পাথর উদ্ধার করিবে। [৩] তখন অ
মোনীয় টোবিয়াহ্ তাহার নিকটস্থ হইয়া কহি
ল তাহারা যে গাঁথনি করিতেছে তাহার উপর
দিয়া যদি খেকশিয়ালি যায় তবে সে তাহার
দের প্রস্তরময় প্রাচীর ভাঙ্গিয়া ফেলিবে। [৪]
হে আমারদের ঈশ্বর শ্রবণ কর কেননা আমরা
অবজ্ঞাত আছি এবং তাহারদের নিজ মস্তকো
পরি তাহারদের অপমান ফিরাও এবং বন্দিত্ব
দেশে তাহারদিগকে লুণ্ঠিত বস্তু হইবার নিমি
ত্তে দেও। [৫] এবং তাহারদের অধর্ম্ম গো
পন করিও না ও তাহারদের পাপ আপ
নকার সম্মুখহইতে লুপ্ত না হউক যেহেতুক তা
হারা নির্ম্মাণকারিরদের অগ্রে তোমাকে ক্রুদ্ধ
করিয়াছে। [৬] অতএব আমরা প্রাচীর নি
র্ম্মাণ করিলাম এবং অর্দ্ধপর্য্যন্ত সকল প্রাচীর
সংযুক্ত হইল যেহেতুক লোকেরদের কর্ম্মকরণো
দ্যুক্ত মন ছিল।

[৭] কিন্তু এমত হইল যখন সনবল্লট ও টো
বিয়াহ্ ও অরবীয়েরা ও অমোনীয়েরা ও অশ
দোদীয়েরা শুনিতে পাইল যে য়িরূশালমের প্রা
চীর সংযুক্ত হইল ও তাহার ভগ্নস্থান সারাণ
যাইতে লাগিল তখন তাহারা মহাক্রুদ্ধ হইল
[৮] এবং য়িরূশালমের সহিত যুদ্ধ করিতে ও
তাহা আটক করিতে তাহারা সকলে ঐক্য করি
ল। [৯] কিন্তু আমরা আপনারদের ঈশ্বরের
স্থানে প্রার্থনা করিলাম এবং তাহারদের কার
ণেতে দিবারাত্রি তাহারদের বিপরীতে চৌকি
রাখিলাম। [১০] এবং য়িহুদাহ্ কহিল ভারবা
হকেরদের বল ক্ষীণ হইয়াছে এবং অনেক কা
থড়া আছে তাহাতে আমরা প্রাচীর গাঁথিতে
পারি না। [১১] এবং আমারদের বৈরিরা ক
হিল আমরা তাহারদের মধ্যে যেপর্য্যন্ত না আ
ইসি ও তাহারদিগকে বধ না করি ও কার্য্যত্যাগ
না করাই সেপর্য্যন্ত তাহারা জানিবে না ও দে
খিবে না। [১২] এবং এমত হইল যে তাহার
দের নিকটবাসি য়িহুদীয়েরা আসিয়া আমার
দিগকে দশবার কহিল তোমরা যেং স্থানে আ
মারদের কাছে আসিবা সেং স্থানে তাহারা
তোমারদের মন্দ করিবে।

[১৩] সেহেতুক আমি প্রাচীরের পশ্চাৎ নীচ
স্থানে ও উচ্চ স্থানে লোক নিরূপণ করিলাম
আমি তাহারদের করবাল ও বর্শা ও ধনুকের
সহিত তাহারদের বংশানুসারে তাহারদিগকে
নিরূপণ করিলাম। [১৪] পরে আমি অবলো
কন করিলাম এবং উঠিলাম ও কুলীনেরদিগকে
ও অধ্যক্ষেরদিগকে ও অবশিষ্ট লোকেরদিগকে
কহিলাম যে তাহারদিগকে ভয় করিও না বড় ও
ভয়ঙ্কর য়িহুহকে স্মরণ কর এবং আপনারদের
ভ্রাতারদের ও পুত্রেরদের ও কন্যারদের ও ভা
র্য্যারদের ও গৃহের কারণ যুদ্ধ কর। [১৫] এবং
এমত হইল যখন আমারদের শত্রুরা জানিল যে
এ বিষয় আমারদেরকর্ত্তৃক জানা গিয়াছে ও ঈ
শ্বর তাহারদের পরামর্শ নিরর্থক করিয়াছেন
তখন আমরা সকলে প্রাচীরে প্রত্যেক জন আপ
নং কার্য্যে ফিরিয়া গেলাম। [১৬] এবং এ
মত হইল তৎকালাবধি আমার দাসেরদের অর্দ্ধ
জন সে কার্য্যে শ্রম করিল এবং তাহারদের
অন্য অর্দ্ধ জন বর্শা ও ঢাল ও ধনুক ও বর্ম্ম
ধারণ করিল ও য়িহুদীয় বংশ্য লোকেরদের
পশ্চাৎ অধ্যক্ষেরা থাকিল। [১৭] যাহারা প্রা
চীরের উপরে গাঁথনি করিল ও যাহারা ভার ব
হিল ও যাহারা ভার দিল সে সকলে এক হাতে
তে কর্ম্ম করিল এবং অন্য হাতে অস্ত্র ধারণ
করিল। [১৮] যেহেতুক রাজেরদের প্রত্যেক
জনের কাকালিতে করবাল বদ্ধ হইল ও সেমত
সে গাঁথিল এবং তূরীবাদক আমার নিকটে
থাকিল।

[১৯] অপর আমি কুলীনেরদিগকে ও অধ্য
ক্ষেরদিগকে ও অবশিষ্ট লোকেরদিগকে কহি
লাম এ কর্ম্ম বড় ও গুরু এবং আমরা প্রাচীরের
উপরে এক জন অন্য জনহইতে দূরস্থ আছি।
[২০] অতএব তোমরা যে কোন স্থানে তূরীর
শব্দ শুনিবা সেখানে আমারদের নিকটে একত্র
আইস আমারদের ঈশ্বর আমারদের কারণ যুদ্ধ

করিবেন। [২১] অতএব আমরা সে কার্য্যে
উদ্যোগ করিলাম এবং প্রাতরুদয়াবধি তারা দে
খা না যাওনপর্য্যন্ত তাহারদের অর্দ্ধেক লোক ব
র্শাধারণ করিয়া থাকিল। [২২] আরও আমি সে
সময়ে লোকেরদিগকে কহিলাম প্রত্যেক জন আ
পন দাসের সহিত যিরূশালমে রাত্রিতে থাকুক
যে তাহারা রাত্রিতে আমারদের চৌকিদারী করে
ও দিনে কার্য্য করে। [২৩] অতএব প্রক্ষালনা
র্থে প্রত্যেক জনের বস্ত্র খুলনব্যতিরেকে আমি ও
আমার ভ্রাতারা ও আমার দাসেরা ও আমার
পশ্চাদ্বর্ত্তি চৌকিদার কেহ বস্ত্র খুলিল না।

৫ পর্ব্ব।

[১] এবং আপনারদের য়িহূদীয় ভ্রাতারদের
বিপরীতে লোকেরদের ও তাহারদের ভার্য্যার
দের বড় চেঁচাচেঁচি হইল। [২] কেননা কেহ২
কহিল যে আমরা ও আমারদের পুত্র পুত্রী অ
নেক আছে অতএব খাইয়া বাঁচিবার কারণ আ
মরা শস্য ধার করিয়া লইয়াছি। [৩] কেহ২
কহিল যে আমরা মাহার্ঘ্যেতে শস্য ক্রয় করিবার
কারণ আপনারদের ভূমি ও দ্রাক্ষাক্ষেত্র ও ঘর
বন্ধক রাখিয়া মুদ্রা লইয়াছি। [৪] আর কেহ২
বলিল যে রাজকরের কারণ আমরা আপনার
দের ভূমি ও দ্রাক্ষাক্ষেত্র বন্ধক রাখিয়া ধার
লইয়াছি। [৫] তথাপি আমারদের মাংস
আমারদের ভ্রাতারদের মাংসের অন্যায় ও আ
মারদের বালকেরা তাহারদের বালকেরদের মত
এবং দেখ আমরা আপনারদের পুত্রেরদিগকে
ও পুত্রীরদিগকে দাসত্বে আনিতেছি ও আমার
দের কন্যারদের মধ্যে কেহ২ এখনও দাসত্বাব
স্থায় আছে ও তাহারদিগকে মুক্তা করিতে আ
মারদের শক্তি নাই যেহেতুক অন্য লোকেরা
আমারদের ভূমি ও দ্রাক্ষাক্ষেত্র উপভোগ করে।
[৬] আমি তাহারদের চেঁচান ও এ কথা শুনি
য়া মহাক্রুদ্ধ হইলাম। [৭] তখন আমি আ
পন মনে পরামর্শ করিলাম এবং কুলীনেরদিগ
কে ও অধ্যক্ষেরদিগকে অনুযোগ করিলাম ও
তাহারদিগকে কহিলাম যে তোমরা প্রত্যেক জন
আপন২ ভ্রাতার স্থানে সুদ চাহ এবং আমি তা
হারদের বিরুদ্ধে বড় জনতা উপস্থিত করিলাম।
[৮] এবং আমি তাহারদিগকে কহিলাম আ
মারদের যে য়িহূদীয় ভ্রাতারা অন্যদেশীয়ের
দের কাছে বিক্রীত ছিল তাহারদিগকে আমরা
আপনারদের শক্ত্যনুসারে মুক্ত করিয়াছি ও তো
মরা কি আপনারদের ভ্রাতারদিগকে বিক্রয় ক
রিবা কিম্বা তাহারা কি আমারদের কাছে বি
ক্রীত হইবে তখন তাহারা নীরব রহিল ও কিছু
উত্তর করিতে পারিল না। [৯] আরও আমি
কহিলাম তোমরা যাহা কর তাহা ভাল নয় আ
মারদের অন্যদেশীয় শত্রুরদের নিন্দাভয়েতে
কি ঈশ্বরের ভয়ে আচার করা তোমারদের কর্ত্ত
ব্য নয়। [১০] আমি ও আমার ভ্রাতারা ও
আমার দাসেরা তাহারদের কাছে মুদ্রা ও শস্য
চাহিয়া লইতে পারিতাম আমি মিনতি করি যে
আমরা এ সুদলওয়া ত্যাগ করি। [১১] আমি
মিনতি করি যে তাহারদের ভূমি ও তাহারদের
দ্রাক্ষাক্ষেত্র ও তাহারদের জিতবৃক্ষক্ষেত্র ও তা
হারদের ঘর ও তোমরা যে মুদ্রা ও শস্য ও দ্রাক্ষা
রস এবং তৈল তাহারদের কাছে চাহিয়া লই
তেছ তাহা ও তাহার শতাংশ অধিক অদ্যই
ফিরিয়া দেও। [১২] তখন তাহারা কহিল যে
আমরা তাহা ফিরিয়া দিব ও তাহারদের কাছে
কিছু চাহিব না তুমি যে কথা কহ তদনুসারে আ
মরা করিব তখন আমি যাজকেরদিগকে ডাকি
লাম ও তাহারা যে এ প্রতিজ্ঞানুসারে ব্যাপার
করিবে তাহারদিগকে এ দিব্য করাইলাম।
[১৩] আরও আমি আপন বস্ত্র ঝাড়িলাম ও
কহিলাম ঈশ্বর এমত আপন ঘর ও আপন কর্ম্ম
হইতে সে প্রত্যেক জনকে ঝাড়িয়া ফেলুন যে এ
প্রতিজ্ঞা পালন না করে সে এমত ঝাড়া যাউক ও
শূন্য করা যাউক তাহাতে সকল মণ্ডলী কহিল
আমিন ও য়িহুহের স্তব করিল এবং লোকেরা
এ প্রতিজ্ঞানুসারে করিল।
[১৪] আরও আমি য়িহুদাহের দেশে তাহার
দের অধ্যক্ষ হইবার কারণ যদবধি নিযুক্ত ছি
লাম তদবধি অর্থাৎ অরতখশস্তারাজের বিংশ
তিতম বৎসরাবধি দ্বাত্রিংশ বৎসরপর্য্যন্ত এই
দ্বাদশ বৎসরপর্য্যন্তই আমি ও আমার ভ্রাতারা
অধ্যক্ষের ভক্ষ্য ভোজন করি নাই। [১৫] কিন্তু পূ
র্ব্বে যে অধ্যক্ষেরা আমার পূর্ব্ববর্ত্তী ছিল তাহা
রা লোকেরদের ভারদায়ী ছিল এবং তাহারদের
কাছে চল্লিশ শেকেল রূপাব্যতিরেকে ভক্ষ্য ও
দ্রাক্ষারস লইয়াছিল তাহারদের দাসেরাই তাহা
রদের উপরে কর্ত্তৃত্ব করিল কিন্তু ঈশ্বরবিষয়ক
ভয়প্রযুক্ত আমি সেমত করি নাই। [১৬]
আমি এ প্রাচীরের কর্ম্মে নিত্যই প্রবৃত্ত ছিলাম
এবং আমরা কিছু ভূমিক্রয় করি নাই এবং আ
মার সকল দাসেরা সে কর্ম্মতে একত্র করা
গেল। [১৭] আরও যাহারা আমারদের চতুর্দ্দি
কস্থ অন্যদেশীয়েরদের মধ্যহইতে আমারদের
নিকটে আইল তাহারদের ব্যতিরেকে য়িহুদী ও
অধ্যক্ষ একশত পঞ্চাশ জন আমার মেজে ব
সিত। [১৮] আমার কারণ দিনে২ এক বলদ
ও ছয়টা উত্তম মেষ পাক করা যাইত এবং আ
মার নিমিত্তে পক্ষীও পাক করা যাইত এবং দশ

দিনের মধ্যে একবার যথেষ্ট নানাপ্রকার দ্রাক্ষা
রস হইত তথাপি এ সকলেতেও আমি অধ্য
ক্ষের ভক্ষ্য চাহি নাই যেহেতুক সে দাসত্ব লোকে
রদের উপরে ভারি ছিল। [১৯] হে আমার ঈ
শ্বর আমি এ লোকেরদের নিমিত্তে যে সকল ক
রিয়াছি তদনুসারে মঙ্গলের কারণ আমাকে স্ম
রণ কর।

৬ পর্ব্ব।

[১] অনন্তর এমত হইল যখন সনবলট ও
টোবিয়াহ্ ও আরবীয় গেশেম ও আমারদের
অবশিষ্ট আর২ শত্রুরা শুনিল যে আমি প্রাচীর
সারিয়াছি ও তাহার মধ্যে কোন ভগ্ন স্থান নাই
তথাপি সেই সময়ে আমি দ্বারের উপরে কপাট
ঝুলাই নাই। [২] তখন সনবলট ও গেশেম এ
কথা কহিতে আমার কাছে লোক পাঠাইল যে
আইস আমরা ওনো মাঠস্থ কোন গ্রামে একত্র
আইসি কিন্তু তাহারা আমার করিতে হিংসা ক
রিতে ভাবিল।[৩] এবং আমি তাহারদের নিক
টে লোক পাঠাইয়া কহিলাম যে আমি বড় এক
কর্ম্ম করিতেছি অতএব আমি আসিতে পারি
না কার্য্যত্যাগ করিয়া তোমারদের নিকট যাই
তে যে কাল লাগিবে সে কালে কার্য্য কেন বন্ধ
থাকিবে। [৪] তথাপি তাহারা চারিবার এমত
আমার কাছে লোক পাঠাইল তাহাতে আমি
তাহারদিগকে সেমত উত্তর দিলাম। [৫] পরে
সনবলট পঞ্চমবার আপন দাসকে আমার নি
কটে তদ্রূপ পাঠাইল ও তাহার হাতে খোলা
এক পত্র। [৬] তাহাতে এ প্রকার লিখিত ছিল
যে অন্য দেশীয়েরদের মধ্যে সর্ব্বত্র কহা যায়
ও গশমু তাহা কহে যে তুমি ও য়িহুদীয়েরা রা
জার কর্ত্তৃত্ব ত্যাগ করিতে চাহ এবং তুমি এ ক
থানুসারে যে তাহারদের রাজা হও এই প্রযুক্ত
তুমি প্রাচীর নির্ম্মাণ করিতেছ। [৭] এবং য়ি
হুদীয় এক রাজা আছে তুমি আপনার বিষয়ে
এ কথা য়িরূশালমে উপদেশ করিতে আচার্য্যে
রদিগকে নিযুক্ত করিয়াছ এবং এখন এ২ কথা
নুসারে রাজার নিকটে সমাচার দেওয়া যাইবে
অতএব এখন আইস আমরা একত্র হইয়া পরা
মর্শ করি। [৮] তখন আমি তাহার নিকটে
লোক পাঠাইয়া এ কথা কহিলাম যে তুমি যে২
কথা কহিতেছ তদ্রূপ কোন কার্য্য নয় কিন্তু তুমি
আপন হৃদয়হইতে তাহা কল্পনা করিতেছ।
[৯] যেহেতুক তাহারা সকলে এ কথা কহিয়া
আমারদিগকে ভয় দেখাইল যে তাহারদের
হাত এ কার্য্যে দুর্ব্বল হইবে তাহাতে তাহা সাঙ্গ
করা যাইবে না অতএব হে য়িহুহ তুমি আমার
হাত সবল কর। [১০] পরে বদ্ধ ছিল যে মি
হেটবিএলের পুত্র দিলায়াহের পুত্র শিমইয়াহ্
তাহার গৃহে আমি গেলাম এবং সে কহিল আ
ইস আমরা ঈশ্বরের গৃহে মন্দিরের মধ্যেই এক
ত্র যাইয়া মন্দিরের দ্বার বন্ধ করি কেননা তাহা
রা তোমাকে মারিতে আসিবে তাহারা রাত্রিতে
তোমাকে মারিবার কারণ আসিবে। [১১]
এবং আমি কহিলাম কি আমার ন্যায় মনুষ্য
পলাইবে ও আমার ন্যায় হইয়া কে আপন
প্রাণ রক্ষা করিবার কারণ মন্দিরে যাইবে আমি
তাহাতে যাইব না। [১২] এবং দেখ আমি জা
নিতে পাইয়াছি যে ঈশ্বর তাহাকে পাঠান নাই
কিন্তু সে আপনি এ আচার্য্যবাক্য আমার বিপ
রীতে উচ্চারণ করিয়াছে যেহেতুক টোবিয়াহ্ ও
সনবলট তাহাকে বেতন দিয়াছে। [১৩] আ
মি যে ভীত হই ও সে কর্ম্ম করি ও পাপ করি ও
তাহারা যে আমার নিন্দা করিবার কারণ অখ্যা
তিজনক কোন বাক্য পাইতে পারে এই জন্যে
তাহাকে বেতন দেওয়া গেল। [১৪] হে আ
মার ঈশ্বর তাহারদের এ কর্ম্মানুসারে টোবিয়াহ্
ও সনবলট ও নোঅদিয়াহ্ আচার্য্যাণী ও যে
আর২ আচার্য্য আমাকে ভয় দেখাইতে চা
হিল তাহারদিগকে স্মরণ কর।

[১৫] অতএব বাওয়াম দিনের মধ্যে এলুলমা
সের পঞ্চবিংশতিতম দিনে প্রাচীর সাঙ্গ হইল।
[১৬] এবং এমত হইল যখন আমারদের সকল
শত্রু তাহা শুনিল ও যখন আমারদের চতুর্দ্দি
কস্থ সকল অন্যদেশীয়েরা তাহা দেখিল তখন
তাহারা বড় বিষণ্ণবদন হইল যেহেতুক তাহারা
জানিতে পাইল যে এ কার্য্য আমারদের ঈশ্বরে
তে কৃত হইল।

[১৭] আরও সে কালে য়িহুদীয় কুলীনেরা
অনেক পত্র টোবিয়াহের নিকটে পাঠাইল ও
টোবিয়াহের পত্র তাহারদের কাছে আইল।
[১৮] কেননা য়িহুদাহের মধ্যে অনেকে তাহার
পক্ষে দিব্য করিয়াছিল যেহেতুক সে আরখের
পুত্র শিকনিয়াহের জামাতা এবং তাহার পুত্র
য়িহোখানান বেরেকিয়াহের পুত্র মিশুলামের
কন্যাকে বিবাহ করিয়াছিল। [১৯] তাহারা
তাহার ভাল ক্রিয়ার কথাও আমার সাক্ষাৎ
কহিল এবং আমার কথা তাহার সাক্ষাৎ কহিল
এবং আমাকে ভয় দেখাইবার কারণ টোবি
য়াহ্ পত্র পাঠাইল।

৭ পর্ব্ব।

[১] অপর এমত হইল যখন প্রাচীর নির্ম্মাণ
করাণ গেল এবং আমি দ্বার উঠাইয়াছিলাম
ও দ্বারপালেরা ও গায়কেরা ও লেবীয়েরা নিযুক্ত
হইয়াছিল। [২] তখন আমি আপন ভ্রাতা খ

নীকে ও রাজবাটীর কর্ত্তা খনিনিয়াহ্কে য়িরূশালমের উপরে নিযুক্ত করিলাম যেহেতুক সে বিশ্বস্ত মানুষ ও অনেক লোকেরদেরহইতে অধিক ঈশ্বরকে ভয় করিল। [৩] এবং আমি তাহারদিগকে কহিলাম যেপর্য্যন্ত রৌদ্র প্রচণ্ড না হয় সেপর্য্যন্ত য়িরূশালমের দ্বার খোলা না যাউক এবং তাহারা নিকটে থাকিতে তাহারা দ্বার রুদ্ধ করুক ও হুড়কা দিউক এবং তোমরা য়িরূশালমে লোকেরদের মধ্যে চৌকিদারেরদের প্রত্যেক জনকে আপন২ চৌকিতে নিযুক্ত কর এবং প্রত্যেক জন আপন২ গৃহের সম্মুখে থাকুক। [৪] নগর বড় ও বিস্তারিত বটে কিন্তু তাহার মধ্যে অল্প লোক ও গৃহ নির্ম্মাণ করা যায় নাই।

[৫] এবং কুলীনেরদিগকে ও অধ্যক্ষেরদিগকে ও লোকেরদিগকে একত্র করিতে আমার ঈশ্বর আমার মনে দিয়াছিলেন যে তাহারা আপন২ বংশাবল্যনুসারে গণা যায় এবং প্রথমে বাবেলহইতে আগত লোকেরদের বংশাবলির এক ফর্দ্দ আমি পাইলাম ও তাহাতে এই২ লিখিত ছিল। [৬] বাবেলের নিবূদকনেসররাজ যাহারদিগকে লইয়া গেল সে বন্দি লোকেরদের মধ্যে যাহারা বন্দিত্বহইতে ফিরিয়া গেল ও য়িরূশালমে ও য়িহুদাহে প্রত্যেক জন আপন২ নগরে আইল সে দেশজাত বালকেরা এই২। [৭] যাহারা জিরুব্বাবেলের ও য়েশূআর ও নিখেমিয়াহের ও অজরিয়াহের ও রঅমিয়াহের ও নখমানীর ও মরদিকঈর ও বিলশানের ও মিসপেরেতের ও বিগবঈর ও নিখূমের ও বঅনাহের সহিত আইল য়িশ্রাএলের সে সকল লোকের সংখ্যা এই। [৮] পরওশের সন্তান দুই সহস্র একশত বাহাত্তর জন। [৯] শিফটিয়াহের সন্তান তিনশত বাহাত্তর জন। [১০] আরখের সন্তান ছয়শত বাওয়ান্ন জন। [১১] পখত মোআবের সন্তান ও য়েশূআর ও য়োআবের সন্তান দুইসহস্র আটশত অষ্টাদশ জন। [১২] এলামের সন্তান একসহস্র দুইশত চৌয়ান্ন জন। [১৩] জতুর সন্তান আটশত পঁয়তাল্লিশ জন। [১৪] জকাইর সন্তান সাতশত ষাইট জন। [১৫] বিনুইর সন্তান ছয়শত আটচল্লিশ জন। [১৬] বেবাইর সন্তান ছয়শত আটাইশ জন। [১৭] অজগাদের সন্তান দুইসহস্র তিনশত বাইশ জন [১৮] অদোনিকামের সন্তান ছয়শত সাতষট্টি জন। [১৯] বিগবঈর সন্তান দুইসহস্র সাতষট্টি জন। [২০] আদীনের সন্তান ছয়শত পঞ্চান্ন জন। [২১] খিজিকিয়াহের সম্বন্ধী আটেরের সন্তান আটানব্বই জন। [২২] খাশুমের সন্তান তিনশত আটাইশ জন। [২৩] বেসাইর সন্তান তিনশত চব্বিশ জন। [২৪] খারিফের সন্তান একশত বারো জন। [২৫] গিবিওনের সন্তান পঁচানব্বই জন। [২৬] বীৎলেখেমের ও নেটোফাহের মনুষ্য একশত অষ্টাশী জন। [২৭] অনাতোতের মনুষ্য একশত আটাইশ জন। [২৮] বীৎঅজমাবেতের মনুষ্য বেয়াল্লিশ জন। [২৯] কির্য্যৎয়িআরিমের ও কিফীরাহের ও বিএরোতের মনুষ্য সাতশত তেতাল্লিশ জন। [৩০] রামাহের ও গাবআর মনুষ্য ছয়শত একুশ জন। [৩১] মিকমাসের মনুষ্য একশত বাইশ জন। [৩২] বীৎএলের ও আয়ীর মনুষ্য একশত তেইশ জন। [৩৩] অন্য নিবোর মনুষ্য বাওয়ান্ন জন। [৩৪] অন্য এলামের সন্তান একসহস্র দুইশত চৌয়ান্ন জন। [৩৫] খারিমের সন্তান তিনশত বিংশতি জন। [৩৬] য়িরিখূর সন্তান তিনশত পঁয়তাল্লিশ জন। [৩৭] লোদের ও খাদীদের ও ওনোর সন্তান সাতশত একুশ জন। [৩৮] সিনাআহের সন্তান তিনসহস্র নয়শত ত্রিশ জন।

[৩৯] যাজকেরা এই২ যিদঈয়াহের সন্তান য়েশূআর বংশজ নয়শত তেহাত্তর জন। [৪০] ইমেরের সন্তান একসহস্র বাওয়ান্ন জন। [৪১] পশখোরের সন্তান একসহস্র দুইশত সাতচল্লিশ জন। [৪২] খারিমের সন্তান একসহস্র সতের জন।

[৪৩] লৈবেরা—য়েশূআর ও কদমীএলের ও হোদিবাহের সন্তান চৌহত্তর জন।

[৪৪] গায়কেরা—আসাফের সন্তান একশত আটচল্লিশ জন।

[৪৫] দ্বারপালেরা—শলুমের সন্তান আটেরের সন্তান টলমোনের সন্তান অকূবের সন্তান খটীটার সন্তান ও শোবাঈর সন্তান একশত আটত্রিশ জন।

[৪৬] নিতিনীয়েরা—সিখার সন্তানেরা খাশুফার সন্তানেরা টবাওতের সন্তানেরা। [৪৭] কীরোসের সন্তানেরা সীআর সন্তানেরা পাদোনের সন্তানেরা। [৪৮] লিবানার সন্তানেরা খগাবার সন্তানেরা শলমিঈর সন্তানেরা। [৪৯] খানানের সন্তানেরা গিদেলের সন্তানেরা গাখরের সন্তানেরা। [৫০] রিআয়াহের সন্তানেরা রিসীনের সন্তানেরা নিকোদার সন্তানেরা। [৫১] গজামের সন্তানেরা উজার সন্তানেরা পাসেখের সন্তানেরা। [৫২] বেসইর সন্তানেরা মিউনিমের সন্তানেরা নিফীশিসিমের সন্তানেরা। [৫৩] বকবুকের সন্তানেরা খকূফার সন্তানেরা খরখূরের সন্তানেরা। [৫৪] বস্‌লিতের

সন্তানেরা মখীদার সন্তানেরা খর্শার সন্তানেরা। [৫৫] বরকোসের সন্তানেরা সীসিরার সন্তানেরা তামথের সন্তানেরা। [৫৬] নসীয়াখের সন্তানেরা খটীপার সন্তানেরা।

[৫৭] শলমনের দাসেরদের সন্তান—সোটঈর সন্তানেরা সোফেরেতের সন্তানেরা পিরীদার সন্তানেরা। [৫৮] য়অলার সন্তানেরা দরকোনের সন্তানেরা গিদেলের সন্তানেরা [৫৯] শিফটিয়াহের সন্তানেরা খটীলের সন্তানেরা সবায়িমস্থ পোকেরেতের সন্তানেরা আমোনের সন্তানেরা। [৬০] সকল নিতিনীয় ও শলমনের দাসেরদের সন্তান তিনশত বিরানব্বই জন।

[৬১] এবং যাহারা তেলমেলখ ও তেলখ্রিশা ও কিরুব ও অদোন ও ইমেরহইতে গেল তাহারা এই২ জন কিন্তু তাহারা আপনারদের পিতৃবংশ কিম্বা গোত্র দেখাইতে পারিল না যে তাহারা য়িশ্রাএলে জাত কি না। [৬২] দিলায়াহের সন্তান টোবিয়াহের সন্তান নিকোদার সন্তান ছয়শত বেয়াল্লিশ জন।

[৬৩] এবং যাজকেরদের মধ্যে এই২ খাবিয়াহের সন্তানেরা কোসের সন্তানেরা গিলিয়াদীয় বরজিলঈর এক কন্যা বিবাহ করিয়া তাহার নামেতে খ্যাত হইল যে বরজিলঈ তাহার সন্তানেরা। [৬৪] যাহারা বংশাবলিতে গণিত তাহারদের মধ্যে ইহারা আপনারদের বংশপত্র অন্বেষণ করিল কিন্তু পাওয়া গেল না অতএব তাহারা অশুচি জনেরদের মতে যাজকতাভ্রষ্ট হইল। [৬৫] এবং তিরশাতা তাহারদিগকে কহিল যে উরীম ও তুমীমধারি এক যাজক যেপর্য্যন্ত না উঠে সেপর্য্যন্ত পবিত্র বস্তু তাহারদের ভোজনীয় নয়।

[৬৬] তাহারদের দাস দাসীব্যতিরেকে সমস্ত মণ্ডলী একত্র বেয়াল্লিশসহস্র তিনশত ষাইট জন। [৬৭] সে দাস দাসী সাতসহস্র তিনশত সাঁইত্রিশ জন এবং তাহারদের গায়ক ও গায়িকা দুইশত পঁয়তাল্লিশ জন। [৬৮] তাহারদের অশ্ব সাতশত ছত্রিশ তাহারদের অশ্বতর দুইশত পঁয়তাল্লিশ। [৬৯] তাহারদের উষ্ট্র চারিশত পঁয়ত্রিশ ও গর্দ্দভ ছয়সহস্র সাতশত কুড়ি।

[৭০] এবং পিতৃপ্রধান কেহ২ সে কর্ম্মার্থ দান করিল তিরশাতা ভাণ্ডারে একসহস্র দিরম স্বর্ণ ও পঞ্চাশ পাত্র ও পাঁচশত ত্রিশ যাজকের বস্ত্র দিল। [৭১] এবং পিতৃপ্রধান কতক লোক সে কর্ম্মের ভাণ্ডারে বিংশতিসহস্র দিরম স্বর্ণ ও দুইসহস্র দুইশত মীনা রূপা দিল। [৭২] এবং আর লোকেরা যাহা দিল তাহা বিংশতিসহস্র দিরম স্বর্ণ ও দুইসহস্র মীনা রূপা ও সাতষাট্টি যাজকের বস্ত্র। [৭৩] অতএব যাজকেরা ও লৈবেরা ও দ্বারপালেরা ও গায়কেরা ও লোকেরদের কতক জন ও নিতনীয়েরা ও সকল য়িশ্রাএল আপন২ নগরে বাস করিল। এবং সপ্তম মাস হইলে য়িশ্রাএলের সন্তানেরা আপন২ নগরে বাস করিল।

## ৮ পর্ব্ব।

[১] অনন্তর সমস্ত লোক এক জনের মত জলদ্বারের সম্মুখস্থ রথ্যাতে আপনারদিগকে একত্র করিল এবং য়িহুহ য়িশ্রাএলের প্রতি যে শাস্ত্র আজ্ঞা করিয়াছিলেন মোশাহের সে শাস্ত্রপুস্তক আনিতে তাহারা এজরা যাজককে কহিল। [২] এবং সপ্তম মাসের প্রথম দিনে এজরা যাজক মণ্ডলীর সম্মুখে অর্থাৎ স্ত্রী পুরুষাদি যত লোক বুদ্ধিপূর্ব্বক শুনিতে পারিল সে সকলের সাক্ষাৎ শাস্ত্রপুস্তক আনিল। [৩] এবং জলদ্বারের সম্মুখস্থ রথ্যায় প্রাতঃকালাবধি মধ্যাহ্নপর্য্যন্ত স্ত্রী পুরুষাদি যত লোক বুঝিতে পারিল তাহারদের সম্মুখে তাহা পাঠ করিল এবং সমস্ত লোকের কর্ণ শাস্ত্রপুস্তকশ্রবণে নিবিষ্ট হইল। [৪] এবং সে কর্ম্মনিমিত্তে নির্ম্মিত কাষ্ঠের এক মঞ্চের উপরে এজরা যাজক দাঁড়াইল এবং তাহার দক্ষিণ পার্শ্বে মতিতিয়াহ্ ও শেমঅ ও আনয়াহ্ ও উরিয়াহ্ ও খিলকিয়াহ্ ও মঅশেয়াহ্ এবং বাম পার্শ্বে পিদায়াহ্ ও মীশাএল ও মলকিয়াহ্ ও খাশুম ও খশবদানাহ্ ও জিকরিয়াহ্ ও মিশুলাম দাঁড়াইল। [৫] এবং সকল লোকেরদের দৃষ্টিতে এজরা পুস্তক খুলিল যেহেতুক সে সকল লোকহইতে উচ্চস্থানে দাঁড়াইল এবং সে তাহা খুলিলে সকল লোক দাঁড়াইল। [৬] অনন্তর এজরা য়িহুহ পরমেশ্বরের ধন্যবাদ করিল এবং সকল লোক প্রত্যুত্তর করিয়া উর্দ্ধবাহু হইয়া আমিন আমিন কহিল পরে তাহারা মস্তক হেঁট করিল ও মুখ ভূমির দিগে করিয়া য়িহুহের ভজনা করিল। [৭] এবং য়েশূঅ ও বানি ও শেরেবিয়াহ্ ও য়ামীন ও অক্কুব ও শবিতঈ ও হোদিয়াহ্ ও মঅশেয়াহ্ ও কিলীটা ও অজরিয়াহ্ ও য়োজাবাদ ও খানান ও পোলায়াহ্ ও লৈবেরা লোকেরদিগকে শাস্ত্র বুঝাইল ও লোকেরা আপনারদের স্থানে থাকিল। [৮] এমতে তাহারা স্পষ্টরূপে য়িহুহের শাস্ত্র পাঠ করিল ও অর্থ দিল ও তাহারদিগকে পাঠ বুঝাইল।

[৯] এবং তিরশাতাপদস্থ নিখেমিয়াহ্ ও অধ্যাপক এজরাযাজক ও লোকেরদের শিক্ষাকারি লৈবেরা সকল লোককে কহিল এ দিন তোমারদের ঈশ্বর য়িহুহের নিমিত্তে পবিত্র শোক করিও না ও

ক্রন্দন করিও না কেননা সকল লোক যখন শা
স্ত্রের কথা শুনিল তখন ক্রন্দন করিল। [১০] ত
খন তিনি তাহারদিগকে কহিলেন চলিয়া যাও
পুষ্টকে খাও ও মিষ্ট পান কর ও যাহারদের কা
রণ কিছু পাক করা যায় নাই তাহারদের নিক
টে অংশ পাঠাও যেহেতুক অদ্য য়িহুহের নি
মিত্তে পবিত্র শোক করিও না কেননা য়িহুহবিষ
য়ক আনন্দই তোমারদের সামর্থ্য। [১১] অত
এব লৈবেরা লোকেরদিগকে শান্ত করিল ও ক
হিল চুপ কর কেননা দিন পবিত্র শোকান্বিত
হইও না। [১২] পরে সকল লোক খাইতে ও
পান করিতে ও অংশ প্রেরণ করিতে ও বড় আ
হ্লাদ করিতে গেল যেহেতুক তাহারা আপনার
দের নিকটে কথিত বাক্য বুঝিল।

[১৩] দ্বিতীয় দিনে সমস্ত লোকের পিতৃপ্রধা
নেরা ও যাজকেরা ও লৈবেরা শাস্ত্রের বাক্য বু
ঝিবার কারণ এজরাযাজকের নিকটে একত্র আ
ইল। [১৪] এবং য়িহুহ মোশহের প্রমুখাৎ যে
শাস্ত্র আজ্ঞা করিয়াছিলেন তাহাতে এই লিখিত
ছিল যে য়িশ্রাএলের সন্তানেরা সপ্তম মাসের
পর্ব্বে পর্ণশালায় বাস করিবে। [১৫] ও তাহা
রা আপনারদের সকল নগরে ও য়িরূশালমে
এ কথা ঘোষণা করিবে ও ঢেঁড়রা দিবে যে পর্ব্ব
তে যাও এবং যেমন লিখিত আছে তেমন পর্ণ
শালা করিবার কারণ জিতবৃক্ষের ও দেবদারুবৃ
ক্ষের ও বিলাতি মেঁদির ডাল ও তালবাগুড়া ও
মোটা বৃক্ষের ডাল আন।

[১৬] অতএব লোকেরা বাহিরে গেল ও আ
নিল ও প্রত্যেক জন আপন গৃহের ছাতের উপরে
ও আপন অঙ্গণে ও ঈশ্বরের গৃহের উঠানে ও
জলদ্বারের রথ্যায় ও এফরায়িমের দ্বারের রথ্যায়
আপনারদের কারণ পর্ণশালা করিল। [১৭]
এবং বন্দ্যবস্থাহইতে যত লোক ফিরিয়া আসি
য়াছিল সে সকল মণ্ডলী পর্ণশালা করিল ও সেই
পর্ণশালার নীচে বসিল যেহেতুক নূনের পুত্র
য়িহোশুআর কালাবধি ঐ দিনপর্য্যন্ত য়িশ্রা
এলের সন্তানেরা সেমত করে নাই এবং বড় আ
হ্লাদ হইল। [১৮] আরও প্রথম দিনাবধি
শেষ দিনপর্য্যন্ত সে দিনে২ ঈশ্বরের শাস্ত্র পাঠ
করিল এবং তাহারা সাত দিন পর্ব্বপালন করি
ল এবং ধারানুসারে সপ্তম দিনে মহোৎসব
হইল।

## ৯ পর্ব্ব ।

[১] ঐ মাসের চতুর্বিংশ দিনে য়িশ্রাএলের
সন্তানেরা উপবাস ও চট পরা ও ধূলিধূসরাঙ্গ
হওনার নিমিত্তে একত্র হইল। [২] এবং
য়িশ্রাএলের সন্তানেরা সকল বিদেশিহইতে
আপনারদিগকে ভিন্ন করিল এবং দাঁড়াইল ও
আপনারদের পাপ ও আপনারদের পিতৃলো
কেরদের পাপ স্বীকার করিল। [৩] এবং তাহা
রা আপনারদের স্থানে দাঁড়াইল এবং দিনের
চতুর্থাংশে আপনারদের ঈশ্বর য়িহুহের শাস্ত্র
পাঠ করিল এবং চতুর্থাংশে পাপ স্বীকার ক
রিল ও আপনারদের ঈশ্বর য়িহুহের ভজনা ক
রিল।

[৪] তখন লৈব য়িশূআ ও বানি ও কদমীএল
ও শিবনিয়াহ্ ও বুনি ও শেরেবিয়াহ্ ও বানি ও
কিনানী সোপানের উপরে দাঁড়াইল এবং আ
পনারদের ঈশ্বর য়িহুহের প্রতি উচ্চৈঃস্বরে প্রার্থ
না করিল। [৫] পরে লৈব য়িশূআ ও কদ
মীএল ও বানি ও খশবনিয়াহ্ ও শেরেবিয়াহ্
ও হোদিয়াহ্ ও শিবনিয়াহ্ ও পিতখিয়াহ্ কহি
ল উঠ তোমারদের ঈশ্বর য়িহুহকে সদা স্তব করি
য়া কহ সকল ধন্যবাদ ও স্তবহইতে উচ্চীকৃত
হইয়াছে যে তোমার পবিত্র নাম তাহা ধন্য হ
উক। [৬] তুমি কেবল তুমিই য়িহুহ তুমি স্বর্গ
অর্থাৎ স্বর্গের স্বর্গ তাহার সকল সৈন্য সহিত ও
পৃথিবী ও তাহার মধ্যগত যত ও সমুদ্র ও তাহার
মধ্যবর্ত্তি যত সে সকলের সৃষ্টি করিয়াছ এবং সে
সকলের রক্ষা করিতেছ এবং স্বর্গের সৈন্য তো
মার ভজনা করে। [৭] তুমিই য়িহুহ পরমেশ্বর
যে অবরাহামকে মনোনীত করিলা ও তাহাকে
কাশিদীয়েরদের উরহইতে বাহির করিলা ও তা
হার নাম অবরাহাম রাখিলা। [৮] ও আপনার
সম্মুখে তাহার অন্তঃকরণ বিশ্বস্ত পাইলা এবং
কনআনীয়েরদের ও খিত্তীয়েরদের ও অমোরী
য়েরদের ও পিরিজ্জীয়েরদের ও য়িবূসীয়েরদের
ও গরগশীয়েরদের দেশ দিতে অর্থাৎ তাহার
সন্তানেরদিগকে দিতে তাহার সহিত নিয়ম করি
লা এবং আপন কথা সম্পূর্ণ করিয়াছ কেননা
তুমি ধর্ম্মস্বরূপ। [৯] এবং মিসরে আমার
দের পিতৃলোকেরদের দুর্গতি দেখিলা ও অরবীয়
সমুদ্রের নিকটে তাহারদের প্রার্থনা শুনিলা।
[১০] এবং ফরওহের ও তাহার সকল দাসের
ও তদ্দেশস্থ সকল লোকের উপরে লক্ষণ ও
আশ্চর্য্য কর্ম্ম দেখাইলা যেহেতুক তুমি জ্ঞাত
ছিলা যে তাহারা তাহারদের বিপরীতে অহঙ্কা
রেতে ব্যাপার করিল এমতে অদ্য যেমন হই
য়াছে তেমন তুমি আপনার জন্যে নাম পাই
য়াছ। [১১] এবং তুমি তাহারদের অগ্রে স
মুদ্র এমত দ্বিধা করিলা যে তাহারা শুষ্ক ভূমি
তে সমুদ্রের মধ্যদিয়া গেল এবং বেগবান জ
লে পাথর যেমন ফেলা যায় তেমন তাহরদের
উপদ্রাবকেরদিগকে গভীরে ফেলিলা। [১২]

আরও তাহারদের গন্তব্য পথে তাহারদিগকে
আলো দিবার কারণ তুমি দিনে মেঘস্তম্ভেতে ও
রাত্রিতে অগ্নিস্তম্ভেতে তাহারদিগকে গতি করাই
লা। [১৩] তুমি সিনঈ পর্ব্বতোপরি নামিলা
এবং স্বর্গহইতে তাহারদিগকে কথা কহিলা ও
তাহারদিগকে প্রকৃত বিচার ও যথার্থ ব্যবস্থা ও
উত্তম বিধি ও আজ্ঞা দিলা। [১৪] এবং আপ
নার পবিত্র শাবত তাহারদিগকে জানাইলা ও
আপন দাস মোশতের হস্তেতে আজ্ঞা ও বিধি
ও ব্যবস্থা তাহারদিগকে আদেশ করিলা। [১৫]
ও তাহারদের ক্ষুধানিবৃত্তির কারণ তাহারদিগ
কে স্বর্গহইতে ভক্ষ্য দিলা ও তাহারদের তৃষ্ণাশা
ন্তির কারণ শৈলহইতে জল নির্গত করিলা এবং
তুমি যে দেশ তাহারদিগকে দিতে দিব্য করিয়া
ছিলা তাহারা যে সে দেশ অধিকার করিবার কা
রণ প্রবেশ করিবে এই প্রতিজ্ঞা করিলা। [১৬] কিন্তু
তাহারা ও আমারদের পিতৃলোকেরা অহঙ্কারে
তে ব্যাপার করিল ও আপনারদের গলা শুব্ধ
করিল ও তোমার আজ্ঞাতে অবধান করিল না
[১৭] এবং আজ্ঞাপালন করিতে সম্মত হইল
না ও তুমি তাহারদের মধ্যে যে আশ্চর্য্য ক্রিয়া
করিলা সে ক্রিয়া মনে রাখিল না কিন্তু আপনা
রদের গলা শুব্ধ করিল এবং আপনারদের বন্দ্য
বস্থায় পুনর্ব্বার যাইবার কারণ আপনারদের
অতিক্রমেতে এক সেনাপতি নিযুক্ত করিল কিন্তু
তুমি ক্ষমাবান ও কৃপালু ও দয়ালু ঈশ্বর তুমি
ক্রোধ করিতে বিলম্বকারী ও বড় প্রেমকারী ও
তাহারদিগকে ত্যাগ কর নাই। [১৮] তাহারা যে
সময়ে সাঁচুয়া এক বাছুর নির্ম্মাণ করিয়া কহিয়া
ছিল যে তোমাকে মিসরহইতে আনয়নকারি
তোমারদের ঈশ্বর এই এবং অতিশয় ক্রোধজ
নক কর্ম্ম করিয়াছিল। [১৯] তখনও তুমি আ
পন বহুধা দয়াতে তাহারদিগকে অরণ্যে ত্যাগ
কর নাই তাহারদের পথ দেখানহইতে দিনে
মেঘস্তম্ভ তাহারদের নিকটহইতে গেল না এবং
আলোকরণ ও তাহারদের গন্তব্য পথ দেখানহ
ইতে রাত্রিতেঅগ্নিস্তম্ভ তাহারদিগকে ত্যাগ করে
নাই। [২০] তুমি তাহারদিগকে উপদেশ করি
বার কারণ আপন উত্তম আত্মা তাহারদিগকে
দিলা ও আপন মান্না তাহারদের মুখহইতে বা
রণ কর নাই ও তাহারদের তৃষ্ণার জন্যে তাহার
দিগকে জল দিলা। [২১] তুমি চাল্লিশ বৎসর
পর্য্যন্ত তাহারদিগকে অরণ্যে এমন প্রতিপালন
করিলা যে তাহারদের কোন দ্রব্যের অভাব
ছিল না তাহারদের বস্ত্র পুরাতন হইল না ও তা
হারদের পা ফুলিল না। [২২] আরও তুমি
তাহারদিগকে রাজ্য ও ভিন্ন২ জাতীয় লোকদি

গা ও কোণে২ করিয়া তাহারদিগকে বিভাগ ক
রিলা অতএব তাহারা সীখোনরাজের দেশ অ
র্থাৎ খেশবোনের রাজার দেশ ও বাশানের ওগ
রাজের দেশাধিকার করিল। [২৩] এবং আ
কাশের তারার ন্যায় তুমি তাহারদের সন্তানের
দিগকে অনেক করিলা এবং তুমি যে দেশের
বিষয়ে তাহারদের পিতৃলোকেরদিগকে প্রতিজ্ঞা
করিয়াছিলা যে তাহারা তাহার অধিকার করি
বার কারণ তাহাতে প্রবেশ করিবে সে দেশে তা
হারদিগকে আনিলা। [২৪] অতএব সন্তানেরা
প্রবেশ করিল ও দেশাধিকার করিল এবং তা
হারদের অগ্রে তুমি দেশনিবাসি কনআনীয়ের
দিগকে পরাজয় করিলা এবং তাহারা আপন
ইচ্ছানুসারে তাহারদের প্রতি করে এই কারণ তা
হারদের রাজা ও দেশস্থ লোকসুদ্ধ তুমি তাহার
দিগকে তাহারদের হস্তগত করিলা। [২৫] এবং
তাহারা দৃঢ় নগর ও উত্তম দেশ লইল এবং স
কল দ্রব্যেতে পূর্ণ গৃহ ও খোদা কূপ ও দ্রাক্ষা
ক্ষেত্র ও জিতক্ষেত্র ও ফলবৃক্ষ বাহুল্যরূপে অ
ধিকার করিল অতএব তাহারা খাইল ও তৃপ্ত
ও পুষ্ট হইল এবং তোমার বড় দাতৃত্বে আ
হ্লাদিত হইল। [২৬] কিন্তু তাহারা অমানক
হইল ও তোমার আজ্ঞাতিক্রম করিল ও তোমার
শাস্ত্র আপনারদের পৃষ্ঠের পশ্চাৎ ফেলিল ও
তোমার যে আচার্য্যেরা তাহারদিগকে তোমার
পক্ষে ফিরাইবার কারণ তাহারদের বিরুদ্ধে সা
ক্ষ্য দিল তাহারদিগকে তাহারা বধ করিল ও বড়
ক্রোধজনক ক্রিয়া করিল। [২৭] তাহাতে তুমি
তাহারদিগকে তাহারদের শত্রুরদের হস্তগত ক
রিলা ও তাহারা তাহারদিগকে ক্লেশ দিল পরে
তাহারা আপনারদের দুর্গতিকালে যখন তো
মার কাছে প্রার্থনা করিল তখন তুমি স্বর্গে থা
কিয়া তাহারদের প্রার্থনা শুনিলা এবং আপন
বহুধা দয়ানুসারে তাহারদের শত্রুরদের হাতহ
ইতে তাহারদিগকে উদ্ধারকারি তারকেরদিগ
কে দিলা। [২৮] কিন্তু তাহারা বিশ্রাম পা
ইলে পর আরবার তোমার সাক্ষাৎ মন্দ ক্রিয়া
করিল তাহাতে তুমি তাহারদিগকে শত্রুরদের
হস্তে অর্পণ করিলা তাহাতে তাহারা তাহারদের
উপরে প্রভুত্ব করিল তথাপি তাহারা যখন ফি
রিল ও তোমার কাছে প্রার্থনা করিল তখন তু
মি স্বর্গে থাকিয়া পুনঃ২ আপন কৃপানুসারে তা
হারদিগকে উদ্ধার করিলা। [২৯] এবং আপন
শাস্ত্রের পক্ষে তাহারদিগকে পুনর্ব্বার আনবার
কারণ তাহারদের বিপরীতে সাক্ষ্য দিলা তথা
পি তাহারা অহঙ্কারাচরণ করিল ও তোমার
আজ্ঞাতে অবধান করে নাই কিন্তু মনুষ্য যাহা

করিয়া বাঁচিবে এমন যে তোমার বিচার তাহার
প্রতিকূলে পাপ করিল এবং স্কন্ধ সরাইল ও স্তব্ধ
গল্প হইল ও শুনিতে সম্মত হইল না। [৩০]
তথাপি তুমি অনেক বৎসরপর্য্যন্ত তাহারদিগ
কে ক্ষমা করিলা ও তোমার আচার্য্যেরদের
মধ্যস্থিত তোমার আত্মার দ্বারা তাহারদের
বিরুদ্ধে সাক্ষ্য দিলা তথাপি তাহারা অবধান
করিতে সম্মত হইল না তাহাতে তুমি তাহার
দিগকে দেশস্থ লোকেরদের হস্তগত করিলা।
[৩১] কিন্তু আপন অতিদয়াতে তুমি তাহারদি
গকে সর্ব্বতোভাবে নষ্ট কর নাই ও ত্যাগ কর
নাই যেহেতুক তুমিই কৃপাবান ও দয়ালু ঈশ্বর।
[৩২] অতএব এখন হে আমারদের ঈশ্বর ম
হান্ ও শক্তিমান ও ভয়ঙ্কর এবং নিয়ম ও কৃ
পাপালক ঈশ্বর আমারদের ও আমারদের রা
জারদের ও আমারদের অধ্যক্ষেরদের ও আমা
রদের যাজকেরদের ও আমারদের আচার্য্যের
দের ও আমারদের পিতৃলোকেরদের ও তোমার
সকল লোকেরদের উপরে আশূরের রাজারদের
কালাবধি এদিনপর্য্যন্ত যে সকল দুর্গতি ঘটিয়া
ছে তাহা তোমার দৃষ্টিতে অল্প জ্ঞান না হউক।
[৩৩] তথাপি আমারদের উপরে যে সকল ঘটি
য়াছে তাহাতে তুমি ন্যায়কারী যেহেতুক তুমি
ন্যায় করিয়াছ কিন্তু আমরা কুকর্ম্ম করিয়াছি।
[৩৪] আমারদের রাজারা কিম্বা আমারদের অ
ধ্যক্ষেরা কিম্বা আমারদের যাজকেরা কিম্বা আ
মারদের পিতৃলোকেরা তোমার শাস্ত্রপালন ক
রে নাই ও তোমার আজ্ঞাতে এবং যাহাতে তুমি
তাহারদের প্রতিকূলে সাক্ষ্য দিলা এমন যে তো
মার সাক্ষ্য তাহাতেও অবধান করে নাই [৩৫]
যেহেতুক তাহারা আপনারদের রাজ্যেতে তো
মার সেবা করে নাই ও তুমি তাহারদিগকে যে
বড় অনুগ্রহ করিয়াছিলা তাহাতেও তুমি তাহার
দিগকে যে প্রশস্ত ও উত্তম দেশ দিয়াছিলা তা
হাতেও তোমার সেবা করে নাই এবং আপনার
দের কুকর্ম্মহইতে পরাঙ্মুখ হয় নাই। [৩৬]
দেখ অদ্য আমরা দাস হইয়াছি ও তাহার ফল
ও তাহার উত্তমতা ভোগ করিবার কারণ তুমি যে
দেশ আমারদের পিতৃলোকেরদিগকে দিয়াছ
তাহাতে দেখ আমরা দাস হইয়াছি। [৩৭]
এবং তুমি আমারদের পাপপ্রযুক্ত আমারদের
উপরে যে২ রাজাকে স্থাপন করিলা তাহারদের
প্রতি তাহা অনেক ফলজনক এবং তাহারা আ
পনারদের ইচ্ছাতে আমারদের শরীরের উপরে
ও আমারদের পশুরদের উপরে কর্ত্তৃত্ব করে ও
আমরা মহাকষ্ট পাই। [৩৮] এবং এ সকলে
তে আমরা দৃঢ় নিয়ম করি ও তাহা লিখি ও আ
মারদের অধ্যক্ষেরা ও লেবিরো ও যাজকেরা তা
হাতে মোহর করে।

## ১০ পর্ব্ব।

[১] যাহারা মোহর ছাপাইল তাহারা এই২
খকলিয়াহের পুত্র নিখেমিয়াহ্ তিরশাতা ও সি
দিকিয়াহ্। [২] শেরায়াহ্ অজরিয়াহ্ যিরি
মিয়াহ্। [৩] পশ্খূর অমরিয়াহ্ মলকিয়াহ্।
[৪] খটূশ শিবনিয়াহ্ মলুক। [৫] খরিম মি
রেমোত ওবদিয়াহ্। [৬] দানীএল গিনিতোন
বারুক। [৭] মিশুলাম অবিয়াহ্ মিয়ামিন।
[৮] মঅজিয়াহ্ বিলগঈ শিমঈয়াহ্ এ২ যাজকে
রা। [৯] এবং লেবিরা—অজনিয়াহের পুত্র
যিশূআ খেনাদাদের সন্তানেরদের মধ্যে বিন্নূই
ও কদমীএল। [১০] এবং তাহারদের ভ্রাতারা
শিবনিয়াহ্ হোদিয়াহ্ কিলীটা পিলায়াহ্ খা
নান। [১১] মীকা রিখোব খশবিয়াহ্। [১২]
জকুর শেরেবিয়াহ্ শেবনিয়াহ্ [১৩] হোদিয়াহ্
বানী বিনীনু। [১৪] লোকেরদের প্রধান—পর
ওশ পখতমোআব এলাম জতূ বানী। [১৫]
বুন্নী অজগাদ বেবাঈ। [১৬] অদোনিয়াহ্ বি
গবঈ আদীন। [১৭] আটের খিজকিয়াহ্
অজ্জুর। [১৮] হোদিয়াহ্ খাশুম বেসাঈ। [১৯]
খারীফ অনাতোত বেবাঈ। [২০] মগপীআশ
মিশুলাম খেজীর। [২১] মশেজবীএল সা
দোক যদূআ। [২২] পিলটিয়াহ্ খানান অনাহ্।
[২৩] হোশেঅ খননিয়াহ্ খশূব। [২৪] হলো
হেশ পিলখা শোবেক। [২৫] রিখুম হশব
নাহ্ মঅশেয়াহ্। [২৬] অখিয়াহ্ খানান আ
নান। [২৭] মলূক খারিম বআনাহ্।

[২৮] এবং অবশিষ্ট লোকেরা ও যাজকেরা
ও লেবিরা ও দ্বারপালেরা ও গায়কেরা ও নিতি
নীয়েরা যাহারা অন্যদেশীয়েরদের লোকহইতে
ঈশ্বরের শাস্ত্রের পক্ষে আপানারদিগকে ভিন্ন
*করিয়াছিল সে সকল ও তাহারদের ভার্য্যারা ও
তাহারদের পুত্রেরাও তাহারদের পুত্রীরা অর্থাৎ
প্রত্যেক জ্ঞানবান ও বুদ্ধিমান মানুষ। [২৯]
তাহারা আপনারদের কুলীন ভ্রাতারদের পক্ষে
লাগিয়া থাকিল এবং ঈশ্বরের দাস মোশেহেস্তে
দত্ত যে ঈশ্বরের শাস্ত্র তাহাতে আচার করিতে এ
বং আমারদের ঈশ্বর যিহুহের সকল আজ্ঞা ও
তাঁহার বিচার ও বিধি মানিতে ও পালন করি
তে শাপ স্বীকার ও দিব্য করিল। [৩০] এবং
প্রতিজ্ঞা করিলাম যে আমরা আপনারদের ক
ন্যারদিগকে দেশের লোকেরদিগকে দিব না ও
আমারদের পুত্রেরদের কারণ তাহারদের কন্যার
দিগকে লইব না। [৩১] এবং যদি দেশের লো
কেরা শাবতদিনে ক্রেয় দ্রব্য কিম্বা কোন ভক্ষ্য

দ্রব্য বিক্রয় করিতে আনে তবে আমরা শাবত
দিনে কিম্বা উৎসব দিনে তাহারদের কাছে তাহা
ক্রয় করিব না এবং আমরা সপ্তম বৎসরোৎ
পাদনীয় ও কর্জ্জ আদায়করা ত্যাগ করিব।
[৩২] আরও আমরা আপনারদের ঈশ্বরের গৃ
হের সেবার নিমিত্তে অর্থাৎ দৃষ্টিভোগ রুটি ও
নিত্য চরু। ও নিত্য হোমের ও শাবতের ও
অমাবস্যার ও নিরূপিত পর্ব্বের ও পবিত্র বস্তুর
ও পাপঘ্ন বলির ও য়িশ্রাএলের নিমিত্তে প্রা
য়শ্চিত্তের [৩৩] ও আমারদের ঈশ্বরের গৃহের
সকল সেবার কারণ বৎসর২ শেকেলের তৃতী
য়াংশ দানের ভার আপনারদের উপরে লইতে
ব্যবস্থা করিলাম। [৩৪] এবং কাষ্ঠের নৈবে
দ্যের জন্যে এবং শাস্ত্রের লিখনানুসারে আমার
দের ঈশ্বর য়িহুহের যজ্ঞবেদির উপরে দহনের
কারণ বৎসর২ নিরূপিত কালে তাহা আমার
দের ঈশ্বরের গৃহে আনিবার কারণ আমরা যাজ
কেরদের ও লৈবেরদের ও লোকেরদের মধ্যে
গুলিবাঁট করিলাম। [৩৫] এবং আমারদের ভূ
মির প্রথম ফল ও সকল বৃক্ষের ফলের প্রথম ফল
বৎসর২ য়িহুহের গৃহে আনিতে [৩৬] এবং শা
স্ত্রের লিখনানুসারে আমারদের পুত্রেরদের ও
পশুরদের প্রথমজাতেরদিগকে ও আমারদের
গোপালের ও মেষপালের প্রথমজাতেরদিগকে
আমারদের ঈশ্বরের গৃহে সেবাকারি যাজকের
দের নিকটে আমারদের ঈশ্বরের গৃহে আনিতে
নিয়ম করিলাম। [৩৭] ও আমরা যে আপনার
দের ছানা ময়দার প্রথম ও সকল প্রকার বৃক্ষের
ফল ও দ্রাক্ষারসের ও তৈলের নৈবেদ্য আপনা
রদের ঈশ্বরের গৃহের কুঠরিতে যাজকেরদের নিক
টে আনিব এবং আপনারদের কৃষিকর্ম্মযুক্ত
সকল নগরে লৈবেরা দশমাংশ পায় এই জন্যে
আমারদের ভূমির উৎপন্নের দশমাংশ লৈবের
দের কাছে আনিব এই২ নিয়মও করিলাম।*
[৩৮] এবং যখন লৈবেরা দশমাংশ লয় তখন
আহরোণের যাজক সন্তান তাহারদের সহিত থা
কিবে এবং লৈবেরা আমারদের ঈশ্বরের গৃহের
কুঠরিতে অর্থাৎ ভাণ্ডারগৃহে দশমাংশের দশ
মাংশ আনিবে। [৩৯] যেহেতুক যে২ কুঠরিতে
পবিত্র পাত্র ও সেবাকারি যাজকেরা ও দ্বারপা
লেরা ও গায়কেরা থাকে সেস্থানে য়িশ্রাএলের
সন্তানেরা ও লেবির সন্তানেরা শস্য ও দ্রাক্ষারস
ও তৈল নৈবেদ্য আনিবে এবং আমরা আপ
নারদের ঈশ্বরের গৃহ ত্যাগ করিব না।

১১ পর্ব্ব।

[১] লোকেরদের অধ্যক্ষেরা য়িরূশালমে
বাস করিল এবং পবিত্র নগর য়িরূশালমে বাস
করিবার কারণ দশ মানুষের মধ্যে এক জনকে
সেখানে আনিতে ও নয় জন অন্য২ নগরে বাস
করিতে অবশিষ্ট লোকেরা গুলিবাঁট করিল।
[২] এবং যে সকল লোক য়িরূশালমে বাস
করিবার কারণ স্বেচ্ছাপূর্ব্বক আপনারদিগকে
উপস্থিত করিল তাহারদিগকে লোকেরা আশী
র্ব্বাদ করিল।

[৩] দেশের যে২ প্রধান লোক য়িরূশালমে
বাস করিল তাহারা এ২ কিন্তু য়িহুদাহের নগ
রে প্রত্যেক জন আপন২ অধিকারে তাহারদের
নগরে বাস করিত অর্থাৎ য়িশ্রাএল ও যাজকে
রা ও লৈবেরা ও নিতিনীয়েরা ও শলমনের
দাসেরদের সন্তানেরা। [৪] এবং য়িরূশালমে
য়িহুদাহের সন্তান ও বেন্যামিনের সন্তান কতক
জন বাস করিত য়িহুদাহের সন্তানেরদের মধ্যে ব
র্ত্তি পারেসের সন্তানেরদের মধ্যে মহললিএলের
পুত্র শিফটিয়াহের পুত্র অমরিয়াহের পুত্র জিক
রিয়াহের পুত্র উজিয়াহের পুত্র অতায়াহ্। [৫]
ও শিলোনীর পুত্র জিকরিয়াহের পুত্র য়োয়ারী
বের পুত্র অদায়াহের পুত্র খজায়াহের পুত্র
কালখোজেহের পুত্র বারুকের পুত্র মঅশেয়াহ্
[৬] পেরেসের সকল য়িরূশালমবাসি সন্তান
চারিশত আটষষ্টি বলবান লোক। [৭] এবং
এ২ বেন্যামিনের সন্তান য়িশইয়াহের পুত্র
ঈতিএলের পুত্র মঅশেয়াহের পুত্র কোলায়া
হের পুত্র পিদায়াহের পুত্র য়োএদের পুত্র মিশু
লামের পুত্র সালু। [৮] এবং তাহার পরে গ
বই ও সলাই নয়শত আটাইশ জন। [৯]
এবং জিকরীর পুত্র য়োএল তাহারদের পরিদ
র্শক ছিল এবং সিনুআহের পুত্র য়িহুদাহ্ নগ
রের উপরে দ্বিতীয় কর্ত্তা ছিল। [১০] যাজকের
দের মধ্যে এই২ য়োয়ারীবের পুত্র য়িদইয়াহ্
ও য়াকীন। [১১] আখীটূবের পুত্র মিরায়ো
তের পুত্র সাদোকের পুত্র মিশুলামের পুত্র খি
লকিয়াহের পুত্র শিরায়াহ্ ঈশ্বরের গৃহের কর্ত্তা
ছিল। [১২] এবং গৃহের কর্ম্মকারি তাহারদের
ভ্রাতারা আটশত বাইশ জন এবং মলকিয়াহের
পুত্র পশখূরের পুত্র জিকরিয়াহের পুত্র অম
সীর পুত্র পিললিয়াহের পুত্র য়িরোখামের পুত্র
অদায়াহ্। [১৩] এবং পিতৃপ্রধান তাহার ভ্রা
তারা দুই শত বিয়াল্লিশ জন এবং ইম্মেরের
পুত্র মিশলেমোতের পুত্র আখজয়ের পুত্র অজ
রিএলের পুত্র অমশয়। [১৪] এবং তাহার
দের ভ্রাতারা বড় প্রভাববান মনুষ্য একশত আ
টাইশ জন এবং তাহারদের প্রধান জব্দীএল
সে এক জন বড় মনুষ্যের সন্তান। [১৫] এবং
লৈবেরদের মধ্যে বুনীর পুত্র খশবিয়াহের পুত্র

অজরীকামের পুত্র খশূবের পুত্র শিময়ীয়াহ্ ।
[১৬] এবং প্রধান লৈবেরদের মধ্যে শবিতঈ ও
য়োজাবাদ ঈশ্বরের গৃহের বহিঃস্থ কার্য্যের উপ
রে ছিল। [১৭] এবং আসাফের পুত্র জবদীর
পুত্র মীকার পুত্র মত্তনিয়াহ্ প্রার্থনাতে ধন্যবা
দের আরম্ভ করিতে প্রধান ছিল এবং আপন
ভ্রাতারদের মধ্যে বুকবুকিয়াহ্ দ্বিতীয় ছিল
এবং য়িদূথূনের পুত্র গালালের পুত্র সমূঅর
পুত্র অবদা। [১৮] পবিত্র নগরস্থ সকল লৈব
দুইশত চৌরাশী জন ছিল। [১৯] এবং দ্বার
পাল এই২ জন অক্কুব ও টলমোন ও তাহার
দের দ্বারপালক ভ্রাতা একশত বাহাত্তর জন।
[২০] এবং য়িশ্রাএলের ও যাজকেরদের ও
লৈবেরদের অবশিষ্ট লোকেরা য়িহুদাহের স
কল নগরে প্রত্যেক জন আপন২ অধিকারে থা
কিত। [২১] কিন্তু নিতিনীয়েরা ওফেলে বাস
করিত এবং সীহা ও গিশ্পা নিতিনীয়েরদের অ
ধ্যক্ষ ছিল। [২২] এবং আসাফের সন্তানের
দের মধ্যবর্ত্তি মীকার পুত্র মত্তনিয়াহের পুত্র
খশবিয়াহের পুত্র বানীর পুত্র উজি য়িরূশাল
মস্থ লৈবেরদের অধ্যক্ষ ছিল আসাফের সন্তা
নেরদের মধ্যবর্ত্তি গায়কেরা ঈশ্বরের গৃহের ক
র্ম্মের উপরে ছিল। [২৩] যেহেতুক তাহারদের
বিষয়ে রাজার এ আজ্ঞা ছিল যে গায়কেরদের
জন্যে প্রতিদিন নিরূপিত ভাগ দাতব্য হয়।
[২৪] এবং য়িহুদাহের পুত্র জেরখের সন্তানের
দের মধ্যে মিশেজবিএলের পুত্র পিতখিয়াহ্
লোকেরদের সকল কার্য্যের বিষয়ে রাজার হ
স্তের নিকটে থাকিল। [২৫] এবং গ্রামের ও
তাহারদের ক্ষেত্রের কারণ য়িহুদাহের সন্তান
কতক জন কির্য্যৎঅরবঅতে ও তাহার গ্রামে ও
দীবোন ও তাহার গ্রামে ও য়িকবসিএলে ও
তাহার গ্রামে। [২৬] ও য়েশূঈতে ও মোলাদা
হে ও বীৎপালেটে। [২৭] ও খসরশূআলে ও
বিএরশেবাতে ও তৎসন্নি গ্রামে। [২৮] ও সি
কলাগে ও মিকোনাহে ও তন্নিকটস্থ গ্রামে।
[২৯] ও এনরিমোণে ও সরিআহে ও য়ারমূতে।
[৩০] ও জানোখে ও অদুলামে ও তাহারদের
নিকটস্থ গ্রামে। [৩১] ও লাকীশে ও তাহার
ক্ষেত্রে ও অজেকাহে ও তাহার নিকটস্থ গ্রামে
এবং তাহারা বিএরশেবাহইতে হিনোমের তল
ভূমিপর্য্যন্ত বাস করিল। [৩২] এবং গাবঅ
হইতে আগত বেন্যামিনের সন্তানেরা মিকমশে
ও অয়াতে ও বীৎএলে ও তাহারদের নিকটস্থ
গ্রামে বাস করিল। [৩৩] এবং অনাতোতে
ও নোবে ও অনানিয়াহে। [৩৪] ও খাসোরে ও
রামাহে ও গিত্তাঈমে ও খাদদে ও সিবোঈমে
ও নিবলাটে। [৩৫] ও লোদ ও ওনো নামেতে
খ্যাত কারিগরেরদের মাঠে। [৩৬] এবং লৈ
বেরদের অংশিত লোকেরা য়িহুদাহে ও বেন্যা
মিনে থাকিল।

## ১২ পর্ব্ব।

[১] যে যাজকেরা ও লৈবেরা শিআলতীএলের
পুত্র জিরুব্বাবেলের ও য়িহোশুআর সহিত প্র
স্থান করিল তাহারা এই২ জন শিরায়াহ্ য়িরিমি
য়াহ্ এজরা। [২] আমরিয়াহ্ মলূক খটূশ। [৩]
শিকনিয়াহ্ রেখূর মিরেমোত। [৪] ইদো গি
নিতো আবিয়াহ্। [৫] মিয়ামীন মত্তদিয়াহ্
বিলগাহ্। [৬] শিময়ীয়াহ্ য়োআরীব য়িদ
য়াহ্। [৭] সলূ আমোক খিলকিয়াহ্ য়দইয়াহ্
য়েশূআর কালে যাজকেরদের ও আপনারদের
ভ্রাতারদের প্রধানেরা এই২ জন। [৮] লৈবেরা
ও অর্থাৎ য়েশূআ ও বিনূঈ ও কদমীএল ও শে
রবিয়াহ্ ও য়িহুদাহ্ এবং মত্তনিয়াহ্ ধন্যবা
দের অধ্যক্ষ অর্থাৎ সে ও তাহার ভ্রাতারা।
[৯] এবং তাহারদের ভ্রাতারা বকবুকিয়াহ্ ও
উনী চৌকিতে তাহারদের সম্মুখে থাকিত।
[১০] এবং য়িশূআ য়োআকিমকে জন্ম দিল
ও য়োআকিম এলিয়াশীবকে জন্ম দিল ও এলি
য়াশীব য়োয়াদাকে জন্ম দিল। [১১] এবং য়ো
য়াদা য়োনাতানকে জন্ম দিল এবং য়োনাতান
য়দূঅকে জন্ম দিল। [১২] এবং য়োয়াকিমের
কালে পিতৃপ্রধান যাজক ছিল শিরায়াহের
বংশে মিরায়াহ্ য়িরিমিয়াহের বংশে খননি
য়াহ্। [১৩] এজরার বংশে মিশূলাম আমরিয়া
হের বংশে য়িহোখানন। [১৪] মিলিকুর
বংশে য়োনাতান শিবনিয়াহের বংশে য়ূসফ।
[১৫] খারিমের বংশে অদনা মিরায়োতের বং
শে খেলকাঈ। [১৬] ইদোর বংশে জিকরিয়াহ্
গিনিতোনের বংশে মিশুলাম। [১৭] আবিয়া
হের বংশে জিকরী মিনয়ামীনের বংশে মো
অদিয়াহ্ ও পিলটাঈ [১৮] বিলগাহের বংশে
শমুঅ শিময়ীয়াহের বংশে য়িহোনাতান। [১৯]
য়োয়ারীবের বংশে মতিনঈ য়িদায়াহের বংশে
উজি। [২০] সলঈর বংশে কলই আমোকের
বংশে এবের। [২১] খিলকিয়াহের বংশে খশ
বিয়াহ্ য়িদইয়াহের বংশে নিতনীএল।
[২২] এলিয়াশীবের ও য়িহোয়াদার ও য়ো
খানানের ও য়দূঅর কালবর্ত্তি লৈবেরা ও যাজ
কেরা পারসের দারিউশের অধিকারকালপর্য্যন্ত
পিতৃপ্রধান লিখিত হইল। [২৩] লেবির সন্তান
পিতৃপ্রধানেরদের নাম এলীয়াশীবের পুত্র য়ো
খানানের কাল না হওয়াপর্য্যন্ত বিবরণপুস্তকে
লেখা গেল। [২৪] লৈবেরদের প্রধানেরা খশ

বিয়াহ্ ও শেরেবিয়াহ্ ও কদমীএলের পুত্র য়েশূআ ও তাহারদের ভ্রাতারা তাহারদের সম্মুখে ঈশ্বরের মানুষ দাউদের আজ্ঞানুসারে স্তব করিবার কারণ ও ধন্যবাদ করিবার কারণ চৌকির সম্মুখে চৌকিতে নিরূপিত ছিল। [২৫] মতনিয়াহ্ ও বকবুকিয়াহ্ ও ওবদিয়াহ্ ও মিশুলাম ও টল মোন ও অক্কুব দ্বারের গোবরাটে থাকিয়া চৌকি দেওত দ্বারপাল ছিল। [২৬] ইহারা য়োসাদাকের পুত্র য়েশূআর পুত্র য়োয়াকিমের কালে ও নিখেমিয়াহ্ দেশাধ্যক্ষের ও এজরা যাজক অধ্যাপকের কালে ছিল।

[২৭] এবং য়িরূশালমের প্রাচীরের প্রতিষ্ঠা করণকালে তাহারা আনন্দেতে প্রতিষ্ঠাকরণোৎসব করণের নিমিত্তে অর্থাৎ ধন্যবাদ ও গান ও করতাল ও নবল ও বীণা বাজানেতে তাহার পালনের মিমিত্তে লৈবেরদিগকে য়িরূশালমে আনিবার কারণ তাহারদের সকল স্থানে তাহারদিগকে অন্বেষণ করিল। [২৮] এবং গায়কেরদের সন্তানেরা য়িরূশালমের চতুর্দ্দিকস্থ সমভূমিহইতে ও নিটোফাতীর গ্রামহইতে [২৯] এবং গিলগালের গৃহহইতে ও গেবার ও অজ্মাবেতের মাঠহইতে আপনারদিগকে একত্র করিল। যেহেতুক গায়কেরা য়িরূশালমের চতুর্দ্দিগে আপনারদের কারণ গ্রাম করিয়াছিল [৩০] এবং যাজকেরা ও লৈবেরা আপনারদিগকে পবিত্র করিল এবং লোকেরদিগকে ও দ্বার ও প্রাচীর পবিত্র করিল। [৩১] অপর আমি য়িহুদাহের অধ্যক্ষেরদিগকে প্রাচীরের উপরে আনিলাম এবং ধন্যবাদকারি দুই জনতাকে নিরূপণ করিলাম তাহার মধ্যে এক পংক্তি সার দ্বারের দিগে দক্ষিণ পার্শ্বে প্রাচীরের উপরে গেল। [৩২] এবং তাহারদের পরে হোশইয়াহ্ ও য়িহুদাহের অর্দ্ধ অধ্যক্ষেরা গেল। [৩৩] এবং অজরিয়াহ্ ও এজরা ও মিশুলাম। [৩৩] ও য়িহুদাহ্ ও বেন্যামিন ও শিমইয়াহ্ ও য়িরিমিয়াহ্। [৩৫] ও যাজকপুত্র কতক জন তূরী হাতে করিয়া অর্থাৎ আসাফের পুত্র জক্কূরের পুত্র মীকায়াহের পুত্র মতনিয়াহের পুত্র শিমাইয়াহের পুত্র য়োনাতানের পুত্র জিকরিয়াহ্। [৩৬] ও তাহার ভ্রাতারা শিমইয়াহ্ ও অজরিএল ও মিললই ও গিলালই ও মাঅঈ ও নিতনীএল ও য়িহুদাহ্ ও খনানী ঈশ্বরের মানুষ দাউদের বাদ্য হাতে করিয়া গেল এবং এজরা যাজক তাহারদের অগ্রে গেল। [৩৭] এবং তাহারদের সম্মুখে উনইদ্বারে তাহারা প্রাচীরের উল্লমনের স্থানে দাউদের গৃহের ওদিগে জলের দ্বারপর্য্যন্ত পূর্ব্বদিগে দাউদের নগরের সোপান দিয়া গেল। [৩৮] এবং ধন্যবাদকারি অন্য জনতা তাহারদের সম্মুখে গেল এবং আমি ও প্রাচীরের উপরিস্থ অর্দ্ধ লোকেরা আফরের দুর্গ হইতে চৌড়া প্রাচীরপর্য্যন্ত তাহারদের পশ্চাৎ গেলাম। [৩৯] এবং এফরায়িমের দ্বারের ওদিগহইতে এবং পুরাতন দ্বারের ওদিগহইতে এবং মৎস্যদ্বার ও খননিএলের দুর্গ ও মেআহের দুর্গহইতে মেষদ্বারপর্য্যন্ত গেল এবং কারা দ্বারে দাঁড়াইল। [৪০] যে দুই জনতা ঈশ্বরের গৃহে ধন্যবাদ করিল তাহারা ও আমি ও আমার সহিত অধ্যক্ষেরদের অর্দ্ধ জনও তদ্রূপে দাঁড়াইল। [৪১] যাজকেরা এলিয়াকিম ও মঅশেয়াহ্ ও মিনিয়ামীন ও মীকিয়াহ্ ও এলিওএনি ও জিকরিয়াহ্ ও খননিয়াহ্ তূরী হাতে করিয়া দাঁড়াইল। [৪২] ও মঅশেয়াহ্ ও শেমাইয়াহ্ ও এলিএজের ও উজি ও য়িহোখানান ও মলকিয়াহ্ ও এলাম ও আজের দণ্ডায়মান হইল এবং গায়কেরা উচ্চৈঃস্বরে গান করিল ও য়িজরখিয়াহ্ তাহারদের প্রদর্শক ছিল। [৪৩] সে দিনে তাহারা বৃহৎ২ বলিদানও করিল এবং আনন্দ করিল যেহেতুক ঈশ্বর আনন্দেতে তাহারদিগকে আনন্দিত করিলেন এবং তাহারদের ভার্য্যারা ও বালকেরা আহ্লাদ করিল তাহাতে য়িরূশালমের আনন্দধ্বনি অনেক দূরপর্য্যন্ত শুনা গেল।

[৪৪] সে সময়ে ধনের কারণ ও নৈবেদ্যের কারণ ও প্রথম ফলের কারণ ও দশমাংশের কারণ নগরের ক্ষেত্রহইতে যাজকেরদের ও লৈবেরদের কারণ ও ব্যবস্থিত অংশ কুঠরিতে একত্র আনিবার কারণ তাহার উপরে কেহ২ নিযুক্ত হইল যেহেতুক তত্রস্থিত যাজকেরদের ও লৈবেরদের বিষয়ে য়িহুদাহ্ আহ্লাদ করিল। [৪৫] এবং গায়কেরা ও দ্বারপালেরা দাউদের ও তাহার পুত্র শলমনের আজ্ঞানুসারে আপনারদের ঈশ্বরের চৌকি ও পবিত্র করণের চৌকি দিল। [৪৬] যেহেতুক পূর্ব্ব কালে অর্থাৎ দাউদের ও আসাফের কালে গায়কেরদের প্রধানেরা এবং ঈশ্বরের উদ্দেশে স্তবগান ও ধন্যবাদগানও ছিল [৪৭] এবং জিরুব্বাবেলের ও নিখেমিয়াহের কালে সকল য়িশ্রাএল প্রতিদিন গায়কেরদের ও দ্বারপালেরদের অংশ দিল এবং তাহারা লৈবেরদের কারণ দ্রব্য পবিত্র করিল এবং লৈবেরা আহরোণের সন্তানেরদের নিমিত্তে তাহা পবিত্র করিল।

## ১৩ পর্ব্ব।

[১] সে দিনে তাহারা লোকেরদের শ্রবণে মোশহের শাস্ত্র পড়িল এবং তাহাতে এ কথা

পাওয়া গেল যে অমোনীয় ও মোআবীয় য়িহু
দের মণ্ডলীতে কখন আসিবে না। [২] কেননা
তাহারা রুটি ও জলেতে য়িশ্রাএলের সন্তানের
দিগকে ভেটিল না কিন্তু বিলআম যে তাহারদি
গকে শাপ দেয় এই জন্যে তাহাকে বেতন দিয়া
ছিল তথাপি আমারদের ঈশ্বর সে শাপকে আ
শীর্ব্বাদ করিলেন। [৩] অপর এমত হইল যখন
তাহারা শাস্ত্র শুনিল তখন সে মিশ্রিত জনতাকে
য়িশ্রাএলহইতে ভিন্ন করিল।

[৪] এবং ইহার পূর্ব্বে আমারদের ঈশ্বরের গৃ
হের কুঠরির পরিদর্শক এলিয়াশীবযাজক টোবি
য়াহের সহিত কুটুম্বিতা করিয়াছিল। [৫] এবং
তাহারা পূর্ব্বে যে কুঠরিতে উপকরণ ও কুন্দুরু
ও পাত্র এবং লৈবেরদের ও গায়কেরদের ও
দ্বারপালেরদের নিমিত্তে আজ্ঞাপিত শস্য ও দ্রা
ক্ষারস ও তৈলের দশমাংশ ও যাজকেরদের
নৈবেদ্য রাখিত সে কুঠরি সে তাহার কারণ প্র
স্তুত করিয়াছিল। [৬] কিন্তু সে সকল কাল ব্যা
পিয়া আমি য়িরূশালমে ছিলাম না যেহেতুক
বাবেলের আরতাখ্শস্তারাজের দ্বাত্রিংশ বৎস
রে আমি রাজার নিকটে আইলাম ও কিয়দ্দিব
সানন্তর আমি রাজার নিকটে বিদায় পাইলাম।
[৭] পরে আমি য়িরূশালমে আইলাম এবং
এলিয়াশীব ঈশ্বরের গৃহের উঠানে টোবিয়াহের
কারণ কুঠরি প্রস্তুত করণেতে যে কুকর্ম্ম তাহার
কারণ করিয়াছিল তাহা জ্ঞাত হইলাম। [৮]
এবং তাহাতে আমি অতিশোকান্বিত হইলাম
সেহেতুক আমি কুঠরিহইতে টোবিয়াহের গৃ
হের সকল দ্রব্য ফেলিয়া দিলাম। [৯] তখন
আমি আজ্ঞা দিলাম এবং তাহারা সেই কুঠরি
পরিষ্কার করিল এবং সেখানে আমি ঈশ্বরের
গৃহের সকল পাত্র ও উপকরণ ও কুন্দুরু পুনর্ব্বার
আনিলাম।

[১০] অপর আমি জানিতে পাইলাম যে লৈ
বেরদের অংশ তাহারদিগকে দেওয়া যায় নাই
যেহেতুক কর্ম্মকারি লৈবেরা ও গায়কেরা প্রত্যে
কে স্বস্বভূমিতে পলায়ন করিয়াছিল। [১১] ত
খন আমি অধ্যক্ষেরদিগকে অনুযোগ করিলাম
ও কহিলাম ঈশ্বরের গৃহ কেন ত্যক্ত হইয়াছে
পরে আমি তাহারদিগকে একত্র করিলাম ও তা
হারদের পদে তাহারদিগকে স্থাপন করিলাম।
[১২] তখন সকল য়িহুদাহ্ শস্যের ও নূতন দ্রা
ক্ষারসেরও তৈলের দশমাংশ ভাণ্ডারে আনিল।
[১৩] এবং কোষের উপরে আমি শেলেমিয়াহ্
যাজককে ও সাদোক অধ্যাপককে এবং লৈবের
দের মধ্যে পেদায়াহ্কে কোষাধীশ করিলাম
ও তাহারদের পরে মত্তনিয়াহের পুত্র জক্কুরের
পুত্র খানান ছিল। যেহেতুক তাহারা বিশ্বস্ত
রূপে জ্ঞাত ছিল ও তাহারদের ভ্রাতারদের মধ্যে
অংশ করিয়া দেওয়া তাহারদের পদ। [১৪]
হে আমার ঈশ্বর এ বিষয়ে আমাকে মনে রাখ
এবং আমি আপন ঈশ্বরের গৃহের কারণ ও তা
হার পদের কারণ যে সুকার্য্য করিয়াছি তাহা
কাটিয়া ফেলিও না।

[১৫] সেই কালে আমি য়িহুদাতে কতক লো
ককে শাবতদিনে দ্রাক্ষাযন্ত্র দলাইতে ও আঁটি
আনিতে ও গর্দ্দভ বোঝাই করিতে দেখিলাম এ
বং তাহারা শাবতদিনে যে দ্রাক্ষারস ও দ্রাক্ষা
ডুমুরাদি সকল প্রকার বোঝা য়িরূশালমে আ
নিত তাহাও দেখিলাম এবং তাহারা যে দিনে
ভক্ষ্য দ্রব্য বিক্রয় করিল সে দিনে আমি সাক্ষ্য
দিলাম। [১৬] যাহারা মৎস্য ও সকল প্রকার
বিক্রেয় দ্রব্য য়িহুদাহের সন্তানেরদের নিকটে
ও য়িরূশালমে আনিত ও শাবতে বিক্রয় করিত
এমন সূরের লোকেরা সেখানে বাস করিল।
[১৭] তখন আমি য়িহুদাহের কুলীনেরদের স
হিত বিবাদ করিয়া তাহারদিগকে কহিলাম এই
কি কুকর্ম্ম যে তোমরা শাবতদিন সাধারণ কর।
[১৮] তোমারদের পিতৃলোকেরা কি এমত করে
নাই এবং ঈশ্বর আমারদের উপরে ও এ নগরের
উপরে কি এ সকল দুর্দশা আনেন নাই তথাপি
তোমরা শাবত সাধারণ করাতে য়িশ্রাএলের
উপরে আরও ক্রোধ আনিতেছ। [১৯] অপর
এমত হইল শাবতের পূর্ব্বে যখন য়িরূশালমের
দ্বার অন্ধকারময় হইতে লাগিল তখন আমি
দ্বার রুদ্ধ করিতে আজ্ঞা দিলাম এবং দৃঢ় আজ্ঞা
দিলাম যে শাব ৩ না গেলে তাহা খোলা যা
ইবে না এবং শাবতদিনে কোন ভার ভিত
রে আনীত না হয় এ কারণ আমি আপন কতক
দাসকে দ্বারেতে রাখিলাম। [২০] অতএব
বণিকেরা ও সকল দ্রব্যবিক্রেতারা একবার দুই
বার য়িরূশালমের বাহিরে রাত্রিতে থাকিল।
[২১] তখন আমি তাহারদের বিপরীতে সাক্ষ্য
দিলাম ও তাহারদিগকে কহিলাম যে তোমরা
কেন প্রাচীরের নিকটে থাক যদি এমত আর
বার কর তবে আমি তোমারদিগকে ধরিব সে
কালাবধি তাহারা শাবতে আর আইল না।
[২২] এবং আপনারদিগকে পবিত্র করিতে ও
শাবত দিন পবিত্র করিবার কারণ আসিয়া দ্বা
রের রক্ষা করিতে আমি লৈবেরদিগকে আজ্ঞা
দিলাম হে আমার ঈশ্বর এ বিষয়েও আমাকে
স্মরণে রাখ ও আপনার কৃপার বাহুল্যানুসা
রে আমাকে দয়া কর।

[২৩] তৎকালে আমি এমন য়িহুদীয়েরদিগ

কেও দেখিলাম যে আশদোদীয়া ও আম্মোনীয়া ও মোআবীয়া স্ত্রীরদিগকে বিবাহ করিয়াছিল। [২৪] এবং তাহারদের বালকেরা অর্দ্ধ আশদোদীয় ভাষা কহিত ও য়িহুদীয় ভাষা কহিতে পারিত না কিন্তু প্রত্যেক জনের ভাষানুসারে কথা কহিত। [২৫] পরে আমি তাহারদের সহিত বিবাদ করিলাম ও তাহারদিগকে শাপ দিলাম ও তাহারদের মধ্যে কতক লোককে প্রহার করিলাম ও তাহারদের কেশ উপড়াইলাম এবং ঈশ্বরেতে তাহারদিগকে দিব্য করাইলাম যে তোমরা তাহারদের পুত্রেরদিগকে তোমারদের কন্যা দিবা না ও তোমারদের পুত্রের কারণ কিম্বা আপনারদের কারণ তাহারদের কন্যারদিগকে গ্রহণ করিবা না। [২৬] য়িশ্রাএলের শলমনরাজ কি এ২ কার্য্যেতে পাপ করে নাই তথাপি আপন ঈশ্বরেতে প্রীত এমত অনেক জাতির মধ্যে তাহার তুল্য কোন রাজা ছিল না এবং ঈশ্বর তাহাকে সমস্ত য়িশ্রাএলোপরি রাজা করিলেন তথাচ তাহাকেও বিদেশীয়া স্ত্রীরা পাপে প্রবৃত্ত করিল। [২৭] অতএব বিদেশীয়া স্ত্রীরদিগকে বিবাহ করাতে আমারদের ঈশ্বরের আজ্ঞাতিক্রম করা যে এ মহাপাপ আমরা কি তাহা করিতে তোমারদের কথা শুনিব। [২৮] এবং এলিয়াশীব প্রধান যাজকের পুত্র য়িহোয়াদার এক পুত্র খোরোণীয় সনবলটের জামাতা ছিল সে কারণেতে আমি আপন নিকটহইতে তাহাকে দূর করিলাম। [২৯] হে আমার ঈশ্বর তাহারদিগকে মনে রাখ যেহেতুক তাহারা যাজকতা ও যাজকতার ও লৈবেরদের নিয়ম সাধারণ করিয়াছে। [৩০] এতদ্রূপ আমি অন্যদেশীয় সকল লোকহইতে তাহারদিগকে পরিষ্কার করিলাম এবং যাজকেরদের ও লৈবেরদের প্রত্যেক জনকে আপন২ চৌকি কার্য্যে নিযুক্ত করিলাম। [৩১] এবং নিরূপিত সময়ে কাষ্ঠের নৈবেদ্যের জন্যে ও প্রথম ফলের জন্যে নিরূপণ করিলাম হে আমার ঈশ্বর মঙ্গলের নিমিত্তে আমাকে স্মরণে রাখ।

# এস্তেরবিষয়ক পুস্তক।

## ১প্রথম পর্ব্ব।

[১] আখশ্বেরোশের অধিকারকালে এমত হইল যে আখশ্বেরোশ হোদহইতে কূশপর্য্যন্ত একশত সাতাইশ সুবার উপরে রাজ্য করিল সে এই। [২] তৎকালে যখন আখশ্বেরোশ শূশনপুরীস্থ আপন রাজসিংহাসনোপবিষ্ট হইল। [৩] তখন তাহার অধিকারের তৃতীয় বৎসরে সে আপন অধ্যক্ষেরদের ও দাসেরদের কারণ অর্থাৎ পারস ও মাদঈর পরাক্রান্ত লোকেরদের কারণ ভোজ প্রস্তুত করিল এবং কুলীনেরা ও সুবাদারেরা তাহার অগ্রে থাকিল। [৪] তখন সে আপন ঐশ্বর্য্যশালি রাজ্যের ধন ও আপন উত্তম মহিমার মর্য্যাদা অনেক দিন অর্থাৎ একশত আটাইশ দিনপর্য্যন্ত তাহারদের নিকট প্রকাশ করিল। [৫] এবং সেই২ দিন অতীত হইলে রাজা শূশনপুরীতে প্রাপ্ত ছোট বড় সকল লোকেরদের জন্যে রাজপুরীর উদ্যানের অঙ্গনে সপ্তাহপর্য্যন্ত ভোজ করিল। [৬] তাহাতে সূক্ষ্ম সূত্রজ ও বাগুনীয়বর্ণ দড়িতে রূপ্যময় কড়াতে ও মর্ম্মর স্তম্ভেতে বদ্ধ শুক্ল ও সবুজ ও নীলবর্ণ পরদা ছিল রক্তবর্ণ ও নীলবর্ণ ও শুক্লবর্শ ও কৃষ্ণবর্ণ মর্ম্মরের মেঝের উপরিস্থিত খট্টা স্বর্ণময় ও রূপ্যময় ছিল। [৭] তাহারা স্বর্ণময় পাত্রেতে তাহারদিগকে পান করাইল সে পাত্রও ভিন্ন২ আকার এবং রাজার অবস্থানুযায়ী রাজকীয় দ্রাক্ষারসের বাহুল্য ছিল। [৮] এবং পান ব্যবস্থানুসারে ছিল কেহ জোর করিত না যেহেতুক রাজা আপন গৃহের অধ্যক্ষেরদিগকে আজ্ঞা করিয়াছিল যে তাহারা প্রত্যেক জনের ইচ্ছানুযায়ী করে। [৯] বশ্‌তী রাণীও আখশ্বেরোশের রাজবাটীতে স্ত্রীরদের কারণ ভোজ প্রস্তুত করিল।

[১০] সপ্তম দিনে রাজার চিত্ত দ্রাক্ষারসেতে রসিক হইলে সে মিহূমান ও বিজ্‌তা ও খরবোনা ও বিগতা ও অবগতা ও জেতর ও করকস এই যে সাত জন গৃহদর্শক আখশ্বেরোশরাজের সম্মুখে

সেবা করিত [১১] তাহারদিগকে আজ্ঞা দিল
যে তাহারা লোকেরদিগকে ও অধ্যক্ষেরদিগকে
বশ্তী রাণীর সৌন্দর্য্য দেখাইবার কারণ রাজ
কীয় মুকুটেতে ভূষিত তাহাকে রাজার সাক্ষাৎ
আনে যেহেতুক সে অতিপ্রিয়দর্শনা। [১২]
কিন্তু গৃহদর্শকেরদের প্রমুখাৎ যে রাজার আজ্ঞা
তাহাতে বশ্তীরাণী আসিতে সম্মতা হইল না
অতএব রাজা বড় ক্রুদ্ধ হইল ও তাহার মধ্যে
তাহার ক্রোধ জ্বলিয়া উঠিল।

[১৩] তখন রাজা কালজ্ঞ আপন পণ্ডিতের
দিগকে কহিল যেহেতুক নীতিজ্ঞ ও ধর্ম্মজ্ঞ লো
কেরদের প্রতি রাজার এই ব্যবহার ছিল। [১৪]
এবং তাহার নিকটে কর্শিনা ও শেতার ও
অদমাতা ও তর্শীশ ও মেরেস ও মরসিনা ও
মিমুকান রাজার মুখ দেখিতে ও রাজ্যের প্রথম
স্থানে বসিতে যাহারদের অধিকার এমন পার
সের ও মাদঈর এই সাত জন অধ্যক্ষ থাকিল।
[১৫] আমরা ন্যায়ানুসারে বশ্তী রাণীকে কি
করিব যেহেতুক গৃহদর্শকেরদের প্রমুখাৎ আখ
শ্বেরোশরাজের যে আজ্ঞা তাহা সে মানে নাই।
[১৬] এবং মিমুকান রাজার সাক্ষাৎ ও অধ্যক্ষে
রদের সাক্ষাৎ প্রত্যুত্তর করিল যে বশ্তী রাণী
কেবল মহারাজের প্রতি অনুচিত ক্রিয়া করিয়া
ছে তাহা নয় কিন্তু সকল অধ্যক্ষেরদের প্রতি ও
আখশ্বেরোশরাজের অধিকারস্থ সমস্ত লোকের
দের প্রতিও তাহা করিয়াছে। [১৭] যেহেতুক
রাণীর এ ক্রিয়া সকল স্ত্রীরদের নিকটে প্রকাশ
করা যাইবে এবং যখন কহা যায় যে আখশ্বে
রোশরাজ বশ্তীরাণীকে আপন নিকটে আনি
তে আজ্ঞা দিল কিন্তু সে আইল না তখন তাহা
রা আপনারদের দৃষ্টিতে আপন২ স্বামিকে
অবজ্ঞা করিবে। [১৮] এবং পারস ও মদ
ঈর যে স্ত্রীরা রাণীর ক্রিয়ার সমাচার শুনে তাহা
রাও অদ্য রাজার সকল অধ্যক্ষেরদিগকে সে
প্রকার কহিবে এমতে অতিশয় অবজ্ঞা ও ক্রোধ
জন্মিবে। [১৯] যদি ইহা মহারাজের তুষ্টিকর
হয় তবে তাহার নিকটহইতে রাজকীয় আজ্ঞা
প্রকাশিতা হউক ও তাহার অন্যথা যে না হয়
এই কারণ তাহা পারসীয়েরদের ও মাদঈয়ের
দের ব্যবস্থার মধ্যে লেখা যাউক যে বশ্তীরাণী
আখশ্বেরোশরাজের নিকটে আর না আইসে
এবং মহারাজ তাহার রাজকীয়াধিকার তাহা
হইতে উত্তমা আর এক স্ত্রীকে দিউন। [২০]
এবং মহারাজ যে আজ্ঞা করিবেন তাহা যখন
তাঁহার রাজ্যের সর্ব্বত্র ঘোষণা করা যায় যেহে
তুক সে রাজ্য বড় তখন বড় হউক কি ছোট
হউক সকল ভার্য্যারা আপন২ স্বামিকে উচিত
মর্য্যাদা করিবে। [২১] সে কথা রাজার ও অধ্য
ক্ষেরদের তুষ্টিকর হইল এবং রাজা মিমুকানের
কথানুসারে করিল। [২২] যেহেতুক সে রাজার
সকল সুবাতে পত্র প্রেরণ করিল প্রত্যেক সুবাতে
তাহার লিখনানুসারে ও প্রত্যেক জাতির নিকটে
তাহারদের ভাষানুসারে প্রেরণ করিল যে প্রত্যে
ক পুরুষ আপন২ গৃহে কর্ত্তৃত্ব করে ও সে আ
জ্ঞা প্রত্যেক লোকের ভাষানুযায়ী ঘোষণা করা
যায়।

## ২ পর্ব্ব।

[১] এ২ কার্য্য হইলে পর আখশ্বেরোশরা
জের ক্রোধ শান্ত হইলে সে বশ্তীকে ও তাহাতে
কৃত কার্য্য ও তাহার প্রতিকূলে যাহা নিয়মিত
হইল সে সকল স্মরণ করিল। [২] তখন রাজার
সেবক দাসেরা তাহাকে কহিল যে মহারাজের
নিমিত্তে সুন্দর যুবতী কন্যারদের অন্বেষণ করা
যাউক [৩] এবং মহারাজ আপন রাজ্যের সকল
সুবাতে কর্ম্মচারি লোকেরদিগকে নিযুক্ত করুন
যে তাহারা শূশনপুরীতে গৃহপ্রদর্শক অথচ স্ত্রীর
দের রক্ষক হেগাঈর জিম্মায় সুন্দরী যুবতী স
কল কন্যাকে অন্তঃপুরে একত্র করে ও শুচিকর
ণার্থে দ্রব্য তাহারদিগকে দেওয়া যাউক। [৪]
এবং যে কন্যা মহারাজের তুষ্টিকরা হয় সে
বশ্তীর পরিবর্ত্তে রাণী হউক এবং সে কথা রা
জার তুষ্টিকর হইল ও সে তদনুসারে করিল।

[৫] শূশনপুরীতে মারদিকঈ নামে এক য়ি
হুদীয় থাকিল সে বেন্যামিনীয় কীশের পুত্র
শিমঈর পুত্র য়ায়ীরের পুত্র। [৬] য়িহুদাহের
য়িকোনিয়াহ্‌রাজের সহিত যে লোকেরা বন্দি
অবস্থায় নীত হইয়াছিল বাবেলের নিবূকদনে
সররাজ যাহারদিগকে লইয়া গেল তাহারদের
সহিত সে য়িরূশালমহইতে নীত হইয়াছিল।
[৭] সে আপন পিতৃব্যের কন্যা হদশাহ্‌কে অ
র্থাৎ এস্তেরকে প্রতিপালন করিল যেহেতুক তা
হার পিতা মাতা ছিল না সে কন্যা রূপবতী ও
সুবদনা তাহার পিতা মাতা মরিলে পর মারদি
কঈ আপন কন্যার ন্যায় তাহাকে লইল।

[৮] অপর এমত হইল যখন রাজার আজ্ঞা
ও তাহার নির্ণয় শুনা গেল ও যখন অনেক ক
ন্যা শূশনপুরীতে হেগাঈর জিম্মায় একত্র হ
ইল তখন এস্তেরও রাজবাটীতে স্ত্রীরক্ষক হেগা
ঈর জিম্মায় আনীতা হইল। [৯] এবং কন্যা
তাহার মনোনীতা হইল ও সে তাহার স্থানে
অনুগ্রহ পাইল এবং সে শুচিকরণার্থ দ্রব্য ও
তাহার অংশ যে২ দ্রব্য তাহাকে দিবার উচিত
ও রাজবাটীহইতে সাত কন্যা তাহাকে শীঘ্র
দিল এবং স্ত্রীরদের গৃহের মধ্যে যে উত্তম স্থান

তাহা তাহাকে ও তাহার দাসীরদিগকে দিল।
[১০] এস্তের আপন লোককে কিম্বা কুটুম্বের
দিগকে তখন জানায় নাই যেহেতুক তাহা না জা
নাইতে মারদিকঈ তাহাকে আজ্ঞা দিয়াছিল।
[১১] এবং এস্তের কেমন আছে ও তাহার কি
দশা হইবে ইহা জানিবার কারণ মারদিকঈ প্র
তিদিন স্ত্রীরদের গৃহের উঠানের সম্মুখে ভ্রমণ
করিত।

[১২] প্রত্যেক কন্যা স্ত্রীরদের ব্যবহারানুসা
রে দ্বাদশ মাস সেখানে থাকিলে যখন তাহার
দের পর্য্যায় হইল যে আখশ্বেরোশরাজের নি
কটে যায় যেহেতুক শুচিকরণ দিন এমত পূর্ণ হ
ইল অর্থাৎ ছয় মাস গন্ধরসের তৈলেতে ও ছয়
মাস সুগন্ধি দ্রব্যেতে ও স্ত্রীরদের শুচিকরণার্থে
অন্য দ্রব্যেতে গেল। [১৩] তখন প্রত্যেক যুব
তী রাজার নিকটে এমত আসিত স্ত্রীরদের গৃহহ
ইতে রাজবাটীতে যাইবার কারণ সে যে২ দ্রব্য
চাহিত তাহা দেওয়া যাইত। [১৪] সে সন্ধ্যা
কালে যাইত এবং পর দিন উপস্ত্রীরদের রক্ষক
রাজবাটীপ্রদর্শক শাশগজের জিম্মায় স্ত্রীরদের
দ্বিতীয় গৃহে ফিরিয়া যাইত এবং রাজা যদি তা
হাকে ভাল না বাসিত ও সে যদি নামেতে ডাকা
না যাইত তবে সে রাজার নিকটে আর আসিত
না।

[১৫] মারদিকঈ আপন পিতৃব্য আবিখঈ
লের যে এস্তেরকন্যাকে আপন কন্যারূপে গ্র
হণ করিয়াছিল রাজার নিকটে যাইতে যখন
তাহার পর্য্যায় হইল তখন রাজবাটীপ্রদর্শক অ
থচ স্ত্রীরদের রক্ষক হেগাঈ যাহা২ নিরূপণ ক
রিল তদ্ব্যতিরেকে সে কিছু চাহিল না এবং যা
হারা এস্তেরের উপরে দৃষ্টি করিল সে সকলের
দৃষ্টিতে সে অনুগ্রহপ্রাপ্তা হইল। [১৬] এবং
রাজার অধিকারের সপ্তম বৎসরের দশম মাসে
অর্থাৎ টেবেত মাসে এস্তের আখশ্বেরোশরা
জের নিকটে তাহার রাজবাটীতে গৃহীতা হইল
[১৭] এবং রাজা আর সকল স্ত্রীঅপেক্ষা এস্তে
রকে ভাল বাসিল এবং আর সকল কন্যাপেক্ষা
সে তাহার দৃষ্টিতে প্রসাদ ও অনুগ্রহ পাইল
অতএব সে রাজমুকুট তাহার মাথায় দিল ও
বশ্‌তীর পরিবর্ত্তে তাহাকে রাণী করিল। [১৮]
পরে রাজা আপন সকল অধ্যক্ষের ও দাসের
জন্যে বড় এক ভোজ প্রস্তুত করিল তাহাই এস্তে
রের ভোজ এবং সুবার কর মোচন করিল ও রা
জার ঐশ্বর্য্যের অনুসারে দানকরিল। [১৯] এবং
কন্যারা দ্বিতীয়বার একত্র হইলে মারদিকঈ রাজ
দ্বারে বসিল। [২০] মারদিকঈ যেমন তাহাকে
আজ্ঞা দিয়াছিল তেমন এস্তের তখন আপন কু
টুম্ব ও আপন লোককে ইহা প্রকাশ করে নাই
যেহেতুক এস্তের মারদিকঈর নিকটে পালিতা
হওনকালে যেমন করিত তেমন তাহার আজ্ঞা
পালন করিল।

[২১] সে সময়ে মারদিকঈ যে কালে রাজদ্বা
রে বসিত তৎকালে দ্বারপালেরদের মধ্যে বিগ
তান ও তেরেশ নামে রাজবাটীপ্রদর্শক দুই জন
ক্রুদ্ধ হইল ও আখশ্বেরোশরাজের উপরে হাত
দিতে মনে করিল। [২২] এবং সে বিষয় মার
দিকঈতে জ্ঞাত হইল এবং সে এস্তের রাণীকে
জ্ঞাত করাইল পরে এস্তের মারদিকঈর নামে রা
জাকে তাহা জানাইল। [২৩] অপর যখন সে
বিষয়ের অনুসন্ধান হইল তখন তাহা জানা গেল
তাহাতে বৃক্ষের উপরে সে দুই জনের ফাঁসি হইল
এবং তাহা রাজার সম্মুখে বিবরণপুস্তকে লেখা
গেল।

৩ পর্ব্ব।

[১] এ কার্য্যের পরে আখশ্বেরোশরাজ অগা
গীয় হম্মিদাতার পুত্র হামানকে বাড়াইল ও তা
হার পদবৃদ্ধি করিল ও তাহার সঙ্গি সকল অধ্য
ক্ষেরদের আসনের উপরে তাহার আসন রা
খিল। [২] এবং রাজার যে সকল দাস রাজ
দ্বারে আসিত তাহারা হামানকে প্রণাম করিত
ও তাহাকে আদর করিত যেহেতুক তাহার বিষ
য়ে রাজা সেমত আজ্ঞা করিয়াছিল কিন্তু মার
দিকঈ প্রণাম করিত না ও তাহার মর্য্যাদা করিত
না। [৩] তখন রাজার রাজদ্বারস্থ দাসেরা মার
দিকঈকে কহিল তুমি রাজার আজ্ঞা কেন লঙ্ঘন
কর। [৪] পরে তাহারা দিনে২ তাহাকে কহি
লে ও সে তাহারদের কথা না মানিলে এমত
হইল মারদিকঈর রক্ষা হবে কি না ইহা জানি
তে তাহারা হামানকে জানাইল যেহেতুক আপ
নি যে য়িহুদীয় ইহা সে তাহারদিগকে জানাই
য়াছিল। [৫] যখন হামান দেখিল যে মারদি
কঈ প্রণাম করিল না ও তাহার আদর করিল
না তখন সে ক্রোধেতে পূর্ণ হইল। [৬] এবং
সে কেবল মারদিকঈর উপরে হাত দেওয়া অব
জ্ঞা করিল যেহেতুক তাহারা তাহাকে মারদিক
ঈর লোক বলিয়া জানাইয়াছিল অতএব আখ
শ্বেরোশের রাজ্যের সর্ব্বত্র যে২ য়িহুদীয় ছিল
তাহারদিগকে অর্থাৎ মারদিকঈর সকল লোক
কে নষ্ট করিতে হামান চেষ্টা করিল।

[৭] আখশ্বেরোশরাজের দ্বাদশ বৎসরের প্র
থম মাসে অর্থাৎ নীসান মাসে তাহারা দ্বাদশ
মাস অর্থাৎ অদার মাসপর্য্যন্ত দিনে২ ও মাসে২
হামানের সাক্ষাৎ পূর অর্থাৎ গুলিবাঁট করিল
[৮] অপর হামান আখশ্বেরোশরাজকে ক

ছিল তোমার অধিকারের সকল সুবাতে অমুক
এক লোকসমূহ বিস্তীর্ণ ও বিকীর্ণ আছে এবং
তাহারদের ব্যবস্থা আর সকল লোকেরদের ব্য
বস্থাহইতে ভিন্ন এবং তাহারা মহারাজের ব্য
বস্থা মানে না অতএব তাহারদিগকে থাকিতে
দিলে মহারাজের ভাল হইবে না।

[৯] যদি মহারাজের তুষ্টি হয় তবে তাহারা
যে বিনষ্ট হয় ইহা লেখা যাউক এবং যাহা
রা এ কার্য্যেতে নিযুক্ত হইল তাহারদের হা
তে রাজভাণ্ডারে আনিবার কারণ আমি দশ
সহস্র কিকার রূপ্য দিব। [১০] পরে রাজা
আপন হাতহইতে অঙ্গুরীয়ক লইল ও য়িহুদী
য়েরদের শত্রু যে আগাগীয় হম্মিদাতার পুত্র হা
মান তাহাকে তাহা দিল। [১১] এবং রাজা
হামানকে কহিল রূপা তোমাকে দত্ত হইয়াছে
এবং তোমার দৃষ্টিতে যাহা ভাল তাহা সে
লোকেরদিগকে করিবার কারণ তাহারাও তো
মাকে দত্ত হইয়াছে। [১২] তখন প্রথম মা
সের ত্রিংশ দিনে রাজার লেখকেরা আহূত হ
ইল এবং হামান যে সকল আজ্ঞা দিল তদনুসা
রে প্রতিসুবার উপরে নিযুক্ত রাজার সকল প্রতি
নিধি ও অধ্যক্ষের কাছে এবং প্রত্যেক সুবার
লিখনানুসারে প্রত্যেক সুবাদারকে ও তাহার
দের ভাষানুসারে প্রত্যেক লোককে লেখা গেল
এবং তাহা আখশ্বেরোশরাজের নামে লেখা
গেল ও রাজার অঙ্গুরীয়কেতে ছাপা গেল।
[১৩] এবং বালবৃদ্ধ বালক স্ত্রীইত্যাদি সকল য়ি
হুদীয়েরদিগকে এক দিনে অর্থাৎ দ্বাদশ মাস
অর্থাৎ অদারমাসের ত্রয়োদশ দিনে সংহার
করিবার ও হত্যা করিবার ও বিনষ্ট করিবার ও
তাহারদের দ্রব্য লুঠিয়া লইবার কারণ সেং পত্র
রাজার সকলসুবাতে ডাকদ্বারা প্রেরণ করা গেল
[১৪] সকল লোকেরা সে দিনের কারণ প্রস্তুত
হয় এই জন্যে প্রত্যেক সুবাতে দাতব্য আজ্ঞার
যে লিখনের নকল তাহা সকল লোকেরদের নিক
টে ঘোষণা করা গেল। [১৫] ডাকের লোকেরা
রাজাজ্ঞাতে ত্বরাকৃত হইয়া বাহিরে গেল এবং
সে আজ্ঞা শূশনপুরীতে দেওয়া গেল পরে রাজা
ও হামান পানকরিতে বসিল কিন্তু শূশনপুরী উ
দ্বিগ্ন হইল।

## ৪ পর্ব্ব।

[১] যে সকল ক্রিয়া করা গেল তাহা মারদি
কঈ জ্ঞাত হইয়া আপন বস্ত্র ছিঁড়িল এবং চট
ও ভস্ম গাত্রে দিয়া নগরের মধ্যে যাইয়া তিক্ত
ও উচ্চৈঃস্বরে ক্রন্দন করিল। [২] পরে রাজদ্বা
রের নিকটে আইল যেহেতুক চট পরিয়া কেহ রা
জদ্বারে প্রবেশ করিতে পারে না। [৩] অপর
প্রত্যেক সুবায় যে কোন স্থানে রাজার আজ্ঞাও
নির্ণয় আইল সেং স্থানে য়িহুদীয়েরদের মধ্যে
বড় শোক ও উপবাস ও ক্রন্দন ও বিলাপ হইল
এবং অনেকে চটে ও ভস্মেতে শয়ন করিল।

[৪] পরে এস্তেরের দাসীরা ও খোজারা আ
সিয়া তাহাকে জানাইল তাহাতে রাণী অতি
শোকান্বিতা হইল এবং মারদিকঈর পরিধানা
র্থে ও তাহার চট লইয়া যাওনার্থে তাহার নিক
টে বস্ত্র প্রেরণ করিল কিন্তু সে তাহা গ্রহণ করিল
না। [৫] তখন তাহা কি ও কেন ইহা মারদিকঈর
স্থানে জানিতে রাজাকর্ত্তৃক তাহার পরিচর্য্যা ক
রিবার কারণ নিযুক্ত গৃহপ্রদর্শকেরদের মধ্যে
হতাক নামে এক জনকে এস্তের আজ্ঞা দিল।
[৬] অতএব হতাক নগরের রাজদ্বারসম্মুখস্থ
পথে মারদিকঈর নিকটে গেল। [৭] এবং আ
পনাতে যে সকল ঘটিয়াছিল তাহা ও য়িহুদী
য়েরদিগকে নষ্ট করিবার কারণ হামান তাহার
দের নিমিত্তে রাজভাণ্ডারে যত মুদ্রা দিতে প্রতি
জ্ঞা করিয়াছিল তাহাও মারদিকঈ তাহাকে ক
হিল। [৮] এবং তাহারদিগকে নষ্ট করিবার
কারণ যে নির্ণয়ের লিখন শূশনপুরীতে দেওয়া
গিয়াছিল তাহার এক নকল এস্তেরকে দেখাই
বার কারণ তাহাকে দিল এবং তাহার নিকটে
তাহা শুনাইতে ও সে যে রাজার নিকটে আপন
লোকেরদের কারণ মিনতি ও প্রার্থনাকরণার্থে
রাজার নিকটে প্রবেশ করে ইহাও আজ্ঞা করি
তে কহিল। [৯] পরে হতাক আইল ও এস্তের
কে মারদিকঈর কথা শুনাইল।

[১০] পুনর্ব্বার এস্তের হতাককে কহিল ও মা
রদিকঈরকে কহিতে তাহাকে আজ্ঞা দিল। [১১]
যে রাজার সকল দাস ও রাজার সুবার সকল
লোক জানে যে পুরুষ কিম্বা স্ত্রী যে কেহ অ
নাহূত হইয়া ভিতর উঠানে রাজার নিকটে যায়
তাহার রক্ষার্থে রাজা যে লোকের প্রতি স্বর্ণময়
রাজদণ্ড বিস্তার করেন তাহাব্যতিরেকে সে লো
কের প্রাণদণ্ডের একই আজ্ঞা আছে কিন্তু এ
ত্রিশ দিনাবধি আমি রাজার নিকটে যাইতে
আহূতা হই নাই। [১২] এবং তাহারা মারদি
কঈকে এস্তেরের কথা জানাইল। [১৩] তখন
মারদিকঈ এস্তেরকে এ প্রত্যুত্তর করিতে আজ্ঞা
দিল তুমি রাজবাটীতে থাকিয়া যে অন্য সকল
য়িহুদীয়েরদেরহইতে রক্ষা পাইবা ইহা মনে
করিও না। [১৪] যেহেতুক যদি তুমি এ সম
য়ে সর্ব্বতোভাবে চুপ করিয়া থাক তবে আর
কোন স্থানহইতে য়িহুদীয়েরদের আশ্বাস ও নি
স্তারের উদয় হইবে কিন্তু আপন পিতৃবংশের
সহিত তুমি সংহার করা যাইবা এবং কে জানে

যে তুমি এমন কালের কারণ রাজপ্রাপ্তা হইয়াছ কি না।

[১৫] তখন মারদিকঈকে এ প্রত্যুত্তর দিতে এস্তের আজ্ঞা করিল। [১৬] যাও শূশনপুরীস্থ সকল য়িহুদীয়কে একত্র কর এবং আমার কারণ উপবাস কর এবং তিন দিনপর্য্যন্ত দিনে কিম্বা রাত্রিতে কিছু খাইও না আমি এবং আমার দাসীরাও উপবাস করিব এবং তাহা করিয়া আমি ব্যবস্থার অন্যমতে রাজার নিকটে গমন করিব ও যদি মারা যাই তবে মারা যাই। [১৭] অতএব মারদিকঈ গেল এবং এস্তের যে সকল আজ্ঞা করিয়াছিল তদনুসারে করিল।

## ৫ পর্ব্ব।

[১] তৃতীয় দিনে এমত হইল এস্তের রাজকীয় বস্ত্রে বস্ত্রান্বিতা হইয়া রাজবাটীর ভিতর উঠানে রাজার গৃহের সম্মুখে দণ্ডায়মানা হইল এবং রাজবাটীতে রাজা আপন রাজকীয় সিংহাসনোপরি গৃহের দ্বারের সম্মুখে বসিল। [২] অপর এমত হইল রাজা উঠানে দণ্ডায়মানা এস্তেররাণীকে দেখিলে সে তাহার দৃষ্টিতে অনুগ্রহ পাইল এবং রাজা স্বহস্তেতে স্বর্ণময় রাজদণ্ড এস্তেরের দিগে বাড়াইল তাহাতে এস্তের নিকটে আইল ও রাজদণ্ডের অগ্রভাগ স্পর্শ করিল। [৩] তখন রাজা তাহাকে কহিল হে এস্তেররাণী তোমার কি বাঞ্ছা ও তোমার কি প্রার্থনা তাহা অর্দ্ধরাজ্য পর্য্যন্ত তোমাকে দেওয়া যাইবে। [৪] তাহাতে এস্তের প্রত্যুত্তর করিল যদি মহারাজের দৃষ্টিতে ভাল হয় তবে আমি আপনার কারণ যে ভোজ প্রস্তুত করিয়াছি তাহাতে মহারাজ ও হামান অদ্য আইসুন। [৫] তখন রাজা কহিল হামান এস্তেরের বাক্যানুসারে যে করে সে কারণ তাহাকে ত্বরা কর অতএব এস্তের যে ভোজ প্রস্তুত করিয়াছিল তাহাতে রাজা ও হামান গেল। [৬] পরে দ্রাক্ষারসভোজেতে রাজা এস্তেরকে কহিল তোমার প্রার্থনা কি তাহা তোমাকে দেওয়া যাইবে ও তোমার কামনা কি রাজ্যের অর্দ্ধপর্য্যন্ত তাহা তোমাকে দেওয়া যাইবে। [৭] তাহাতে এস্তের উত্তর করিয়া কহিল আমার প্রার্থনা ও কামনা এই। [৮] যদি আমি মহারাজের দৃষ্টিতে অনুগ্রহ পাইয়া থাকি ও যদি আমার প্রার্থিত দিতে ও আমার কামনা পূর্ণা করিতে মহারাজের মনস্থ হয় তবে আমি মহারাজের ও হামানের জন্যে যে ভোজ প্রস্তুত করিব তাহাতে আপনারা আইসুন এবং মহারাজ যাহা কহিয়াছেন তদনুসারে আমি কল্য করিব।

[৯] তখন সে দিনে হামান আহ্লাদিত ও হৃষ্টচিত্ত হইয়া বাহিরে গেল কিন্তু যখন হামান রাজদ্বারস্থ মারদিকঈকে দেখিল যে সে উঠিল না ও তাহার জন্যে নড়িলও না তখন সে মারদিকঈর বিরুদ্ধে ক্রোধেতে পূর্ণ হইল। [১০] তথাপি হামান ধৈর্য্যাবলম্বন করিল এবং ঘরে আসিয়া আপন বন্ধুরদিগকে ও আপন ভার্য্যা জেরেশকে আনাইল। [১১] এবং হামান তাহারদিগকে আপন ধনের ঐশ্বর্য্যের কথা ও আপন অনেক সন্তানেরদের কথা ও রাজা যাহাতে তাহার পদবৃদ্ধি করিয়াছিল ও তাহাকে অধ্যক্ষেরদের ও রাজার দাসেরদের উপরে যদ্রূপে বাড়াইয়াছিল সেহ কথাও তাহারদিগকে শুনাইল। [১২] অপর হামান কহিল এস্তের রাণী আপনাতে প্রস্তুতীকৃত ভোজেতে আমাব্যতিরেকে আর কাহাকেও রাজার সহিত আসিতে দিল না এবং কল্যও আমি রাজার সহিত তাহার নিকটে নিমন্ত্রিত আছি। [১৩] কিন্তু যত কাল আমি রাজদ্বারে উপবিষ্ট য়িহুদীয় মারদিকঈকে দেখি তত কাল এ সকলেতে আমার কিছু সুখ নাই।

[১৪] তখন তাহার ভার্য্যা জেরেশ ও তাহার সকল বন্ধু তাহাকে কহিল পঞ্চাশ হাত উচ্চ এক ফাঁসিগাছ করা যাউক ও তাহাতে মারদিকঈর ফাঁসি দেওনের কারণ কল্য রাজাকে কহ তখন তুমি হৃষ্ট হইয়া রাজার সহিত ভোজেতে যাও এবং সে কথাতে হামানের তুষ্টি হইল ও সে সে ফাঁসিগাছ করাইল।

## ৬ পর্ব্ব।

[১] সে রাত্রি রাজা নিদ্রা যাইতে পারিল না অতএব সে বিবরণস্মারক পুস্তক আনিতে আজ্ঞা দিল ও তাহা রাজার সাক্ষাৎ পাঠিত হইল। [২] এবং তাহাতে লিখিত এ কথা পাওয়া গেল যে রাজবাটীর পরিদর্শক অথচ দ্বারপাল বিগ্তান ও তেরেশ নামে দুই জন আখশ্বেরোশরাজের উপরে হাত দিতে চাহিয়াছিল সে দুই জনের বিষয়ে মারদিকঈ সম্বাদ দিয়াছিল। [৩] এবং রাজা কহিল ইহাতে কি সম্মান ও কি উচ্চ পদ মারদিকঈকে দেওয়া গিয়াছে তখন রাজার সেবক দাসেরা তাহাকে কহিল যে তাহার কারণ কিছু করা যায় নাই।

[৪] অপর রাজা কহিল উঠানে কে আছে হামান যে ফাঁসিগাছ করিয়াছিল তাহার উপরে মারদিকঈর ফাঁসি দিবার কারণ রাজাকে কহিতে রাজবাটীর বাহিরে উঠানে আগত হইল [৫] রাজার দাসেরা তাহাকে কহিল যে দেখ হামান উঠানে দাঁড়াইয়া আছে তাহাতে রাজা কহিল সে ভিতরে আইসুক। [৬] অতএব হামান ভিতরে আইলে পরে রাজা তাহাকে

কহিল রাজা যাহার সম্মান করিতে আহ্লাদিত আছেন তাহাকে কি করা যাইবে হামান আপন মনে ভাবিল যে রাজা আমাব্যতিরেকে আর কাহার সম্মান করিতে আহ্লাদিত হইবেন [৭] অতএব হামান রাজাকে প্রত্যুত্তর করিল মহারাজ যাহার সম্মান করিতে আহ্লাদিত আছেন [৮] তাহার নিমিত্তে মহারাজের পরিধেয় রাজকীয় বস্ত্র ও মহারাজ যে অশ্বারোহণ করেন সে অশ্ব ও মহারাজের মস্তকোপরি যে মুকুট দেওয়া যায় সেই মুকুটও আনীত হউক। [৯] এবং সে বস্ত্র ও অশ্ব মহারাজের অতিকুলীন অধ্যক্ষ এক জনের হস্তে দেওয়া যাউক যে তাহারা সে মনুষ্যকে তাহাতে বস্ত্রান্বিত করে ও যাহাকে মহারাজ সম্মানিত করিতে আহ্লাদিত হন তাহাকে অশ্বারোহণপূর্ব্বক রাজপথে লইয়া যাউক ও তাহার সম্মুখে ঘোষণা করুক যে মহারাজ যাহাকে সম্মানিত করিতে আহ্লাদিত আছেন তাহার প্রতি এমত করা যাইবে। [১০] তখন রাজা হামানকে কহিল শীঘ্র কর তুমি যেমন কহিয়াছ তেমন বস্ত্র ও অশ্ব লও এবং রাজদ্বারে উপবিষ্ট য়িহুদীয় মারদিকঈকে সেই মত কর তুমি যে সকল কহিয়াছ তাহার কিছু ত্রুটি না হউক। [১১] তখন হামান সে বস্ত্র ও অশ্ব লইল ও মারদিকঈকে পরাইল ও তাহাকে ঘোটকারোহণেতে রাজপথে গতি করাইল ও তাহার অগ্রে ঘোষণা করিল যে রাজা যাহাকে সম্মানিত করিতে আহ্লাদিত হন তাহাকে এমত করা যাইবেক।

[১২] পরে মারদিকঈ পুনর্ব্বার রাজদ্বারে আইল কিন্তু হামান শোকান্বিত ও আবৃতমস্তক হইয়া স্বগৃহে প্রস্থান করিল। [১৩] পরে যে২ বিষয় তাহাকে ঘটিয়াছিল হামান আপন ভার্য্যা জেরেশ ও আপন সকল বন্ধুরদিগকে তাহা কহিল তখন তাহার পণ্ডিত লোকেরা ও তাহার ভার্য্যা জেরেশ তাহাকে কহিল যাহার অগ্রে তুমি পতমান হইতে লাগিয়াছ সে য়িহুদীয় বংশের এক জন যদি মারদিকঈ হয় তবে তুমি তাহাকে জয় করিবা না কিন্তু অবশ্য তাহার অগ্রে পতিত হইবা। [১৪] তাহারা তাহার সহিত কথা কহিতেছে ইতোমধ্যে রাজবাটীপরিদর্শক এক জন আইল ও এস্তের যে ভোজ প্রস্তুত করিয়াছিল তাহাতে যাইতে হামানকে ত্বরা করিল।

৭ পর্ব্ব।

[১] অতএব এস্তেররাণীর সহিত ভোজন করিতে রাজা ও হামান আইল। [২] পরে দ্বিতীয় দিনে রাজা দ্রাক্ষারসভোজে এস্তেরকে পুনর্ব্বার কহিল হে এস্তেররাণী তোমার প্রার্থনা কি তাহা তোমাকে দেওয়া যাইবে ও তোমার কামনা কি তাহা অর্দ্ধ রাজ্যপর্য্যন্তই করা যাইবে। [৩] তখন এস্তেররাণী প্রত্যুত্তর করিয়া কহিল হে মহারাজ যদি আমি আপনার দৃষ্টিতে অনুগ্রহ পাইয়া থাকি ও যদি তাহা আপনকার তুষ্টিকর হয় তবে আমার প্রার্থনাতে আমার প্রাণ আমাকে দেওয়া যাউক ও আমার কামনাতে আমার লোকেরদিগকে দেওয়া যাউক। [৪] যেহেতুক সংহত ও হত ও বিনষ্ট হইবার কারণ আমরা অর্থাৎ আমি ও আমার লোকেরা বিক্রীত হইয়াছি শত্রু রাজার ক্ষতির নিশা করিতে পারে না বটে তথাপি যদি আমরা দাস দাসীরদের কারণ বিক্রীত হইতাম তবে আমি নিরস্ত থাকিতাম।

[৫] তখন আখশ্বেরোশরাজ প্রত্যুত্তর করিয়া এস্তেররাণীকে কহিল যে জনের মন তাহাকে এই কার্য্য করিতে প্রবৃত্ত করিয়াছে সে কে ও কোথায় আছে। [৬] পরে এস্তের কহিল বৈরী ও শত্রু এই দুষ্ট হামান তাহাতে রাজা ও রাণীর সাক্ষাৎ হামান ভীত হইল।

[৭] অপর রাজা ক্রোধান্বিত হইয়া দ্রাক্ষারস ভোজহইতে উঠিয়া রাজবাটীর উদ্যানে গেল এবং হামান এস্তেররাণীর নিকটে আপন প্রাণ প্রার্থনা করিতে দাঁড়াইল যেহেতুক সে দেখিল যে রাজকর্ত্তৃক তাহার মন্দ নিশ্চিত হইল। [৮] তখন রাজা রাজবাটীর উদ্যানহইতে দ্রাক্ষারস ভোজের স্থানে ফিরিয়া আইল ও এস্তের যে শয্যাতে বসিয়াছিল তাহার উপরে হামান পড়িয়াছিল তাহাতে রাজা কহিল সে কি গৃহে আমার সাক্ষাৎ রাণীকে বলাৎকার করিবে এই কথা রাজার মুখহইতে নির্গত হইবামাত্রে তাহারা হামানের মুখ ঢাকিল। [৯] পরে খর্বোনাহ্ নামে রাজবাটীপরিদর্শক এক জন রাজার সম্মুখে কহিল মহারাজের কারণ উত্তম বাক্যবাদি মারদিকঈর বধের কারণ যে পঞ্চাশ হাত উচ্চ ফাঁসিগাছ হামান করিয়াছিল দেখ তাহা হামানের বাটীতে আছে তখন রাজা কহিল তাহার উপরে তাহার ফাঁসি দেও। [১০] অতএব হামান মারদিকঈর কারণ যে ফাঁসিগাছ প্রস্তুত করিয়াছিল তাহার উপরে তাহারা হামানের ফাঁসি দিল তাহাতে রাজার ক্রোধ শান্ত হইল।

৮ পর্ব্ব।

[১] সে দিনে আখশ্বেরোশরাজ এস্তেররাণীকে য়িহুদাহের শত্রু হামানের বাড়ী দিল এবং মারদিকঈ রাজার সাক্ষাৎ আইল কেননা সে তাহার যে কুটুম্ব ইহা কহিয়াছিল। [২] এবং রাজা আপন যে অঙ্গুরীয়ক হামানহইতে লইয়াছিল তাহা মারদিকঈকে দিল এবং এ

স্তের হামানের গৃহের উপরে মারদিকঈকে নি
যুক্ত করিল।
[৩] এবং এস্তের রাজার চরণোপান্তে পড়িয়া
আর একবারও তাহার সাক্ষাৎ নিবেদন করিল
এবং আগাগীয় হামান যে হিংসা ও য়িহুদী
য়েরদের বিরুদ্ধে যাহা সৃষ্টি করিয়াছিল তাহা
ব্যর্থ করিতে অশ্রুপাত করিতে২ মিনতি করিল।
[৪] তখন রাজা এস্তেরের দিগে স্বর্ণময় রাজদণ্ড
বিস্তার করিল অতএব এস্তের রাজার সম্মুখে দাঁ
ড়াইল [৫] এবং কহিল যদি মহারাজের তুষ্টি
হয় ও আমি যদি আপনকার দৃষ্টিতে অনুগ্রহ
পাইয়া থাকি ও সে কর্ম্ম যদি রাজার দৃষ্টিতে
ভাল দেখা যায় ও আমি আপনকার দৃষ্টিতে
যদি তুষ্টিকরী হই তবে মহারাজের সকল সুবা
তে যে২ য়িহুদী থাকে তাহারদিগকে সংহার
করিবার কারণ আগাগীয় হমিদাতার পুত্র হা
মান যে পত্র লিখিতে পরামর্শ দিয়াছে তাহা
অন্যথা করিবার কারণ লেখা যাউক। [৬] কে
ননা আমার লোকের উপরে যে অমঙ্গল ঘটি
বে তাহার দেখা আমি কিমতে সহিতে পারি ও
আমি আপন কুটুম্বেরদের সংহার দেখা কেম
নে সহিতে পারি।
[৭] তখন আখশ্বেরোশরাজ এস্তেররাণীকে
ও য়িহুদী মারদিকঈকে কহিল দেখ আমি এ
স্তেরকে হামানের গৃহ দিয়াছি ও তাহারা তা
হাকে ফাঁসিগাছের উপরে ফাসি দিয়াছে কেন
না সে য়িহুদীয়েরদের উপরে হাত দিয়াছিল।
[৮] তোমরা যেমন ইচ্ছা কর তেমনও য়িহুদী
য়েরদের কারণ রাজার নামে লিখ ও রাজার অ
ঙ্গুরীয়কেতে মোহর দেও যেহেতুক যে পত্র রা
জার নামে লিখিত ও রাজার অঙ্গুরীয়কেতে মু
দ্রিত তাহার অন্যথা কেহ করিতে পারে না।
[৯] তখন সে কালে তৃতীয় মাসে অর্থাৎ সীবন
মাসে তাহার তেইশ দিনে রাজার লেখকেরা
আহূত হইল এবং মারদিকঈ যেমন আজ্ঞা
করিল তেমন হোদহইতে কূশপর্য্যন্ত একশত
সাতাইশ সুবার প্রত্যেক সুবাতে তাহার লিখনা
নুসারে ও প্রত্যেক লোকের প্রতি তাহারদের
ভাষানুসারে ও য়িহুদীয়েরদের লেখন ও ভাষা
নুসারে ও য়িহুদীয়েরদের মুনসবদারেরদের ও
নায়েকেরদের ও সুবাদারেরদের নিকটে পত্র
লেখা গেল। [১০] এবং সে আখশ্বেরোশ
রাজের নামে লিখিল ও রাজার অঙ্গুরীয়কেতে
মোহর দিল এবং অশ্বারূঢ় ও উষ্ট্রারূঢ় ডাকের
লোকেরদের হাতে পত্র পাঠাইল। [১১] সে
পত্রে প্রত্যেক নগরস্থ সকল য়িহুদীয়েরদিগকে
একত্র আসিতেও আপনারদের প্রাণের নিমিত্তে
দাঁড়াইতে আখশ্বেরোশরাজের সকল সুবাতে
এক দিনে অর্থাৎ দ্বাদশ মাস তাহাই আদর মা
সের ত্রয়োদশ দিনে [১২] যে লোক ও যে সুবা
তাহারদিগকে মারিতে চাহে তাহারদের সকল
পরাক্রম অর্থাৎ তাহারদিগকে বালক স্ত্রীত্যাদি
সকলকে সংহার করিতে ও মারিয়া ফেলিতে ও
বিনষ্ট করিতে ও লুঠের কারণ তাহারদের বস্তু
লইতে অনুমতি দিল।
[১৩] প্রত্যেক সুবাতে দাতব্য যে পত্র আ
জ্ঞার নিমিত্তে দেওয়া গেল তাহার নকল এবং
য়িহুদীয়েরা আপনারদের শত্রুরদের উপরে প্র
তিকার করিতে যে প্রস্তুত হয় তাহার আজ্ঞাও স
কল লোকেরদের নিকটে ঘোষণা করা গেল।
[১৪] অতএব অশ্বতরারূঢ় ও উষ্ট্রারূঢ় ডাকের
লোকেরা রাজাজ্ঞাতে ত্বরমান ও প্রচোদিত হই
য়া বাহিরে গেল সে আজ্ঞা শূশনপুরীতে দেও
য়া গেল।
[১৫] এবং মারদিকঈ নীল ও শুক্লবর্ণ রাজ
কীয় বস্ত্রেতে বস্ত্রান্বিত ও তাহার মস্তকে বৃহৎ এক
সৌবর্ণ মুকুট ও সূক্ষ্ম ও বাগুনীয় বস্ত্রেতে বস্ত্রা
ন্বিত হইয়া রাজার নিকটহইতে গেল এবং শূশন
পুরী আহ্লাদ ও হর্ষ করিল। [১৬] য়িহুদীয়ের
দের দীপ্তি ও আনন্দ ও আহ্লাদ ও সম্মান
হইল। [১৭] এবং প্রতিসুবাতে ও প্রতিনগরে
যে কোন খানে রাজার আজ্ঞা ও নিরূপণ আ
ইল সেই২ স্থানে য়িহুদীয়েরদের আনন্দ ও হর্ষ
ও ভোজন ও মঙ্গল দিন হইল এবং দেশের অ
নেক লোক য়িহুদীয় হইল যেহেতুক য়িহুদীয়
বিষয়ক ভয় তাহারদের উপরে পড়িল।

## ৯ পর্ব্ব।

[১] দ্বাদশ মাসে অর্থাৎ আদর মাসে তা
হার ত্রয়োদশ দিনে যখন রাজার আজ্ঞার ও
নিয়মের পূর্ণকরণ দিন নিকট হইল য়িহুদীয়ের
দের শত্রুরা যে দিনে তাহারদিগকে পরাভূত
করিতে চাহিল তথাপি তাহার অন্যথা এমন
হইল যে য়িহুদীয়েরা আপনারদের ঘৃণাকারির
দের উপরে শাসন করিল। [২] তখন যাহারা
তাহারদের হিংসা চেষ্টা করিল তাহারদের উপ
রে হাত দিতে য়িহুদীয়েরা আখশ্বেরোশরাজের
সকল সুবার সর্ব্বত্র আপন২ নগরে আপনারদি
গকে একত্র করিল এবং কেহ তাহারদের সম্মুখে
স্থির হইতে পারিল না কেননা তাহারদের বিষয়
ক ভয় সকল লোকেরদের উপরে পড়িল। [৩]
এবং সুবাদারেরা ও রাজপ্রতিনিধি লোকেরা ও
নায়েবেরা ও রাজকর্ম্মকারি লোকেরা য়িহুদীয়ে
রদের উপকার করিল যেহেতুক মারদিকঈবিষ
য়ক ভয় তাহারদের উপরে পড়িল। [৪] যেহে

ত্তুক মারদিকঈ রাজবাটীতে প্রধান ছিল ও তা
হার যশ সকল্প সুবার সর্ব্বত্র গেল যেহেতুক এ
মানুষ মারদিকঈ উত্তরং বাড়িল। [৫] এ প্রকা
রে য়িহুদীয়েরা করবালাঘাতে ও বধেতে ও সং
হারেতে আপনারদের সকল শত্রুরদিগকে বধ
করিল ও যাহারা তাহারদিগকে ঘৃণা করিল তা
হারদিগকে আপনারদের ইচ্ছানুসারে করিল।
[৬] এবং শূশনপুরীতে য়িহুদীয়েরা পাঁচশত
মানুষকে মারিল ও সংহার করিল। [৭] এবং
পরশনদাতা ও দলপোন ও আসফাতা। [৮]
ও পোরাতা ও অদলীআ ও অরীদাতা [৯] ও
পরমশতা ও অরীসঈ ও অরীদঈ ও বয়িজাতা।
[১০] য়িহুদীয়েরদের শত্রু যে হমিদাতার পুত্র
হামান তাহার এ দশ পুত্রকে তাহারা বধ ক
রিল কিন্তু লুঠিত দ্রব্যের উপরে তাহারা হাত
দিল না। [১১] যাহারা শূশনপুরীতে মারা
গেল তাহারদের সংখ্যা সে দিনে রাজার সা
ক্ষাৎ আইল। [১২] পরে রাজা এস্তেররাণীকে
কহিল য়িহুদীয়েরা শূশনপুরীতে পাঁচশত জনকে
ও হামানের দশ পুত্রকে বধ করিয়াছে ও সং
হার করিয়াছে রাজার আরং সুবাতে তাহারা
কি করিয়াছে এখন তোমার প্রার্থনা কি তাহা
তোমাকে দেওয়া যাইবে ও তোমার আর কা
মনা কি তাহা করা যাইবে। [১৩] তখন এস্তের
কহিল যদি মহারাজের তুষ্টি হয় তবে শূশনস্থ
য়িহুদীয়েরা আজিকার আজ্ঞানুসারে কল্য করু
ক এবং হামানের দশ পুত্র ফাঁসিগাছের উপ
রে উদ্বন্ধ হউক। [১৪] পরে রাজা এমত করিতে
আজ্ঞা দিল এবং আজ্ঞা শূশনে দত্তা হইল এবং
তাহারা হামানের দশপুত্রকে ফাঁসি দিল। [১৫]
কেননা শূশনস্থ য়িহুদীয়েরা আদর মাসের চতু
র্দ্দশ দিনেও আপনারদিগকে একত্র করিল এবং
শূশনে তিনশত জনকে হত্যা করিল কিন্তু লুঠিত
বস্তুর উপরে হাত দিল না। [১৬] পরে রা
জার সুবাতে যে আরং য়িহুদীয়েরা থাকিল তা
হারা আপনারদিগকে একত্র করিল ও আপ
নারদের প্রাণের জন্যে দাঁড়াইলও আপনারদের
শত্রুরদের বৈরহইতে বিশ্রাম পাইল ও আপ
নারদের শত্রুরদের পঞ্চসপ্ততিসহস্র জনকে বধ
করিল কিন্তু লুঠিত বস্তুর উপরে হাত দিল না।
[১৭] ইহা আদর মাসের ত্রয়োদশ দিনে হইল
ও চতুর্দ্দশ দিনে তাহারা বিশ্রাম করিল ও তাহা
ভোজনের ও হর্ষ করণের দিন করিল। [১৮]
কিন্তু শূশনস্থ য়িহুদীয়েরা তাহার ত্রয়োদশ ও
চতুর্দ্দশ দিনে একত্র আইল এবং তাহার পঞ্চ
দশ দিনে বিশ্রাম করিল ও তাহা ভোজন ও আ
নন্দের দিন করিল। [১৯] এবং গ্রামের অর্থাৎ
অপ্রাচীর নগরবাসি য়িহুদীয়েরা আদর মাসের
চতুর্দ্দশ দিনকে আনন্দ ও ভোজন ও মঙ্গলদা
য়ক ও পরস্পর অংশ পাঠাইবার দিন করিল।

[২০] এবং মারদিকঈ এ সকল বিষয় লিখিল
এবং য়িহুদীয়েরা যেং দিনে আপনারদের শত্রু
দের বৈরহইতে বিশ্রাম করিল এবং তাহারদের
নিমিত্তে যে মাস দুঃখহইতে আনন্দেতে ও শো
কহইতে মঙ্গলকারি দিনেতে পরাবৃত্ত হইল [২১]
তাহারদের তদনুসারে সেং দিন ভোজন ও আন
ন্দের ও পরস্পর অংশ পাঠাইবার ও দরিদ্রের
দিগকে দান করার দিন করিবার কারণ তাহারা
বৎসরং আদর মাসের চতুর্দ্দশও পঞ্চদশ দিন
পালন করে তাহারদের মধ্যে ইহা স্থির করি
বার নিমিত্তে [২২] ও আখশ্বেরোশরাজের নিক
টস্থ ও দূরস্থ সকল সুবাতে যে সকল য়িহুদীয়ে
রা থাকে তাহারদের নিকটেও পত্র পাঠাইল।
[২৩] এবং য়িহুদীয়েরা যেমন আরম্ভ করিয়া
ছিল ও মারদিকঈ তাহারদিগকে যেমন লিখি
য়াছিল তেমন করিতে অঙ্গীকার করিল। [২৪]
যেহেতুক সকল য়িহুদীয়েরদের শত্রু অগাগীয়
হমিদাতার পুত্র হামান তাহারদিগকে নষ্ট করি
তে মনে স্থির করিয়াছিল এবং তাহারদিগকে
ক্ষয় করিতে ও বিনাশ করিতে পূর অর্থাৎ গুলি
পাত করিয়াছিল। [২৫] কিন্তু রাজার সাক্ষাৎ
এস্তের আইলে পর সে পত্রদ্বারা আজ্ঞা দিল যে
সে য়িহুদীয়েরদের বিরুদ্ধে যে দুষ্ট পরামর্শ
করিয়াছিল তাহা তাহার আপন মস্তকে ফিরাণ
যায় ও তাহার পুত্রেরদিগকে ফাঁসিগাছের উপ
রে ফাঁসি দেওয়া যায়। [২৬] অতএব তাহারা
পূর নামানুসারে সেং দিনের নাম পূরিম রাখি
ল সেইকারণেতে সে পত্রের সকল কথাতে ও তা
হারা সে বিষয়ে যাহা দেখিয়াছিল এবং তাহার
দের নিকটে যাহা ঘটিয়াছিল [২৭] তাহাতে য়ি
হুদীয়েরা নিরূপণ করিল এবং তাহার ব্যতিক্রম
না হয় এই নিমিত্তে আপনারদের ও আপ
নারদের বংশের নিমিত্তে ও যত লোক আপনার
দের সহিত মিলিবে তাহারদের নিমিত্তেও নিরূ
পণ করিল [২৮] যে তাহারা তাহারদের লিখনা
নুসারে ও প্রতিবৎসরে তাহারদের নিরূপিত কা
লানুসারে সে দুই দিন পালন করে এবং সে
দিন যে সকল পুরুষপরম্পরা প্রত্যেক কুটুম্বেতে
ও প্রত্যেক সুবাতে ও প্রত্যেক নগরে স্মরণ ও পা
লন করা যায় এবং এং পূরিম দিন যে য়িহুদী
য়ের মধ্যহইতে লুপ্ত না হয় ও তাহারদের বং
শের মধ্যহইতে যে তাহারদের স্মরণের ক্ষয় না
হয়। [২৯] তখন আবিহয়িলের কন্যা যে এ
স্তেররাণী সে ও য়িহুদীয় মারদিকঈ পূরিমবিষ

যুক্ত এ দ্বিতীয় পত্র স্থির করিতে সকল আজ্ঞা
ভুক্তশক্তিতে লিখিল। [৩০] এবং যিহুদীয় মা
রদিকই ও এস্তেররাণী যেমন আজ্ঞা করিয়াছিল
এবং তাহারা আপনারদের কারণ ও আপনার
দের সন্তানেরদের কারণ যেরূপ নিয়ম করিয়া
ছিল [৩১] অর্থাৎ সে উপবাস ও প্রার্থনার বি
ষয়ানুসারে তাহারদের নিরূপিত কালে পূরি
মের সে দিন স্থির করিতে আখশ্বেরোশের রা
জ্যের একশত সাতাইশ সুবাতে সকল যিহুদী
য়েরদের নিকটে সে শান্তিকর ও সত্যবাক্যসূচক
পত্র পাঠাইল। [৩২] এবং এস্তেরের আজ্ঞা
পূরিমের এ সকল বিষয়ে স্থির করিল এবং তা
হা পুস্তকে লেখা গেল।



## ১০ পর্ব্ব।

[১] পরে আখশ্বেরোশরাজ দেশের উপরে
ও সমুদ্রের দ্বীপের উপরে রাজকরের আজ্ঞা দিল
[২] এবং তাহার পরাক্রমের ও প্রভাবের সকল
কথা এবং মারদিকইকে রাজা যে উচ্চ পদে নি
যুক্ত করিল তাহার প্রকাশ তাহা কি মাদই ও পা
রসদেশের রাজবিবরণপুস্তকে লিখিত নাই। [৩]
কেননা যিহুদীয় মারদিকই আখশ্বেরোশরাজের
পরে যশস্বী এবং যিহুদীয়েরদের মধ্যে বড় ও
আপন ভ্রাতৃজনতার মধ্যে গ্রাহ্য আপন লো
কেরদের মঙ্গলান্বেষী ও আপন সকল বংশের
প্রতি শান্তিবাদী ছিল

# আয়োবের বিবরণ পুস্তক।

## ১ প্রথম পর্ব্ব।

[১] ঊস দেশে আয়োব নামে এক জন ছিল। [২] সে জন সম্পূর্ণধর্ম্ম ও সরল ও ঈশ্বরভয়কারী ও কুক্রিয়াপরাঙ্মুখ। তাহার সাত পুত্র ও তিন কন্যা জন্মিল। [৩] তাহার সম্পত্তি সাত সহস্র মেষ ও তিন সহস্র উষ্ট্র ও পাঁচ শত যোড়া বলদ ও পাঁচ শত গর্দ্দভী ও বিস্তর পরিবার তাহাতেই সে মানুষ পূর্ব্বদিগের তাবৎ লোকাপেক্ষা ধনবান্ ছিল।

[৪] তাহার পুত্রেরা আপন২ গৃহে প্রত্যেক জন আপন নিরুপিত দিনে ভোজন করাইত এবং লোক পাঠাইয়া তাহারদের তিন ভগিনীকে আপনারদের সহিত ভোজন পান করিতে নিমন্ত্রণ করিত। [৫] তাহারদের ভোজনদিন গত হইলে পর আয়োব লোক পাঠাইয়া তাহারদিগকে পবিত্র করিল এবং প্রত্যূষে উঠিয়া তাহারদের সকলের সঙ্খ্যানুসারে হোম করিল যেহেতুক আয়োব বলিল কি জানি যদি পুত্রেরা পাপ করিয়া থাকে ও মনে২ দেবতাকে ধন্যবাদ করিয়া থাকে আয়োব ইহা নিত্য করিত।

[৬] কোন দিনে ঈশ্বরের পুত্রেরা য়িহুহের সঙ্গে সাক্ষাৎ করিবার নিমিত্তে আইল এবং শয়তানও তাহারদের মধ্যে আইল। [৭] তখন য়িহুহ শয়তানকে কহিলেন তুমি কোথাহইতে আইলা শয়তান প্রত্যুত্তর করিয়া য়িহুহকে কহিল পৃথিবীতে বেড়ান ও ইতস্ততো ভ্রমণহইতে আমি আসিয়াছি। [৮] তৎপরে য়িহুহ শয়তানকে কহিলেন তুমি কি আমার সেবক আয়োবের বিষয়ে মনে বিচার করিয়াছ কেননা তাহার তুল্য পৃথিবীতে কেহ নাই যেহেতুক তিনি সম্পূর্ণধর্ম্ম ও সরল মানুষ ও ঈশ্বরভয়কারী ও কুক্রিয়াপরাঙ্মুখ। [৯] শয়তান প্রত্যুত্তর করিয়া য়িহুহকে বলিল আয়োব কি ফলানুসন্ধান ব্যতিরেকে ঈশ্বরের সেবা করে। [১০] তাহার ও তাহার বাটীর ও তাহার সকল সম্পত্তির চতুর্দ্দিগে তুমি কি বেড় দেও নাই তাহার হাতের কার্য্য তুমি সফল করিয়াছ এবং দেশের মধ্যে তাহার ধন বাড়িয়াছে। [১১] কিন্তু সম্প্রতি তুমি হস্ত বিস্তার করিয়া তাহার যাহা আছে তাহা স্পর্শ কর তখন তোমার সাক্ষাৎ তোমার ধন্যবাদ করিয়াছে কি না ইহা জানা যাইবে। [১২] য়িহুহ শয়তানকে বলিলেন দেখ তাহার সকল তোমার হাতে আছে কেবল তাহার উপর হাত দিও না। [১৩] তখন শয়তান য়িহুহের সম্মুখহইতে বাহিরে গেল। [১৪] তারপর এক দিনে তাহার পুত্র ও কন্যারা আপনারদের জ্যেষ্ঠ ভ্রাতার গৃহে ভোজন ও পান করিতে গেল [১৫] তৎকালে এক জন দূত আয়োবের নিকটে আসিয়া বলিল বলদেরা হাল বহিতেছিল ও গর্দ্দভেরা তাহারদের নিকটে চরিতেছিল তৎকালে শিবা লোকেরা আসিয়া সে সকলকে লুঠিয়া লইল ও চাকরেরদিগকে করবালেতে হত করিল কেবল আমি বাঁচিয়া তোমাকে সমাচার দিতে আসিয়াছি। [১৬] সে কথা কহিতেছে তৎকালে আর এক জন আসিয়া বলিল ঈশ্বরের অগ্নি স্বর্গ হইতে পতিত হইয়া সকল মেষ ও দাসেরদিগকে দগ্ধ করিয়াছে ও তাহারদিগকে নষ্ট করিয়াছে কেবল আমি বাঁচিয়া তোমাকে সমাচার দিতে আসিয়াছি। [১৭] সে জন কহিতে২ আর এক জন আসিয়া বলিল কাশিদীয়েরা সৈন্যের তিন দল করিয়া উষ্ট্রেরদিগকে লুঠিয়া লইয়াছে ও দাসেরদিগকে করবালেতে হত করিয়াছে কেবল আমি বাঁচিয়া তোমাকে সমাচার দিতে আসিয়াছি। [১৮] সে জন কহিতেছে ইতোমধ্যে আর এক জন আসিয়া বলিল তোমার পুত্রেরা ও কন্যারা আপনারদের জ্যেষ্ঠ ভ্রাতার বাটীতে ভোজন করিতেছিল ও দ্রাক্ষারস পান করিতেছিল। [১৯] তৎকালে বনহইতে মহাবায়ু আসিয়া সে গৃহের চারি কোণায় লাগিল তাহাতে যুবারদের উপরে গৃহ পতিত হওয়াতে তাহারা হত হইয়াছে এবং আমি একাকী বাঁচিয়া তোমাকে সমাচার দিতে আসিয়াছি। [২০] তখন আয়োব উঠিয়া আপন কাপড় চিরিল ও আপন মস্তক ক্ষৌরী করিয়া ভূমিপতিত হইয়া প্রণাম করিয়া কহিল। [২১] আমার মাতার গর্ভহইতে আমি উলঙ্গ হইয়া আসিয়াছি এবং উলঙ্গ হইয়া ফিরিয়া যাইব য়িহুহ দিয়াছেন ও য়িহুহ লইয়াছেন য়িহুহের নাম ধন্য এ সকলেতেও আয়োব পাপ করিল না এবং অজ্ঞানের মত য়িহুহের দোষ বলিল না।

## ২ পর্ব্ব।

[১] অনন্তর কোন এক দিনে ঈশ্বরের পুত্রগণ য়িহুহের সঙ্গে সাক্ষাৎ করিতে আইল এবং শয়

তানও তাহারদের মধ্যে আসিয়া য়িহুহের সাক্ষাৎ
দাঁড়াইল। [২] এবং য়িহুহ শয়তানকে কহিলেন
তুমি কোথাহইতে আইলা তাহাতে শয়তান প্রত্যু
ত্তর করিয়া য়িহুহকে বলিল যে পৃথিবীতে বেড়ান
ও ইতস্ততো ভ্রমণহইতে আমি আসিয়াছি। [৩]
পরে য়িহুহ শয়তানকে কহিলেন আমার সেবক
আয়োবকে তুমি কি মনে বিচার করিয়াছ যেহে
তুক তাহার তুল্য পৃথিবীতে কেহ নাই সে সম্পূর্ণ
ধর্ম্ম ও সরল লোক ঈশ্বরভয়কারী ও কুক্রিয়াপরা
ঙ্মুখ তুমি তাহাকে অকারণ বিনষ্ট করিতে আমা
কে প্রবৃত্ত করিয়াছ বটে কিন্তু এখনপর্য্যন্ত সে আ
পন যাথার্থ্য ছাড়ে না। [৪] তখন শয়তান প্র
ত্যুত্তর করিয়া য়িহুহকে বলিল চর্ম্মের কারণ চর্ম্মই
মানুষ আপন প্রাণের কারণ সকলই দেয়। [৫]
কিন্তু এখন তোমার হাত বিস্তার করিয়া তাহার
অস্থি ও তাহার মাংস স্পর্শ কর তবে জানিবা যে
তোমার সাক্ষাৎ তোমাকে ধন্যবাদ করিয়াছে
বটে কি না। [৬] পরে য়িহুহ শয়তানকে কহি
লেন দেখ সে তোমার হাতে আছে কেবল তা
হার প্রাণ রক্ষা কর।

[৭] তখন শয়তান য়িহুহের সম্মুখহইতে গেল
ও আয়োবকে পায়ের তলাঅবধি মাথার তালু
য়াপর্য্যন্ত মহাজ্বলন বিস্ফোটক দিল। [৮] তা
হাতে সে একখান খোলাকুচি লইয়া আপনার
গাত্র চাঁচিল এবং ভস্মের মধ্যে বসিল।

[৯] পরে তাহার বধূ তাহাকে বলিল এখনও
কি তুমি ঈশ্বরকে ধন্যবাদ করিতেছ ও ম্রিয়মাণ
হইয়াও কি আপনার যাথার্থ্য ছাড়িবা না। [১০]
সে তাহাকে বলিল তুমি কোনো অজ্ঞানা স্ত্রীর মত
কথা কহিতেছ আমরা কি ঈশ্বরের হাতহইতে
ভাল পাইব মন্দ পাইব না এ সকলেতে আয়োব
আপন ওষ্ঠাধরেতে পাপ করিল না।

[১১] তেমানী এলীফাজ ও শূখী বিলদদ ও
নঅমাতী সোফর আয়োবের এই তিন মিত্র তা
হার সে সকল দুর্দ্দশার কথা শুনিতে পাইয়া তা
হার সহিত রোদন করিতে ও তাহাকে সান্ত্বনা
করিতে নিয়ম করিয়া আপন২ স্থানহইতে সে স্থা
নে আইল। [১২] এবং তাহারা অতিদূরে থাকি
য়া এবং ঊর্দ্ধদৃষ্টি করিয়া তাহাকে চিনিতে পারিল
না কিন্তু প্রত্যেক জন ক্রন্দন করিল এবং আপন
বস্ত্র ছিঁড়িয়া আকাশের দিগে আপন মস্তকে ধূলা
ছড়াইল। [১৩] পরে তাহার সহিত সাত দিবা
রাত্রি মৃত্তিকায় বসিল এবং কেহ কথা কহিল না
কেননা তাহারা দেখিল যে তাহার বড় শোক
হইল।

## ৩ পর্ব্ব।

[১] অতঃপরে আয়োব আপনার মুখ বিস্তার
করিয়া আপনার দিনকে শাপ দিল। [২] এবং
আয়োব এ কথা কহিল। [৩] যে দিনে আমার
জন্ম হইয়াছিল এবং পুরুষ বালক গর্ভে ধৃত যে
রাত্রিতে এ কথা প্রচার হইয়াছিল সে দিনের বি
নাশ হউক। [৪] সে দিন অন্ধকারময় হউক ঈশ্বর
উপরে থাকিয়া তাহার আদর না করুন আলো
তাহার উপরে দীপ্তি না করুক। [৫] অন্ধকার ও
মৃত্যুদায়ি ছায়া তাহার কলঙ্ক করুক মেঘ তাহার
উপরে বাস করুক সে দিন আপনার অমঙ্গলেতে
ভীত হউক। [৬] সে রজনী অত্যন্ত অন্ধকারাকৃ
ষ্টা হউক সে দিন বৎসররে দিনের গণনের মধ্যে
না হউক সে দিন মাসের সংখ্যার মধ্যে না আ
ইসুক। [৭] সে রাত্রি অদ্বিতীয়া হউক তাহাতে
হর্ষনাদ না হউক। [৮] যাহারা ক্রন্দন করিতে
উদ্যত হইয়া দিনকে শাপ দেয় তাহারা তাহা
কেও শাপ দিউক। [৯] তাহার প্রভাতের তারা
অতেজস্কর হউক সে রাত্রি দীপ্তির অপেক্ষা করি
লে তাহার অভাব হউক তাহা অরুণোদয় দেখি
তে না পাউক। [১০] যেহেতুক সে আমার মা
তার গর্ভের দ্বার রুদ্ধ করিল না এবং আমার চক্ষু
হইতে দুঃখ লুকাইল না। [১১] আমি কেন
গর্ভে মরিলাম না আমি ভূমিষ্ঠ হবামাত্রে কেন
প্রাণ ত্যাগ করিলাম না। [১২] হাঁটু এবং আ
মার নিমিত্তে চোষণীর স্তন আমার মরণ নিষেধ
কেন করিল। [১৩] তাহা না হইলে আমি এখন
শুইতাম ও স্বাস্থ্য পাইতাম আমি নিদ্রা যাইতাম।
[১৪] পৃথিবীর যে রাজারা ও পতিরা আপনার
দের জন্যে শূন্য স্থান করে তাহারদের [১৫] কিম্বা
স্বর্ণাধিকারি ও রূপাতে পূর্ণ বাটীর অধিকারি
অধ্যক্ষেরদের সহিত আমি বিশ্রাম পাইতাম।
[১৬] কিম্বা অকাল গর্ভপাত কিম্বা যে বালক আ
লো কখন দেখে নাই তাহারদের মত অবিদ্য
মান হইতাম। [১৭] সেখানে দুষ্টেরা আর
দুঃখ দেয় না এবং শ্রান্তেরা বিশ্রাম পায়। [১৮]
সেখানে বন্দিরা নিরাপদে থাকে ও উপদ্রাবকের
শব্দ শুনিতে পায় না। [১৯] মহান্ ও ক্ষুদ্র লোক
সেখানে সমান ও দাস আপনার প্রভুহইতে
মুক্ত। [২০] যাহারা মৃত্যুর অপেক্ষা করে কিন্তু
তাহা আইসে না [২১] এবং যেমত গুপ্ত ধনের
কারণ খুদে সেমত তাহার কারণ খুদে। [২২]
যাহারা কবর পাইতে পারিলে আহ্লাদিত হইয়া
আনন্দ করে। [২৩] যাহার পথ গুপ্ত আছে ও
যাহার চতুর্দ্দিগে ঈশ্বর বেড়া দিয়াছেন এমন বড়
ক্লিষ্ট লোককে দীপ্তি এবং তিক্তপ্রাণ লোককে
জীবন কি জন্যে দেওয়া যায়। [২৪] যেহেতুক
আমি ভোজনীয় দ্রব্য বিদ্যমান থাকিতেও কোঁ
কাই এবং আমার রোদন জলের মত ঢালিয়া

পড়ে । [২৫] কেননা যে দশায় আমি ভীত ছি
লাম তাহা হইল ও যাহাতে ত্রাস পাইয়াছিলাম
তাহাও হইয়াছে । আমার আর সুখ নাই আ
মার শান্তি সকল গিয়াছে আমার আর বিশ্রাম
নাই দুঃখ আসিতেছে ।

৪ পর্ব্ব ।

[১] তদনন্তর তেমানী এলীফাজ প্রত্যুত্তর করি
য়া বলিল [২] আমরা যদি তোমাকে কথা কহি
তে প্রবৃত্ত হই তবে কি তুমি ক্লিষ্ট হইবা না কিন্তু
কেটা কথা কহিতে নিবৃত্ত হইতে পারে । [৩]
দেখ তুমি অনেককে শিক্ষাইয়াছ ও দুর্ব্বল হাত
কে সবল করিয়াছ । [৪] তোমার বাক্য পতন
শীল লোককে ধরিয়া রাখিয়াছে ও তুমি দুর্ব্বল
হাঁটু শক্ত করিয়াছ । [৫] কিন্তু এখন তাহা তো
মার উপরে আইলে তুমি ব্যাকুল হইয়াছ তাহা
তোমাকে স্পর্শিলে তুমি ভয়ার্ত্ত হইয়াছ । [৬]
তোমার ঈশ্বরভয় কি তোমার বিশ্বসনীয় নহে
তোমার চলনের সরলতাতে কি তোমার প্রত্যাশা
নাই । [৭] বিবেচনা করিয়া দেখ নিষ্পাপ হ
ইয়া কাহার বিনাশ হইল এবং ধার্ম্মিকেরা কো
থায় উচ্ছন্ন হইল । [৮] আমি যেমন দেখিয়া
ছি তেমন হয় যে যাহারা অধর্ম্মরূপ হাল বহে
ও দুষ্টতারূপ বীজ বুনে তাহারা সেমত ফসল
পায় । [৯] তাহারা ঈশ্বরের ফুঁকেতে নিধন
হয় তাঁহার নাকের নিশ্বাসেতে তাহারা নষ্ট হয় ।
[১০] ও ক্ষুদ্র সিংহের গর্জ্জন ও দুরন্ত সিংহের শ
ব্দ বৃথা সিংহের দন্ত ভাঙ্গা গেল । [১১] বড়
সিংহ আহারাভাবেতে মরে ও সিংহের বাচ্চা
ছিন্নভিন্ন হয় । [১২] যে কালে ঘোর নিদ্রা মানু
ষের উপর পড়ে সে কালে রাত্রির স্বপ্নের ভাব
নায় এক কথা আমার কাছে প্রকাশিত হইল এবং
তাহার কিছু আমার কর্ণ গ্রহণ করিল । [১৩]
এমন ত্রাস ও কম্প আমার উপর পড়িল যে তাহা
তে আমার সর্ব্ব অস্থি নড়িল । [১৪] এক আত্মা
আমার সম্মুখে গমন করিল [১৫] তাহাতে আমার
গাত্র লোমাঞ্চিত হইল । [১৬] এক আত্মা উপ
স্থিত হইয়া থাকিল কিন্তু তাহার মূর্ত্তি আমি চি
নিতে পারিলাম না এক মূর্ত্তি আমার সম্মুখে ছি
ল তৎকালে নিঃশব্দ হইল পরে আমি এতদ্বাচক
এক রব শুনিলাম । [১৭] নশ্বর মনুষ্য কি ঈশ্বরহই
তে ধার্ম্মিক হয় মনুষ্য কি আপনার সৃষ্টিকর্ত্তাহই
তে নির্ম্মল হয় । [১৮] দেখ তিনি আপন দাসের
দিগেতে বিশ্বাস করেন না এবং অর্পিততেজ আপ
নার দূতেরদিগেরেও নহে । [১৯] তবে যাহারা
মৃত্তিকার ঘরে বাস করে যাহারদের ভীত্তিমূল ধূ
লায় হইয়াছে যাহারা ঘেঁণ্ডয়া পোকার মত চে
প্টা তাহারদিগেরে কি পুন অল্প বিশ্বাস করেন ।
[২০] প্রভাতঅবধি সায়ংকালপর্য্যন্ত তাহারদের
বিনাশ হয় তাহারা স্থায়ী না হইয়া নিরবধি বি
নষ্ট হয় । দেখ তাহারদের অন্তরস্থ উত্তমতা যায়
তাহারা অজ্ঞান হইয়া মরিয়া যায় ।

৫ পর্ব্ব ।

[১] যদি কেহ প্রতিবাদী হয় তবে এখন তুমি
বাদী হও তুমি পুণ্যবানেরদের মধ্যেও কাহার
অপেক্ষা করিবা । [২] কেননা ক্রোধ অজ্ঞানকে
মারিয়া ফেলে এবং দ্বেষ ঈর্ষাযুক্ত লোককে হত্যা
করে ।

[৩] আমি অজ্ঞানকে বদ্ধমূল হইতে দেখিয়া
ছি কিন্তু তৎক্ষণে তাহার নিবাসকে শাপগ্রস্ত জা
নিলাম । [৪] তাহার সন্তানেরা রক্ষাহইতে দূর
হইয়াছে তাহারা দ্বারে চেপ্টা হয় ও নিস্তার
করিতে কেহ নাই । [৫] ক্ষুধিতেরা তাহার ক্ষে
ত্রের শস্য খাইয়া ফেলে এবং তাহা কাঁটার মধ্য
হইতেও লয় এবং চোরেরা তাহার ধন ভক্ষণ
করে ।

[৬] ক্লেশ ধূলাহইতে বাহির হয় না বটে ও
দুঃখ মৃত্তিকাহইতে অঙ্কুরিত হয় না বটে [৭] কিন্তু
যেমন অগ্নির স্ফুলিঙ্গ উপরে উড়ে তেমন মনুষ্য
পরিশ্রমের কারণ জাত আছে । [৮] ইহা হইলে
অত্যনির্ব্বচনীয় ও বড় অসঙ্খ্য আশ্চর্য্য ক্রিয়াকারি
ঈশ্বরের প্রতি আমি প্রার্থনা করিতাম [৯] এবং
আমার সকল বিষয় ঈশ্বরের নিকটে সমর্পণ করি
তাম । [১০] তিনি নীচ লোকেরদিগকে উচ্চ কর
ণার্থে এবং দুঃখিরদের রক্ষাকরণার্থে পৃথিবীতে
বৃষ্টি ও ক্ষেত্রে জল দেন । [১১] তিনি খলের
দের অনুসন্ধান বৃথা করান [১২] যে তাহাতে
তাহারদের হাত তাহারদের নিয়মিত কার্য্যনি
র্ব্বাহ করিতে পারে না । [১৩] তিনি জ্ঞানবা
নেরদিগকে তাহারদের কুজ্ঞানে আটকান এবং
একগুঁয়েরদের পরামর্শ অধঃপাতিত হয় । [১৪]
তাহারা দিনে অন্ধকারে গতি করে এবং মধ্যাহ্নে
রাত্রিগমনের ন্যায় হাতড়িয়া২ যায় । [১৫]
কিন্তু তিনি দরিদ্রেরদিগকে করবালহইতে ও তা
হারদের মুখহইতেও বলবানেরদের হাতহইতে
রক্ষা করেন । [১৬] সে কারণে দরিদ্রের ভরসা
আছে এবং অযাথার্থ্য আপন মুখ মুদে ।

[১৭] দেখ যে জনকে ঈশ্বর শাস্তি দেন সে
ধন্য অতএব সর্ব্বশক্তিমানের শাস্তি অবজ্ঞা করি
ও না । [১৮] যেহেতুক তিনি পীড়া দেন ও ঘা
বাঁধেন তিনি ক্ষত করেন এবং আপন হাত দিয়া
সুস্থ করেন । [১৯] তিনি ছয় দুর্গতিতে উদ্ধার
করেন সাতটা হইলেও আপদ তোমাকে স্পর্শ
করিবে না । [২০] তিনি আকালে মরণহইতে
এবং সংগ্রামে করবালহইতে তোমাকে রক্ষা

করিবেন। [২১] জিহ্বার আঘাতহইতে তুমি গোপনে রাখা যাইবা বিনাশ আইলেও তুমি তাহাতে ভয় করিবা না। [২২] বিনাশ ও আকাল দেখিয়া তুমি হাসিবা এবং মাঠের জন্তুরদিগকে তুমি ভয় করিবা না। [২৩] কেননা তুমি মাঠেরপাথরের সহিত নিয়ম করিবা মাঠের জন্তু ও তোমার সহিত প্রীত্যাচরণ করিবে। [২৪] তুমি জানিবা যে তোমার বসতি নিরাপদে থাকিবে তুমি পাপ না করিয়াও আপন নিবাস দেখিবা। [২৫] তুমি জানিবা যে তোমার অনেক বংশ হইবে ও যে তোমার সন্তান পৃথিবীর তৃণের মত অনেক হবে। [২৬] যেমন শস্যের পালা আপন কালে তেমন তুমি সম্পূর্ণায়ুঃ হইয়া কবরে যাইবা। [২৭] দেখ আমরা ইহা বিচার কয়িয়াছি তাহা এমন আছে তাহা শুনিয়া আপনার কল্যাণের কারণ জান।

## ৬ পর্ব্ব।

[১] পরে আয়োব প্রত্যুত্তর করিয়া বলিল আহা যদি আমার দুঃখের তৌল হইত [২] এবং আমার দুর্গতি একত্র তুলেতে তুলা যাইত। [৩] কেননা তাহা এখন সমুদ্রের বালিহইতেও ভারি হইত অতএব বাক্য গ্রাস করা গিয়াছে। [৪] কেননা সর্ব্বশক্তিমানের বাণ আমার মধ্যে প্রবিষ্ট হইয়াছে তাহার বিষেতে আমার প্রাণও ভক্ষিত হইয়াছে ঈশ্বরবিষয়ক ভয় আমার বিপরীতে আপনারদিগকে সজ্জিত করে। [৫] বনগাধা কি ঘাস থাকিতে চীৎকার করে কিম্বা গরু কি আপনার পোয়ালের উপর হম্মা করে। [৬] যাহা অস্বাদু তাহা কি লবণব্যতিরেকে খাওয়া যায় কিম্বা ডিমের নালে কি সুস্বাদু আছে। [৭] আমার মন যাহা স্পর্শ করিতে চাহে না তাহা আমার দুঃখদায়ি ভক্ষ্য।

[৮] আহা যদি আমি আপনার প্রার্থিত পাইতে পারি আহা যদি ঈশ্বর আমার অপেক্ষিত আমাকে দেন। [৯] অর্থাৎ আমাকে ধ্বংস করিতে যদি ঈশ্বরের সন্তোষ হয় ও যে তিনি আপন হস্তবন্ধন খুলিয়া আমাকে উচ্ছেদন করেন। [১০] তাহা হইলে আমার সান্ত্বনা হইবে আমি দুঃখে আপনাকে কঠিন করিব তিনি দয়া না করুন কেননা বরং ধর্ম্মস্বরূপের বাক্য আমি গুপ্ত রাখি নাই। [১১] আমার বল কি যে আমি ভরসা করি এবং আমার আয়ু রক্ষা করিবার অভিপ্রায় কি। [১২] আমার বল কি পাথরের বল ও আমার মাংস কি পিত্তল। [১৩] অবশ্য আমার উপকার আমার মধ্যে নাই আমার বুদ্ধি কি আমাহইতে ষোলআনা দূরীকৃতা হইয়াছে।

[১৪] দুঃখে দ্রবীভূত লোককে বন্ধুর দয়াকরণ কর্ত্তব্য কিন্তু সে জন সর্ব্বশক্তিমানের ভয় ত্যাগ করে। [১৫] যে নদী নীহারেতে কৃষ্ণবর্ণা হইয়াছে ও যাহার মধ্যে বরফ গুপ্ত থাকে। [১৬] কিন্তু তপ্ত হবামাত্র অন্তর্দ্ধান হয় এবং গ্রীষ্ম হইলে আপনার স্থান ছাড়িয়া লুপ্ত হয়। [১৭] তাহারদের গতি অন্ত মত হয় তাহারদের অভাব হয় ও তাহারদের ক্ষয় হয়। [১৮] সে নদী তেমার দলের অপেক্ষিত ছিল ও শিবার সহচরেরদের অপেক্ষিত ছিল। [১৯] তাহারা ভরসা করিয়াছিল সেহেতুক লজ্জিত হইল তাহারা সেইখানে যাইয়া লজ্জিত হইল। [২০] এমন নদীর ন্যায় আমার ভ্রাতারা ভ্রান্তি জন্মাইয়াছে তাহারা নদীর স্রোতের মত বহিয়া যায়। [২১] কেননা এখন তোমরা কিছু নহ আমার ভঙ্গ দেখিয়া তোমরা ত্রস্ত হইয়াছ। [২২] আমাকে কিছু দেও তোমারদের ধনের কিছু আমাকে দেও। [২৩] আমাকে শত্রুর হাতহইতে রক্ষা কর আমাকে দুর্জ্জনের হাতহইতে মুক্ত কর আমি কি ইহা কহিয়াছিলাম। [২৪] আমাকে শিক্ষাও আমি চুপ করিব আমার যে ত্রুটি হইয়াছে তাহা আমাকে জানাও। [২৫] প্রকৃত কথা কেমন বলবান কিন্তু তোমারদের মীমাংসায় কি করে। [২৬] ভরসাহীন ব্যক্তির বায়ুবৎ বাক্যকে ধমকাইতে তোমরা কি কথা ভাবিতেছ। [২৭] তোমরা পিতৃহীনকে ভারাক্রান্ত করিতেছ তোমরা আপন বন্ধুর কারণ খাত খুদিতেছ। [২৮] অতএব এখন শান্ত হও আমাকে দেখ আমি তোমারদের প্রতিও দেখিতেছি দেখ আমি মিথ্যা কথা কহি কি না। [২৯] এখন ফির তাহা অধর্ম্ম না হউক পুনর্ব্বার ফির তাহাতে আমার ধর্ম্ম হইবে। [৩০] আমার জিহ্বায় কি অযাথার্থ্য আছে আমার তালুয়া কি মন্দ রস জানিতে পারে না।

## ৭ পর্ব্ব।

[১] পৃথিবীতে মনুষ্যের কি নিরূপিত আয়ুঃ নহে তাহার দিন কি মজুরের দিনের মত নহে। [২] যেমন দাস ছায়া অন্বেষণ করে ও যেমন মজুর আপন মজুরির অপেক্ষা করে। [৩] তেমন আমি নিরর্থক মাসাধিকারী করা গিয়াছি ও ক্লেশপূর্ণ রাত্রি আমার কারণ নিরূপিত আছে। [৪] শয়নকালে আমি বলি আমি কখন উঠিব রাত্রি প্রভাত কখন হইবে প্রভাতপর্য্য আমি ছটফট করণে পূর্ণ আছি। [৫] আমার গাত্র কীট ও ধূলার ঢেলাতে পূর্ণ আছে আমার চর্ম্ম ছিন্ন হইয়াছে ও গলিত হইয়াছে [৬] আমার দিন তাঁতির মাকুর মত শীঘ্রগামী ও ভরসাহীন ব্যয়িত হইয়াছে। [৭] স্মরণ কর যে আমার প্রাণ বায়ুমাত্র আছে আমার চক্ষু আর মঙ্গল দে

খিবে না । [৮] যাহারা আমাকে দেখে তাহার
দের চক্ষু আর আমাকে দেখিতে পাইবে না তো
মার দৃষ্টি আমার উপরে হইলে আমি নই ।
[৯] মেঘ যেমন ক্ষীণ হইয়া বহিয়া যায় সেমত
যে জন কবরে নামে সে আর উঠিবে না । [১০]
সে আপনার ঘরে আর যাইবে না তাহার স্থান
তাহাকে আর জানিবে না । [১১] সে কারণ
আমি আপনার মুখ নিবারণ করিব না আমি আ
পনার আত্মার দুঃখে কহিব আমার মনের তিক্ত
তায় কথা কহিব । [১২] আমি কি সমুদ্র কিম্বা
কুম্ভীর যে আমার উপর তুমি চৌকি দিতেছ ।
[১৩] আমি যদি কহি যে আমাকে শয্যা সান্ত্বনা
করিবে আমার শয্যার উপরে মনের দুঃখ শান্ত
হইবে । [১৪] তবে স্বপ্নেতে তুমি আমাকে ভয়
দেখাইতেছ ও স্বপ্ন বদ্দর্শনেতে আমাকে ত্রাস দি
তেছ । [১৫] সে কারণ প্রাণধারণহইতে আমার
মন টুঁটিটিপা ভালবাসে এবং আপনার অস্থি
ধারণহইতে মৃত্যুকে অধিক বাঞ্ছা করে । [১৬]
আমি তাহা ঘৃণা করি আমি সদাকাল বাঁচিতে চা
হি না আমাকে ছাড়িয়া দেহ যেহেতুক আমার
দিন শূন্যতামাত্র । [১৭] মনুষ্য কি যে তাহাকে
তুমি বড় করিয়া মান ও যে তোমার মন তাহার
প্রতি হয় [১৮] ও যে প্রত্যেক প্রাতঃকালে তাহা
কে দেখিতেছ ও পলকে২ তাহার বিচার করি
তেছ । [১৯] তুমি কত কাল আমাকে ছাড়িয়া
না যাইবা ও যতক্ষণে আমি আপন থুথু গিলি
ততক্ষণেও কি আমাকে ত্যাগ করিবা না । [২০]
হে মনুষ্যের পরিদর্শক আমি পাপ করিয়াছি ও
তোমাকে কি করিব তুমি কি কারণ আপনার বিরু
দ্ধে আমাকে এমন থুইয়াছ যে আমি আপনার
ভার আপনি হই । [২১] কি কারণ আমার পা
পের ক্ষমা না কর ও আমার অযাথার্থ্য মোচন
না কর যেহেতুক এখন আমি ধূলায় শুইব তুমি
প্রত্যূষে আমার অন্বেষণ করিবা কিন্তু আমি থা
কিব না ।

## ৮ পর্ব্ব ।

[১] তখন শূখী বিল্‌দাদ প্রত্যুত্তর করিয়া ব
লিল । [২] তুমি কত কাল এ কথা কহিবা ও তো
মার মুখের কথা ঝড় বাতাসের মত কত কাল হই
বে । [৩] ঈশ্বর কি বিচারবিরুদ্ধ কার্য্য করিবেন
সর্ব্বশক্তিমান কি ন্যায়বিপরীত করিবেন । [৪]
তোমার পুত্রেরা তাঁহার বিরুদ্ধে যদি পাপ করি
য়া থাকে তাহারদিগকে তাহারদের অযাথার্থ্যের
কারণ যদি তিনি ত্যাগ করিয়া থাকেন । [৫]
তথাপি তুমি যদি প্রত্যূষে প্রভুর অন্বেষণ কর ও
সর্ব্বশক্তিমানের কাছে যদি প্রার্থনা কর । [৬]
তুমি যদি শুচি ও যাথার্থিক হও তবে তিনি তো
মার কারণ জাগৃত হইয়া তোমার ধর্ম্মের বসতির
মঙ্গল অবশ্য করিবেন । [৭] তোমার প্রথমাব
স্থায় অল্প সম্পত্তি হইলেও তোমার শেষকালে
অনেক বাহুল্য হইবে । [৮] আমরা কেবল কা
লিকার লোক ও কিছু জানি না যেহেতুক পৃথি
বীতে আমারদের দিন ছায়ার মত আছে । [৯]
অতএব আমি এ মিনতি করি পূর্ব্বকালের লোক
কে জিজ্ঞাসা কর এবং তাহারদের পিতারদের
কথা বিচার করিতে প্রবৃত্ত হও । [১০] তাহারা
কি তোমাকে শিক্ষাইবে না ও তোমাকে কহিবে
না এবং আপনারদের অন্তঃকরণহইতে কি কথা
কহিবে না । [১১] নল কাদাব্যতিরেকে কি বা
ড়িতে পারে দাম কি জল বিনা বাড়িতে পারে ।
[১২] তাহা এখন তেজস্বী এবং আকাটা হই
য়াও অন্য সকল তৃণের পূর্ব্বে শুষ্ক হইয়া যায় ।
[১৩] ঈশ্বরবিস্মারক লোকেরদের গতি এরূপ
এবং দুরাচারের ভরসার ক্ষয় হইবে । [১৪]
তাহার ভরসা ছেদিতা হবে ও তাহার বিশ্বাস মা
কড়ের জালের ন্যায় হবে । [১৫] সে জন আ
পন বাটী অবলম্বন করিবে কিন্তু তাহা স্থির হবে
না সে তাহা শক্ত করিয়া ধরিবে কিন্তু তাহা রহি
বে না । [১৬] সে জন সূর্য্যের সম্মুখে তাজা আ
ছে তাহার উদ্যানে কোমল শাখা বাড়ে । [১৭]
তাহার মূলে কূপের চতুর্দ্দিগে বেষ্টন করিয়া থা
কে এবং প্রস্তরের স্থল দেখে । [১৮] আপন
স্থানহইতে যদি তাহার নাশ হয় তবে সে হেয়
জ্ঞান করিয়া বলিবে যে আমি তোমাকে দেখি
নাই । [১৯] দেখ তাহার পথের আনন্দ এই
ধূলিহইতে আরো বাড়িবে । [২০] দেখ সাধু
মানুষকে ঈশ্বর ত্যাগ করিবেন না । [২১] এবং
তোমার মুখ সহাস্য ও তোমার ওষ্ঠাধর সানন্দ
না করিয়া দুর্ম্মতি লোকেরদের উপকার করিবেন
না । [২২] যাহারা তোমাকে ঘৃণা করে তাহা
রা লজ্জাচ্ছাদিত হইবে ও পাপির বসতি থাকিবে
না ।

## ৯ পর্ব্ব ।

[১] তৎপরে আয়োব প্রত্যুত্তর করিয়া বলিল
[২] আমি ইহা সত্য জানি কিন্তু ঈশ্বরের সম্মুখে
মনুষ্য কেমন করিয়া যাথার্থিক হইতে পারে ।
[৩] সে যদি তাহার সহিত বাদানুবাদ করে তবে
সহস্রের মধ্যে এক কথার উত্তর দিতে পারিবে
না । [৪] তিনি অন্তঃকরণে বুদ্ধিমান ও বলে পরা
ক্রান্ত তাঁহার সহিত ঠেঁটাম করিয়া কে ভাগ্যবান
হইল । [৫] তিনি পর্ব্বতেরদিগকে লড়াইলেও
তাহারা জানে না তিনি ক্রোধে তাহারদিগকে
উল্টিয়া ফেলেন । [৬] তিনি পৃথিবীকে আপ
নার স্থানহইতে লড়ান তাহার স্তম্ভও কাঁপে ।